**খর্খরা ভাত্** **kʰɔr kʰɔra bʰat** বি, বিণ কড়কড়ে ভাত [সকালবেলার ভাত জল না দিয়ে সন্ধ্যা পর্যন্ত রেখে শক্ত হয়ে যায়--সেই ভাতকে বলে] (পদিনা ২, ৪, ১০, ১৩, মালদা ১১) ভাতগুলা খর্খরা হোই গ্যালাহ্য--ভাতগুলো কড়কড়ে হয়ে গেছে (মালদা ১১)

**খর্খরে**[১] **kʰɔrkʰɔre** দ্র খর্খর্ (চব্বিশ ২৭)

**খর্খরে**[২] **kʰɔrkʰɔre** বিণ বাচাল talkative (চব্বিশ ৩৭)

**খর্খরো** **kʰɔrkʰɔro** দ্র খর্[৪] (মেদিনী ৭)

**খর্খুসা** **kʰɔrkʰusa** বিণ খস্খসে অমসৃণ not smooth, rough গাছের ফ্যার্টা খর্খুসা--গাছের গুড়িটা খস্খসে (পুরুলি ৮, ১২)

**খর্খোরিয়া** **kʰɔrkʰoria** দ্র খর্খুসা দিয়ালটা খুব খর্খোরিয়া--দেওয়ালটা খুব খস্খসে (মালদা ১১)

**খর্খোর্যা** **kʰɔrkʰorɛ** দ্র খর্খরো (বাঁকুড়া ১৮)

**খর্খোসা** **kʰɔrkʰosa** বি খড়ি dry dirt in form of a crust on the skin খর্খোসা ওঠা--খড়ি ওঠা (গায়ে) (বাঁকুড়া ১)

খর্‌চি

**খর্‌খোসে** **kʰɔrkʰose** দ্র খর্‌খুসা (বাঁকুড়া ১৬)

**খর্‌খোস্যা** **kʰɔrkʰoʃæ** দ্র খর্‌খোসা (মেদিনী ৯)

**খর্‌গুছ্** **kʰɔrgucʰ** দ্র খয়রা[২] (মেদিনী ১৮)

**খর্‌চা পয়শা** **kʰɔrca pɔĕʃa** বি খুচরো পয়সা small coins (চব্বিশ ২১ নদিয়া ২, ৫ মুর্শিদা ১০, ১৪)

**খর্‌চা মাচ্** **kʰɔrca mac** বি চুনো মাছ a fry, very small fish (বীরভূ ৮, ৯. ১২ মুর্শিদা ১৭, ২০)

**খর্‌চাং খর্‌চাং চলা** **kʰɔrcaŋ kʰɔrcaŋ cɔla** ক্রি খুঁড়িয়ে খুঁড়িয়ে চলা hobbling সে খর্‌চাং খর্‌চাং কোরে হাঁটে যাচ্ছে—সে খুঁড়িয়ে খুঁড়িয়ে হেঁটে যাচ্ছে (পুরুলি ১১)

**খর্‌চালু** **kʰɔrcalu** বিণ অমিতব্যয়ী, খরচে extravagant উ বেস্ খর্‌চালু লক্ বট্যে—ও বেশ খরচে লোক (পুরুলি ১১)

**খর্‌চি** **kʰɔrci** বি মাছ ধরার জাল বোনার সুতো জড়িয়ে রাখার কাজে ব্যবহৃত বাঁশের চটার তৈরি সরঞ্জাম বিশেষ an equipment to roll up the thread of fishing-net (চব্বিশ ৮)

**খর্‌পোড়্** **kʰɔrpoɽ** দ্র খয়ের্ পোড়্ (পুরুলি ৩, ৬ হাওড়া ১০)

**খর্‌পোড়া** **kʰɔrpoɽa** দ্র খয়ের্ পোড়্ (বাঁকুড়া ৭)

**খর্‌বাশ্‌কো** **kʰɔrbaʃko** দ্র খয়ের্ বাক্‌শ (বীরভূ ১০)

**খর্‌মুজা** **kʰɔrmuja** বি তরমুজ water-melon (পদিনা ৩)

**খর্‌র** **kʰɔrra** দ্র খপ্‌খপ্[১] (মেদিনী ৩১)

**খর্‌রা** **kʰɔrra** বিণ গাছের সম্পূর্ণ পাতাঝরা অবস্থা trees bereff of foliage (পুরুলি ১১)

**খর্‌রা গা** **kʰɔrra ga** বি অনাবৃত গা, আদুড় গা bare body (বাঁকুড়া ৫)

**খর্‌শাং** **kʰɔrʃaŋ** বি তামাক tobacco (পদিনা ১ মালদা ৪, ১১)

**খর্‌শাল্** **kʰɔrʃal** বি আস্তাকুড় dustbin (মেদিনী ১৭)

**খর্‌সাইনে** **kʰɔrsaĭne** দ্র খর্‌খুসা (মালদা ১১)

**খর্‌সান্** **kʰɔrsan** দ্র খর্‌শাং (মুর্শিদা ১৭) [তামাক পাতাকে গুঁড়ো করে দাঁত মাজার কাজে ব্যবহার করা হয়]

**খর্‌হদ্** **kʰɔrhɔd** বি রাগ anger অত খর্‌হদ্ কিসের—অত রাগ কিসের? (পুরুলি ১৭)

**খর**[১] **kʰɔrɔ** দ্র খর্[৪] খুম্ খর—খুব চটপটে (চব্বিশ ৭ মেদিনী ১১, ১৭, ১৯, ২৯)

**খর**[২] **kʰɔrɔ** বি খরা, অনাবৃষ্টি drought (পদিনা ৪)

**খর**[৩] **kʰɔrɔ** বিণ বেশি, তীব্র [তরকারিতে নুন বেশি হলে বলা হয়] খর নুন—বেশি নুন to much (দার্জিলি ২ পদিনা ৫, ১৩ মালদা ৪, ১১)

**খর**[৪] **kʰɔrɔ** বিণ খুব ঢালু sloping downwards চালটা খর হয়েঁছে—বাড়ির চালের [কাঠামোটা] খুব ঢালু হয়েছে (পুরুলি ১১)

**খর**[৫] **kʰɔrɔ** বিণ মুখরা clamorous, quarrelsome, sharp-tongned মাইয়াটা খুবেই খর—মেয়েটা খুবই মুখরা (পুরুলি ৯)

**খর (অ) খর (অ)** **kʰɔrɔ kʰɔrɔ** দ্র খপ্‌খপ্[১] (চব্বিশ ৮, ২৭)

**খর খর** **kʰɔrɔ kʰɔrɔ** দ্র খর (অ) খর (অ) (মেদিনী ৮, ২৫, ২৭) খরখর খাইতেনু গলায় নেট্‌কি গ্যালা—তাড়াতাড়ি খেতে খেতে গলায় আটকে গেল (মেদিনী ৮) খর খর দ্যাও—তাড়াতাড়ি দাও (মেদিনী ২৫)

**খঁর** **kʰɔ̃rɔ** বি খানা a number দুখঁর বেশি কাজ কর্‌চে বলিকি মুটাকে ঝরামত কোরি পোকিচে—দুখানা বেশি কাজ করেছে বলে মুখটাকে ভারি করে রেখেছে (মেদিনী ২)

**খরখর করে খাওয়া** **kʰɔrɔkʰɔrɔ kɔre kʰɔŏɔ** ক্রি গপ্‌গপ্ করে খাওয়া to gobble খরখর করে অতো কি খাচ্ছিস্?—গপ্‌গপ্ করে অত কি খাচ্ছিস (বাঁকুড়া ৩)

**খরক্ পেঁচা** **kʰɔrɔk pẽca** বি হুতোম পেঁচা brown fish-owl (বাঁকুড়া ১১)

**খরচ্** **kʰɔrɔc** দ্র খচ্‌চা খরচ্ আন্‌চি—বাজার এনেছি বা বাজার থেকে জিনিসপত্র কিনে এনেছি (কোচবি ৫)

**খরং** **kʰɔrɔŋ** বি খড়ম a wooden sandal (মালদা ৫)

**খরধুপ্** **kʰɔrɔ dʰup** বিণ ঝাঁ-ঝাঁ রোদ severe heat খরদিন চলছে—একটানা চড়া রোদের দিন চলছে (পদিনা ২)

**খরন্ চোক্** **kʰɔrɔn cok** দ্র খইরা (পুরুলি ১৭)

**খর বাইসাম্ ব্যালা** **kʰɔrɔ baĭsam bæla** মধ্যাহ্ন mid-day (বাঁকুড়া ১৬)

**খরবার্** **kʰɔrɔbar** দ্র খড়বার্ (বর্ধমা ৫, ৭ হাওড়া ১, ৮)

**খরা**[১] **kʰɔra** বি রোদ sunshine (জলপা ১ মেদিনী ২, ৬, ৮, ১৩, ১৬, ১৮, ১৯, ২০, ৩১) বাহর খরা লাগচে বাঁসর কাঁথাটা লোকিই দে—বাইরে রোদ উঠেছে বাঁশে কাঁথাটা মেলে দে (মেদিনী ২) খরায় যা নি—রোদে যাস না

(মেদিনী ১৩) খরা পুউউচি--রোদ পোহাচ্ছি (মেদিনী ১৮) খরায় গা গুগগুলি হোইছে--রোদে গা জ্বালা করছে (মেদিনী ১৯)

**খরা**[২] **kʰɔra** বি খরগোশ the rabbit (চব্বিশ ৮ নদিয়া ৩)

**খরা**[৩] **kʰɔra** বি বাটি (পাথরের) a cup without handle made of stone (মালদা ১ মেদিনী ২৫)

**খরা**[৪] **kʰɔra** বি বাঁশের তৈরি বেঞ্চ a bench made of bamboo জিনিসপত্র রাখার কাজে ব্যবহৃত হয় (পদিনা ১০)

**খরা**[৫] **kʰɔra** ক্রি বন্ধ হওয়া (নিশ্বাস) to stop নিকাশ খরে গ্যাল--নিশ্বাস বন্ধ হয়ে গেল (কোচবি ৩)

**খরা**[৬] **kʰɔra** বি বহুমূত্র (রোগ বিশেষ) diabetes (নদিয়া ১)

**খরা**[৭] **kʰɔra** দ্র খর[১] (পদিনা ১৪)

**খরা**[৮] **kʰɔra** বি কলুর ঘানি গাছের নিচের দিকে যে খাঁজে কাঠের পাটাতনটি ঘোরে the upper disk of a grinder (মালদা ১০)

**খরাই** **kʰɔraï** বি কুম্ভকারের পনের গর্তবিশেষ [এই বড় অংশ দিয়ে কুম্ভকারের পনের ভিতর আগুন দেওয়া হয়] an iguitor (জলপা ৯)

**খরাইন্ যাওয়া** **kʰɔraïn jaŏa** দ্র খইরে যাওয়া (পুরুলি ৮)

**খরাক্** **kʰɔrak** বি খাবার meal (পদিনা ১১, ১৩)

**খরাক্ খিলা** **kʰɔrak kʰila** বি বিবাহের স্ত্রী-আচার বিশেষ [বরকনে বিদায় হবার আগে দুজনকে দুই ঘরে বসিয়ে ভাত খাওয়ানোর অনুষ্ঠান] the custom of feeding the couple separately before leaving for the groom's house (পদিনা ১৩)

**খরাকি** **kʰɔraki** বি দৈনিক খাবার daily meal উয়ারা খরাকি পোশাক দ্যায়--ওরা খাওয়া এবং জামাকাপড় দেয় (বাঁকুড়া ৯)

**খরা গন্ধ** **kʰɔra gɔndʰɔ** বিণ পোড়াগন্ধ smelling charred ভাতটা খরহে গ্যাল--ভাতটা পুড়ে গেল (বাঁকুড়া ১)

**খরা জাল** **kʰɔra jal** বি মাছ ধরার বড় জাল [কম স্রোতের মুখে নদীতে বাঁশের খুঁটি পুতে এই জাল পাতা হয়] big fishing net (মুর্শিদা ১৮)

**খরা দেওয়া** **kʰɔra deŏa** ক্রি হামাগুড়ি দেওয়া to crawl (বাঁকুড়া ১)

**খরানি**[১] **kʰɔrani** দ্র খর[১] (নদিয়া ৪)

**খরানি**[২] **kʰɔrani** দ্র খরধুপ্ কাল খুব খরানি লেইগেছে--কাল খুব রোদের ঝাঁঝ লেগেছে (মুর্শিদা ৯)

**খরানির্ সুমায়** **kʰɔranir sumaĕ** বি গ্রীষ্মের সময় summer time (মুর্শিদা ২৪)

**খরাবা** **kʰɔraba** বি দুপুরবেলা the noon (মেদিনী ২৬)

খরাই

**খরা ব্যালা** **kʰɔra bæla** বি দুপুরবেলা the noon (মেদিনী ৮, ১৬, ২১) ক্-কোড়িয়া খরা ব্যালা চুল ছাড়িয়্যা ঘুরুঠু ক্যানে--ভরদুপুরবেলা চুল খুলে ঘুরছো কেন? (মেদিনী ২১)

**খরায় খরায়** **kʰɔraĕ kʰɔraĕ** বি দুপুর-দুপুর by the noon খরায় খরায় যাবু--দুপুর দুপুর যাবি। খরায় খরায় চল্যাইস্বু--দুপুর দুপুর চলে আসবি (মেদিনী ১৯, ২২, ২৬)

**খরার্ চাশ** **kʰɔrar caʃ** বি জমিতে প্রথম চাষ [আমন ধান চাষ করার জন্য গ্রীষ্মকালে প্রথম জমি কর্ষণ করা হয়] first tilling of cultivation (বীরভূ ১১)

**খরাল্** **kʰɔral** দ্র খরা[২] (নদিয়া ৪)

**খরালি** **kʰɔrali** বিণ তীব্র রৌদ্রযুক্ত দিন strong heated day (কোচবি ৩)

**খরালি আবাদ** **kʰɔrali abad** বি খরার সময়ের চাষ summer harvest (পদিনা ১০)

**খরালি চাশ্** **kʰɔrali caʃ** দ্র খরালি আবাদ (পদিনা ১০)

**খরিনা কুইম্ড়াহ্** **kʰɔrina kuimɽah** বি কুমড়ো [খরার সময় হয় বলে খরিনা] summer pumpkin (মুর্শিদা ১০)

**খরিয়ান্** **kʰɔrian** বি খামার [বাইরের আঙিনা] a farmyard (পদিনা ২)

**খরুক্ পেঁচা** **kʰɔruk pẽca** দ্র খরক্ পেঁচা (বাঁকুড়া ১১)

**খরুটি করা** **kʰɔruṭi kɔra** ক্রি মাটির দেওয়ালে খড়-মাটি গোবর দিয়ে প্রলেপ দেওয়া to paste with straw and mud (বীরভূ ১১)

**খরুর্** **kʰɔrur** বি কানের ময়লা ear-wax (বাঁকুড়া ১৪)

**খরে যাওয়া** **kʰɔre jaŏa** ক্রি (রোদে) খটখটে হয়ে যাওয়া to look hard and dry কাপড়টা রোদে খরে গ্যাল ; এখনো তুলুনি?--কাপড়টা রোদে খটখটে হয়ে গেল, এখনও তুলনি? (মেদিনী ৩৩)

**খরো**[১] **kʰɔro** দ্র খয়ের্ পোড়্ (মালদা ১) ~ **পোড়া** **kʰɔropoɽa** বিণ বেশি রকমের পোড়া বা ঝামা পোড়া



খল্‌পা[১]

more burn (মালদা ১)

**খরো[২]** **kʰɔro** বিণ কাজের লোক, কর্মঠ active (চব্বিশ ৮ মেদিনী ১৫)

**খরো[৩]** **kʰɔro** বিণ কড়া hard, stiff খরো রোদ—কড়া রোদ। খরো মেজাজী—কড়া মেজাজের লোক (বীরভূ ১)

**খরো[৪]** **kʰɔro** দ্র খর° (মুর্শিদা ৬) ~ **কামালি** **kʰɔro kamali** বিণ কর্মে অদক্ষ [খুব দ্রুত কাজ করে যে মেয়ে — কর্মা বা কামালি। ধীরে কাজ করে যে—টিপনি] (জলপা ১) ~ **দিন** **kʰɔro din** বি অমঙ্গল সূচক দিন [মঙ্গল, শনি, অমাবস্যা ও পূর্ণিমার দিনকে বলে] an auspicious days [কোনো ব্যক্তি ঐসব দিনে মারা গেলে দোষপ্রাপ্ত হয় বলে লোকের বিশ্বাস। তাই ঐ দিনগুলিকে খরোদিন বলে] (মুর্শিদা ২৪) ~ **হওয়া** **kʰɔro hɔɔ̃a** দ্র খয়ের্‌ পোড় (নদিয়া ১১) হাঁড়িটা খরো হয়ে গিয়েছে—হাঁড়িটা বেশি পুড়ে গেছে (নদিয়া ১১) ~ **হয়ে যাওয়া** **kʰɔro hae jɔɔ̃a** দ্র খর° (বাঁকুড়া ১৫) ~ **খরো** **kʰɔro kʰɔro** দ্র খর° (মেদিনী ৩)

**খরো খরো** **kʰɔro kʰɔro** দ্র খপ্‌কোরে খরো খবো যাচ্ছে—তাড়াতাড়ি যাচ্ছে (বাঁকুড়া ১৬) ~ **খাওয়া** গপ্‌গপ্‌ করে খাওয়া (মেদিনী ১৩) ~ **চলা**—তাড়াতাড়ি চলা, হন হন করে চলা (বাঁকুড়া ৬)

**খরোগ্‌ পেঁচা** **kʰɔrog pẽca** দ্র খরক্‌ পেঁচা (বাঁকুড়া ১১)

**খল্‌[১]** **kʰɔl** বিণ অলস, কুঁড়ে idle lazy (বাঁকুড়া ১৮ মুর্শিদা ১১, ২১)

**খল্‌[২]** **kʰɔl** বিণ কূট লোক a complicated or a subtel man (পুরুলি ৪)

**খল্‌[৩]** **kʰɔl** বি ঝগড়া quarrel (মেদিনী ১৬)

**খল্‌কা** **kʰɔlka** বি নখ a nail (দার্জিলি ২, ৩)

**খল্‌কুপাক্‌** **kʰɔlkupak** বি কপট, কুটিল hypocritical (মেদিনী ৭)

**খল্‌খল্‌[১]** **kʰɔlkʰɔl** ক্রিবিণ ঝম্‌ঝম্‌ noisily in torrents খল্‌খল্‌ করে জল পড়ছে—ঝম্‌ঝম্‌ করে বৃষ্টি পড়ছে (হাওড়া ১)

**খল্‌খল্‌[২]** **kʰɔl kʰɔl** ক্রিবিণ গলগল (করে রক্ত পড়া) gushing (blood) (মেদিনী ১৭)

**খল্‌চা** **kʰɔlca** বি ডিমের খোসা an egg shell (জলপা ৭)

**খল্‌টা[১]** **kʰɔlta** দ্র খপুরা (দার্জিলি ৩)

**খল্‌টা[২]** **kʰɔlta** বি খোলা (খোসা) skin of fruits (পদিনা ৯)

**খল্‌টা[৩]** **kʰɔlta** দ্র খল্‌কা (জলপা ১০ দার্জিলি ৩) খল্‌টা কাটাসি—নখ কাটছি (জলপা ১০)

**খল্‌টা খোল্‌টি** **kʰɔta kʰolti** ক্রি প্রলাপ (বকা) to rave (কোচবি ২)

**খল্‌তা** **kʰɔlta** দ্র খরিয়ান্‌ [বাড়ির বাইরের উঠান। এখানে ধান মাড়াইয়ের কাজ হয়] (পদিনা ৪ মালদা ৩) ~ **বাড়ি** দ্র খল্‌তা (কোচবি ৮ জলপা ৭)

**খল্‌তো** **kʰɔlto** দ্র খল্‌তা (জলপা ৭) ~ **বাড়ি** দ্র খল্‌তা (জলপা ১)

**খল্‌পা[১]** **kʰɔlpa** বি খেজুর পাতার তৈরি পাটি a finely woven mat made of date-leaves (চব্বিশ ২৭ মালদা ১)

**খল্‌পা[২]** **kʰɔlpa** বি তালপাতার পাটি বা আসন a coarse mat for sitting made of palm leaves (বর্ধমা ৯ হুগলি ১)

**খল্‌পা[৩]** **kʰɔlpa** বি বাঁশের তৈরি পাটাতন a deck or floor made of bamboo slips (মুর্শিদা ১৭)

**খল্‌পা[৪]** **kʰɔlpa** বি খিল বা হাড়ের সংযোগস্থল joint of bone (হুগলি ১)

**খল্‌পা[৫]** **kʰɔlpa** বি বাহুমূলের পিছন দিক back side of armpit (হুগলি ১, ১৯)

**খল্‌পা[৬]** **kʰɔlpa** বি পাকা তালের মুখের আবরণ a cover portion of the mouth of palmyra (পুরুলি ৬)

**খল্‌বল্‌** **kʰɔlbɔl** ক্রিবিণ কিলবিল movement in a swarm মাছ খল্‌বল্‌ কোইচ্‌ছে—মাছ কিলবিল করছে (মুর্শিদা ১৪)

**খল্‌লা** **kʰɔlla** বি হাঁস-মুরগির থাকার ঘর [সাধারণত উঠানের একপাশে বা বাড়ির দাওয়ায় এটি তৈরি করা হয়। এর তিনদিকে মাটির দেওয়াল—উচ্চতা দুই থেকে আড়াই ফুট। সামনের দিকে কাঠ দিয়ে ঢাকা তৈরি করা হয়। হাওয়া চলাচলের জন্য উপরের দিকে খুবই ছোট ছিদ্র থাকে। তবে কোথাও কোথাও সম্পূর্ণ কাঠের তৈরি ঘরও করা হয়] a habital or nest of the drake (হাওড়া ১, ৮)

**খল্‌সা** **kʰɔlsa** দ্র খল্‌চা (জলপা ৭)

**খলম্‌কুচি** **kʰɔlɔm kuci** বি মাটির হাঁড়ি-কুড়ি ভাঙা টুকরো a small piece of potsherd (বাঁকুড়া ৭ মেদিনী ২৪)

**খলা**[১] **kʰɔla** দ্র খরিয়ান্ (পুরুলি ২, ৪, ১২, ১৩ মেদিনী ৮, ১৩)

**খলা**[২] **kʰɔla** দ্র খলম্‌কুচি (চব্বিশ ১৫)

**খলা**[৩] **kʰɔla** বি শালপাতার ঠোঙা a container made of *sál* leaves (পুরুলি ৮)

**খলা**[৪] **kʰɔla** বি (কলাগাছের) বাকল bark (চব্বিশ ৮)

**খলা**[৫] **kʰɔla** বি নারকেলের ছোবড়া বা খোসা coconut-coir (মেদিনী ২৯)

**খলা**[৬] **kʰɔla** দ্র খওয়া (মেদিনী ৫, ৬, ৭, ৯, ১৭, ২৭)

**খলা**[৭] **kʰɔla** বি ঢাক্‌না a cover (পেন, কৌটা প্রভৃতির) (মেদিনী ১৯, ২২, ২৬)

**খলা**[৮] **kʰɔla** বি কাঠে নক্সা কাটার কাজে ব্যবহৃত ১/৪ ইঞ্চি বাঁকাপাতযুক্ত বাটালি [লম্বায় প্রায় পৌনে একহাত] a kind of chisel (মালদা ৩)

**খলা**[৯] **kʰɔla** দ্র খল্‌টা[২] (চব্বিশ ২০ মেদিনী ৭, ২৬)

**খলা**[১০] **kʰɔla** বি টালি (ঘরের চাল ছাওয়ার জন্য ব্যবহৃত হয়) tile (চব্বিশ ১৫)

**খলা**[১১] **kʰɔla** বি নারকেল মালা shell of coconut (পদিনা ৬)

**খলাই** **kʰɔlaĭ** বি মাছ রাখার কাজে ব্যবহৃত বাঁশের তৈরি পাত্র বা খাঁচা bamboo cage or container for keeping fish (জলপা ১, ৭ বীরভূ ১)

**খলা বাইর্** **kʰɔla bair** দ্র খলা[১] (মেদিনী ৬, ২১, ২৬)

**খলাভাজা** **kʰɔla bʰaja** বি খোলাতে নাড়াচাড়া করে তেলছাড়া ভাজা to fry without oil (জলপা ৭)

**খলা ভার্** **kʰɔla bʰar** দ্র খলা[১] (মেদিনী ৩৫)

**খলামঙ্গল** **kʰɔla mɔŋgɔl** বি বিবাহের একটি স্ত্রী-আচার [বিবাহের আগের দিনে বর ও কনে উভয়ের বাড়িতেই এটি অনুষ্ঠিত হয়। নতুন একটি মাটির খোলা (যে হাঁড়িতে মুড়ি, খই ইত্যাদি ভাজা হয়) নিয়ে নতুন 'জুন' অর্থাৎ কুশের মতো একপ্রকার ঘাসের দ্বারা তিন খোলা ছাঁটি ভাজতে হয়। একজন এয়ো এটি ভাজে। আর অপর দু'জন ধরে থাকে] a marriage ritual (মেদিনী ২)

**খলাম্ কুচি** **kʰɔlam kuci** দ্র খলা[২] (হাওড়া ১০)

**খলামি** **kʰɔlami** দ্র খল্‌কুপাক (বীরভূ ১১)

**খলামু করা** **kʰɔlamu kɔra** ক্রি হিংসা করা to envy (মুর্শিদা ২৪)

**খলিপা** **kʰɔlipa** বি দরজি tailor (বীরভূ ৮)

**খলুয়া** **kʰɔlua** দ্র খচ্‌ছোটি (মেদিনী ২০)

**খলেন্** **kʰɔlen** বি খামার, শস্য মাড়াই করার স্থান a threshing-floor, a farmyard (চব্বিশ ৮)

**খলেরা** **kʰɔlera** বিণ যে অন্যের দোষ ধরে বেড়ায় one

খলাই

who upbraids (কোচবি ২)

**খলোমি** **kʰɔlomi** বি হিংসুটেপনা jealousy (চব্বিশ ৮)

**খলোস্** **kʰɔlos** বিণ খোলোসা, মুক্ত free, clear (বর্ধমা ৪)

**খশ্‌খশিয়া**[১] **kʰɔʃkʰɔʃia** বিণ খসখসে, কর্কশ not smooth, rough (পদিনা ৯)

**খশ্‌খশিয়া**[২] **kʰɔʃkʰɔʃía** ক্রি (গায়ে) খড়ি ওঠা to give off dry dirt (মেদিনী ৬)

**খশ্ গ্লাশ্ গাছ্** **kʰɔʃ glaʃ gacʰ** বি বনকলমি [কলমির মতোই ফুল, পাতা। লতানে নয়, শক্ত। সাধারণত বেড়ার কাজে ব্যবহৃত হয়] ipomoea striata (হুগলি ৫)

**খশ্‌টা** **kʰɔʃta** বিণ টক, অম্ল sour (মেদিনী ২৫)

**খশা**[১] **kʰɔʃa** বি চাপড়া ঘুঁটে a cake of dried dung (পদিনা ৬)

**খশা**[২] **kʰɔʃa** দ্র খল্‌কা (জলপা ২)

**খশা**[৩] **kʰɔʃa** বি যে পুরুষের দাড়ি গোঁফ জন্মায় না--মাকুন্দ one who, though of age, has not yet grown one's beard (মেদিনী ১১ হুগলি ১৬)

**খশা**[৪] **kʰɔʃa** ক্রি খোলা [পোষাক পরার ক্ষেত্রে কেবলমাত্র ব্যবহার করা হয়] to put off কুত্তাটা খশাইল্ দে--কুর্তাটা খুলে দে (বীরভূ ৯)

**খশানা** **kʰɔʃana** ক্রি ঝরানো [ভাতের ফ্যানের ক্ষেত্রে] to strain off মাড় খশাম--ফ্যান ঝরাবো (পদিনা ৫)

**খশানো** **kʰɔʃano** ক্রি বাড়া, পরিবেশন করা to serve ভাত্ খশাও--ভাত বাড়ো (বর্ধমা ২)

**খশামুকো** **kʰɔʃamuko** দ্র খশা[৩] (হুগলি ৮)

**খশি** **kʰɔʃi** ক্রি কচ্‌লানো to wring খসি দেই--কচ্‌লে দিই (কোচবি ৩)

**খশোর্ মশোর্** **kʰɔʃor mɔʃor** বি খসখস (শব্দ অর্থে) a kind of noise (জলপা ৭)

**খস্‌কা** **kʰɔska** বিণ রুক্ষ dry চুলটা খস্‌কা হোইচে--চুলটা রুক্ষ হয়েছে (মেদিনী ৩৪)

**খস্‌কে ওঠা** **kʰɔʃke ot̪ʰa** দ্র খশ্‌খশিয়া (নদিয়া ২)

খস্‌লা মাছ

**খস্‌কো-মস্‌কো** **kʰɔsko mɔsko** বিণ উস্কো খুস্কো dry and lean or swelled চুলগুলা খস্‌কো-মস্‌কো হোয়েচে--চুলগুলো উস্কোখুস্কো হয়েছে (বীরভূ ৭)

**খস্‌খসায়ে** **kʰɔskʰɔsɑĕ** ক্রি খচখচ্ করা to carp (জলপা ৬)

**খস্‌ড়্যা কথা** **kʰɔsɽæ kɔtʰɑ** বি গ্রাম্য কথা village language, dialect 'আমি গেল্‌ছিলাম্' ইটা খস্‌ড়া কথা -- আমি গেছিলাম, এটা গ্রাম্য কথা (মুর্শিদা ২)

**খস্‌তা** **kʰɔstɑ** বি খোঁচা a prick (জলপা ২)

**খস্‌রা** **kʰɔsrɑ** বিণ বেঁটে dwarfish (নদিয়া ৯)

**খস্‌ল** **kʰɔslɔ** বিণ রুক্ষ rough ছেলিয়াটা খস্‌লই আছে--ছেলেটা রুক্ষই আছে (পুরুলি ১)

**খস্‌লা**[১] **kʰɔslɑ** বি একপ্রকার শাক [নটে শাকের মতো দেখতে, সাদা রঙের এই শাকের ছোট ছোট ঝাড় হয়] a kind of edible herb (মেদিনী ৩৪)

**খস্‌লা**[২] **kʰɔslɑ** বি লোহার তৈরি চাটু বা তাওয়া a frying pan (পুরুলি ১৩, ১৪)

**খস্‌লা**[৩] **kʰɔslɑ** বি মাদুর a mat (মালদা ৯)

**খস্‌লা**[৪] **kʰɔslɑ** বি লাল তিল sesame, sesamum indicum (পুরুলি ১৩, ১৭ বাঁকুড়া ৩, ১১, ১৮)

**খস্‌লা মাছ** **kʰɔslɑ mɑcʰ** বি খলিশা মাছ colisa fasciata (মেদিনী ৮)

**খস্‌লা শাগ্** **kʰɔslɑ ʃɑg** বি পুনর্ণবা [মোটা পাতা, লতানে শাক, এটা তরকারি রান্না করে খাওয়া হয়] a herb, boerhaavia diffuso (মেদিনী ২২, ২৬, ২৯, ৩৪)

**খসর্ মসর্ করা** **kʰɔsɔr mɔsɔr kɔrɑ** ক্রি খসখস্ করা to make noise or sound

তসর্‌পর‍্যা খসর্ মসর্
টেনিয়া (ন্যাকড়া) পরা ভালো
দুলি করে কাঁকড় মাকড়,
চল্যা যাবা ভালো।

দুলি--দোলা, কাকড়-মাকড়---ক্যাচক্যাচ্ শব্দ। [দোলায় চড়লে যে শব্দ হয়] (মেদিনী ১৯, ২২, ২৬)

**খসা**[১] **kʰɔsɑ** বি খোঁপা a bun (পুরুলি ৫)

**খসা**[২] **kʰɔsɑ** দ্র খল্‌কা (কোচবি ৮ জলপা ৩ পদিনা ৭, ১১)

**খসা**[৩] **kʰɔsɑ** ক্রি খোলা to open (বাঁকুড়া ৭ মুর্শিদা ২৩) দরজাটা খসা--দরজাটা খোলা (বাঁকুড়া ৭) রেডিওটা খসা-রেডিওটা খোলা (বাঁকুড়া ৭) খুব কোইস্যে বাঁদ, খইস্যে না যায় মুখটা--খুব জোরে বাঁধ (থলির) মুখটা যেন খুলে না যায় (মুর্শিদা ২৩)

**খসা**[৪] **kʰɔsɑ** ক্রি চালু হওয়া to open এ্যাখনো হাসপাতাল খসেনি--এখনো হাসপাতাল চালু হয়নি (মুর্শিদা ১৭) তু আ বা খোলা

**খসানো**[১] **kʰɔsɑno** ক্রি একপাত্র থেকে অন্য আর একপাত্রে রাখা to pour (বর্ধমা ২৫)

**খসাল্‌টা খসাল্‌টা** **kʰɔsɑlʈɑ kʰɔsɑlʈɑ** বিণ গায়ের চামড়া ওঠা [খুব ঘামাচি হলে যেমন হয়] flay to skin (পদিনা ৪)

**খহড়া** **kʰɔhɔɽɑ** বি গৃহপালিত জীবজন্তুর ঘর a cattle shed গোরুগিলাকে খহড়ায় দেহি--গোরুগুলোকে ঘরে ঢুকিয়ে দাও (পুরুলি ৫)

**খা**[১] **kʰɑ** 'খাওয়া' ক্রিয়াপদের মূল ধাতু root of verb to eat তুমি খাঅট--তুমি খাচ্ছ (মেদিনী ৬, ১৯, ২০, ২২, ২৬) ~ **ইউ** খেয়েছি মুই ভাত খাইউ--আমি ভাত খেয়েছি (পদিনা ১) ~ **ইকে** খেয়ে অঁয় নিসা খাইকে গটা দিন, নিদা র‍্যাহে (পুং) / র‍্যাহি (স্ত্রী)--সে মদ খেয়ে সারা দিন ঘুমিয়েছিল (পুরুলি ৫) ~ **ইচি** (আমরা) খেয়েছি (দার্জিলি ২) ~ **ইচু** খেয়েছি কাল্ খাইচু--গতকাল খেয়েছি (পদিনা ২) ~ **ইছ** খেয়েছ (মেদিনী ২০, ২৫) তুমানে খাইছ--তোমরা খেয়েছ (মেদিনী ৬, ১৯, ২০, ২২, ২৬) ~ **ইঁছ** খেয়েছি মুই কলা খাইঁছ--আমি কলা খেয়েছি (মেদিনী ২০, ২৫) ~ **ইছা** খেয়েছ তুমি খাইছা--তুমি খেয়েছ (মেদিনী ৩৪) ~ **ইছি** খেয়েছি (মেদিনী ৫) আমানে খাইছি--আমরা খেয়েছি (মেদিনী ১, ৬, ১৯, ২২, ২৬, ৩৪) ~ **ইছিনি** ১ খেয়েছিলাম আমি মাখন্ খাইছিনি--আমি মাখন খেয়েছিলাম (মেদিনী ৫) ২ খেয়ে থাকব হয়ত মদ্ খাইছিনি মনে নাই--হয়ত মদ খেয়ে থাকব, মনে নেই (মেদিনী ৫) ~ **ইছিল** খেয়েছিলে তুমি কি খাইছিলে--তুমি কি খেয়েছিলে (মেদিনী ৫) ~ **ইছিলা** ১ খেয়েছিলে তুমি খাইছিলা--তুমি খেয়েছিলে (মেদিনী ৩৪) ২ খেয়েছিল সে খাইছিলা--সে খেয়েছিল (মেদিনী ৩৪) ~ **ইছিলি** খেয়েছিলাম আমি খাইছিলি--আমি খেয়েছিলাম (মেদিনী ৩৪) ~ **ইছিলু** খেয়েছিলি তুই ভাত্ খাইছিলু--তুই ভাত খেয়েছিলি (মেদিনী ৫, ৩৪) ~ **ইছু** খেয়েছিস্ (মেদিনী ৫, ২০, ২৫, ৩৪) তোনে খাইছু--তোরা খেয়েছিস্? (মেদিনী

৬, ১৯, ২২, ২৬) ~ **ইছে** ১ খেয়েছে (মেদিনী ২০, ২৫, ৩৪) তানে খাইছে--তারা খেয়েছে (মেদিনী ৬, ১৯, ২২, ২৬) ২ খেয়ে গেছে অনে খাইছে অন্‌কের্ তরে রাখিসি না--ওরা খেয়ে গেছে ওদের জন্য রাখিস না (মেদিনী ৬, ১৯, ২২, ২৬) ~ **ইজ্‌লি** খেয়েছিলাম আমি কাল্ ভাত্ খাইজ্‌লি--আমি কাল ভাত খেয়েছিলাম (মেদিনী ৩৪) ~ **ইটি** খাচ্ছি মুই খাইটি--আমি খাচ্ছি (মেদিনী ২০) ~ **ইঠা** খাচ্ছ তুমি খাইঠা--তুমি খাচ্ছ (মেদিনী ৩৪) ~ **ইঠি** খাচ্ছি (মেদিনী ১৪, ২৪, ৩৪) আমানে ফ খাইঠি --আমরা ফল খাচ্ছি (মেদিনী ১, ৬, ১৯, ২২, ২৬) ~ **ইঠে** খাচ্ছে সে ভাত্ খাইঠে--সে ভাত খাচ্ছে (মেদিনী ২০) ~ **ইতঁ** মুই রুটি খাইতঁ--আমি রুটি খেতাম (মেদিনী ২০) মুই আঘু রুটি খাইতঁ--আমি আগে রুটি খেতাম (মেদিনী ২৫) ~ **ইতা** খেত সে খাইতা--সে খেত (মেদিনী ২৫) ~ **ইতায়** খেত সে রুটি খাইতায়--সে রুটি খেত (মেদিনী ২০) ~ **ইতি** খেতাম (মেদিনী ৩৪) তঁখ খুব্ খাইতি অঁখ আর পারিনি--তখন খুব খেতাম এখন আর পারি না (মেদিনী ৬, ১৯, ২২, ২৬) ~ **ইতি** খেয়েছিস্ কি খাইতি, ডিকাড়ি ক্যান্যে জাছি?--কি খেয়েছিস্ ঢেঁকুর তুলছিস্ কেন? (পদিনা ২) ~ **ইতু** খেতিস (মেদিনী ২০, ২৫, ৩৪) তোনে খাইতু--তোরা খেতিস (মেদিনী ৬, ১৯, ২২, ২৬) ~ **ইতে** থাব খেতে থাকবে তুমি খাইতে থাব--তুমি খেতে থাকবে (মেদিনী ২৫) ~ **ইতে** থাবু খেতে থাকবি তুই খাইতে থাবু--তুই খেতে থাকবি (মেদিনী ২৫) ~ **ইতে** থাবে খেতে থাকবে সে খাইতে থাবে--সে খেতে থাকবে (মেদিনী ২৫) ~ **ইতে** থামু খেতে থাকবো মুই খাইতে থামু--আমি খেতে থাকবো (মেদিনী ২৫) ~ **ইতেথিনু** খাচ্ছিলাম মুই খাইতে থিনু--আমি খাচ্ছিলাম (মেদিনী ২০, ২৫) ~ **ইতেথিল** খাচ্ছিলে তুমি খাইতেথিল--তুমি খাচ্ছিলে (মেদিনী ২০) ~ **ইতেথিলা** খাচ্ছিল সে খাইতে থিলা--সে খাচ্ছিল (মেদিনী ২০) ~ **ইতেথিলু** খাচ্ছিলি তুই খাইতেথিলু--তুই খাচ্ছিলি (মেদিনী ২০, ২৫) ~ **ইতেলি** খাচ্ছিলাম তখঁ আমি ভাত্ খাইতেলি--তখন আমি ভাত খাচ্ছিলাম (মেদিনী ২০) ~ **ইথ্‌নু** খেয়েছিলাম মুই খাইথ্‌নু--আমি খেয়েছিলাম (মেদিনী ২০) ~ **ইথ্‌ল** খেয়েছিলে (মেদিনী ২০) তুমানে খাইথল--তোমরা খেয়েছিলে তুই খাইথ্‌লু--তুই খেয়েছিলি (মেদিনী ১, ৬, ১৯, ২০, ২২, ২৬) ~ **ইথা** খেত উ রুটি খাইথা--ও রুটি খেত (মেদিনী ২৫) ~ **ইথাউ** খেতে তুমি রুটি খাই থাউ--তুমি রুটি খেতে (মেদিনী ২০) ~ **ইথাও** খেতে তুমি রুটি খাইথাও--তুমি রুটি খেতে (মেদিদী ২০) ~ **ইথামু** খেয়ে থাকব হয়ত মুই চা খাইথামু মোর্ মনে নাই--হয়তো আমি

খাইটি

চা খেয়ে থাকব, আমার মনে নেই (মেদিনী ২০) ~ **ইথায়** খেত সে রুটি খাইথায়--সে রুটি খেত (মেদিনী ২০) ~ **ইথিনু** খেয়েছিলাম মুই খাইথিনু--আমি খেয়েছিলাম (মেদিনী ২৫) ~ **ইথিল** খেয়েছিলে তুমি খাইথিল--তুমি খেয়েছিলে (মেদিনী ২৫) ~ **ইথিলা** খেয়েছিল সে খাইথিলা--সে খেয়েছিল (মেদিনী ২৫) ~ **ইথিলু** খেয়েছিলি তুই খাইথিলু--তুই খেয়েছিলি (মেদিনী ২৫) ~ **ইথ্যাই** খেতাম তখঁ খাইথ্যাই--তখন খেতাম (মেদিনী ২০) ~ **ইনি** খেলাম আমি এইমাত্র খাইনি--আমি এইমাত্র খেলাম (মেদিনী ৫) ~ **ইনু** খেলাম মুই ওক্‌খুন্ ভাত খাইনু--আমি এইমাত্র ভাত খেলাম (মেদিনী ২০, ২৫) ~ **ইম্** খাব মুই খাইম্ না--আমি খাবো না (জলপা ৩) ~ **ই রইঁ** খেয়েছিলাম মুই ভিড়ি খাই রইঁ--আমি বিড়ি খেয়েছিলাম (পুরুলি ৫) ~ **ইল** খেলে তুমি ওক্‌খুন্ ভাত্ খাইল--তুমি এইমাত্র ভাত খেলে (মেদিনী ২০) ~ **ইলা** খেল সে ওক্‌খুন্ ভাত্ খাইলা--সে এইমাত্র ভাত খেল (মেদিনী ৫, ২০, ৩৪) ~ **ইলি** খেলাম আমি এখনই খাইলি--আমি এইমাত্র খেলাম (মেদিনী ৩৪) ~ **ইলিহি** খেয়েছি, খেয়ে নিয়েছি হাম্‌রা ভাত্ খাইলিহি--আমরা ভাত খেয়েছি (পদিনা ৮) ~ **ইলু** খেলি তুই ভাত্ খাইলু--তুই ভাত খেলি ১, ৫, ৬, ১৯, ২০, ২২, ২৫, ২৬, ৩৪) ~ **ইলে** খেয়ে নে জল্‌টা চুসে খাইনে--জলটা চুমুক দিয়ে খেয়ে নে (পদিনা ৯) ~ **ইলো** খেলো সে খাইলো--সে খেলো (মুর্শিদা ১৪) ~ **ইস্** খাচ্ছ কিনা খাইস্--কি খাচ্ছ (পুরুলি ৫) ~ **ইহাই** খেয়েছি, খেলাম হাম্‌রা ভাত্ খাই হাই--আমরা ভাত খেয়েছি। হাম্‌রা এ্যাক্‌না আগে খাই হাই --আমরা একটু আগে খেলাম (পদিনা ১) ~ **ইহি** খেয়েছি হাম্‌রা ভাত্ খাইহি--আমরা ভাত খেয়েছি (পদিনা ৮, ৯) ~ **ইহিনু** খাচ্ছিলাম, খেয়েছিলাম জোখুন্ মুই বেহান্যে খাইহিনু তখন্ উহায় আসিল্‌লা--যখন আমি সকালে খাচ্ছিলাম তখন সে এলো (পদিনা ৪) মি বেহানে খাইহিনু--আমি সকালে খেয়েছিলাম (পদিনা ২) ~ **ইহিন্যে** খেয়ে মুই খাইহিন্যে জাম্--আমি খেয়ে যাব (পদিনা ৪) ~ **ইহ্যে**

খাইলে

খেয়েছে (পদিনা ৯) ~ **উ** খাস্ (চব্বিশ ৪) খাউনি--খাস্নি (মেদিনী ৬, ১৯, ২২, ২৬) ~ **ওয়াই** দিবু খাইয়ে দেবো মুই অক্ মিস্টি খাওয়াই দিবু--আমি ওকে মিষ্টি খাইয়ে দেবো (মেদিনী ৩) ~ **ওয়াঠে** খাওয়াচ্ছে পাখি ধান্ খুঁট্যা খাওয়াঠে--পাখি ধান খুঁটে খাওয়াচ্ছে (মেদিনী ১, ৬, ১৯, ২২, ২৬) ~ **ওয়াম্** খাওয়াবো মুই তোক্ খাওয়াম্--আমি তোকে খাওয়াবো (পদিনা ৭, ১০, ১২) ~ **ওয়াল্চিলু** খাইয়েছিলি তুই মক্ খাওয়াল্চিলু--তুই আমাকে খাইয়েছিলি (পদিনা ৭, ১০, ১২) ~ **ওয়ালু** খাওয়ালি তুই মোক্ খাওয়ালু--তুই আমাকে খাওয়ালি (পদিনা ৭, ১০, ১২) ~ **ঙ্** খাই আমরা খাঙ্--আমরা খাই (কোচবি ১) ~ **চি** খাচ্ছি হামা এ্যালা খাচি--আমরা এখন খাচ্ছি (দার্জিলি ২ পদিনা ২) ~ **চিস্** খাচ্ছিস তুই খাচিস্--তুই খাচ্ছিস (দার্জিলি ২) ~ **চু** খাচ্ছি মুই এ্যালা খাচু--আমি এখন খাচ্ছি (দার্জিলি ২ পদিনা ২) ~ **চং** খাচ্ছো তম্হা খাচং--তোমরা খাচ্ছো (দার্জিলি ২) ~ **চ্যে** খাচ্ছে অয় খাচ্যে, অম্হা খাচ্যে--ও খাচ্ছে, ওরা খাচ্ছে (দার্জিলি ২) ~ **ছি** খাচ্ছি আমি ভাত্ খাচ্ছি--আমি ভাত খাচ্ছি (মেদিনী ২৫) ~ **তাম্** খেতাম আগে আমি রুটি খাতাম্--আগে আমি রুটি খেতাম (নদিয়া ৪) ~ **থি** খেতাম আমি রুটি খাথি--আমি রুটি খেতাম (মেদিনী ২৫) ~ **থিস্** খেতিস তুই রুটি খাতিস্--তুই রুটি খেতিস (মেদিনী ২৫) ~ **থে** খেতে তুমি রুটি খাথে--তুমি রুটি খেতে (মেদিনী ২৫) ~ **দুচু** খাচ্ছি মুই খাদুচু--আমি খাচ্ছি (জলপা ১০) ~ **নু** খেলাম মুই এ্যালায় খানু--আমি এইমাত্র খেলাম (জলপা ৯ মালদা ২ মুর্শিদা ২৪) ~ **ব্** খাব হামে ভাত খাব্--আমি ভাত খাব (পুরুলি ৯) ~ **ব** খাবে তুমি খাব--তুমি খাবে (মেদিনী ১৯, ২০, ২২, ২৬) ~ **বাই** ১ খেতেই ইডো আম্ তোক্ খাবাই হব্যে--এই আম তোকে খেতেই হবে (পদিনা ৪, ১০, ১৩, ১৪) ২ খেয়ে খাবাই নি ম্যানাল--খেয়ে তৃপ্তি হয় নি (পদিনা ১৩) ~ **বান্না** হ খাব না মুই খাবান্ না হ--আমি খাবো না (জলপা ৩) ~ **বানা** খাওয়ানো (মেদিনী ২৮) ~ **বানি** খাব'খন মুই খাবানি--আমি খাবোখন (নদিয়া ১০) [খাবো না = খাব না] ~ **বায়** খাওয়ায় (মেদিনী ২) ~ **বায়** খেতেই আম্টা তোক্ খাবায় হোবে--আমটা তোকে খেতেই হবে (পদিনা ১) ~ **বি** খাইয়ে খাবি দিলে--খাইয়ে দিলে (মেদিনী ১৪) ~ **বু** ১ খাবি তুই খাবু--তুই খাবি (১, ৬, ১৯, ২০, ২২, ২৫, ২৬) ২ খাব খিজুরের গুড় খাবুনি--খেজুরের গুড় খাব না (হুগলি ১২) ~ **ম্** খাব ভাটিবেলা মি চাহা নাস্তা খাম্নি--বিকালে আমি জলখাবার খাব না (পদিনা ২, ৯) মই বিড়ি খাম্--আমি বিড়ি খাব (পুরুলি ৫) ~ **মকুর্** খাব (পদিনা ১) ~ **ম্ক্যে** খাবই মুই খাম্ক্যে--আমি খাবই (পদিনা ৩) ~ **মু** খাব মুই খামু--আমি খাব (মেদিনী ২০) ~ **য়টে** খাচ্ছে সে খায়টে--সে খাচ্ছে (মেদিনী ২০) ~ **য়ঠ** খাচ্ছ তুমি খায়ঠ--তুমি খাচ্ছ (মেদিনী ২৫) ~ **হ্যেন্** খেয়েছিস তোম্রা ভাত্ খায়হ্যেন্ গে--তোরা তো ভাত খেয়েছিস রে (পদিনা ১) ~ **হ্যেস্** খেয়েছিস্ তুই ভাত খায়হ্যেস্ রে--তুই তো ভাত খেয়েছিস রে (পদিনা ১) ~ **য়য়া** খেয়েছে উয়ায় তো ভাত্ খায়য়া--সে ভাত খেয়েছে (পদিনা ১) ~ **য়য়াং** খেলাম মুই এ্যাক্না আগে ভাত্ খায়য়াং--আমি একটু আগে ভাত খেলাম (পদিনা ১) ~ **য়েঠে** খাচ্ছে সে খায়েঠে--সে খাচ্ছে (মেদিনী ১, ১৯, ২২, ২৫, ২৬, ২৭) ~ **ল্** খাওয়া (পদিনা ২) আম্বল্ হোই গ্যাছ্যে খাল্ যাব্যে না--টকে গেছে খাওয়া যাবে না (পদিনা ১) তরকারিতাত্ নুন্ বেসি হোই গ্যেহ্যে খাল্ যাছ্যেনি--তরকারিতে নুন বেশি হয়ে গেছে খাওয়া যাচ্ছে না--(পদিনা ৯) ~ **ল্ছিলা** খেয়েছিল (বর্ধমা ৫) ~ **ল্ছিলিয়া** খেয়েছিলাম হাম্মা কাল্ ভাত্ খাল্ছিলিয়া--আমি কাল ভাত খেয়েছিলাম (মালদা ১) ~ **ল্লি** খেয়েছিলাম হামে ভাত্ খাল্লি--আমি ভাত খেয়েছিলাম (পুরুলি ৯) ~ **লং** খেলে তুম্হা এ্যালায় খালং--তোমরা এখন খেলে (দার্জিলি ২) ~ **লাহেই** খেয়েছি মই ভিড়ি খালা হেঁই--আমি বিড়ি খেয়েছি (পুরুলি ৫) ~ **লি** ১ খেলি তুই ভাত্ খালি--তুই ভাত খেলি (মুর্শিদা ২২) ২ খেয়েছি আমি এখনি ভাত্ খালি--আমি এইমাত্র ভাত খেয়েছি (মেদিনী ২৫) ~ **লিস্** খেয়েছিস তুই কি এখনি ভাত্ খালিস্--তুই কি এইমাত্র ভাত খেয়েছিস (মেদিনী ২৫) ~ **লু** খেলি তুই ত এক্নাকায় ভাত্ খালু--তুই তো এক্ষুনি ভাত খেলি (পদিনা ১) ~ **লে** ১ খেল অয় খালে--ও খেল (দার্জিলি ২) ২ খেলে (জলপা ৭) তুমি এখ্নি ভাত্ খালে--তুমি এইমাত্র ভাত খেলে (মেদিনী ২৫) চ ঢেকুর্ হলে নুন জল্ খালে ভাল হয়--চুয়া ঢেকুর হলে নুনজল খেলে ভাল হয় (চব্বিশ ৯) ~ **লেহি** খেয়েছি হামে ভাত্ খালেহি--আমি ভাত খেয়েছি (পুরুলি ৯) ~ **ল্যে** খেল উয়ায় তো ইন্কায় খাল্যে--সে তো এখুনি খেল

(পদিনা ১) ~ **ল্যেন্** খেলি তোম্‌রা তো এখুনি খেলি--তোরা তো এখুনি খেলি (পদিনা ১) ~ **লো** খেলি তুই এ্যালায় খালো--তুই এখন খেলি (দার্জিলি ২) ~ **সে** খাচ্ছে উয়ায় হাত্ দিয়া খাসে--সে হাত দিয়ে খাচ্ছে (জলপা ৭) ~ **হি** খাচ্ছি হামে ভাত্ খাহি--আমি ভাত খাচ্ছি (পুরুলি ৯)

**খা**[২] **k$^h$a** বি খাল a canal খা ধার্‌কে যাইসিনি ভাই পেত্তি ধ্যোরিয়্যা লিবে--খাল পারে যাস্‌নে ভাই পেত্‌নি ধরে নেবে (মেদিনী ২৬) < খাত

**খাই**[১] **k$^h$aĭ** বি পুকুরের পাড়ে অবস্থিত নালা a drain cut by the side of a pond to let out extra water (বর্ধমা ১০) < সং খাত

**খাই**[২] **k$^h$aĭ** বি খি single thread এ্যাক্ খাই সুইতো--এক খি সুতো (নদিয়া ৬)

**খাঁই**[১] **k$^h$ãĭ** বি গর্ত [মাটির দেওয়াল গাঁথার জন্য এই গর্তের মধ্যে মাটি ও জল একসঙ্গে মেখে কাদা করা হয়। এগুলি দেওয়ালের কাছে লম্বালম্বিভাবে তৈরি হয়। দেওয়াল হয়ে গেলে গর্ত আবার বুজিয়ে ফেলা হয়] a pit (হুগলি ১০) < সং খাত

**খাঁই**[২] **k$^h$ãĭ** বি ১ আকাঙ্ক্ষা a desire, a wish (নদিয়া ২) ২ চাহিদা need, demand (মেদিনী ১৫) < সং আকাঙ্ক্ষা < সং কাংখ্ ধাতু

**খাইক্‌সা k$^h$aĭksa** বিণ যে কেবল খাই খাই করে one who feels a strong desire for food / a glutton (মালদা ৫)

**খাইকারি k$^h$aĭkari** বিণ যে মেয়ে কেবল খাই খাই করে a girl who is ever hungry (নদিয়া ৬) তু খাইক্‌সা

**খাইকুড়ে k$^h$aĭkuɽe** বিণ খুব খর্‌চে [যারা টাকা পেলেই দরাজ হাতে খরচ করে ফেলে] lavish, extravagant (চব্বিশ ২১)

**খাইকুড়ে ছেলে k$^h$aĭkuɽe c$^h$ele** বি যার জন্মের পূর্বে তার অগ্রজ [দাদা-দিদি] সকলেই আঁতুড়ে মারা গিয়েছে an issue whose elder brothers and sisters died at nativity (বর্ধমা ১৩)

★ **খাঁই কোচ্‌চা k$^h$ãĭ kocca** ক্রি কোপানো to dig with a spade খাই কোচ্‌চি--কোপাচ্ছি (হুগলি ১৬) [(সংসদ)--খাই = গর্ত]

**খাইকোর্ k$^h$aĭkor** বি, বিণ খাইয়ে লোক--খুব খেতে পারে এমন মানুষ a glutton, voracious eater (মালদা ১১) তু আ বা খাইয়ে, হি খরইয়া

**খাইকোরি k$^h$aĭkori** ক্রিবিণ খেয়ে দেয়ে to eat and drink (মেদিনী ৮) তু ওড়িয়া--খাইকারি

**খাই খাই রোদ্ k$^h$aĭ k$^h$aĭ rod** বিণ ঝাঁ ঝাঁ রোদ severe, burning scorching heat of the sun (বর্ধমা ৯)

খাই[২]

দ্র কট্‌কট্‌ রোদ

**খাই খালাশি k$^h$aĭ k$^h$alaʃi** বি খাটা-খাটুনি labour, effort-exertion (চব্বিশ ২১)

**খাইখুরে k$^h$aĭk$^h$ure** বিণ পেটুক a glutton (মুর্শিদা ১৫) দ্র খাইকোর্

**খাইগেনি k$^h$aĭgeni** বি, বিণ অখাদ্য unwholesome food, not fit to be eaten (পদিনা ৪)

**খাইঙ্‌লে ধোয়া k$^h$aĭŋle d$^h$oa** ক্রি রগ্‌ড়ে ধোয়া to rub (wash) পাটিখান খাইঙ্‌লে ধুয়ে লিয়ে আয়--পাটিখানা রগ্‌ড়ে ধুয়ে নিয়ে আয় (মুর্শিদা ২)

**খাঁইচ্‌চে k$^h$ãĭcce** বিণ খুব too much, extream খাঁইচ্‌চে মোদ্ খাইচ্ছে--খুব মদ খেয়েছে (মেদিনী ৯)

**খাইচানো k$^h$aĭcano** ক্রি চুলকানো to itch, to be stricken with a desire for scratching (পদিনা ১০) তু আ বা খামচানো

**খাইজ্‌কে k$^h$aĭjke** বি জলখাবার a light repast, tiffin (মুর্শিদা ২৪)

**খাইজন্যা k$^h$aĭjnæ** বি খাজনা revenue, rent (মেদিনী ৬) খজানা (আরবি)

**খাইজুর্ k$^h$aĭ jur** বি খেজুর date খাইজুর অস্--খেজুর রস (কোচবি ৩)

**খাই যাওয়া k$^h$aĭ jaŏa** ক্রি [চুনে গাল] পুড়ে যাওয়া scorched, calcined গাল্ খাই যাওয়া--গাল্ পুড়ে যাওয়া (মেদিনী ২৫) < সং ক্ষার

**খাইট্**[১] **k$^h$aĭt** বি ১ খাটিয়া খট্[১] (বর্ধমা ৮, ১৩) < সং খট্টিকা ২ খাট an improvised cot for carrying the dead body to the crematorium (বাঁকুড়া ১৮ মেদিনী ১২) মোড়া খাইট্--মৃতদেহ বহন করার খাট (মেদিনী ১২)

**খাইট্**[২] **k$^h$aĭt** বি গর্ত [সাপের গর্ত, ইঁদুরের গর্ত] a rat or snake hole (মালদা ১১) তু খন্দ[২] < সং খাই

**খাইট্‌টা k$^h$aĭtta** বি স্বর্ণকারের সরঞ্জাম বিশেষ [যে গোলাকার অল্প উঁচু কাঠের গুঁড়ির উপর রেখে ব্যালনা



খাইযে দেওযা

দিয়ে চুড়ি গোল কবা হয় বা চুড়িতে নক্সা করা হয়] an wooden stand used by goldsmith to straighten semi melted gold to give shape to ornaments (জলপা ৭)

**খাইটা** **kʰaĭta** দ্র খট্[১] (মেদিনী ১৩)

**খাইটে** **kʰaĭte** বি মুগুর a hammer (মুর্শিদা ১৮)

**খাইড়্‌কো** **kʰāĭrko** বি পরিধেয় বস্ত্র [দরিদ্র ছোট মেয়েবা গামছার মতো যে ছোট্ট কাপড় পবে] small *sari* for the poor girls (মুর্শিদা ১২)

**খাঁইড়াঁই দেয়া** **kʰāĭraĭ dea** ক্রি (ঢিল ছুঁড়ে) তাড়িয়ে দেওয়া drive away পাক্‌টাকে খাঁইডাঁই দিব—পাখিটাকে ঢিল ছুঁড়ে তাডিয়ে দেব (মেদিনী ৫)

**খাঁইড়ানো**[১] **kʰāĭrano** ক্রি পেছনে লাগা, ক্ষেপানো to provoke, to irritate খাঁইড়াচ্ছে—পিছনে লাগছে ক্ষেপাচ্ছে (মেদিনী ১২)

**খাঁইড়ানো**[২] **kʰāĭrano** দ্র খাঁইড়াই দেয়া ঢেল্‌কায় খাঁইড়াছি কেনে—ঢিল ছুঁড়ে তাড়িযে দিচ্ছিস্ কেন? (মেদিনী ২২)

**খাই-ঢুস্‌কি** **kʰaĭ dʰuski** দ্র খাই খুরে (বাঁকুড়া ৮)

**খাইত্‌পরোন্** **kʰaĭt poron** বি খাওয়া পবা food and clothing maintenance অকে খাইত্‌পরোন্ কে দিবে —ওকে খাওয়াপরা কে দেবে (মুর্শিদা ১১)

**খাইদ্**[১] **kʰaid** বিণ গভীব deep বেজায়খানি খাইদ্‌ছে—খুব গভীর আছে (মালদা ১১) < খাদ্

**খাইদ্**[২] **kʰaid** বি খাদ [সোনার] alloy, base metal (বীরভূ ৯)

**খাঁই দেয়া** **kʰāĭ dea** ক্রি (মাথায়) গাট্টা দেওয়া, গাট্টা মারা to strike on the head with the knuckles of one's fist (মুর্শিদা ১২)

**খাইন্** **kʰain** বি বাঁশ বা কোনো কিছু পোঁতার জন্য যে গর্ত করা হয় a hole (জলপা ৭) খনন (দাস)

**খাইনাদু** **kʰainadu** বিণ হ্যাংলা repulsively greedy চ্যাংড়াটা খাইনাদু—ছেলেটা হ্যাংলা (কোচবি ৪)

**খাইনান্‌দুড়া** **kʰainanduṛa** দ্র খাইনাদু (দার্জিলি ২)

**খাইপুড়্‌হ্যে** **kʰaĭpuṛhe** দ্র খাইক্‌মা ওই ছেলেটা খুব খাই পুড়্‌হ্যে—ওই ছেলেটা খুব খাই খাই করে (মুর্শিদা ২)

**খাইভুন্‌দুড়া** **kʰaĭbʰunduṛa** দ্র খাইনান্‌দুড়া চ্যাঙ্‌ড়াটা খুব খাইভুন্‌দুড়া—ছেলেটা খুব হ্যাংলা (দার্জিলি ২)

**খাইয়া** **kʰaĭa** বি ছোট অগভীর পুকুর, ডোবা a small pool of water, pond (কোচবি ৪)

**খাইয়াভুশা** **kʰaĭa bʰuʃa** দ্র খাইখুরে (কোচবি ৮)

**খাইয়াভুশি** **kʰaĭabʰuʃi** দ্র খাইখুরে (স্ত্রী) (কোচবি ৮)

**খাঁইয়া লে** **kʰāĭa le** ক্রি খেয়ে নে take your meal (মেদিনী ২৯)

**খাইয়ে ছিঁচে দেওয়া** **kʰaĭe cʰĭce deŏa** ক্রি খুব বেশি করে খাওয়ানো over feeding উয়ারা খাইয়ে ছিঁচে দিয়েছে—ওরা খুব খাইয়েছে (বাঁকুড়া ৪)

**খাঁইয়ে দেওয়া** **kʰāĭe deŏa** দ্র খাই যাওযা চুনে গাল্‌টা খাঁইয়ে দিলো—চুনে গালটা পুড়ে গেল (বাঁকুড়া ৭) < ক্ষার

**খাইয়ে দেওয়া** **kʰaĭe deŏa** ক্রি ঢেঁকির গড়ে ধান নেড়ে দেওয়া to stir the paddy in the hole in front of the husking pedal (বর্ধমা ২২)

**খাঁইয়ে লি** **kʰaĭe li** ক্রি খেযে নিই let me eat দাঁড়া খাঁইয়ে লি, পেছু যাব—দাঁড়া খেয়ে নিই, পবে যাব (বাঁকুড়া ৭) দ্র খা[১]

**খাইর্‌কে খাইর্** **kʰairke kʰair** বিণ দলে দলে in groups, flocks (পুরুলি ১৩)

**খাইল্**[১] **kʰaĭl** বি গর্ত a pot hole (জলপা ৬) দ্র খন্‌দ[২]

**খাইল্**[২] **kʰaĭl** বি ঝিন্‌ঝিন্ [রক্ত চলাচল বন্ধ হওয়াব দরুন] the sensation of having pins and needles আঙুলটায বড় খাইল ধোবিয়েচে—আঙুলটায় খুব ঝিনঝিন ধরেছে (বাঁকুড়া ১৮) ~ আসা ক্রি হাতে পায়ে খিল ধবা (বর্ধমা ১৩ বীরভূ ৩) ~ লাগা ক্রি ঝিনঝিন ধরা (বীরভূ ১০)

**খাইল্**[৩] **kʰaĭl** বি ডোবা a pit full of water, a small pool of water (কোচবি ১)

**খাইশাল্** **kʰaĭʃal** বিণ ঝগড়াটে দ্র আদাইডে, আল্‌কুইন্যা (মালদা ২, ৯ মুর্শিদা ১১, ১৫, ১৭)

**খাইশাল্‌নি** **kʰaĭʃalni** বিণ ঝগড়াটে মেয়ে (মুর্শিদা ১১) দ্র ইশালা, খচ্‌ছোটি

**খাইস্** **kʰais** চাহিদা দ্র খাঁই[২] ২ মোর্ খাইস্ নিছে—আমার চাহিদা নাই (পদিনা ২)

**খাইস্‌টা** **kʰaista** ১ বিণ কর্কশভাষী a rude or rough person (জলপা ১) ২ বিণ খিটখিটে petulance ও বুড়িটা খুব খাইস্‌টা—ঐ বুড়িটা খুব খিট্‌খিটে (মালদা ৬) আ বা খসখসে

**খাইস্‌টে** **kʰaiste** বিণ নোংরা dirty দ্র আদার্[১], ইলোত্[১] (মুর্শিদা ১৮) < ফা খাস্তা (= বিকৃত, নষ্ট)

**খাইস্ট্যা** **kʰaiʂtæ** বিণ ক্লান্ত tired দ্র অচেঠা, আকালোন্‌তো খাইস্ট্যা গেল্‌ছে ক্লান্ত হয়ে গেছে (মুর্শিদা ১৯)

**খাইস্‌তা** **kʰaista** বি পরিশ্রান্ত exhausted ধান্ পিস্‌তে পিস্‌তে খাইস্‌তা গেছি--ধান পিষতে পিষতে পরিশ্রান্ত হয়ে গেছি (মুর্শিদা ২৩) < ফা খাস্তা ২ দ্র খাইস্ট্যা কাম্ কর্‌তে কর্‌তে খাইস্‌তা গেনু--কাজ করতে করতে ক্লান্ত হয়ে গেলাম (মালদা ২)

**খাইস্‌ত্যা যাওয়া** **kʰaistæ jaŏa** ক্রি হাত-পা ধরে যাওয়া to have a cramp বেশিখন্ ভর্ বসা হোইলো তো তাই খাইস্‌তানা লাগি গ্যালো--অনেকক্ষণ বসা হল তো তাই হাত-পা ধরে গেল (মুর্শিদা ২২) দ্র খাইল্ আসা

**খাইস্যা** **kʰaĭsæ** বি লোহার নোয়া an iron wristlet (worn by Hindu women who's husbands are alive) (মালদা ৯)

**খাঁউ** **kʰaŭ** ক্রি ঝিনঝিন ধরা to have a cramp দ্র খাইল্[২] পায়ে খাঁউ লেগেছে--পায়ে ঝিনঝিন ধরেছে (মেদিনী ৭)

**খাউক্ ডাংরা** **kʰaŭk ɖaŋra** বিণ পেটুক ছেলে boy of voracious eater (কোচবি ৮) দ্র খাইখুরে

**খাউক্ ডাংরি** **kʰaŭk ɖaŋri** বিণ পেটুক মেয়ে girl of voracious eater (কোচবি ৮) দ্র খাইখুরে

**খাউকা[১]** **kʰaŭka** বি, বিণ হ্যাংলা a repulsively greedy esp. of food (মেদিনী ২৭)

**খাউকা[২]** **kʰaŭka** বি বৈঠকখানা--বড় খাওয়ার ঘর বোঝাতে a drawing-room, a lounge (বর্ধমা ২)

**খাউকার্** **kʰaŭkar** দ্র খাইকোর্ (মালদা ১১)

**খাউকি[১]** **kʰaŭki** বিণ পেটুক a gluttonous দ্র খাইখুরে (মেদিনী ১৫)

**খাউকি[২]** **kʰaŭki** বি যে নারীর সব সন্তান জন্মেই মারা যায়, মৃতবৎসা a lady giving birth to still-bron babies (মেদিনী ২৭)

**খাউকি খোদ্দের্** **kʰaŭki kʰodder** বিণ প্রাত্যহিক খাদ্য-ক্রেতা daily consumer of food product (হাওড়া ১)

**খাউকি ধান্** **kʰaŭki dʰan** বি খোরাকির ধান paddy meant or kept as ration (মেদিনী ১১)

**খাউকি লোক্** **kʰaŭki lok** দ্র খাইকোর্ (বাঁকুড়া ১৮)

**খাউ-খস্‌লা** **kʰaŭ kʰɔsla** বি খলিশা মাছ a species of fish akin to but smaller than the Anabas (মেদিনী ২৬)

**খাউ-খাউ** **kʰaŭ kʰaŭ** বি খাই খাই constant or strong desire for food (পদিনা ৪) [উ = ই]

**খাঁউ খাঁউ [আঁচ]** **kʰaŭ kʰaŭ [ãc]** বিণ গনগনে [আঁচ] blazing (হাওড়া ১০) < দেশি খাই খাই

খাউড়ি

**খাউচ্** **kʰauc** বি গরুর কাঁধের ঘা a sore on the cattle's shoulder (মেদিনী ৬) তু কাউর (জ্ঞা)

**খাউজ্** **kʰauj** বি ১ দ্র খাউচ্ (মেদিনী ৬, ২০) ২ পায়ের গাঁটে দাদের মতো একপ্রকার চর্মরোগ a kind of skin disease (মেদিনী ২০)

★ **খাউজান** **kʰaŭjanɔ** ক্রি চুলকান গা-টা খাউজাচ্‌ছে--গা-টা চুলকাচ্ছে itching (বাঁকুড়া ১, ১৫) দ্র খাইচানো < কাউর

**খাউটু** **kʰautu** ক্রি খাচ্ছিস (you) are eating তুই খাউটু--তুই খাচ্ছিস (মেদিনী ২০) দ্র খা[১]

**খাউঠু** **kʰautʰu** দ্র খা[১] দ্র খাউটু (মেদিনী ২৫, ৩৪)

**খাউড়ি** **kʰaŭri** বি কাঠের খুন্তি a wooden laddle [মুড়ি ভাজার সময় চাল-নাড়ার কাজে ব্যবহৃত হয়] (জলপা ৮)

**খাউদ্** **kʰaud** দ্র খাউচ্ (মেদিনী ২৬)

**খাউদা** **kʰaŭda** বি (গরু বা ছাগলের) দুধ milk (of cow or goat) (কোচবি ৭, ৮ জলপা ৭)

**খাউনি[১]** **kʰaŭni** ক্রি খাস্‌নি দ্র খা[১] তুই ভাত খাউনি?--তুই ভাত খাসনি? (মেদিনী ১৪)

**খাউনি[২]** **kʰaŭni** বি খাবার food (চব্বিশ ৮)

**খাউনে** **kʰaŭne** বি, বিণ ভোজন রসিক a food-lover ছেলেটা খাউনে আচে--ছেলেটা ভোজন রসিক (হাওড়া ১, ৮) দ্র খাউকার্

**খাউম্‌চা** **kʰaumca** বি খিম্‌চি a light tweaking (জলপা ৭) < দেশি খামচান

**খাউয়া** **kʰaŭa** বি, বিণ ১ যে খায় খাদক, বা যে খেতে ভালোবাসে--খাইয়ে দ্র খাউনে (কোচবি ৮) ২ যে বারে বারে খায় one who eats too much (মালদা ১১) তু খাইখুরে

**খাউর্** **kʰaŭr** বি, বিণ ক্ষৌর to shave beard or hair by barber (a mourning ritual) (জলপা ৭)

**খাউরা (পায়ের)** **kʰaŭra (paer)** বি অলংকার বিশেষ [পায়ে পরার রুপোর বালা, এতে হাঙর মুখ থাকে] a silver foot bangle (মেদিনী ৩৪) < আ বা খাড়ু

**খাউসা** **kʰaŭsa** যে বারে বারে খায় দ্র খাউয়া (মালদা ১১)



G. 146566

খাওয়া[১]

**খাউসে kʰaŭse** বিণ নিমন্ত্রিত invited, invited at a dinner or feast (বাঁকুড়া ৮) দ্র খাইখুরে

**খাঁও খাঁও kʰãŏ kʰãŏ** দ্র খাউ খাউ চ্যাংড়াটা খাঁও খাঁও করে--ছেলেটা খাই খাই করে দ্র খাইক্‌সা (কোচবি ৪)

**খাওকা kʰaŏka** দ্র খাইখুরে (বাঁকুড়া ১১)

**খাওকা ছেলে kʰaoka cʰele** বি বেশ কয়েকটি অগ্রজের জন্মমাত্র মৃত্যু হয়েছে--এরপর যে ছেলে জন্মেছে দ্র খাইকুড়ে ছেলে (বাঁকুড়া ৭)

**খাওকা পরান্ kʰaoka pɔran** দ্র খাইকুড়ে ছেলে (বাঁকুড়া ১৭)

**খাওকার্ kʰaokar** বি গরু ব্যবসায়ী a cow-dealer (মালদা ১১)

**খাওকালে kʰaokale** বিণ লোভী greedy (বাঁকুড়া ১০)

**খাঁওছা kʰãocʰa** ক্রি খেয়েছো দ্র খা[১] তুমি খাঁওছা--তুমি খেয়েছো (মেদিনী ২৫)

**খাঁওছি kʰãocʰi** ক্রি খেয়েছি [I] have eaten আমি খাঁওছি--আমি খেয়েছি (মেদিনী ২৫) দ্র খা[১]

**খাঁওছিস্ kʰãŏcʰis** ক্রি খেয়েছিস (You) have eaten তুই খাঁওছিস্--তুই খেয়েছিস (মেদিনী ২৫)

**খাওজানো kʰaŏjano** দ্র খাউজান গা খাওজাচ্ছে--গা চুলকাচ্ছে (বাঁকুড়া ১৫)

**খাওটা kʰãoʈa** ক্রি খাচ্ছি / খাচ্ছো am / are eating মুই খাঁওটা--আমি খাচ্ছি, তুমি খাওটা--তুমি খাচ্ছো (মেদিনী ২০)

**খাঁওটো kʰãoʈo** ক্রি খাচ্ছি [I] am eating আমি ভাত্ খাঁওটো--আমি ভাত খচ্ছি (মেদিনী ২০)

**খাওড়া kʰaoɽa** বি বালিশের খোল pillow-case দ্র অর্[১] (মেদিনী ৩৪)

**খাওনা kʰaona** বি প্রথম চাষ first tilling ploughing (দার্জিলি ৪)

**খাওনা জমি kʰaŏna jomi** বিণ পতিত জমি uncultivated, fallow land (জলপা ৭ পদিনা ৫)

**খাওনা ফাটা kʰaŏna pʰaʈa** বি জমিতে চাষের আগে প্রথম হলকর্ষণ করার কাজ [যখন প্রথম বর্ষা নামে বা ভারী বর্ষা নামার আগে রিম্‌ঝিম্ বৃষ্টি হয়ে যায় তখন চাষীরা জমিতে প্রথম হাল করে। বৃষ্টি আসার সম্ভাবনা দেখেও প্রথম হাল করা হয়ে থাকে অনেক সময়। 'খাওনা' চাষ করার সঙ্গে 'ফাটা' কথাটা যুক্ত। 'খাওনা ফাটাব' অর্থাৎ প্রথম চাষ করবো] দ্র খাওনা the primary tilling of land before sowing (জলপা ১, ৭, ৮)

**খাওনা ফারা kʰaŏna pʰara** দ্র খাওনা ফাটা (পদিনা ৬)

**খাওনা ভুই kʰaŏna bʰuĭ** বি পতিত জমি বা চাষ হয় না এমন ফাঁকা জমি a fallow land দ্র খাওনা জমি (জলপা ৩)

**খাওয়া[১] kʰaoa** বি ১ মইয়ের ধাপ, বাঁশের টুকরোর তৈরি step of a ladder made of bamboo (জলপা ৭) ২ বাঁশের তৈরি তাকের অংশ বিশেষ a part of a bamboo shelf (জলপা ৭) ৩ গরুর গাড়ির কাঠামোয় নিচের বাঁশ a part of bullock-cart (কোচবি ২)

**খাওয়া[২] kʰaŏa** ক্রি খিঁচানো to make an ugly or angry movement of দাঁত খাচ্চে--দাঁত খিঁচাচ্ছে (বাঁকুড়া ১)

**খাওয়া খাওয়ি করা kʰaŏa kʰaŏi kɔra** ক্রি মারামারি করা to scuffle, to fight matually (বর্ধমা ১৮)

**খাওয়া ত্যাল্ kʰaŏa tæl** বি সরষের তেল mustard-oil (পদিনা ১৪) [ভোজ্য তেল]

**খাওয়া ধোওয়া kʰaŏa dʰoŏa** বি খাওয়া দাওয়া eating and connected affairs খাওয়া ধোওয়া হলে বিছানা করে দেয়া হল--খাওয়া-দাওয়া হলে বিছানা করে দেওয়া হল (মেদিনী ৫)

**খাওয়ানো kʰaŏano** ক্রি (মাঝে মাঝে) চাল গর্তে ঠেলে দেওয়া [ঢেঁকির গর্তে] the process of pushing the rice in the hole of a husking pedal (হুগলি ১১)

**খাওয়াসিন্ kʰaŏasin** বি রক্ষিতা a kept woman, a mistress, a concubine (পুরুলি ২)

**খাওর্ kʰaŏr** বি খাদ্য food (কোচবি ২) দ্র খাউনি[২]

**খাং খাং kʰaŋ kʰaŋ** ক্রিবিণ খাই খাই দ্র খাঁও খাঁও খাং খাং কোরি মোরিস্ কেয়া--খাই খাই করে মরছিস কেন? (কোচবি ২)

**খাংড়া kʰaŋɽa** বি খেজুর বা তাল গাছের পাতার ডাঁটার যে অংশ গাছের কাণ্ডের সঙ্গে যুক্ত থাকে a part of leaf of date-palm tree দ্র খচ্‌না (বীরভূ ১১)

**খাংড়াই বাটি kʰaŋɽaĭ baʈi** বিণ কানায় ঢেউতোলা বাটি a small soup-bowl with wavey design of the rim (বাঁকুড়া ১৩)

**খাংড়ি** **kʰaŋɾi** বি গাছের সরু ডালপালা branches / twigs and leaves of a tree (পুরুলি ১১)

**খাংয়া** **kʰaŋa** বিণ ফোকলা (পুরুষ) one whose teeth have all fallen away, toothless (পদিনা ৮)

**খাংহাড়্** **kʰaŋhaɾ** বিণ খল্ প্রকৃতির, খলস্বভাব of a malicious or crooked nature লোকটা খুব খাংহাড়্ ছেক্--লোকটা খুব খল প্রকৃতির আছে (মালদা ১১)

**খাক্** **kʰak** বি ছাই, ভস্ম [পুড়ে খাক] ashes (মেদিনী ১৫) ফা খাক্--ধূলি

**খাক্কর্** **kʰakkɔr** বি কফ to spit caugh অত খাক্কর্ ফেলুঠ্ কেনি?--এত কফ্ ফেলছিস্ কেন? (মেদিনী ২৬) দ্র খকার্

★ **খাক্চান** **kʰakcanɔ** ক্রি আঁচড়ান (চুল) to comb (hair) (চব্বিশ ১৭)

**খাক্চিল্** **kʰakcil** বি শঙ্খচিল a species of white-breasted kite (মুর্শিদা ১৮)

**খাক্ড়া**[১] **kʰakɾa** ক্রিবিণ তাড়াতাড়ি quickly হামি খাক্ড়া ধরি পাস্সি কথাডা?--আমি কি সঙ্গে সঙ্গে কথাটা ধরতে পেরেছি, বা, আমি কি তাড়াতাড়ি কথাটা ধরতে পেরেছি? (জলপা ৭)

**খাক্ড়া**[২] **kʰakɾa** বি চালাঘর a thatched house or room, a hut (বাঁকুড়া ৯)

**খাক্ড়া**[৩] **kʰakɾa** বি যে ধানের ভিতর চাল থাকে না a grain of paddy having no substance within (মালদা ১)

**খাক্ড়া**[৪] **kʰakɾa** বিণ শুকনো কড়কড়ে stale rice খাক্ড়া ভাত্--শুকনো কড়কড়ে ভাত (পদিনা ১০) দ্র কড়্কড়া ভাত্

**খাক্ড়া বিছা** **kʰakɾa bicʰa** বি কাঁকড়া বিছা the scorpion (পুরুলি ২ মেদিনী ১৩)

**খাক্ড়া হওয়া** **kʰakɾa hɔŏa** ক্রি কুমোরের মাটির জিনিস বেশি পুড়ে অনেক সময় ভেঙে যাওয়া বা ২/৩টি একত্রে জুড়ে যাওয়া potters earthen vessels / wares getting spoilt by over heating (বাঁকুড়া ১৮)

**খাক্ড়ি**[১] **kʰakɾi** বি চাঁচি thick-milk deposits sticking to the pan after hard boiling (নদিয়া ৫)

**খাক্ড়ি**[২] **kʰakɾi** বি কাঁকড়া a crab (মেদিনী ৩, ৩২, ৩৩)

**খাঁক্ড়ি** **kʰãkɾi** দ্র খাক্ড়ি[২] (মেদিনী ৫) খাঁকড়ির দাড়--কাঁকড়ার দাঁড়া hands of a crab (মেদিনী ১৩)

**খাক্ড়ু** **kʰakɾu** বি নারকেল-শাঁসের দুধ বের করার পর যে ছিব্ড়ে থাকে the refuse pulp of the coconut (চব্বিশ ৩৭)

খাক্ড়া[২]

**খাক্তালাই** **kʰaktalaï** বি বগলের নিচের অংশ the armpit (জলপা ৬) কাখ্ + তল < কক্ষ

**খাঁক্তি** **kʰãkti** বি প্রয়োজন necessity, need, demand (মেদিনী ১৫)

**খাক্রা** **kʰakra** বিণ বাসি কাপড় used clothes, unclean (জলপা ১)

**খাখ্রাইয়া** **kʰãkraïa** বি উচ্চ বর্ণ বা সম্প্রদায় বা জাতি upper community, a sect, class easte, nation (পদিনা ৯)

★ **খাঁক্রান** **kʰãkranɔ** ক্রি খামচানো to pinch or scratch with all the nails of a hand অকে খেঁক্রে দে--ওকে খামচে দে (মুর্শিদা ২) দ্র খাউম্চা

★ **খাঁক্রানো** **kʰãkrano** দ্র খাক্চান তুই চুলটা খাঁক্রায়ে নে রে--তুই চুলটা আঁচড়ে নে রে (পুরুলি ৩)

**খাঁক্রি** **kʰãkri** বি দুধের চাঁচি দ্র খাক্ড়ি[১] (চব্বিশ ৩৭)

**খাঁক্লাস্** **kʰãklas** বি গিরগিটি the chameleon (পদিনা ১০) < কৃকলাশ দ্র অর্জুনে

**খাক্শা** **kʰakʃa** বি একজাতীয় ডুমুর a kind of fig (পদিনা ১১)

**খাক্সা** **kʰaksa** বি ১ যে সব পানের পাতা গরমে লাল হয়ে যায় reddened betel leaves (হাওড়া ১০) ২ পানের একপ্রকার রোগ [পানের উল্টো পিঠে হলদে দাগ হয়ে যায়] a disease of betel-leaf (হাওড়া ৬)

**খাক্সা [ধান]** **kʰaksa [dʰan]** বি ১ চিটে [ধান] a grain of paddy having no substance within (জলপা ৭) ২ অপুষ্ট [ধান] undevoloped paddy (জলপা ৭)

**খাকর্** **kʰakɔr** বি ১ থুতু sputum (মেদিনী ২৮) ২ কফ্ দ্র খকার (মেদিনী ৬, ১৫, ১০, ২২, ২৬, ৩৪) তু (হি) খঁখার

**খাকা** **kʰaka** বি (জরির এমব্রয়ডারি) ফুলের ডিজাইন তোলার জন্য ব্যবহৃত ট্রেসিং পেপার জাতীয় কাগজ a kind of tracing paper (হাওড়া ৬)

★ **খাকানো** **kʰakano** দ্র খাক্চান মাথা খাক্ছি--চুল আঁচড়াচ্ছি (মেদিনী ২০)

খাঁক্‌লাস্‌

★ **খাঁকানো k$^{h}$ãkano** দ্র খাক্‌চান (মেদিনী ২, ৫, ৮, ৩১) মাথা খাঁকিটি--মাথা আঁচড়াচ্ছি (মেদিনী ২)

**খাকার্‌ k$^{h}$akar** দ্র খাকর্‌ (চব্বিশ ১৯)

**খাঁকার্‌[১] k$^{h}$ãkar** দ্র খাকর্‌ (বর্ধমা ১৪)

**খাঁকার্‌[২] k$^{h}$ãkar** বি গলার আওয়াজ বা শব্দ the noise of clearing one's throat, a hawking noise (হুগলি ১২)

**খাকালাশ্‌ k$^{h}$akalaʃ** বি গিরগিটি দ্র খাঁক্‌লাস্‌ (জলপা ৯, ১০) দ্র অর্জুনে

**খাঁকাসি k$^{h}$ãkasi** বি গলা খাঁকারি act of clearing one's throat noisily, act of hawking দ্র খাঁকার্‌[২] লোক্‌টা খাঁকাসিছে--লোকটা গলা খাঁকারি দিচ্ছে (পুরুলি ৯)

**খাকি[১] k$^{h}$aki** বি চা এবং ঘি তৈরির পর যে গুঁড়ো অংশ পড়ে থাকে the sedimental remains in the pan after butter oil is extracted (মুর্শিদা ৩, ১৬)

**খাকি[২] k$^{h}$aki** বি ছিব্‌ড়ে দ্র খ[১] আখের খাকি--আখের ছিব্‌ড়ে (নদিয়া ১৩) পানের খাকি--পানের ছিবড়ে remains or refuges of sugar cane / betels after extracting juice (বীরভূ ১১)

**খাকি[৩] k$^{h}$aki** বি নখের উপরে অল্প অল্প উঠে থাকা চামড়া, নখকুনি a painful ingrowing nail, whitlow (কোচবি ১, ৭)

**খাঁকি[১] k$^{h}$ãki** বি ঘিয়ের চাঁচি [মাখন জ্বাল দিলে তলায় যে অংশ পড়ে থাকে। এটি খেতে সুস্বাদু, মুড়ি দিয়ে মেখে খাওয়া হয়] দ্র খাক্‌ড়ি[১], খাকি[১] (বর্ধমা ২২ বীরভূ ৮)

**খাঁকি[২] k$^{h}$ãki** দ্র খ[১] (নদিয়া ১০ বীরভূ ১)

**খাঁকি[৩] k$^{h}$ãki** বি চিরুনি comb (মেদিনী ৮)

**খাঁকি[৪] k$^{h}$ãki** বি খুকি baby girl (মেদিনী ১৭)

**খাঁকি[৫] k$^{h}$ãki** বি তলানি sediment জলের খাঁকি পড়েছে--জলের তলানি পড়েছে (মুর্শিদা ১৪)

**খাঁকি দেওয়া k$^{h}$ãki deŏa** ক্রি আঁচড়ে দেওয়া দ্র খাঁক্‌রানো মুড়টা বুদা হোইচে খাঁকি দিবা আয় ত--মাথাটায় জট্‌ হয়েছে, আঁচড়ে দেব আয় তো (মেদিনী ২০) মু মাথা খাঁকুচি--আমি চুল আঁচড়াচ্ছি (মেদিনী ৩১)

**খাকিচা k$^{h}$akica** বি দুধের চাঁচি (পদিনা ১১) দ্র খাক্‌ড়ি[১], খাঁকি[১]

**খাকিয়ে থাকা k$^{h}$akie t$^{h}$aka** ক্রি অধিক আগ্রহান্বিত হয়ে থাকা to express excessive eagerness (মুর্শিদা ১০, ২০) মিষ্টি খাবার ল্যাগে খাকিয়ে আছি-- মিষ্টি খাবার জন্য উৎসুক হয়ে আছি (মুর্শিদা ১০)

**খাকিলা মাচ্‌ k$^{h}$akila mac** বি বোকো মাছ--গাঙধারা মাছ a kind of fish (পদিনা ৫, ৭)

**খাকিলাশ্‌ k$^{h}$akilaʃ** দ্র খাকালাশ্‌ (জলপা ৭)

**খাঁকি হাঁস k$^{h}$aki hãs** বি ছোট জাতের হাঁস [গৃহপালিত। পূর্ণিমা অমাবস্যায় ডিম পাড়ে না। অন্য দিনগুলিতে ডিম পাড়ে] a kind of small duck (মেদিনী ৩৪)

**খাকুইন্‌তে k$^{h}$akuĭnte** বি, বিণ লোভী greedy ছেলেটা বড্ড খাকুইন্‌তে--ছেলেটা বড্ড লোভী (নদিয়া ৬) দ্র খাইখুরে

**খাকুড়াইন্‌ দেওয়া k$^{h}$akuɽain deŏa** ক্রি আঁচড়ে দেওয়া দ্র খাঁক্‌রানো (বাঁকুড়া ১৬)

**খাকুতাড়ু k$^{h}$akutaɽu** বি আঁকুপাঁকু, তাড়াতাড়ি fidget, hurry-scurry, excessive hurry কাজ্‌টার জন্য তুই খুব্‌ খাকুতাড়ু কর্‌ছিস্‌--কাজটার জন্য তুই বড় তাড়াতাড়ি করছিস (পুরুলি ১৫) দ্র খাক্‌ড়া[১]

**খাকুলি বিকুলি করা k$^{h}$akuli bikuli kɔra** ক্রি অতি ব্যগ্রতা প্রকাশ করা দ্র কাউরুলি করা to express excessive eagerness (বর্ধমা ৫)

**খাঁকেটে k$^{h}$ãkeṭe** দ্র খাঁক্‌রানো ফানিয়া দি মথা খাঁকেটে--চিরুনি দিয়ে মাথা আঁচড়াচ্ছে (মেদিনী ৮)

**খাকোর্‌ k$^{h}$akor** বি ঘন কফ্‌ [যা মুখ দিয়ে বের হয়] দ্র খকার (চব্বিশ ১৭)

**খাকোশ্‌ k$^{h}$akos** বি, বিণ যে সব সময়ে খাই খাই করে দ্র খাইখুরে (মালদা ৩)

**খাঁখ্‌ড়া k$^{h}$ãk$^{h}$ɽa** দ্র খাক্‌ড়ি[২] (পুরুলি ২)

**খাঁখ্‌ড়ি k$^{h}$ãk$^{h}$ɽi** দ্র খাক্‌ড়ি[২] (পুরুলি ১৩, ১৭ বাঁকুড়া ১৬)

**খাঁখাঁড়ি k$^{h}$ãk$^{h}$ãɽi** ক্রি দাঁত খিচানো to worry and annoy by scolding (মুর্শিদা ১২)

**খাঁখার্‌ k$^{h}$ãk$^{h}$ar** দ্র খকার্‌ (পুরুলি ৫)

**খাখোর্‌ k$^{h}$ak$^{h}$or** বি মাথার পিছন দিক back side of the head (মালদা ৩)

**খাগ্‌ড়া k$^{h}$agɽa** বি ঝুড়ি a bamboo basket (হুগলি ১০, ১১)

**খাগ্‌ড়া চুল্‌ k$^{h}$agɽa cul** বিণ বেতো চুল crisp hair (মেদিনী ৬)

**খাগ্‌ড়া মাচ্‌** **kʰagɾa mac** বি বড় চিংড়ি মাছ a large prawn (বর্ধমা ২৬)

**খাগ্‌ড়ি** **kʰagɾi** বি ঝামা কয়লা [কামারশালে যে কয়লাগুলো আগুনে পুড়ে ঝামা হয়ে দলা পাকিয়ে যায়] over burnt coal (বর্ধমা ৯)

**খাগ্‌রাই গাই** **kʰagroï goï** বি যে গাভী সহজে দুধ দেয় না a cow which does not release milk easily (হাওড়া ১)

**খাগ্‌রি আখ্‌** **kʰagri ak^h** বি এক জাতীয় সরু আখ a kind of thin sugarcane (বীরভূ ৯)

**খাঙা** **kʰaŋa** বি গরুর পায়ের খুরের ভাঁজে যে ঘা হয় [শুকনো অবস্থায় থাকলে বেশি হয়। সেজন্য এই ঘা হলে নরম কাদা দিয়ে বেঁধে দেওয়া হয়] a kind of cattle disease (মালদা ৭)

**খাচ্‌** **kʰac** বি ছাগলের অসুখ [মেরুদণ্ড বেঁকে যায়, খুব চিৎকার করে a disease of goat (বাঁকুড়া ১৮)

**খাঁচ্‌**[১] **kʰãc** বি গরুর গাড়ির জোয়াল যাতে আগুপিছু না করতে পারে সেজন্য 'ফড়' বাঁশের [এখানে বলে 'উদল'] সঙ্গে তেরছা ভাবে একটি দড়ি দিয়ে বাঁধা হয় [টান দিয়ে বাঁধা হয়], একে বলে 'খাঁচ্‌' বা খাঁচ্‌ দড়ি a cord used to suspand an Yoke (বাঁকুড়া ১)

**খাঁচ্‌**[২] **kʰãc** বি টান tug বুসি পোড়ি কি খাঁচ্‌ লাগিয়া কাপড়্‌টা ফাটিয়ালা--বসে পড়াতে টান লেগে কাপড়টা ফেঁসে গেল (মেদিনী ২)

**খাঁচ্‌**[৩] **kʰãc** বি হ্যাঁচ্‌কা sudden tug or pull (মেদিনী ২)

**খাঁচ্‌**[৪] **kʰãc** ক্রি চড়চড় করা, টনটন করা to feel extreme pain from sores, boils, mumps ফোড়াটা খাঁচ্‌ হোইচে--ফোড়াটা টনটন করছে (বাঁকুড়া ১৬)

**খাঁচ্‌**[৫] **kʰãc** বি বাঁশে বা কাঠে কেটে করা খাদ বা খাঁজ a notch (চব্বিশ ৮) তু হি খাঁচ, মূল--খাদ

**খাঁচ্‌ আসা** **kʰãc asa** ক্রি খিল ধরা [হাতে পায়ে] to have a cramp (বাঁকুড়া ১)

**খাচ্‌কা** **kʰacka** বি খাঁজ [জোয়ালের খাঁজ অর্থেই বেশি ব্যবহৃত] a notch, an indent, an aperture of yoke (দার্জিলি ৪)

**খাঁচ্‌ জাল্‌** **kʰãc jal** বি তারুই মাছ ধরার জাল [পারশে মাছের মতো দেখতে তারুই মাছ সর্বদা মাথা জাগিয়ে জলে ভাসে। এই মাছ ধরার জন্য বিশেষ একপ্রকার জাল ব্যবহার করা হয়। এই জাল প্রায় ১২ হাত লম্বা। একদিক দুই / আড়াই হাত চওড়া--এটি গোড়ার দিক। অপর দিক আট / নয় হাত চওড়া--এটি মাথার দিক। হাঁটুজল--অর্থাৎ অগভীর জলে এই জাল পাতা হয়। তারুই মাছের ঝাঁক আসছে দেখলে ডাঙা থেকে একজন জালের একটা অংশ--



খাঁচ্‌[১]

'টানাকেই' ধরে টানে। তখনই 'বাড়ি' নামক দুটি খুঁটি সোজা হয়ে যায় এবং জালটাকে জলের ওপরে তুলে দেয়। তবে মাথার দিক জলেই থাকে। এই তারুই মাছ মাথা জাগিয়ে জলে যেমন ভাসে তেমনি আবার জলের উপরের দিকে অনেকটা লাফাতে পারে। সেইজন্য এই প্রকার জালের ব্যবহার হয়। জাল পেতে অসীম ধৈর্য ধরে বসে থাকতে হয়। মাছের ঝাঁক যদি জালের বাইরের দিকে চলে যাচ্ছে বোঝা যায়, তখন ঢিল ছুঁড়ে জালের সীমানার দিকে আনতে হয়] a kind of fishing net (হাওড়া ১০)

**খাঁচ্‌ হওয়া** **kʰãc hɔõa** ক্রি অজ্ঞান হওয়া [তড়কা] to faint, to become unconscious (বাঁকুড়া ১১)

**খাঁচ্‌চে** **kʰãcce** বিণ খুব very, too much খাঁচ্‌চে লেক্‌ছে--খুব লিখছে (মেদিনী ২৯)

**খাচ্‌তান্‌ ধান্‌** **kʰactan dʰan** বি চিটে ধান [যে ধানে চাল হয় না বা নষ্ট ধান] a grain of paddy having no substance with in (পদিনা ১৩) দ্র খাক্‌সা [ধান]

**খাচ্‌রা** **kʰacra** বিণ ১ অসভ্য [কথা] unpolished talk (মুর্শিদা ১৯) ২ অসভ্য [লোক] unpolished, uncultured (মুর্শিদা ১৯)

**খাঁচ্‌লি** **kʰãcli** বি কঞ্চির তৈরি বৃহদাকার ঝুড়ি বিশেষ a large basket made of bamboo sticks (মালদা ৬)

**খাচর্‌** **kʰacɔr** বিণ সংকীর্ণ বা স্বল্প জায়গা অর্থে narrow space এগ্‌না খাচর্‌ হয়ে গেছে--উঠানটা ছোট হয়ে গেছে (বাঁকুড়া ১২)

**খাচা**[১] **kʰaca** বি ১ মাছ রাখার ঝুড়ি দ্র খলাই [বাঁশের তৈরি] a bamboo container for fishes (চব্বিশ ৭, ২৭, ৩৩) ২ ফল রাখার ঝুড়ি [বাঁশের বোনা লম্বা আকারের ঢাকাযুক্ত ও হাতল সমেত ঝুড়ি] a fruit basket (বর্ধমা ২০) ৩ খই-চালুনি a parched rice strainer (মেদিনী ৩৪)

**খাচা**[২] **kʰaca** ক্রি কাচা to wash by rinsing clothes (মুর্শিদা ১১, ১৫, ২২) কাপর্‌ খাচ্‌মো--কাপড় কাচবো



খাঁচা[৪]

(পদিনা ৩) ঠেটিটা খাচে লেযাই—শাডিটা কেচে নিযে আয়। ঠেটিটা খাচুয়া হোবে—শাড়িটা কাচতে হবে। ঠেটিটা কাচ—শাড়িটা কাচ (মালদা ১১)

খাচা[৩] **Kʰɑcɑ** বি কাঠি (পদিনা ৮) দ্র খচো

খাচা[৪] **kʰɑcɑ** বি ছাঁচ [কুমোব অথবা মিষ্টির দোকানের] a mould (মালদা ১১)

খাচা[৫] **kʰɑcɑ** বি খাঁচা a cage (জলপা ৮)

খাচা-খোঁচা **kʰɑcɑ kʰõcɑ** বিণ এবড়ো-খেবড়ো, অসমান uneven দ্র ওচা-খোঁচা (বর্ধমা ২১)

খাঁচা[১] **kʰɑ̃cɑ** বি গরুর গাড়িতে সার বয়ে নিয়ে যাবার জন্য ঘেরাটোপের বেড়া a tilt of fence or enclosure (মুর্শিদা ৯)

খাঁচা[২] **kʰɑ̃cɑ** ক্রি [শুধু জলে কাপড়] কাচা to wash clothes in plain water কাপড়টা খেঁচে তাড়াতাড়ি রোদে দাও, শহরে যেতে হবে—কাপড়টা কেচে (ধুয়ে) তাড়াতাড়ি রোদে দাও, শহবে যেতে হবে (মালদা ১) ~ কাপড়্ **kʰɑ̃cɑ kɑpɔɾ** বিণ ধোয়া কাপড় washed clothes (মালদা ২)

খাঁচা[৩] **kʰɑ̃cɑ** বিণ সংকীর্ণ narrow place জাযগাটা খুব খাঁচা—জায়গাটা খুব সংকীর্ণ (মালদা ১) দ্র খাচর্

খাঁচা[৪] **kʰɑ̃cɑ** বি (কুমোরের মাটির জিনিস বয়ে নিয়ে যাওয়ার) বড় ঝুড়ি a large bamboo basket (মালদা ১) < সাঁও খাঁচি, খাঁচা

খাঁচা[৫] **kʰɑ̃cɑ** বি হাঁস-মুবগি রাখার বাঁশের তৈবি ঘব (মুর্শিদা ২৪) দ্র আত্‌বি[১], খল্‌লা

★ খাঁচা[৬] **kʰɑ̃cɑ** বিণ টাঙানো hanging তাডাটা খাঁচানো বোইচে—কাপড় শুকোবার বাঁশটা টাঙানো আছে (বাঁকুড়া ৪)

খাঁচা[৭] **kʰɑ̃cɑ** বি মাছ বাখাব ঝুডি [বাঁশেব তৈবি। এর মুখে সুতোর জাল বাঁধা থাকে, এর ফলে মাছ লাফ দিযে পালিয়ে যেতে পারে না] দ্র খলাই a fishing basket (চব্বিশ ১৫)

খাঁচা[৮] **kʰɑ̃cɑ** বি হেঁচকা a sudden tug or pull শিপ্ খাঁচ্‌বে—ছিপে হেঁচকা টান মারবে (হাওড়া ১)

খাঁচা[৯] **kʰɑ̃cɑ** বি মাটির উপর বসানো গরুর খাবার পাত্র [খাবার পাত্রগুলি পাশাপাশি বসানো থাকে] earthen mound to hold cattles' manger (মালদা ১)

খাচা **kʰɑcɑ** ক্রি খেয়েছে eaten উহায় ভাত্ খাচা—সে ভাত খেয়েছে (পদিনা ৪)

খাঁচা করা **kʰɑ̃cɑ kɔrɑ** ক্রি মেরে ফেলা to kill উকে খাঁচা করাইল—ওকে মেরে ফেলল (পুরুলি ১৩)

খাচাউ **kʰɑcɑũ** দ্র খাচাই মুই ভাত খাচাউ—আমি ভাত খেযেছি (পদিনা ৪)

খাচা কাতা **kʰɑcɑ kɑtɑ** ক্রি খামচানো to tweak or scratch with all the nails of a hand (চব্বিশ ৩৩)

খাচা-খোঁচা **kʰɑcɑ-kʰõcɑ** বিণ এবড়ো-খেবড়ো, অসমান unequal, uneven (বর্ধমা ২১)

খাঁচাটে **kʰɑ̃cɑʈe** বিণ প্রচুর পরিমাণে large quantity আচ্ছা খাঁচাটে পালা আন্‌লি বটে—প্রচুর পরিমাণে ডালপালা [জ্বালানি] আনলি তো (বাঁকুড়া ১৬)

খাচাড়ি **kʰɑcɑɾi** বি বাঁকের দুপাশের দড়িতে ঝোলানো চুপড়ি [ভারি জিনিস বাঁকে করে নিযে যাবার জন্য ব্যবহাব হয] having basket of a piece of long and bent [pole borne one's shoulder for carring loads fastened to its ends] (জলপা ৭)

★ খাচানো **kʰɑcɑno** ক্রি লাগানো to fix ছিপে ডোরকাঁটা খাচিয়ে দে—ছিপে ডোরকাঁটা লাগিয়ে দে (বাঁকুড়া ৩)

খাঁচানো[১] **kʰɑcɑno** ক্রি মালকোঁচা মেরে কাপড় পরা to put on a loin cloth worn by tucking it tightly between one's legs like a suspenser (মুর্শিদা ১২)

খাঁচানো[২] **kʰɑ̃cɑno** ক্রি গলা পর্যন্ত ভর্তি করা to fill to the neck (বাঁকুড়া ৬)

খাচি[১] **kʰɑci** বি খেজুরগাছের খাঁজ notch of a date palm tree (মালদা ১০)

খাচি[২] **kʰɑci** বি ১ প্রান্ত-উঁচু ঝুড়ি [এই ঝুড়ির গায়ে ভালভাবে কাদা ও গোবর লেপে দেওয়া থাকে—যার ফলে জল পর্যন্ত গলতে পারে না] mud and cowdung coated wicker basket which can hold water (পদিনা ১১) ২ ফলেব ঝুড়ি [বাঁশের বোনা উঁচু-লম্বা আকারের ঢাকাযুক্ত এবং হাতল সমেত ফলের ঝুড়ি] a kind of basket used for carrying fruit (বর্ধমা ২০)

খাচি[৩] **kʰɑci** বি কাঠি (মেদিনী ১৭, ২৪, ২৮, ৩৪) দ্র খচো

খাচি[৪] **kʰɑci** ক্রি খাচ্ছিস (you are) eating তুই খাচি—তুই খাচ্ছিস (পদিনা ৮)

**খাঁচি**[১] **kʰãci** বি ঝুড়ি [বাঁশের তৈরি] a basket (পুরুলি ৫, ৯, ১২, ১৭ বর্ধমা ১৮ বীরভূ ৮, ৯ মুর্শিদা ১৬) [ছোট ঝুড়িকে 'পেছে' বলে]

**খাঁচি**[২] **kʰãci** বি লাঠি a stick (মেদিনী ১৭)

**খাঁচি**[৩] **kʰãci** বি ১ কঞ্চি a bamboo twig (মেদিনী ১৫) ২ গাছের সরু ডাল thin branch (মেদিনী ১৫)

**খাঁচি**[৪] **kʰãci** ক্রিবিণ খিঁচুনি spasm পড়ামুয়াকে খাঁচি ধর্‌ছে যেন--পোড়ারমুখোকে খিঁচুনি ধরছে যেন (মেদিনী ১৯, ২২, ২৬)

**খাঁচি**[৫] **kʰãci** দ্র খাচি[২] (বীরভূ ৮, ১০)

**খাঁচি**[৬] **kʰãci** বি চুপড়ি wicker basket (বীরভূ ১১)

**খাঁচি**[৭] **kʰãci** বি ১ দাঁতন a twig used as a tooth brush (মেদিনী ১৫) ২ কাঠি (দাঁত খোঁচানোর) a tooth pick (মেদিনী ২০) ~ **দেওয়া** ক্রি খোঁচানো to prick, to poke (মেদিনী ১৭)

**খাঁচি**[৮] **kʰãci** বি খড়কে কাঠি a tooth pick (মেদিনী ২০)

**খাঁচি**[৯] **kʰãci** বি খোঁচা a small pillar of wood or bamboo (মেদিনী ১০)

**খাঁচি**[১০] **kʰãci** বি লাটাই a reel (মেদিনী ২০)

**খাঁচি**[১১] **kʰãci** বি যেখানে ছাগল রাখা হয় goat-shed (পুরুলি ৫)

**খাঁচি**[১২] **kʰãci** বি কাঠি (দেশলাই) a stick (মেদিনী ২৬) < সং কঞ্চি

**খাঁচি**[১৩] **kʰãci** বি ধান মাপার পাত্র [বাঁশের তৈরি। ১ মণ (আনুঃ ৪০ কিগ্রা) ধান মাপা যায়] a large vessel for measuring paddy (পুরুলি ১২)

**খাঁচি খ্যালা kʰãci kʰæla** ক্রি লাঠি খেলা a game with sticks fight with bamboo poles (মেদিনী ১৭)

**খাচি ঝুড়ি kʰaci jʰuɽi** দ্র খাঁচি[১] (বর্ধমা ১৮)

**খাচি নেওয়া kʰaci neŏa** ক্রি চটকে নেওয়া to smash well properly (কোচবি ৩)

**খাঁচি পেথে kʰãci pet^he** বি বিশেষ ধরনের ঝুড়ি [বেতের তৈরি। চ্যাপ্টা। মোড়ার উপর দিক যেমন ফুটো ফুটো করা থাকে তেমনি ফুটোওয়ালা। গ্যাড়্‌গ্যাড়ে পিঠা তৈরির কাজে ব্যবহৃত হয়। উনুনের উপর হাঁড়িতে জল বসিয়ে সেই হাঁড়ির উপর পিঠে সমেত ঝুড়িটা বসালে পিঠা ভাপে সিদ্ধ হয়ে যায়] a kind of basket (বাঁকুড়া ৪)

**খাচি বাড়ি kʰaci baɽi** বি ঘাস জাতীয় গাছ [প্রয়োজন মতো এই ঘাস চিরে বা এর সরু দণ্ডটি দিয়ে মাদুর বোনা হয়] a kind of stiff grass used in weaving mats (মেদিনী ৩৪)

**খাঁচিয়ে দেওয়া kʰãcie deŏa** ক্রি টাঙিয়ে দেওয়া to

খাঁচি[১০]

hang up, to rig up মশারি খাঁচিয়ে দাও--মশারি টাঙিয়ে বা খাটিয়ে দাও (বর্ধমা ২)

**খাঁচিলি যাওয়া kʰãcili jaŏa** ক্রি খিঁচ ধরে যাওয়া, খিল ধরে যাওয়া to have a cramp, to have a spasm খিলা খাঁচিলি যায়টে -- (হাত-পা) যন্ত্রণায় খিল ধরে যাচ্ছে (মেদিনী ২০)

**খাছ kʰacʰɔ** ক্রি খাচ্ছ ['খাওয়া' ক্রিয়ার ঘটমান বর্তমান কালের রূপ, মধ্যম পুরুষ] তুমি খাছ--তুমি খাচ্ছ (you are) eating (বাঁকুড়া ১৬)

**খাছি kʰacʰi** ক্রি খাচ্ছি (I am) eating আমি খাছি--আমি খাচ্ছি (বাঁকুড়া ১৬)

**খাঁছি kʰãcʰi** দ্র খাঁচি[৭] (মেদিনী ৩)

**খাছে kʰacʰe** ক্রি খাচ্ছে he is eating উ খাছে--ও খাচ্ছে (বাঁকুড়া ১৬)

**খাঁজ**[১] **kʰaj** বি হাজা chiblain, foot-sore water borne (মেদিনী ২৪)

**খাজ্**[২] **kʰaj** বি গরুর কাঁধের ঘা [এই ঘায়ে আল্‌কাতরা লাগালে সেরে যায়] a kind of cattle-sore, wound (মেদিনী ২৮)

**খাঁজ**[১] **kʰãj** দ্র খাজ্[২] (মেদিনী ২৮, ৩৫)

**খাঁজ**[২] **kʰãj** বি গাছের কাণ্ডের গাঁট joint of a stem (বর্ধমা ৮) [তু (হি) খাঁচ = সন্ধি, জোড়া]

**খাঁজ**[৩] **kʰãj** বি জোয়ালের একটি অংশ a part of yoke (মুর্শিদা ২১ হাওড়া ১)

**খাজ্‌কা**[১] **kʰajka** বি জোয়ালের উপরিভাগে খাঁজের মতো অংশ a notched on the upper part of the yoke (দার্জিলি ৩)

**খাজ্‌কা**[২] **kʰajka** বিণ খাঁজকাটা notched (দার্জিলি ৪)

**খাজ্‌কাট্** **kʰajkat** বি ছোট ধরনের কাষ্ঠখণ্ড--যার ওপর কোনো কিছু রেখে দা ইত্যাদি দিয়ে কাটা হয় a block of wood used as chopper stand (বাঁকুড়া ১৯)

**খাঁজ্ ঘা kʰãj gʰa** বি চর্মরোগ [পা ফেটে গিয়ে এই ঘা হয়, পুঁজ পড়ে] a skin disease (মেদিনী ২৯)



খাজ্‌কা[১]

**খাজ্‌না** **kʰajna** বি সজ্‌নে (ডাঁটা) the edible stalk or stem of the horse raddish (পদিনা ১১)

**খাজা[১]** **kʰaja** বি কাঁচা আমের এক প্রকার মিশ্রণ a kind of mixture of green mango (মুর্শিদা ১২) ~ **করা** ক্রি নুন মরিচ দিয়ে খেতো করা (মুর্শিদা ২) আম্‌টা খাজা কোছি—আমটা নুন মরিচ দিয়ে খেতো করছি (মুর্শিদা ২)

**খাজা[২]** **kʰaja** বি মেথি [গাছের নরম অংশ যা খাওয়া হয়] the core of stem (মালদা ২)

**খাজা[৩]** **kʰaja** বিণ শক্ত hard (হুগলি ১৬)

**খাজা[৪]** **kʰaja** বি ডিমের কুসুম yolk (বাঁকুড়া ৭)

**খাজা[৫]** **kʰaja** বি তাল আঁটির শাঁস the edible kerned of the seed of a palmyra fruit (মালদা ২) ~ **খাজা** **kʰaja** **kʰaja** দ্র খাজা[৩] (নদিয়া ১২ হাওড়া ৫)

**খাঁজা[১]** **kʰãja** বি খাঁচা a cage (দার্জিলি ২)

**খাঁজা[২]** **kʰãja** ক্রি উল্টিয়ে পাল্টিয়ে মেশানো to mixed the thing turning round and round [দেওয়াল তৈরির মাটি কোদাল দিয়ে কেটে পা দিয়ে থেসে, কাদা মিশ্রণ করা] (মেদিনী ২৮)

**খাজা গুঁয়াড়ে** **kʰaja gũaɽe** বি, বিণ একগুঁয়ে obstinate (নদিয়া ১১)

**খাজাড়ি** **kʰajaɽi** বি ১ চালভাজা a kind of parched rice (পুরুলি ৯) ২ মুড়ি purched rice (পুরুলি ৪, ৫, ৯)

**খাজানো** **kʰajano** দ্র খাওজানো গা খাজাচ্ছে—গা চুলকাচ্ছে (বাঁকুড়া ১৬)

**খাজারি** **kʰajari** বি বাঁশের তৈবি বড় ঝুড়ি a large basket made of bamboo stick (জলপা ৭)

**খাঁজাল্‌** **kʰãjal** দ্র খাঁজ্‌ কাট্‌ (বাঁকুড়া ১২)

**খাজিন্‌দার্‌** **kʰajindar** বি ১ খাদ্য পরিবেশনকারী one who serves food (মালদা ১১) ২ রাঁধুনি বামুন [পুং] cook (মুর্শিদা ২২)

**খাজিন্‌দারি করা** **kʰajindari kɔra** ক্রি পরিবেশন করা to serve food দুজন লোক খাজিন্‌দারি কর্‌ছে—দুজন লোক পরিবেশন করছে (চব্বিশ ২৭)

**খাজু** **kʰaju** ক্রিবিণ বাতিল-বিফল rejected and unsuccessfull [এক প্রকার গুলি খেলার সঙ্গে এই শব্দটি যুক্ত] (বাঁকুড়া ৯) দ্র খাজুগুলি খেলা

**খাজুইদার্‌** **kʰajuïdar** দ্র খাজিন্‌দার্‌ (মুর্শিদা ২৩)

**খাজু গুলি খ্যালা** **kʰaju guli kʰæla** বি গ্রামীণ ছেলেদের একপ্রকাব গুলি খেলা [দুই বা ততোধিক ছেলে এককভাবে এই গুলি খেলায় অংশ নেয়। উপকবণ হিসাবে প্রতি খেলোয়াড়ের কাছে কমপক্ষে ১০-১২টি গুলি থাকে। খেলার পদ্ধতি এইরূপ : প্রথমে সব খেলোয়াড়রা ঠিক করে নেয় কত গুলি দিয়ে খেলায় নামবে। ধরা যাক, 'ক', 'খ', 'গ' প্রত্যেকে পাঁচটি করে গুলি দিয়ে একত্রে ১৫টি গুলি রাখল। এবার তিন জনের মধ্যে যে কোনো একজন ঐ পনেরটি গুলি নিয়ে একসঙ্গে ৫-৬ হাত দূরে এমনভাবে ছুঁড়বে—যাতে সব গুলি গুলো খুব কাছাকাছি থাকবে, বেশি ছড়িয়ে যেন না যায়। ধরা যাক, 'ক' এটি করল। এবার অপর খেলোয়াড়দের একজন ছড়ানো গুলির থেকে একটি গুলি নির্দিষ্ট করে দেবে। 'ক' তার পৃথক একটি গুলি দিয়ে ঐ দেখানো গুলিটি ব্যতীত অপর যে কোনো একটি গুলিকে এমনভাবে মারবে যাতে ঐ ছোঁড়া গুলি এবং যে গুলিকে মারল সেই গুলি যেন অপবাপর কোনো গুলিকে স্পর্শ না করে। এটি সফল হলে ১৫টি গুলিই এখন 'ক' সব নিয়ে নেবে। যদি বিফল হয়—মারতে না পারার জন্য বা অন্য কোনো গুলির সঙ্গে ছোঁয়া লেগে গেলে—তবে ঐ সবগুলি নিয়ে 'খ' খেলবে। যখন কোনো একজন খেলোযাড় সফল হবে তখন সে সব গুলি নিয়ে নেবার পর সবাই পুনরায় পাঁচটি করে গুলি দিয়ে আবার একত্রে করে এইভাবে খেলা চলতে থাকবে। এখানে 'খাজু' অর্থে বাতিল। চাল বিফল হলে খেলোয়াড়দেব দান বাতিল হয়। এজন্যই এইরূপ নাম] a kind of rural game of marble (বাঁকুড়া ৯)

**খাজুড়ি** **kʰajuɽi** বি কাদার উপরে পায়ের দাগ a foot print on mud (হাওড়া ৩)

**খাজুয়া** **kʰajua** বি, বিণ খাজা [কাঁঠাল] slightly hard jack fruit (জলপা ৭)

★ **খাজুয়ানো** **kʰajuano** দ্র খাওজানো গা-টা খাজুয়াচে—গা-টা চুলকাচ্ছে (বর্ধমা ২৩)

**খাজুর্‌** **kʰajur** বি খেজুর the date-palm (বর্ধমা ৫) ~ **অগ্‌রা** **kʰajur ɔgra** বি খেজুর পাতা leaf of date-palm tree (বর্ধমা ২১) ~ **গুয়া** **kʰajur gua** দ্র খাজুর্‌ খাজুর্‌ গুয়ার্‌ গচ্‌—খেজুর গাছ (কোচবি ৭)

★ **খাজোয়ানো** **kʰajoano** দ্র খাওজানো হাত খাজোয়াচ্চে—হাত চুলকাচ্ছে (বাঁকুড়া ১)

**খাট্**[১] **kʰɑt** বি খাটিয়া [পাটের দড়ি বা নাইলনের দড়ি দিয়ে তৈরি। হাতে বোনা] দ্র খট্[১] (পদিনা ৯ বর্ধমা ৮ বাঁকুড়া ৭ বীরভূ ৩) খাট্ বুনান্‌ছি--খাটিয়া বুনছি (বর্ধমা ৮) ~ **ছাহা** ক্রি খাট বোনা (মেদিনী ১২) < সং খট্টিকা

**খাট্**[২] **kʰɑt** বি জলচৌকি [ছোট্ট জলচৌকি, দড়ির তৈরি, চারপাশে কাঠের ফ্রেম, খাটের মত সুন্দর নক্সা করা] a four-legged wooden stool (দার্জিলি ২, ৩ মালদা ৪)

**খাট্‌কানো kʰɑtkɑno** ক্রি খোঁটা to pinch nip ঘাও হোলে খাট্‌কাইস্ না--ঘা হলে খুঁটিস না (দার্জিলি ৩)

**খাট্‌টা kʰɑtta** বিণ টক sour (পদিনা ১০ বীরভূ ৭, ৯ মালদা ৭, ৯) দাঁত খাট্টাইং জেল্‌ছে--দাঁতটা টকে গেছে (বীরভূ ৯) ~ **ঢেঁকুর** বি অম্বল হলে যে ঢেকুর হয় acidity খই ঢেকুর (মুর্শিদা ১৯) তু **খট্টা** (হি)

**খাট্‌টাশিন্ শাশুর্ kʰɑttaʃin ʃaʃur** বিণ দজ্জাল শাশুড়ী refractory mother-in-law, uncontrollable mother-in-law (মালদা ৩)

**খাট্‌টি**[১] **kʰɑtti** বি ১ ঘায়ের উপরের মামড়ি [রক্ত জমে যেটা শক্ত হয়ে যায়] hardened skin over a wound (মালদা ৯ মুর্শিদা ১১) ২ নাকের শুকনো ময়লা dry nasal mucus (মালদা ৭)

**খাট্‌টি**[২] **kʰɑtti** ক্রি মার to bit or to strike তোকে খাট্‌টি দেব--তোকে মার দেব (মুর্শিদা ২৩)

**খাট্‌টি**[৩] **kʰɑtti** বি, বিণ কৃপণ a miser (মালদা ৯)

**খাট্‌নি খ্যালা kʰɑtni kʰæla** বি এক প্রকার গুলি খেলা [একক খেলা। গুলি খেলা সাধারণত তিন প্রকারের হয়--(১) খাট্‌নি খেলা (২) পিল খেলা (৩) লাল-নীল খেলা (দলগত খেলা)] a kind of rural game with marble (চব্বিশ ৩৭)

**খাট্ ধরা kʰɑt dʰɔra** ক্রি ১ ঝিন্‌ঝিনি ধরা [স্নায়ুর উপর চাপ পড়লে] to be stricken with a bugging sensation (হুগলি ১২) ২ খিল ধরা [পেশীর উপর চাপ পড়লে] to cramp (বর্ধমা ৬)

**খাট্‌নিহার্ kʰɑtnihar** বি, বিণ খাটুনে, খাটিয়ে লোক a hard working, a laborious (worker) (মালদা ৯ মুর্শিদা ২২, ২৩)

**খাট্‌নে kʰɑtne** দ্র খাট্‌নিহার্ (মুর্শিদা ২)

**খাট্‌পা kʰɑtpa** ক্রি খাটুনি to toil, to labour আজ্ ইস্কুল্‌তাত্ খোবে খাট্‌পা হোইচে--আজ স্কুলে প্রচুর খাটুনি হয়েছে (পদিনা ২)

**খাট্‌পিলিন্ দে বসা kʰɑtpilin de bɔsa** ক্রি আসন পিঁড়ি হয়ে বসা to squat (হাওড়া ৩)

**খাট্‌বল্ kʰɑtbɔl** বিণ কচি কলাপাতা [এছাড়া কলার কাঁদির সঙ্গে আর এক প্রকার কচিপাতা গাছ থেকে বের হয়] newly grown banana leaf (হুগলি ১৮)

খাট্‌বল্

**খাট্‌মল্লা খেয়ে বসা kʰɑtmɔlla kʰee bɔsa** দ্র খাট্‌পিলিন্ দে বসা (হুগলি ৪)

**খাট্ মুত্‌না kʰɑt mutna** বি যে ছেলের রাত্রে শয্যায় মূত্রত্যাগ করার অভ্যাস involuntary emission of urine during sleep (পুরুলি ৪)

**খাট্ মুত্‌রো kʰɑt mutro** দ্র খাট্ মুত্‌না (পুরুলি ৩)

**খাট্ মেল্‌লে পাতি বসা kʰɑtmelle pati bɔsa** দ্র খাট্‌পিলিন্ দে বসা (হাওড়া ১০)

**খাট্ মেলা kʰɑt mela** দ্র খাট্‌পিলিন্ দে বসা (চব্বিশ ৩১)

**খাট্‌রা kʰɑtra** বি মৃতদেহ বহনের খাট an improvised cot of bamboo or wood for carrying the dead body to the crematorium (নদিয়া ১৩)

**খাট্‌লা**[১] **kʰɑtla** বি গরুর গাড়িতে মালপত্র বহনের একপ্রকার খাঁচা [গাড়ির পাটাতনের উপর কাঠ বা বাঁশ দিয়ে একপ্রকার খাঁচা তৈরি করা হয়--যার পিছন দিক খোলা থাকে। এই দিক দিয়েই মালপত্র (সার ইত্যাদি) ভর্তি করা হয় এবং নিকাশ করা হয়] frame used for carrying loads in the bullock-cart (বীরভূ ১)

**খাট্‌লা**[২] **kʰɑtla** বি গরুর গাড়ির বিশেষভাবে ঝোলানো একটি কাঠ [গাড়ি টানার সময় যাতে দুই চাকার সঙ্গে গরুর কোনো সংঘর্ষ না লাগে সেজন্য এই কাঠ রাখা হয়] a hanging wooden rod in the bullock cart used for balancing and avoid collision (বর্ধমা ১৯)

**খাট্ লাগা kʰɑt laga** দ্র খাট্ ধরা (বর্ধমা ৫)

**খাট্‌লাশ্ kʰɑtlaʃ** বি গিরগিটি the chameleon (দার্জিলি ৩ পদিনা ৯)

**খাট্‌লি kʰɑtli** বি মৃতদেহ বহনের খাট an improvised cot for carrying the dead body (বীরভূ ৯ মুর্শিদা ২৪) দ্র খাট্‌রা

**খাট (অ) kʰɑtɔ** বিণ ১ 'ছোট' অর্থে small, little, tiny, shorts এ্যাত খাট খড়্ কি হব্যেক্--এত ছোট খড় কি হবে ['খাট' শব্দটি কোনো বস্তুর দৈর্ঘ্যের ক্ষেত্রেই ব্যবহৃত হয়। 'ছেলেটা লম্বায় খাট'--এমন ব্যবহার দেখা

CALCUTTA CENTRAL LIBRARY

খাটা[৫]

যায় না] (বাঁকুড়া ৯) উয়ার্ কাপড়্টা খাট কোরিয়ে পরা --ওর কাপড়টা ছোট করে পরা (বাঁকুড়া ৫) খাট জামা --ছোট জামা (বাঁকুড়া ৪) কানে খাট--কানে কম শোনে (বাঁকুড়া ৪)

**খাটা**[১] **kʰaṭa** বি, বিণ টক sour taste (বর্ধমা ৫ হাওড়া ৩ হুগলি ৮) ডালটা খাটা হয়ে গেইচে--ডালটা টক হয়ে গেছে (পদিনা ৯ বর্ধমা ২০) ~ **গন্ধো** টক গন্ধ (মেদিনী ৭) ~ **হওয়া** ক্রি টকিয়ে যাওয়া মোর্ দাত্‌লা খাটা হোইচে--আমার দাঁত টকিয়ে গেছে (দার্জিলি ৪) দাঁত খাটা হইচে--দাঁত টকে গেছে (পদিনা ২) দাত্ খাটা হয়ে গেল্‌ছে--দাঁত টকে গেছে (মুর্শিদা ১) খাটা আম--টক আম (পদিনা ৯, ১৫) তেঁতুলের খাটা--তেঁতুলের টক (নদিয়া ৪ চব্বিশ ৯, ২৭, ৩৩ জলপা ৭ বর্ধমা ৫, ১৬, ২০ মুর্শিদা ২০)

**খাটা**[২] **kʰaṭa** বি, বিণ ছোট দ্র খাট (অ) জামাটা খাটা হইচে--জামাটা ছোট হয়ে গেছে (কোচবি ২ জলপা ৩)

**খাটা**[৩] **kʰaṭa** বি গরুকে ঘাস বা খড় খেতে দেবার জন্য বাঁশের বেড়া দিয়ে ঘেরা ছোট জায়গা open fanced area for cattle feeding (কোচবি ২)

★ **খাটা**[৪] **kʰaṭa** বি নিয়ম a custom খাটেনি সাখা--শাঁখা পরার নিয়ম নাই [এদের বিশ্বাস 'যোদি সাখা পোরি, দুয়ারে সাপ সন্ধাবে--যদি শাঁখা পরি, তাহলে দরজায় সাপ ঢুকবে] (মেদিনী ১২)

**খাটা**[৫] **kʰaṭa** বি বকো মাছ--গাঙধারা মাছ a kind of fish (কোচবি ১)

**খাটাং টাং** **kʰaṭaŋ ṭaŋ** বিণ খাটো দ্র খাট (অ) খাটাং টাং করি পিন্‌দিসে--কাপড়টি খাটো করে পরেছে [কাজের সুবিধার জন্য হাঁটুর উপর তুলে পরেছে] (কোচবি ৪)

★ **খাটা গুলা** **kʰaṭa gulo** ক্রি গণ্ডগোল করা to make a noise, to create disorder ওরা খাটা গুলেছে--ওরা গণ্ডগোল করছে (চব্বিশ ৩৭)

**খাটান্** **kʰaṭan** বি মশারি a mosquito curtain, a mosquito net খাটান্‌টা খাটাই দে--মশারিটা টাঙিয়ে দে (পদিনা ১০)

**খাটান্‌দার্** **kʰaṭandar** বিণ পরিশ্রমী, কর্মঠ, hard working, laborious (বর্ধমা ১৩) দ্র খাট্‌নিহার্

**খাটানা**[১] **kʰaṭana** বি গ্রাম্য খেলায় পরাজিতের প্রতি দণ্ড [গ্রামীণ খেলায় যখন কোনো একজন খেলোয়াড় পরাজিত হয় তখন তাকে 'চোর' বা 'হেরো' বলা হয়। একে খেলার অঙ্গ হিসাবে কিছু দণ্ড বা শাস্তি পেতে হয়] sort of punishment given to the loser in a game খাটানার্ সময় কেউ কেউ কেঁদে ফেলে (মেদিনী ১৩)

**খাটানা**[২] **kʰaṭna** দ্র খাঁচিয়ে দেওয়া (হুগলি ৫)

★ **খাটানা**[৩] **kʰaṭano** ক্রি [গরুকে লম্বা দড়ি দিয়ে] বেঁধে দেওয়া to tie the neck of the cow with a lengthy cord গোরুটা খাটাং দিবি, যা--গরুটা (লম্বা দড়ি দিয়ে) বেঁধে দিবি, যা (বাঁকুড়া ১৫)

**খাটানো** **kʰaṭano** ক্রি মেলে দেওয়া to spread out কাপড় খাটানো--[শুকানোর জন্য] কাপড় মেলে দেওয়া (চব্বিশ ১৯)

**খাঁটানো** **kʰãṭano** দ্র খাটানা[২] খাঁটানো হোলো--টাঙানো হলো (হুগলি ১৬)

**খাটা বেল** **kʰaṭa bel** বি কয়েত বেল [এই বেল টক স্বাদের হয়। তাই খাটা (অর্থ টক) বেল, তবে এই শব্দটি কেবল মুসলমান সম্প্রদায়ের মধ্যে প্রচলিত] a shelled-fruit with sour pulp akin to the wood apple (হাওড়া ৩)

**খাটাল্**[১] **kʰaṭal** বি মৃতদেহ বয়ে নিয়ে যাওয়ার খাটিয়া an improvised cot for carrying the dead body to the crematorium (বীরভূ ৭) খাট + আল

**খাটাল্**[২] **kʰaṭal** বি পান বরোজের মাচা বাঁধার জন্য সরু বাঁশের তৈরি খুঁটি বিশেষ [পংক্তির মাঝখানে কাত করে পোঁতা হয়ে থাকে। দুপাশ থেকে দুটি বাঁশ এমন ভাবে কাত করা থাকে যা সাঁড়াশির মতো দেখতে হয়] a pillar made of bamboo used in plant of betel-leaves (হাওড়া ৬)

**খাটাল্**[৩] **kʰaṭal** বি অসমান, ঢালু জমি [একই জমি যদি উঁচু নিচু হয় তবে জল বাঁধার জন্য জমির মধ্যে সরু আল দেওয়া হয়। এই আলের দুই পাশের জমির অংশটুকুর নাম] sloping cultivated land (নদিয়া ১০)

**খাটাল্ দেওয়া** **kʰaṭal deŏa** ক্রি ধানগাছের চারা লাগানোর এক বিশেষ পদ্ধতি a special type of process to sowing the paddy crop [রোয়া ধান জমিতে ধানচারা রোয়ার পর যদি স্থানে স্থানে উঠে যায়, তবে ঐ জায়গায় তা পুনরায় রোপণ করার পদ্ধতি] (হাওড়া ৩)

**খাঁটাল্ দেয়া** **kʰaṭal deŏa** দ্র খাটাল্ দেওয়া (হাওড়া ১)

**খাটালি**[১] **kʰaṭali** বি ১ পরিশ্রম, খাটুনি labour, effort (বর্ধমা ১, ১৮) উয়ার্ চাইতে এতে খাটালি বেশি--ওর চাইতে এতে পরিশ্রম বেশি (বাঁকুড়া ৭, ১২) ২ কাজ work (বর্ধমা ৪) আমাদের এ্যাখন্ খাটালি নাই--আমাদের এখন কাজ নেই (বীরভূ ৩) ৩ ক্রিবিণ খেটে খাটালি খাই--খেটে খাই (মেদিনী ৫)

**খাটালি**[২] **kʰaṭali** বি খাট a cot, a bed stead (মেদিনী ২৯)

**খাটালু** **kʰaṭalu** দ্র খাটান্‌দার্‌ খাটালু লক্‌--পরিশ্রমী লোক (মেদিনী ১২)

**খাটাশ্‌** **kʰaṭaʃ** বি খট্টাশ the civet cat (মুর্শিদা ১৭ হাওড়া ১০)

**খাটাস্‌** **kʰaṭas** বি বনবিড়াল the wild-cat (চব্বিশ ২১)

**খাটি**[১] **kʰaṭi** বি চাবি a key (বাঁকুড়া ১৩)

**খাটি**[২] **kʰaṭi** বি ১ কাঠি [দাঁত কাঠি, দেশলাই কাঠি] a small chip of wood, bamboo etc. (used as a match-stick, tooth pick etc.) (পদিনা ৬ বাঁকুড়া ৪, ১০) ২ মাদুরের কাঠি dried stalk of a kind of grass used to weave mats (বর্ধমা ১৫) ৩ বাঁশের কাঠি, নারকোল পাতার কাঠি the stick of the coco-nut leave, bamboo stick (জলপা ৬, ৭)

**খাটি**[৩] **kʰaṭi** ১ দ্র খাটাল্‌[১] (নদিয়া ১ পুরুলি ৫ মুর্শিদা ৫) ২ বসার ও শোয়ার কাজে ব্যবহৃত খাটিয়া a cot to sit on or sleep (পুরুলি ৫)

**খাটি**[৪] **kʰaṭi** বি গমের খড় dry straw of wheat (বাঁকুড়া ১১)

**খাটি**[৫] **kʰaṭi** বি মাত্র only এ্যাক্‌টি মেয়ে খাটি--একটি মেয়ে মাত্র (বর্ধমা ১৪)

**খাঁটি**[১] **kʰãṭi** দ্র খাটি[২] (মেদিনী ৭)

**খাঁটি**[২] **kʰãṭi** বি নিশ্চয়ই, ঠিক ঠিক firm or sure knowledge সে খাঁটি আইস্‌বে তো--সে নিশ্চয় আসবে তো? (বীরভূ ১০)

**খাটি দিয়া** **kʰaṭi dia** দ্র খাটামা[২] কাপড়টা রোদে খাটি দিয়া হইছে--কাপড়টা রোদে মেলে দেওয়া হয়েছে (মেদিনী ২৯)

**খাটি দাওয়া** **kʰaṭi daŏa** দ্র খাটানা[২] মুশোরি খাটি দাও--মশারি টাঙিয়ে দাও (মেদিনী ৭)

**খাটি দেখা** **kʰaṭi dekʰa** ক্রি ভয় পাওয়া to be frightened, to fear, to get or have a fright (কোচবি ২)

**খাটিনি** **kʰaṭini** বিণ দুশ্চরিত্র মেয়েমানুষ characterless, having a vitiated character (female) (বীরভূ ১৪)

**খাঁটিনি** **kʰãṭini** বিণ ঝগড়াটে a shrew দ্র আদাইরে, আল্‌কুটন্যা, ইশালা, খরছোটি (বীরভূ ৭, ১১)

**খাটিয়া**[১] **kʰaṭia** বি মুগুর a mallet, a club, a cudgel, a tammar, a hammer [কাপড় কাচার জন্য ব্যবহৃত মুগুর লম্বায় ২ থেকে ২½ হাত] a mallet to wash clothes (পদিনা ১ মালদা ৩) ২ পাট ধোয়ার কাজে

খাটিয়া[২]

ব্যবহৃত কাঠের চ্যাপ্টা ধরনের মুগুর (মালদা ৩) ৩ বাঁশের মুগুর a mallet made of bamboo (মালদা ৫)

**খাটিয়া**[২] **kʰaṭia** বি গরুর গলায় বেঁধে দেওয়া হয় যে লাঠি [দুষ্টু গরু যাতে বাগানের ফসল না খেতে পারে সে জন্য মোটা এবং ছোট লাঠি বেঁধে দেওয়া হয়] a wooden stick tied to the neck of cattle বাছিটাকে খাটিয়া ঝুলাই দে--বাছুরটাকে লাঠি বেঁধে দে (মালদা ১১)

**খাঁটিয়া** **kʰãṭia** বিণ বেতোচুল crisped hair (মেদিনী ১৮) খাট, খাটো (দেশি)

**খাটিয়া ঝুলা খ্যালা** **kʰaṭia jʰula kʰæla** বি মেয়েদের খেলা বিশেষ [বাঁশের 'খাটিয়া' (কয়েকটি বাখারি পাশাপাশি সাজিয়ে তৈরি) দড়ি দিয়ে গাছের ডালে ঝুলিয়ে দোল্‌না খেলা] a kind of play by rural girls'--a swing (পদিনা ১)

**খাটিয়ে** **kʰaṭie** বি, বিণ পরিশ্রমী labourious খাটিয়ে লোক--পরিশ্রমী লোক (বর্ধমা ২৩)

**খাটিয়ে পরা** **kʰaṭie pɔra** দ্র খাট (অ) কাপড়টা খাটিয়ে পরেছো ক্যান, পায়ের গুইলে গুইলে পর--কাপড়টা তুলে পরেছ কেন, পায়ের গোড়ালি সমান করে অর্থাৎ নিচু করে পর (বর্ধমা ২০)

**খাটু** **kʰaṭu** দ্র খাটান্‌দার্‌ (পদিনা ৭)

**খাটুইয়া** **kʰaṭuia** দ্র খাটান্‌দার্‌ (বাঁকুড়া ৩)

**খাটুইয়্যা** **kʰaṭuiæ** দ্র খাটান্‌দার্‌ (বাঁকুড়া ১১)

**খাটুন্‌তে** **kʰaṭunte** দ্র খাটান্‌দার্‌ (হাওড়া ৩)

**খাটুন্‌দে** **kʰaṭunde** দ্র খাটান্‌দার্‌ (চব্বিশ ৩৩)

**খাটুনা** **kʰaṭuna** বি যে মজুর খাটে a labourer (মেদিনী ৩৩)

**খাটুনি** **kʰaṭuni** দ্র খাটান্‌দার্‌ খাটুনি ছেলি--কর্মঠ ছেলে (মুর্শিদা ১৪)

**খাটুনে** **kʰaṭune** দ্র খাটান্‌দার্‌ (চব্বিশ ২৭ মেদিনী ৩)

**খাটুন্যা** **kʰaṭunæ** দ্র খাটান্‌দার্‌ (বীরভূ ৯ মুর্শিদা ২৩ মেদিনী ১৭)

**খাটু মাটু হয়ে বসা** **kʰaṭu maṭu hoe bɔsa** দ্র খাট্‌পিলিন্‌ দে বসা (হুগলি ১১)

খাটুল্ মাটুল্ বসা

**খাটুমালা সেজে বোসা kʰaʈu mala seje bosa** দ্র খাট্‌পিলিন্ দে বসা (হাওড়া ১, ৮)

**খাটুমালা হয়ে বসা kʰaʈumala hoe bɔsa** দ্র খাট্‌পিলিন্ দে বসা (হুগলি ১০, ১৯)

**খাটুয়া kʰaʈua** দ্র খাটান্‌দার্ (পুরুলি ৫)

**খাটুল্ মাটুল্ kʰaʈul maʈul** বি আসন-পিঁড়ে (বসা) the posture of squatting (মেদিনী ১০)

**খাটুল্ মাটুল্ বসা kʰaʈul maʈul bɔsa** দ্র খাট্‌পিলিন্ দে বসা (বর্ধমা ২ বাঁকুড়া ১৭)

★ **খাটুলা kʰaʈula** দ্র খাটাল্ দেওয়া খাটুল্‌তে হয়—পুনরায় রোপণ করতে হয় (মেদিনী ১৫)

**খাটুলি kʰaʈuli** বি ১ দড়ি বোনা ছোট খাট [শিশুদের শোবার জন্য] দ্র খাট্[১] (বর্ধমা ২৬ বাঁকুড়া ৭) ২ শব বহনের খাট দ্র খাটাল্[১] (চব্বিশ ৮ নদিয়া ২, ৪, ৯, ১৩ বর্ধমা ৫, ৭, ২০ মুর্শিদা ১৪, ১৬, ২৪ মেদিনী ১১ হাওড়া ৩, ৬, ১০) তু (হি) খাটোলা

**খাটুলে দেওয়া kʰaʈule deŏa** দ্র খাটাল্ দেওয়া (হাওড়া ১, ৮)

**খাটো kʰaʈo** বিণ ১ ছোট short দ্র খাট(অ) (পদিনা ১৪ মেদিনী ১৪ হুগলি ৫, ১১, ১৯) খাটো খাটো—ছোট ছোট (জলপা ৩) ~ ব্যালা বি ছেলেবেলা childhood days (হুগলি ১১) ২ বেঁটে short (মেদিনী ১৭) খাটো মান্‌সি—বেঁটে মানুষ (কোচবি ৩) ৩ অপরিসর, সংকীর্ণ narrow space (বাঁকুড়া ১০ মেদিনী ১৫) জাগাটা খাটো হয়ে গেছে—জায়গাটা অপরিসর হয়ে গেছে (বাঁকুড়া ১০)

★ **খাটো হওয়া kʰaʈo hɔŏa** ক্রি কমে যাওয়া to fall short, to decrease নজর খাটো হোয়েচে—দৃষ্টি কমে গেছে (হুগলি ১৬)

**খাটোত্ kʰaʈot** ক্রিবিণ খাটেতে on the cot ছাওয়াটা খাটোত্ কুদ্‌দিছ্—ছেলেটা খাটের উপর লাফাচ্ছে (পদিনা ৯)

**খাটোলি kʰaʈoli** দ্র খাট্[১] (মালদা ৯)

**খাট্টা kʰaʈʈa** দ্র খাট্‌টা [অনুরূপভাবে খাট্টা সহযোগে উচ্চারিত শব্দাবলীর জন্য 'খাট্‌টা' অংশ দেখুন] (চব্বিশ ৪ বীরভূ ৯ মালদা ৭ মুর্শিদা ২৩)

**খাঠি kʰaʈʰi** বিণ কাঠি stick খাঠির পাখার পাও—কাঠির মতো পা (কোচবি ২)

**খাড়্‌রা (গা) kʰaɖra (ga)** বিণ খালি (অনাবৃত গা) uncovered, bare (বাঁকুড়া ১৫)

**খাড়্‌লা kʰaɖla** বি গরুর গাড়ির অংশবিশেষ [গরুর গাড়ির উপর একটা চৌকো কাঠ দিয়ে রেলিং মতো করা থাকে] the railing of bullock-cart (বাঁকুড়া ১১)

**খাঁড়িয়া বালি kʰaɖia bali** বিণ যে মেয়ের চুল ছোট the girl with short hair (মেদিনী ৩০) < বালি = সং বালিকা

**খাড়্[১] kʰaɽ** বি গুড় molasses (মালদা ৮)

**খাড়্[২] kʰaɽ** বি গাছের কাণ্ড the stem (মেদিনী ২৮, ৩৩ হাওড়া ১ হুগলি ১, ৫)

**খাড়্[৩] kʰaɽ** বি ক্ষার [কাপড় কাচার জন্য ব্যবহৃত] alkali (দার্জিলি ৪)

**খাড়্[৪] kʰaɽ** বি দল বা ঝাঁক a flock এ্যাক্ খাড়্ পাখি—এক ঝাঁক পাখি (বাঁকুড়া ১৬)

**খাড়্[৫] kʰaɽ** বি ছাই [কাঠ কয়লার] ashes (মেদিনী ১২)

**খাড়্[৬] kʰaɽ** বি ঝিন্‌ঝিনি, অসাড়, অচেতন a dizzy or buzzing or twinging sensation, the sensation of having pins & needles আমার পায়ে খাড়্ এইচে—আমার পায়ে ঝিন্‌ঝিনি ধরেছে। গাই দোয়ার সময় আঙুলে খাড়্ এইছিল—গাই দোয়ার সময় আঙুলে ঝিন্‌ঝিনি (অচেতনভাব) এসেছিল (বাঁকুড়া ৮)

**খাঁড়্ kʰãɽ** বি ১ দ্র খাড়্[১] (মালদা ২ মুর্শিদা ২২) ২ আখের গুড় molasses made from sugarcane (মালদা ১) ৩ শক্ত গুড় stiff and hard molasses (মুর্শিদা ২২) ৪ দানাবিশিষ্ট গুড় molasses with grain (নদিয়া ৩)

**খাড়্ করা kʰaɽ kɔra** ক্রি সিদ্ধ করা to pass steam through dirty clothes before washing কাপড় খাড়্ কোর্‌তে হবে—কাপড় সিদ্ধ করতে হবে (মালদা ৬)

**খাড়্ কাট্ kʰaɽ kaʈ** বি নদীর তলায় প্রাপ্ত একপ্রকার কাঠ [নদীর তলদেশে (রূপনারায়ণ নদী) মোটা মোটা গাছের গুড়ির অংশাবশেষ পাওয়া যায়, গ্রামের অভাবী মানুষরা ঐ স্থানে ডুবে ডুবে অংশাবশেষ তুলে আনে। ঐ কাঠের রং কালো। জ্বলে কয়লার মতো। সম্ভবত ঐ এলাকায় একদা জঙ্গল ছিল। কালক্রমে তা নদীগর্ভে চলে যায়] a kind of wood found at the bottom / base of the river [this type of wood used by the villagers as a fire-wood] (হাওড়া ১০)

**খাড়্ খাঁচা kʰaɽ kʰãca** ক্রি সিদ্ধ করে কাপড় কাচা to

wash dirty linen কাপড়টা খাড়্ খাঁচ্‌তে যাব--কাপড়টা সিদ্ধ করে কাচতে যাব (মুর্শিদা ২৩)

**খাড়্ খিচা** **kʰɑɾ kʰicɑ** দ্র খাড়্ খাঁচা (মুর্শিদা ১১)

**খাড়্ খোল্লি** **kʰɑr kʰolli** বিণ পাড়া বেড়ানো মেয়ে the girl who passes time in gossiping and visiting neighbours (মুর্শিদা ১৫)

**খাড়্ জোমি** **kʰɑɾ jomi** বি, বিণ পতিত জমি uncultivated land (চব্বিশ ৩৬)

**খাড়্ জোয়ান্** **kʰɑɾ joɑn** বিণ সম্পূর্ণ জোয়ান গরু the young cow (হুগলি ৪)

**খাড়্ ভাঙানি** **kʰɑɾ bʰɑŋɑni** বি বিয়ের অনুষ্ঠান বিশেষ [যেটাকে অনেকে 'আইবুড়ো খাওয়া' বলে] a feast before marriage (মালদা ৪) দ্র আইবড়িয়্যা ভাত্

**খাড়্‌রা**[১] **kʰɑɾɾɑ** বিণ ১ মরা গাছ a lifeless tree (পুরুলি ৯) ২ ডালপালা শূন্য প্রায় মৃত গাছ a branchless and lifeless tree (পুরুলি ৫)

**খাড়্‌রা**[২] **kʰɑɾɾɑ** বি কামানো (মাথা) the bald head, shaven headed (বাঁকুড়া ১৬)

**খাড়্‌রা (গা)** **kʰɑɾɾɑ (gɑ)** দ্র খাড়্‌রা (গা) (পুরুলি ৭, ৮, ৯)

**খাঁড়্‌রা (গা)** **kʰɑɾɾɑ (gɑ)** দ্র খাড়্‌রা (গা) ছানাটা খাঁড়্‌রাই আছে--ছেলেটা খালি গায়ে আছে (বাঁকুড়া ১ পুরুলি ১৩)

**খাড়্‌হা গাচ্** **kʰɑɾhɑ gɑc** দ্র খাড়্‌রা[১] ২ (পুরুলি ৬, ৯, ১৫)

**খাঁড়্‌হি** **kʰɑ̃ɾhi** বি কণ্ঠি [তুলসীর মালা] a necklace of basil (*tulsi* seeds) (মেদিনী ৯)

**খাড়্‌হিয়া** **kʰɑɾhiɑ** বি ছোট লাঠি [প্রায় একহাত লম্বা] a small stick (পুরুলি ১৩)

**খাড়্ হোয়ে থাকা** **kʰɑɾ hoe tʰɑkɑ** ক্রি দাঁড়িয়ে থাকা to stand up ঘণ্টা ঘণ্টা খাড়্ হোয়ে থাকি--ঘণ্টা ঘণ্টা দাঁড়িয়ে থাকি (মুর্শিদা ১১) আ বা খাড়া

**খাড়** **kʰɑɾɔ** বি ১ অপেক্ষা wait / stand up একটু খাড় (অ) হ--একটু অপেক্ষা কর (মালদা ৯)

**খাড় দুপ্‌পহর্** **kʰɑɾɔ duppɔhɔr** বি ঠিক দুপুরবেলা just noon, midday (মালদা ৯)

**খাড় হোয়ে থাকা** **kʰɑɾɔ hoe tʰɑkɑ** দ্র খাড়্ হোয়ে থাকা (মালদা ৯)

**খাড়া**[১] **kʰɑɾɑ** বিণ সাধারণ ordinary, common খাড়া শাড়ি পরানিয়া--সাধারণ শাড়ি পরা মেয়ে (পদিনা ১১)

**খাড়া**[২] **kʰɑɾɑ** বি টুকরো a piece এ্যাক্ খাড়া লেবু--এক টুকরো লেবু (বাঁকুড়া ৫, ১৬ পুরুলি ১৩)

**খাড়া**[৩] **kʰɑɾɑ** বি ১ ডাঁটা [সজ্‌নে ডাঁটা এবং শাক-সব্জীর ডাঁটা বোঝাতে] vegetable stick (বাঁকুড়া ১, ৪, ১১, ১৫ বীরভূ ১ মেদিনী ৬, ৯, ২৫, ২৬ হাওড়া ১, ৮)

খাড়া[৫]

লোইটে খাড়া--নটেশাকের ডাঁটা (বাঁকুড়া ১) সাগ্‌নে খাড়া--সজনা ডাঁটা (বীরভূ ১) সন্না খাড়া--সজনা ডাঁটা (মেদিনী ২৬) ২ ডাঁটার্ ছিব্‌ড়ে refuse of any thing the juice of which has been extracted (পুরুলি ৫)

**খাড়া**[৪] **kʰɑɾɑ** বি ছিপ a fishing-rod (বাঁকুড়া ১৮ মেদিনী ১০) খাড়া পেঁক্‌না--ছিপ ফেলা। সে খাড়া পকায়টে--ও ছিপ ফেলছে (মেদিনী ২০)

**খাড়া**[৫] **kʰɑɾɑ** বি তাক [রান্নাঘরে রাখা হয় এমন একপ্রকার আসবাব মাটির থামের (দুই হাত থেকে তিন হাত উচ্চতা বিশিষ্ট) উপরে নির্মিত কাঠের তাক বিশেষ a kind of rack (পদিনা ৬) ২ বাঁশের বেঞ্চি a bench made of bamboo (পদিনা ৯)

**খাড়া**[৬] **kʰɑɾɑ** বি [মাছের] দাগা, গাদা a slice from the back of a flat fish (পুরুলি ৭) < সং খণ্ড

**খাড়া**[৭] **kʰɑɾɑ** ক্রি দাঁড়ানো (অর্থে) standing (মেদিনী ১৬) হোটে মান্‌শিগিল্লা খাড়া হোয়্যা আসে--ওখানে লোকগুলো দাঁড়িয়ে আছে (জলপা ৭)

**খাড়া**[৮] **kʰɑɾɑ** বি বাঁশের কঞ্চি [বেড়া দেওয়ার উপযুক্ত], গাছের সরু ডাল thin branch of a tree (বর্ধমা ১৮)

**খাড়া**[৯] **kʰɑɾɑ** বি গমের খড় wheat straw (বাঁকুড়া ১, ৭)

**খাড়া**[১০] **kʰɑɾɑ** বি চাঁই a cold পাথরের খাড়া--পাথরের চাঁই (বাঁকুড়া ৫)

**খাড়া**[১১] **kʰɑɾɑ** বি মুখাগ্নি মৃত্যু সম্পর্কিত অনুষ্ঠান বিশেষ [মৃতের পুত্র লাঠিতে ঘিয়ে ভেজানো নতুন কাপড়ের টুকরো জড়িয়ে আগুন ধরিয়ে সাতবার ঘুরবে এবং মুখে আগুন দেবে। নিজসম্প্রদায়ের মধ্য থেকেই একজন 'বাহ্মন্ ঠাকুর' অর্থাৎ বামুন ঠাকুর থাকে। সে ছেলের চোখদুটো ঢাকা দিয়ে রাখে এবং আগুন মৃতের মুখে ঠেকাতে সাহায্য করে the ritual to singe the mouth of the dead at cremation (পুরুলি ৩)

**খাঁড়া**[১] **kʰɑ̃ɾɑ** দ্র খাড়া[৩] ১ (মেদিনী ৭, ২৯)

**খাঁড়া**[২] **kʰɑ̃ɾɑ** দ্র খাড়া[২] (পুরুলি ৯, ১২ বাঁকুড়া ১৬ মেদিনী



খাড়ি[২]

৫, ২৫) ইঁটের খাঁড়া—ইঁটের টুকরো (পুরুলি ৯) এ্যাক্ খাঁড়া আম্ দে—এক খণ্ড আম দে (বাঁকুড়া ১৬) এ্যাক্ খাঁড়া কাগজ—এক টুকরো কাগজ (মেদিনী ২৫) ~ ইট্ বিণ অর্ধেক বা আধলা ইট half piece of brick খাড়িং গেইছে—অর্ধেক হয়ে গেছে (পুরুলি ৫, ৭)

খাঁড়া[৩] **kʰāra** দ্র খাড়া[৩] (পুরুলি ২) ~ গাচ্ বি সজিনা গাছ the horse raddish plant (বর্ধমা ২০)

খাঁড়া[৪] **kʰāra** বি ১ দেশি মদের শক্ত তলানি [যা মাছের চার বা টোপ হিসেবে ছিপের বঁড়শিতে গাঁথা হয়, গরুর খাদ্য হিসেবে ব্যবহৃত] the hard sediment of country liquer ২ মদের জন্য পচা ভাত the rotten rice for country liquer (বীরভূ ৭, ৯, ১১)

খাঁড়া[৫] **kʰāra** বিণ ভাঙা to break জিনিস্টা খাঁড়ি দিলুম্—জিনিসটা ভেঙে দিলাম (পুরুলি ৩)

খাড়াই[১] **kʰaraĭ** বি উর্ধ্বদিকে লম্বা perpendicular (পুরুলি ৬, ১৬)

খাড়াই[২] **kʰaraĭ** বি মাছ ধরে রাখার ঝুড়ি [আকৃতিতে বড় হলেও মুখটা ছোট—যাতে মাছ লাফিয়ে বেরিয়ে যেতে না পারে] a kind of basket (মেদিনী ৩৪) দ্র খনাই

খাড়া কাটা জল্ **kʰara kata jol** বি বিয়ের অনুষ্ঠানে ব্যবহৃত মাঙ্গলিক জল the holy-water used in the rituals of marriage ceremony brought by a happy couple [বিয়ের দিনে কনের বাবা, দাদা বা ভাই সম্পর্কের যে কোনো দুজন সুখী বিবাহিত স্ত্রী-পুরুষ একটি কাস্তে হাতে পুকুরে যাবে এবং ঐ কাস্তে দিয়ে জল কেটে ঘটি বা গাড়ু ডুবিয়ে জল নিয়ে আসবে। একজন এই কাজটি করবে অপরজন সঙ্গে থাকবে। এই জল দিয়েই কনেকে স্নান করানো হয়] (বর্ধমা ১৫)

খাড়াখাড়া **kʰara kʰara** ক্রিবিণ সঙ্গে সঙ্গে (always) in the company of constantly (জলপা ৭)

খাড়া ঘাস্ **kʰara gʰas** বি উলু ঘাস a kind of reedy wild grass (হাওড়া ১০)

খাড়া চুল **kʰara cul** বি, বিণ বেতোচুল দ্র খাঁটিয়া (মেদিনী ৫)

খাড়া দেওয়া **kʰara deŏa** ক্রি (কাপড়) সিদ্ধ করা দ্র খাড়্ করা (বর্ধমা ১৮)

খাড়া নাক্ **kʰara nak** বিণ টিকালো নাক sharp nose (মেদিনী ২১)

খাড়া বাক্সো **kʰara bakso** বি আলমারি an almirah (পদিনা ৬)

খাড়াবাড়ি দিয়ে ধোয়া **kʰarabari die dʰoa** ক্রি [কাপড়] আছড়ে ধোয়া to wash clothes thrashing on the floor (পদিনা ৭)

খাঁড়াল্ (ইট্) **kʰāral (it)** দ্র খাঁড়া[২] (পুরুলি ২)

খাড়া হওয়া **kʰara hŏa** ক্রি অপেক্ষা করা, দাঁড়ানো to wait, to wait for, to tarry খাড়া হন্—দাঁড়ান, অপেক্ষা করুন (কোচবি ১) ও ভাই অল্পখানেক্ খাড়া হন্—ও ভাই একটু দাঁড়াও (কোচবি ১) একটু খাড়া হ, মোর শোরিল্টা হাঁপশে—একটু দাঁড়া, আমার শরীরটা ধড়ফড় করছে (কোচবি ২) মুই তোর্ তংকে খাড়া হমু না—আমি তোর জন্য অপেক্ষা করবো না (পদিনা ১৪)

খাড়ি[১] **kʰari** বি খড় hay, straw (বর্ধমা ২)

খাড়ি[২] **kʰari** বি মাছ রাখার পাত্র a fishing basket (বর্ধমা ২) দ্র খলাই

খাড়ি[৩] **kʰari** বি খাল a canal (পদিনা ১২) ২ বড় নালা a channal (মালদা ৪)

খাড়ি[৪] **kʰari** বি টুকরো [শুধুমাত্র মাংসের ক্ষেত্রে ব্যবহৃত] a piece of meat এ্যাক্ খাড়ি মাংস—এক টুকরো মাংস (বাঁকুড়া ১৬)

খাড়ি[৫] **kʰari** বি ১ লাঠি rod (বাঁকুড়া ৭) ২ পান গাছ যে লাঠিব সাহায্যে বেয়ে ওঠে thin stick (মেদিনী ৩৫) ৩ এক ধরনের ছোট্ট লাঠি বা কাঠি [যার সাহায্যে ঢোল বাজানো হয়] drum stick (মেদিনী ২৯)

খাড়ি[৬] **kʰari** বি শুকনো জ্বালানি কাঠ [বাঁশ বা কাঠের টুকরো] fire wood, fuel (জলপা ৭ বর্ধমা ১৫)

খাড়ি[৭] **kʰari** বি শাড়ি a woman's loin-cloth, a *shari* (জলপা ৩, ১০ দার্জিলি ৩ পদিনা ৬)

খাড়ি[৮] **kʰari** বি জাল বোনার সরঞ্জাম বিশেষ [এটি ইংরাজি 'v' আকৃতির কাষ্ঠ খণ্ড যার দ্বারা জালের প্রথম ফাঁস বোনা হয়] a type of weaving equipment (পুরুলি ৮)

খাড়ি[৯] **kʰari** বি গরুর গলার ছোট গোলাকৃতি দড়ি [কখনো কখনো গরুর গলায় একটা ছোট দড়ি পরিয়ে রাখা হয়। সাধারণত এতে নজর লাগার প্রতিশেধক হিসাবে শামুক, কড়ি, চামড়ার টুকরো প্রভৃতি থাকে] the neck-rope of a cow (চব্বিশ ২১ নদিয়া ৩)

খাড়ি[১০] **kʰari** বি (স্ত্রীলোকের) সাদা স্রাব white dis-

charge (চব্বিশ ৪, ১৭)

**খাড়ি**[১১] **kʰaɾi** বি ঝুড়ি তৈরির জন্য বাঁশের সরু সরু ফালি বা কাঠি a small slice or strip or fine bamboo stick (বাঁকুড়া ১০, ১৬)

**খাড়ি**[১২] **kʰaɾi** দ্র খাড়া[৩] (পুরুলি ৯ বীরভূ ১৪)

**খাড়ি**[১৩] **kʰaɾi** বি সরু ডাল [গাছের] slender branches of a tree শাল্ খাড়ি--শাল গাছের ডাল (বাঁকুড়া ৭, ১২)

**খাড়ি**[১৪] **kʰaɾi** বি চাবি a key (পুরুলি ১৭ বাঁকুড়া ৭, ১১, ১২ মেদিনী ১৩, ২৫, ২৯) ~ **থোপা** বি চাবির গুচ্ছ a bunch of key (বাঁকুড়া ১১)

**খাড়ি**[১৫] **kʰaɾi** বি কাঠি [যে কোনো ধরনের কাঠিকে বলা হয়] দ্র খচো (পুরুলি ৩ বর্ধমা ১, ৪, ১৫ বাঁকুড়া ৩, ৭, ১২, ১৬, ১৮ বীরভূ ১ মেদিনী ৯)

**খাঁড়ি**[১] **kʰãɾi** দ্র খাড়ি[৯] (চব্বিশ ৩, ২১ নদিয়া ২, ৪, ৬)

**খাঁড়ি**[২] **kʰãɾi** দ্র খাড়ি[১৫] (পুরুলি ১৬)

**খাঁড়ি খোঁচা kʰãɾi kʰõca** বি শুকনো জ্বালানি কাঠ fire wood খাঁড়ি খোঁচা খুঁজে নিয়ে আয়--শুকনো জ্বালানি কাঠ খুঁজে নিয়ে আয় (বাঁকুড়া ৫)

**খাঁড়িচালা kʰãɾicala** বি মাটির ঘরের চাল [মাটির বাড়ির চালের কয়েকটি বিভাগ আছে] thatched roof of a mud built house (মেদিনী ১৬)

**খাড়ি চুল্ kʰaɾi cul** বি, বিণ বেতো চুল [যে চুল খুব শক্ত ও কোঁকড়ানো, মাথায় এগুলো কম সংখ্যক থাকে] দ্র খাঁটিয়া (চব্বিশ ১৭)

**খাড়ি জিব্ kʰaɾi jib** বি আলজিব the uvula, the epiglotties (চব্বিশ ১৭, ১৯)

**খাড়িদড়ো kʰaɾidɔɾo** বি, বিণ শক্ত সমর্থ healthy and stout বাচ্চাটা যে খাড়িদড়ো তাড়াতাড়ি হাঁটতে শিখ্‌লেক্ --বাচ্চাটা খুব শক্ত সমর্থ, তাড়াতাড়ি হাঁটতে শিখলো (বাঁকুড়া ৬)

★ **খাঁড়ি দেওয়া kʰãɾi deŏa** ক্রি ভেঙে টুকরো করে দেওয়া to be broken in pieces খাঁড়ি দিল--ভেঙে টুকরো করে দিল (মেদিনী ১২)

**খাঁড়ি পাকা kʰãɾi paka** বি গোয়ালে গরু বাঁধার বিশেষ ধরনের দড়ি [এটি গরুর গলায় লাগানো হয়। একপ্রান্ত মোটা গোঁজের সঙ্গে বাঁধা থাকে] a special type of cord used in cowshed (হাওড়া ১৩)

**খাড়ি পাড়া নাক্ kʰaɾi paɾa nak** টিকালো নাক দ্র খাড়া নাক (মেদিনী ৭)

**খাড়িয়া kʰaɾia** বি পায়ের অলঙ্কার বিশেষ [গোল বালার মতো মেয়েদের একপ্রকার রূপার গয়না, অনেকে এটিকে 'মল্' বা 'খাড়ু' বলে। এর ভেতরে পাথরকুচি থাকে সেজন্য

খাঁড়ি পাকা

চলার সময় ছন্দে সুমিষ্ট আওয়াজ বের হয়] a bangle for the ankle (মেদিনী ২)

**খাঁড়িয়া জিবা kʰãɾia jiba** দ্র খাড়ি জিব্ (মেদিনী ৩)

**খাড়িয়ান্ kʰaɾian** বি উঠান [বাড়ির বাহিরের উঠান] a courtyard দ্র আইগ্‌না (পদিনা ২)

★ **খাড়িয়ানা kʰaɾiana** ক্রি ঢিল ছোঁড়া to throw stones, to throw brick bats খাড়িয়ালো--ঢিল ছুঁড়লো (মেদিনী ২৫) আমি পাখিটাকে খাড়িয়াছি--আমি পাখিটাকে ঢিল ছুঁড়ছি (মেদিনী ২৫)

**খাড়িয়ে যাওয়া kʰaɾie jaŏa** ক্রি নিভে যাওয়া to be on point of going out, being extinguished (বর্ধমা ১৯)

**খাড়ি শাক্ kʰaɾi ʃak** বি এক ধরনের শাক [রসুন লঙ্কা সহযোগে ভেজে খাওয়া হয়] a kind of edible herb (বীরভূ ১০)

**খাড়ি শাগ্ kʰaɾi ʃag** বি লম্বা নটে শাক a species of pot-herb, spinach (পুরুলি ৬) দ্র খাড়ি শাক্

**খাড়ি হওয়া kʰaɾi hɔŏa** ক্রিবিণ তরকারিতে বেশি নুন হওয়া salty (চব্বিশ ১৯)

**খাঁড়িহানো kʰãɾihano** দ্র খাড়িয়ানা (মেদিনী ১২)

**খাড়ু**[১] **kʰaɾu** বি ১ বালা [মহিলাদের হাতে পরার রূপার অলঙ্কার বিশেষ] a bangle (দার্জিলি ১ পুরুলি ২, ৪, ১৭ মেদিনী ৩৪) ২ নোয়া, লোহা an iron wristlet worn by Hindu women whose husbands are alive [সধবা স্ত্রীলোকের হাতে পরার মাঙ্গলিক বালা। স্বামীর মঙ্গল কামনায় এই অলঙ্কার ধারণ করা সামাজিক আচারের মধ্যে পড়ে] (চব্বিশ ৩১ পদিনা ৪, ৬, ১১ মেদিনী ৩২) ৩ চুড়ি a variety of thin bangle [কুমারী, সধবা, বিধবা সমস্ত মহিলাদের হাতের অলঙ্কার বিশেষ। সরু গোলাকৃতি, সোনা, রূপা--যে-কেনো ধাতুর হতে পারে] (কোচবি ২, ৪ জলপা ২ দার্জিলি ১ মেদিনী ১৯, ২২, ২৬)

**খাড়ু**[২] **kʰaɾu** বি ঝাঁটা a broom, a besom (কোচবি ৪)

খাড়ুই[১]

**খাড়ু**[৩] **kʰɑɽu** বি বালতির হাতল handle of a pail (পদিনা ৪)

**খাড়ু**[৪] **kʰɑɽu** ক্রি এক বিশেষ ধরনের বন্ধন [মাছ মারার সরঞ্জামের গোড়ার দিকে শক্ত গোলাকৃতি বেতের বাঁধন] a kind of fastener, tying (পদিনা ১)

**খাড়ুই**[১] **kʰɑɽuĭ** বি নূপুর [মেয়েদের পায়ে পরার রূপার গয়না] an anklet set with small bells (used by dancers or as an ornament by women) (জলপা ৬)

**খাড়ুই**[২] **kʰɑɽuĭ** বি মাছ রাখার পাত্র [বাঁশের বাখারি দিয়ে বা বনজ লতা দিয়ে তৈরি। বিভিন্ন জায়গায় বিভিন্ন আকৃতির খাড়ুই পাওয়া যায়] a fishing basket (বর্ধমা ২, ৫ বীরভূ ১১) দ্র খলাই

**খাড়ু গাঁইট্** **kʰɑɽu gãiṭ** বি হাড়ের গাঁট [মানুষের পায়ের পাতার পাশের উঁচু হাড়, মানুষের পায়ের গোড়ালির ওপরে দুদিকের গাঁট] a joint, a knuckle (চব্বিশ ১৯ হাওড়া ৩)

**খাড়ুয়া**[১] **kʰɑɽua** বি ১ কড়াইয়ের হাতল handle of cooking pan (পদিনা ৪) ২ দরজার কড়া iron ring, door handle (পুরুলি ১২)

**খাড়ুয়া**[২] **kʰɑɽua** বি গরুর গাড়ির অংশবিশেষ [গরুর গাড়ির কাঠামোয় ব্যবহৃত লোহার দণ্ড। এটি দড়ির সঙ্গে যুক্ত থাকে] an iron rod used in the bullock cart (কোচবি ২)

**খাড়ুয়ে** **kʰɑɽue** বি আঁকশি a pole with a hook fixed to one of its ends used for plucking fruits flowers etc or for other purpose (কোচবি ৩)

**খাড়ে দেওয়া** **kʰɑɽe deŏa** দ্র খাঁড়ি দেওয়া (বাঁকুড়া ১৫)

**খাড়েহা** **kʰɑɽeha** বি পাবড়া বা খেটে [অর্থাৎ বাঁশের ছোট লাঠি] a small bamboo club used as a weapon (পুরুলি ১৪)

**খাড়ো**[১] **kʰɑɽo** বিণ, ক্রিবিণ খাড়া সোজা দ্র খাড়াই[১] (বর্ধমা ২৩ বীরভূ ৯) খাড়ো পোঁতা আছে--সোজাভাবে পোঁতা আছে (বর্ধমা ২৩) ~ **করা** ক্রি দাঁড় করা to cause to stand up খাড়ো করা আছে--দাঁড় করানো আছে (মুর্শিদা ২২) ~ **খাড়ো হওয়া** ক্রি লোম খাড়া হওয়া to be thrilled (মালদা ২)

**খাড়ো**[২] **kʰɑɽo** ক্রি উবু হয়ে বসা to sit on one's heels (নদিয়া ১ মুর্শিদা ২, ৩)

**খাড়োই** **kʰɑɽoĭ** দ্র খলাই, খাড়ুই[২] (বীরভূ ১১)

**খাড়ো পাজ্ দানা** **kʰɑɽo paj dana** বি নাকের অলঙ্কার বিশেষ [সোনার তৈরি, একটু বড় ডাঁটির মাথায় ছোট্ট ফুল থাকে। মেয়েরা নাকের পাতায় পরার পর একটু উঁচু হয়ে থাকে] an ornament for the nose, a nose-pin (মালদা ৯)

**খাড়ো সিঙা (গরু)** **kʰɑɽo siŋa (goru)** বিণ যে [গরুর] শিং দুটোই খাড়াই a cow with raised and pointed horns (মালদা ৫)

**খাড়ো হওয়া** **kʰɑɽo hɔ̆a** ক্রি ১ অপেক্ষা করা to wait (মুর্শিদা ২২) (তুই) খাড়ো হ হামি আস্‌ছি--(তুই) অপেক্ষা কর আমি আসছি (মুর্শিদা ২২) ২ উপস্থিত থাকা অর্থে to be present হামার্ সাম্‌নে খাড়াইয়্যে আছে--আমার সামনে দাঁড়িয়ে আছে (মুর্শিদা ২২)

**খাত্**[১] **kʰat** বি জুল্‌পি a lovelock, side burns (কোচবি ২)

**খাত্**[২] **kʰat** বিণ ছোট ডোবা a pit full of water, a small pool of water (হাওড়া ৮)

**খাত্**[৩] **kʰat** বি গর্ত (কবরের) a pit used as grave for the poor [এখানকার দুঃস্থ মানুষরা পয়সার অভাবে মৃতদেহকে দাহ না করে কবর দেয়] (পদিনা ৯)

**খাত্**[৪] **kʰat** বি 'v' আকৃতির দাগ [খেজুরগাছে রস সংগ্রহ করার সময় গাছের কাণ্ডে গভীর করে 'V' আকৃতির দাগ কাটা হয়। এই দাগ বা খাত্ বেয়ে রস ঠিকভাবে ভাঁড়ে পড়ে, বাইরে পড়ে অপচয় হওয়ার সুযোগ থাকে না] A 'V' shaped cut on date-palm trees for incision (চব্বিশ ৩৭)

**খাত্ খাল্** **kʰat kʰal** জৈব সারের গর্ত [এই গর্তে গোবর খড়-কুটা রেখে পচিয়ে সার করা হয়] a pit for depositing cow dung and other refuses (মেদিনী ২৯) দ্র খত্ খাল্

**খাত্ ঘা** **kʰat gʰa** গরুর কাঁধের ঘা [অর্থাৎ গরুর কাঁধে অতিরিক্ত মাল বইতে গিয়ে ঘর্ষণজাত যে ঘা সৃষ্টি হয়] the sore on the neck of the bull ox (বীরভূ ১১) দ্র খাউচ্

**খাত্তি** **kʰatti** বি (গাছের) খাঁজ a wrinkle of the tree (মালদা ১১)

**খাত্না** **kʰɑtnɑ** বি সুন্নত্ [মুসলমান সমাজের প্রথাভুক্ত লিঙ্গ-মুখের ত্বকছেদন সংস্কার উৎসব বিশেষ] circumcision (মালদা ৯)

**খাতক্** **kʰɑtɔk** বি ঋণগ্রহীতা a debter (বর্ধমা ২০) < সং খাদক

**খাতন্** **kʰɑtɔn** বি আইবুড়ো unmarried, bachelor (নদিয়া ৪) খাতুন (তুর্কি)

**খাতা**[১] **kʰɑtɑ** বি ঝাঁক বা দল a flock, a brood, a group এক্ খাতা হাঁস্--এক পাল হাঁস। এক্ খাতা পায়রা --এক ঝাঁক পায়রা। এক্ খাতা মানুষ--এক দল মানুষ (বীরভূ ১১) এক্ খাতা মাচ্ ঘুনে বুল্ছে--এক ঝাঁক মাছ ঘুরে বেড়াচ্ছে (পুরুলি ৯) ~ **খাতা** ক্রিবিণ ঝাঁকে ঝাঁকে, অনেক in flocks 'ভমর্ আইল খাতাখাতা'--ঝাঁকে ঝাঁকে ভ্রমর এল (বাঁকুড়া ৬)

**খাতা**[২] **kʰɑtɑ** বি মই-এর নিচের দিকে প্রথম ধাপ the first step of ladder (বর্ধমা ৭)

**খাতা**[৩] **kʰɑtɑ** বি বাঁশের বাতা [গরুর গাড়ির পাটাতনের বাঁশের টুকরোগুলিকে চাপ দিয়ে বাঁধার জন্য আড়াআড়ি ভাবে বাঁশের টুকরো ব্যবহৃত হয়] the bamboo slips tied to form the chassis of a bullock cart (নদিয়া ৭, ৯)

**খাতা হোয়ে যাওয়া** **kʰɑtɑ hoe jɑŏɑ** ক্রি টকে যাওয়া [দাঁত] souring of teeth due to acidity (পদিনা ২)

**খাতি** **kʰɑti** ক্রি খেতিস্ you would eat তুই আগে ভাত্ খাতি--তুই আগে ভাত খেতিস (মেদিনী ৩৩)

**খাতি খাতি উত্পাতি ধরা** **kʰɑti kʰɑti utpɑti dʰɔrɑ** ক্রি সুখে থাকতে ভুতে কিলোয় to invite troubles (চব্বিশ ২৭)

**খাতির্**[১] **kʰɑtir** বি সম্পর্ক relation, kinship (পদিনা ৪) খাতর্ (আরবি)

**খাতির্**[২] **kʰɑtir** ক্রিবিণ খেয়ালখুশি whimsically, capriciously, self willed নিজের খাতিরে কাজ করে -- নিজের খেয়াল খুশি মতন কাজ করে (বাঁকুড়া ৭)

**খাতির্দারি** **kʰɑtirdɑri** ক্রি খাতির যত্ন করা, আপ্যায়ন করা to receive and treat hospitably গোপালের বিহ্যাতে আমাকে দাউত করেছিলে, দাউত্ খেতে গেল্ছিলাম তা আমার খাতির্দারি কোইত্তে পারে নি-- গোপালের বিয়েতে আমাকে নিমন্ত্রণ করেছিল, নিমন্ত্রণ খেতে গিয়েছিলাম, তা আমার খাতির যত্ন করতে পারেনি (মুর্শিদা ২)

**খাতুন্** **kʰɑtun** বি কুমারী মেয়ে (কোচবি ৩) দ্র খাতন্

খাতা[২]

**খাতুম্ মেলা হোয়ে বোসা** **kʰɑtum melɑ hoe boʃɑ** দ্র খাট্পিলিন্ দে বসা (হুগলি ৫)

**খাতুর্** **kʰɑtur** বি কাঁকর a very small particle of stone, a coarse grain of sand (মালদা ১১)

**খাতে** **kʰate** বি খাবার food সারাখোন্ খাতে খুঁজ্ছে-- সারাক্ষণ খাবার খুঁজছে (মেদিনী ১২)

**খাতেছিলি** **kʰɑtecʰili** ক্রি খাচ্ছিলাম was eating আমি খাতেছিলিস্--আমি খাচ্ছিলাম (বাঁকুড়া ১৬)

**খাতে দাতে** **kʰate date** ক্রিবিণ খাওয়া দাওয়া করতে to eat and drink সিনান্ করে খাতে-দাতে দেরি হয়ে যাবে--স্নান করে খাওয়া-দাওয়া করতে দেরি হয়ে যাবে (মালদা ১১)

**খাতো** **kʰɑto** বি, বিণ ছোট short খাতো জামা--ছোট্ট জামা (বর্ধমা ২০) খাটো >

**খাদ্**[১] **kʰɑd** ডোবা দ্র খাত্[২] (পদিনা ২)

**খাদ্**[২] **kʰɑd** বি চৌবাচ্চা [মাটির] a storage tank for water (পদিনা ২)

**খাদ্**[৩] **kʰɑd** দ্র খাউচ্ (নদিয়া ৩, ৫ মুর্শিদা ১২)

**খাদ্**[৪] **kʰɑd** বি ১ গর্ত দ্র খন্দ[২] (নদিয়া ২ পদিনা ২, ৯ মালদা ৬) ২ খাঁজ an indent ৩ উনানের গর্ত hole of an oven (চব্বিশ ২৩ পদিনা ২) ~ **করা** ক্রি গর্ত করা to hole (মুর্শিদা ৫) ~ **খন্দক্** বি খাল ডোব, খানা ডোবা a small pool of water (পদিনা ৩) ~ **খোড়া** দ্র খাদ্ করা (মুর্শিদা ১৪) ~ **মারা** ক্রি গর্ত খোঁড়া to dig holes (মালদা ১)

**খাঁদ্** **kʰɑ̃d** বি কাঁধ the shoulder (মেদিনী ১৪)

**খাদ্ ঘা** **kʰɑd gʰɑ** বি ১ পায়ের ঘা a kind of sore (মুর্শিদা ১৬) ২ দ্র খাত্ ঘা [তামাক পাতার সঙ্গে চুন মিশিয়ে ক্ষতস্থানে লাগিয়ে এই ঘা সারান হয়] (বীরভূ ৭ হাওড়া ১০)

**খাদ্ড়ি গাঁথা** **kʰɑdɾi gɑ̃tʰɑ** বি পাকা ঘরের ভিত মজবুত করার জন্য ঘরের ভিত খুঁড়ে তার নিচের দিকে শক্ত করে যে গাঁথনি দেওয়া হয় [প্রথমে ভিতের গর্তে প্রচুর পরিমাণে

খাদি[১]

জল ঢালা হয়। তার উপর ইটগুলোকে আড়াআড়িভাবে দাঁড় করিয়ে সিমেন্ট বালি জমিয়ে লাগানো হয়। এর উপর ইট গেঁথে দেওয়াল তোলা হয়] a strong plinth of the house (হাওড়া ২)

**খাদ্দু** **k$^h$addu** বি নুড়ি pebble (মেদিনী ৩২)

**খাদ্‌রা[১]** **k$^h$adra** বি নালা canal (হুগলি ১৬)

**খাদ্‌রা[২]** **k$^h$adra** বি পগার a ditch / drain marking the boundary of a tract of land (হুগলি ১২, ১৬)

**খাদ্‌লি** **k$^h$adli** বি ছোট আকারের পিঁড়ি a low wooden seat (মালদা ৩)

**খাদা[১]** **k$^h$ada** বি ডোবা a small pool of water (পদিনা ২)

**খাদা[২]** **k$^h$ada** বি পরিমাপক পাত্র [বেতের তৈরি গোলাকৃতি চাল মাপার পাত্র বিশেষ। এতে এক সের চাল ধরে] দ্র কঁচা (পদিনা ৮, ১৪)

**খাদাইয়া** **k$^h$adaĭa** বি চারাগাছ পোঁতার জন্য যে গর্ত সার ইত্যাদি দিয়ে প্রস্তুত করা হয় a hole filled with manure (মালদা ১)

**খাদাড়্** **k$^h$adaɽ** বি বেড়া [তালপাতা, বাঁশের কঞ্চি, বাখারি দিয়ে এই বেড়া তৈরি হয়। ক্ষেতের, বাড়ির, গোয়াল ঘরের দেওয়ালের কাজ করে] a fence, an enclosure (বর্ধমা ২ বাঁকুড়া ১০ বীরভূ ১) আমাদের ঘরটা এবার খাদাড়্ দিয়ে দিব--আমাদের ঘরটা এবার বেড়া দিয়ে দিব (বাঁকুড়া ১০)

**খাদাড়ি** **k$^h$adaɽi** বি লবণ তৈরির কারখানা a factory of salt (চব্বিশ ৮)

**খাদান্** **k$^h$adan** বি জাবখানা [মাটির দেওয়ালের] the low land where mud with a mixture of straw being rot for mud-built wall (পুরুলি ৩)

**খাদার্** **k$^h$adar** দ্র খাদাড়্ খাদার্ দে, গরু ঢুকবে--বেড়া দিয়ে দে, গরু ঢুকবে (বীরভূ ১)

**খাঁদার্** **k$^h$ãdar** দ্র খাদাড়্ (বর্ধমা ২)

**খাঁদা রানির পূজা** **k$^h$ãda ranir puja** বি গ্রামীণ লৌকিক দেবীর পূজা [প্রতি মাসের সংক্রান্তিতে এই পূজা হয়, পূজার উপকরণ হিসেবে ফল-মূল-চাল ছাড়াও বলি দেওয়ার প্রথা আছে। কেউ কেউ মাটির হাতি ঘোড়া মানসিক করে থাকে] folk goddes worshipped on the last day of the month (বাঁকুড়া ৯)

**খাদাল্** **k$^h$ãdal** বি সেচের নালা [আলু, আখ, ধান, গম প্রভৃতি চাষের সময় জমিতে ঠিকমত জল চলাচলের জন্য নালা কেটে জমিকে বেশ কয়েকটি ভাগে ভাগ করা হয়] a drain for irrigation (বীরভূ ১)

**খাদাল্ খিঁচে পরা** **k$^h$adal k$^h$ice para** ক্রি মালকোচা মেরে পরা (ধুতি) to tuck one's loin-cloth tightly between one's legs like a suspenser (বীরভূ ৮)

**খাদি[১]** **k$^h$adi** বি কুমোরের কাজে ব্যবহৃত গোল গোল দলাকৃতি মাটির অংশ [মাটি চট্‌কিয়ে পাক দিয়ে গোল করা থাকে, প্রয়োজন মতো তা দিয়ে হাঁড়ি কলসি বানানো হয়] the lump of clay of potter (চব্বিশ ৭, ১৫, ২৬, বর্ধমা ৯)

**খাদি[২]** **k$^h$adi** বি উনানের গর্ত a hole of a clay oven (দার্জিলি ১)

**খাদি[৩]** **k$^h$adi** বি ১ খাদ a ditch (দার্জিলি ২) ২ গর্ত দ্র খত্‌খাল্ (দার্জিলি ৩) ৩ ডোবা [ছোট পুকুর] দ্র খাত্[২] (দার্জিলি ৩) ৪ নালা a canal খাদি কেটে আক্ লাগালাম্--নালা কেটে আখ বসালাম (বীরভূ ৯) তু খাদাল্

**খাদি[৪]** **k$^h$adi** বি সরা তৈরির জন্য ব্যবহৃত মাটির চাপ্‌ড়া [কাঁচা অবস্থায় 'খাদি' বলে, পুড়ে গেলে 'সরা' বলে] lump of clay used by potter (হাওড়া ১০)

**খাদি[৫]** **k$^h$adi** বি হিন্দুদের অশৌচকালে পরিহিত বস্ত্র [শবদাহের সময় হতে নববস্ত্রের টুকরায় চাবি বেঁধে গলায় পরার উত্তরীয়] a piece of new and unbleached cloth worn round the neck by a man inmourning for any of his parents or a similar person (বীরভূ ১১)

**খাদি[৬]** **k$^h$adi** বি নারকেল গাছের শুকনো ডাল a dried leaf of a coconut tree (নদিয়া ১২)

**খাদি[৭]** **k$^h$adi** দ্র খাদাল্ (বাঁকুড়া ১৩ হুগলি ১)

**খাদি[৮]** **k$^h$adi** বি পর্ব [আখ বা বাঁশের দুই গাঁটের মধ্যবর্তী অংশ] the joint/knuckle of a bamboo, sugar cane (বাঁকুড়া ১০ বীরভূ ১ মেদিনী ৩৪)

**খাদি[৯]** **k$^h$adi** বি ১ টুকরো, ফালি, খণ্ড দ্র খাঁড়া[২] (চব্বিশ ৮, ২৭ বর্ধমা ২ বাঁকুড়া ১০, ১১, ১২, ১৫, ১৮ বীরভূ ৩ মেদিনী ৭, ৯, ২৪, ৩৩, ৩৫ হাওড়া ২, ৩ হুগলি ৩, ৫, ৮,

১৫, ১৬) ২ কুচো কুচি [গাছের ডাল] chips of branches খাদি খাদি করে কুচোতে হয়--কুচো কুচো করে কাটতে হয় (হাওড়া ২)

**খাদি**[১০] **kʰadi** বি বাঁশের একটা গাঁট সহ এক ফুট লম্বা চোঙ্ [এর মধ্যে নুন রাখা হয়] (জলপা ১০)

**খাঁদি**[১] **kʰãdi** অ সম্বোধন অর্থে [যে কোনো কন্যা সন্তানকে সম্বোধন করে বলা হয়] used in addressing or apostrophizing hullow] synonymous with 'girl' in the vocative used endearingly (মেদিনী ১৭) আ বা খেঁদি (তুচ্ছার্থে)

**খাঁদি**[২] **kʰãdi** দ্র খাদি[১] দু খাঁদি--দুই ভাগ, দুই-টুকরো (মেদিনী ৬, ৭, ৯, ১৫, ১৭)

**খাদিম্**[১] **kʰadim** বি মাছ ধরার সরঞ্জাম [তাল গাছের চোঁচ ও বাঁশের কাঠি দিয়ে তৈরি চতুষ্কোণ বাক্সের মতো জিনিস] a square box made of bamboo sticks used to entrap fishes (চব্বিশ ১২)

**খাদিম্**[২] **kʰadim** বি তত্ত্বাবধায়ক [মুসলমান ধর্মের মহাপুরুষ মারা যাবার পর তাঁর স্মৃতি মন্দিরের যিনি দেখাশোনা করেন] the care-taker of a grave of a holyman-Muslim (বাঁকুড়া ৮) তু ফারসি খাদিম

**খাদিম্দারি করা** **kʰadimdari kɔra** বি পরিবেশন করা to distribute, to serve food at table (চব্বিশ ১৪)

**খাদুড়্** **kʰaduɽ** বি, বিণ ১ প্রচুর খেতে পারে যে ব্যক্তি দ্র খাউকি লোক্ (বাঁকুড়া ১) ২ পেটুক খুব খাদুড়্ বটে--খুব পেটুক বটে (বাঁকুড়া ৬) দ্র খাইখুরে

**খাদোক্** **kʰadok** বিণ হ্যাংলা repulsively greedy esp of food (কোচবি ৪)

**খাদোর্** **kʰador** দ্র খাদুড়্ ১ (বাঁকুড়া ১৪)

**খাধা** **kʰadʰa** বি ১ কুমোরের চাকের যে গর্তে লাঠি আটকিয়ে চাক ঘোরানো হয় the hole of a grind-stone (মালদা ১১) ২ যে কোনো গর্ত বা মাটি কাটার পর সৃষ্ট গর্ত a ditch hole (মালদা ১১)

**খাঁধা** **kʰãdʰa** বি বড় কামরা a large room (পুরুলি ৫)

**খান্**[১] **kʰan** বি স্থান place (জলপা ৭) ফা খানহ্

**খান্**[২] **kʰan** [মাছের] দাগা দ্র খাড়া[৬] (বীরভূ ৩ মুর্শিদা ৩)

**খান্**[৩] **kʰan** বি কাঁদি [কলার] a cluster of plantains (মালদা ৩, ৫) এক্ খান্ কেলা--এক কাঁদি কলা (মালদা ৯)

**খান্**[৪] **kʰan** টুকরো দ্র খাঁড়া[২] (বীরভূ ৩, ৮) ক খান্ হোল্ল--কয় টুকরো হল্ (বীরভূ ৩) < সং খণ্ড

**খান্**[৫] **kʰan** প্রত্যয় টা, টি used in Bengali to serve the purpose of the definite article, the গামছাখান্ শুকিত্ দিশু মুই--আমি গামছাটা শুকোতে দিয়েছি (কোচবি ১)

খাধা[১]

**খান্কা**[১] **kʰanka** ক্রিবিণ শুধু শুধু for nothing (বাঁকুড়া ৭) আ বা খামাকা

**খান্কা**[২] **kʰanka** বি বৈঠকখানা a drawing-room, a lounge (চব্বিশ ৩১ বর্ধমা ২ বাঁকুড়া ৮ বীরভূ ১)

**খান্ক্যাইটা** **kʰankæĭɽa** বি, বিণ সর্বদা খাই খাই করে এমন স্বভাবের ছেলে বা মেয়ে a glutton, gluttonus, fond of eating (মুর্শিদা ১৯) দ্র খাইখুরে

**খান্ক্যাট্** **kʰankæɽ** দ্র খান্ক্যাইটা (মুর্শিদা ১৯)

**খান্ গুড়্** **kʰan guɽ** বি শক্ত দানাযুক্ত গুড়, দলা পাকানো গুড় a kind of granular molasses (পদিনা ১১)

**খান্চা**[১] **kʰanca** বি বারকোশ a tray (বর্ধমা ২)

**খান্চা**[২] **kʰanca** বি কাঠের পাত্র a wooden vessel used to knead flour [কাঠের তৈরি আটা মাখার পাত্র। ছোট হলে 'খুন্চি'] (মুর্শিদা ২৪)

**খান্চা**[৩] **kʰanca** বি বড় থালা a large plate [থালার কানা সেই অনুপাতে উঁচু নয়, এই থালা প্রধানত মুসলমান সম্প্রদায়ের মধ্যেই দেখা যায়। শব্দটিও মুসলমান সম্প্রদায়ের] (হাওড়া ৩)

**খান্জারি** **kʰanjari** বি খাঁচা [হাঁস, মুরগি রাখার ঘর, এটি বাঁশের তৈরি মাটিতে পোতা থাকে] a cage or a frame used in poultry (দার্জিলি ২)

★ **খিইয়ে যাওয়া kʰiĩe jaŏa** ক্রি অতিক্রম করে যাওয়া to pass over one village to another এ গ্যারাম্ থেকে ও গ্যারাম্ খিইয়ে গেল--এ গ্রাম থেকে ও গ্রাম অতিক্রম করে গেল (চব্বিশ ১১, ২৭) 'খেয়া' শব্দ জাত

**খিউলে kʰiule** ক্রি খেয়া দিয়ে গেলে to cross by boat নৌকায় খিউলে ও গ্যারামে যাওয়া যায়--নৌকায় খেয়া দিয়ে গেলে ও গ্রামে যাওয়া যায় (চব্বিশ ২৭) দ্র খিইয়ে যাওয়া

**খিঁকুরে kʰikure** বিণ কৃপণ ও দুষ্ট ব্যক্তি the man who is both miser and wicked (চব্বিশ ১১)

**খিঁখিন্ kʰikʰin** বি নোংরা, অপরিষ্কার dirty, unclean ঘর্‌টা খিঁখিন্ হয়ে আছে--ঘরটা নোংরা হয়ে আছে (মুর্শিদা ১৯)

**খিচ্¹ kʰic** বি গোময় গোমূত্রাদির আবর্জনা scum manure (বর্ধমা ২০, ২১ মালদা ৪, ১০ মুর্শিদা ১৭)

**খিচ্² kʰic** বি আগড়ের অংশ বিশেষ [বাঁশের তৈরি] a part

খিচ্চা

of a door, a bolt for the door (হাওড়া ৩, ১০)

খিচ্[৩] **k$^h$ic** বি গলদ, খুঁত a defect, an error, a fault (হুগলি ১৬) খিঁচ (জ্ঞা)

খিচ্[৪] **k$^h$ic** বি অবশিষ্টাংশ remainder (নদিয়া ১৩)

★ খিচ্[৫] **k$^h$ic** ক্রি থেঁতলানো [অনিচ্ছাকৃতভাবে যদি পা লেগে থেঁতলে যায় তবে 'খিচ্' এর ব্যবহার হয়] to smash, to bruise (মালদা ৫, ১১) তিত্‌লিটাক্ কে এ্যামন্ খিচ্‌লু--মুরগির বাচ্চাটাকে কে এমন করে [অনিচ্ছাকৃতভাবে] থেঁত্‌লালি (মালদা ১১)

★ খিচ্[৬] **k$^h$ic** ক্রি থাসা [পা দিয়ে] to press down, to knead, to stuff or ram esp. forcibly কার্দুটা খিচ্যেহ্যে--কাদাটা থেস্‌ছে (মালদা ১১)

খিঁচ[১] **k$^h$ic** দ্র খিচ্[১] (বীরভূ ৫, ৭, ৯ মালদা ২, ৯ মুর্শিদা ১৪, ১৭, ১৮, ২৪) ~ **গোবর্** দ্র খিচ[১] (বীরভূ ১২)

খিঁচ্[২] **k$^h$ic** বি ঝোঁক stress (মেদিনী ১৫)

খিঁচ্[৩] **k$^h$ic** বি গোস্পদ a cows foot print (মালদা ১)

**খিচ্‌কাই k$^h$ickaï** বি হেঁচকা [মারা] sudden tug, pull অজানায় খিচ্‌কাই দে--হঠাৎ হেঁচ্‌কা মেরে দে (পদিনা ১০)

★ **খিচ্‌কান k$^h$ickanɔ** ক্রি কাচা [কাপড়] to wash by rinsing and thrashing হাম্‌মা কাপ্‌ড়া খিচ্‌কে আইলি--আমরা কাপড় কেচে এলাম (মুর্শিদা ২৩)

**খিচ্চা k$^h$iccɑ** বিণ কচি, ছোট্ট, সদ্যজাত [পাতা, শিশু বোঝাতে] very recently born, just born খিচ্চা পাতা--কচি পাতা (মালদা ১, মুর্শিদা ১১) খিচ্চা চ্যাংড়া--ছোট্ট বাচ্চা (মালদা ৯) খিচ্চা ছেলে--কচি ছেলে, সদ্যোজাত ছেলে (মুর্শিদা ২২) ~ **সপ্‌ড়ি আম** বি কষা পেয়ারা [ছোট্ট পেয়ারা 'কষা' স্বাদযুক্ত] tannic taste guava (মালদা ৯)

**খিচ্‌চোর্ করা k$^h$iccor kɔrɑ** ক্রি ঠাট্টা করা to banter এ্যায় খিচ্‌চোর না করিস্--এই ঠাট্টা করিস না (জলপা ৩)

**খিচ্‌ড়ি k$^h$icɽi** বি খিচুড়ি [চাল ডাল মিশ্রিত অন্নবিশেষ] a food prepared by boiling rice and pigeon-pea together with spices & fat, hotchpotch (জলপা ১ মালদা ৯ মেদিনী ২৫)

**খিঁচ্‌ড়ি k$^h$icɽi** দ্র খিচ্‌ড়ি (মুর্শিদা ২৩)

**খিঁচ্ মারা k$^h$ic marɑ** ক্রি হেঁচকা টান মারা [সাধারণত ছিপে মাছ ধরার ক্ষেত্রে এই শব্দটি ব্যবহৃত হয়] a sudden pull by anglers তাল্ বুঝে খিঁচ মারতে হবে, তবেই মাছ উঠবে ছিপে--সুযোগ বুঝে হেঁচকা টান মারতে হবে, তবেই ছিপে মাছ উঠবে (হাওড়া ১, ৩, ৮) দ্র খিচ্‌কাই

**খিঁচ্‌রি k$^h$icri** দ্র খিচ্‌ড়ি (মুর্শিদা ১৭)

**খিচ্‌লাড়ি k$^h$iclaɽi** বি বিরক্তি displeasure, erritation, disgust খিচ্‌লাড়ি লাগা--বিরক্তি লাগা (মেদিনী ৩৩)

**খিচর্ k$^h$icɔr** বি তামাশা a fun, a joke (দার্জিলি ২)

**খিচা[১] k$^h$icɑ** ক্রি ১ থাসা [মাটির ঘর তৈরির পূর্বে ব্যবহৃত মাটিকে জল দিয়ে নরম করে উপযুক্ত করে তোলা] দ্র খিচ্[৬] (মুর্শিদা ২২) ২ মাড়ানো দ্র খিচ্[৫] পাখান্ খিচিয়্যে চোলে গেল্--পাটা মাড়িয়ে চলে গেল (পদিনা ৩) মোর্ পা-টা খিচে দিলু ক্যান্যে--আমার পাটা মাড়িয়ে দিলি কেন (মালদা ১১) আল্‌পনাটা খিচ্যে টিচ্যে মিলাই দিল--আল্‌পনাটা মাড়িয়ে নষ্ট করে দিল (মালদা ১১) গোবর্‌টা খিচ্‌লি ক্যানে--গোবরটা মাড়ালি কেন? (মুর্শিদা ২২)

**খিচা[২] k$^h$icɑ** বিণ কাঁচা, কচি green খিচা পেয়ারা--কাঁচা পেয়ারা (বর্ধমা ১৮) খিচা বেগুন--কচি বেগুন (মালদা ১০) দ্র খিচ্চা

**খিচা[৩] k$^h$icɑ** ক্রি দ্র খিচ্‌কান কাপড়্‌টা খিচি--কাপড়টা কাচি (পদিনা ২)

**খিচা[৪] k$^h$icɑ** ক্রি টাঙানো [মশারি] to hang up মুশারি খিচিয়ে দিলুম--মশারি টাঙিয়ে দিলাম (বর্ধমা ১০)

**খিচা[৫] k$^h$icɑ** বি গল্প a story, a tale (পদিনা ৯)

**খিচা[৬] k$^h$icɑ** ক্রিবিণ শক্ত করে tightly কাপড়টা খিচে বান্‌ছি--কাপড়টা শক্ত করে বেঁধেছি (কোচবি ২)

**খিচা[৭] k$^h$icɑ** ক্রি টেনে বাঁধা to tie গোড়্ খিচিয়ে খোপা বান্‌দি--গোড়া বেঁধে খোঁপা বাঁধি (কোচবি ৩)

★ **খিঁচা[১] k$^h$ĩcɑ** ক্রি টানা pulling down দ্র খিচ্‌কাই (মেদিনী ১৫, ২৮) খিঁচে নামানো--টেনে নামানো (বর্ধমা ১০)

**খিঁচা[২] k$^h$ĩcɑ** ক্রি মাড়ানো to smash দ্র খিচা[১] ২ (বীরভূ ৯, ১১ মালদা ১ মুর্শিদা ১০) জিনিস্‌টাকে খিঁচি দিয়ে পালাইং গেল--জিনিসটাকে মাড়িয়ে দিয়ে পালিয়ে গেল (বীরভূ ৯) খিঁচে চোলে যালি--মাড়িয়ে চলে গেলি (বীরভূ ১১)

**খিঁচাপুটি k$^h$ĩcɑpuɽi** বি গালাগালি বিশেষ esp. used to rebuke, abuse (মেদিনী ২৮)

**খিচা বাঁশ্ k$^h$icɑ bãʃ** বিণ পোকায় খাওয়া বাঁশ bamboo

affected with wood-mite (মালদা ২)

**খিচিড়্ মিচিড়্ k$^h$icir̥ micir̥** বিণ হিজিবিজি, আঁকিবুঁকি a meaningless writing drawing, a scribble (পুরুলি ১৪)

**খিচিবিচি k$^h$ici bici** দ্র খিচ্‌লাড়ি আমাকে খিচিবিচি করিস না--আমাকে বিরক্ত করিস না (মুর্শিদা ৩)

**খিচিবিচি করা k$^h$ici bici kɔra** ক্রি আইঢাই করা, অস্বস্তি লাগা to feel become extremely uneasy জান্ খিচিবিচি কচ্চে--শরীর আইঢাই করছে (মুর্শিদা ১৩)

**খিচির্ বিচির্ k$^h$icir bicir** দ্র খিচিড়্ মিচিড়্ খিচির বিচির কাটা--হিজিবিজি কাটা, আঁকিবুঁকি কাটা (পুরুলি ৮)

**খিঁচে[১] k$^h$ĩce** ক্রিবিণ খুব জোরে with forcefully তকে খিঁচে চড়াবো--তোকে খুব জোরে চড় মারবো (বীরভূ ৮)

**খিঁচে[২] k$^h$ĩce** বিণ কষা (কষায়) astringent আম্‌সোপ্‌ড়িটা একেবারে খিঁচে--পেয়ারাটা একেবারে কষা (বীরভূ ৮) দ্র খিচ্‌চা সপ্‌ড়ি আম্

★ **খিচেটে যাওয়া k$^h$iceṭe jaŏa** ক্রি রোগা কুৎসিত হয়ে যাওয়া to become uncouth, ungraceful উয়ার্ শরিল্ খিচেটে গেছে--তার শরীর রোগা-কুৎসিত হয়ে গেছে (মুর্শিদা ১১)

**খিঁচে দেয়া k$^h$ice dea** ক্রি খিম্‌চে দেওয়া to pinch (চব্বিশ ২১)

**খিচোট্ k$^h$icoṭ** বিণ (কাদায় ভরা) পিছল [রাস্তা] slippery path, muddy road (মুর্শিদা ২)

**খিঁচোট্ k$^h$icoṭ** দ্র খিচোট্ রাস্‌তাটা খিঁচোট্ হয়ে গেল্‌ছে--রাস্তাটা পিছল্ হয়ে গেছে (বীরভূ ৪)

**খিচোন্ k$^h$icon** বি তাঁতের একটি সরঞ্জাম [তাঁতে হাতল টেনে মাকুকে ডাইনে-বাঁয়ে ছোটানো বা খিচানো হয়। এই দড়ির সরঞ্জামের প্রান্তে বাঁধা ছোট হাতল ধরে তাঁতি ডাইনে বাঁয়ে টানে] a small handle of a loom (বাঁকুড়া ৭)

**খিঁচোনো k$^h$icono** ক্রি বাঁধা to bind, to tie (হুগলি ৫)

**খিচ্যা দেওয়া kicæ deŏa** দ্র খিচা[১] (মুর্শিদা ২২)

★ **খিচ্যে দেওয়া[১] k$^h$icɛ deŏa** ক্রি মেখে দেওয়া to mix up the clay, mud মাটিটা খিচ্যে দে--মাটিটা মেখে দে (মুর্শিদা ১০)

**খিচ্যে দেওয়া k$^h$icɛ deŏa** দ্র খিচা[১] ২ মোর্ ঠ্যাংখান্ খিচ্যে দিলে--আমার পা-টা মাড়িয়ে দিলো (পদিনা ৯)

**খিজ্‌জা k$^h$ijja** দ্র খিচ্‌চা খিজ্‌জা গহম্--কচি গম, খিজ্‌জা পাত্--কচি পাতা (মালদা ১১)

**খিঁজ্‌ড়ি k$^h$ĩjr̥i** দ্র খিচ্‌ড়ি (হাওড়া ১, ৮)

**খিজ্‌মত্ k$^h$ijmɔt** বি খিদমত্, খিদমৎ খিদ্‌মদ an attendent, a servant (মেদিনী ১১) আ বা খিদ্‌মৎ

খিচোন্

**খিজ্‌লান k$^h$ijlanɔ** ক্রি পিছনে লাগা to leg pull (পদিনা ৪)

**খিজ্‌লে যাওয়া k$^h$ijle jaŏa** ক্রি ক্ষেপে যাওয়া [বাচ্চা খুব কাঁদলে] to become furious ছেলেটা খিজ্‌লে গেল্‌ছে --বাচ্চাটা ক্ষেপে গেছে (মুর্শিদা ১১)

**খিজা[১] k$^h$ija** বিণ কচি, অল্প [কচি ছোট অর্থে] teen age, young (পদিনা ৩ মালদা ১১) খিজা বয়েসে--অল্প বয়সে (মালদা ১১)

**খিজা[২] k$^h$ija** ক্রি ফাটা [গরুর কাঁধ] to break into chinks, to crack (পুরুলি ৯)

**খিজান্ k$^h$ijan** বি ঢেঁকিতে ধান ভানার এক একটি পর্ব a part of husking paddy (পুরুলি ৯)

**খি জাল্ k$^h$i jal** বি খেপ্‌লা জাল a casting-net (মেদিনী ৩৪)

**খিজুর্ k$^h$ijur** বি খেজুর date-palm (পদিনা ১, ৬, ১১ হুগলি ১২) খিজুরের গুড়্--খেজুরের গুড় (হুগলি ১২)

**খিজে যাওয়া k$^h$ije jaŏa** ক্রি ঝরে যাওয়া [ধান গাছ গরু দিয়ে মাড়াই করার পর যখন ধানশীষে ধান একেবারেই থাকে না] to fall, to cast off (পুরুলি ১৪)

**খিট্[১] k$^h$iṭ** বি খিল [চুড়ির] a pin of a bangle (মেদিনী ২, ১৪, ৩৪) খিট্ পরানো--খিল দিয়ে আটকানো (মেদিনী ১৪) < সং কীলক

**খিট্[২] k$^h$iṭ** বি চাঁচি the scrapings of calcined milk (মেদিনী ১১)

**খিট্‌কাল্ k$^h$iṭkal** বিণ নোংরা [ময়লা অর্থে] dirty খিট্‌কাল্ ক্যানে হায়ে আছিস সাবান মাখ্--নোংরা কেন হয়ে আছিস সাবান মাখ (মুর্শিদা ২৩) দ্র ইলোত্[১]

**খিট্‌কিলিয়্যা k$^h$iṭkilia** খিট্‌খিটে দ্র খাইস্‌টা[১] ২ (মুর্শিদা ৫, ২৩) লোক্‌টা খুব খিট্‌কিলিয়্যে--লোকটা খুব খিট্‌খিটে (মুর্শিদা ৫)

**খিট্‌কেল্[১] k$^h$iṭkel** বি নোংরা আবর্জনা ফেলার জায়গা a dustbin দ্র খত্‌কাড়ি (মালদা ২)

**খিট্‌কেল্[২] k$^h$iṭkel** বি কেলেঙ্কারি a scandal, in famy



থিত্‌বা

আর্ খিট্‌কেল্ কবিস্ না—আর কেলেঙ্কারি করিস্ না (বর্ধমা ৫)

খিট্‌কেল্[৩] **k$^h$itkel** বিণ ছ্যাব্‌লা, প্রগলভ boastful খিট্‌কেলি—ছ্যাব্‌লামি (কোচবি ২)

খিট্‌ক্যা **k$^h$itkæ** খিট্‌খিটে দ্র খিট্‌কিলিয়্যা (বাঁকুড়া ১৩)

খিট্‌ক্যাল্ **k$^h$itkæl** নোংরা দ্র ইলোত্[১] (মুর্শিদা ১৭, ২২, ২৩) ছিটিয়্যে খিট্‌ক্যাল্ কোবিস নে—ছড়িয়ে নোংরা করিস না (মুর্শিদা ২৩)

খিট্‌খিটা **k$^h$itk$^h$ita** দ্র খাইস্‌টা[২] (মেদিনী ৩, ২৮) আমার ঠাক্‌মা ভিস্‌ন্ খিট্‌খিটা—আমার ঠাকুরমা ভীষণ খিট্‌খিটে (মেদিনী ৩)

খিট্‌খিটাইয়া [হাসি] **k$^h$itk$^h$itaɪa [hasi]** বি অট্টহাসি a very loud or roaring laughter খুব্ খিট্‌খিটাইয়া হাসে—খুব জোরে হাসে (কোচবি ৩) ধ্বন্যাত্মক শব্দ

খিট্‌খিটাই হাসি **k$^h$itk$^h$itaɪ hasi** অট্টহাসি দ্র খিট্‌খিটাইয়া [হাসি] (পুরুলি ৫)

খিট্‌খিটিয়া[১] **k$^h$itk$^h$itia** বিণ রোগা diseased, sickly, lean মান্‌শিটা খিপ্ খিট্‌খিটিয়া—লোকটা খুব রোগা (কোচবি ৪ পদিনা ৪)

খিট্‌খিটিয়া[২] **k$^h$itk$^h$itia** দ্র খাইস্‌টা ২ (পদিনা ১০)

খিট্‌খিটে **k$^h$itk$^h$ite** বিণ খুঁতখুতে a peevish, pettish, hard to please (মেদিনী ১৭)

খিট্‌খিটে **k$^h$itk$^h$ite** রোগা দ্র খিট্‌খিটিয়া[১] (পদিনা ১০)

খিট্‌খিটে হাসি **k$^h$itk$^h$ite hasi** দ্র খিট্‌খিটাই হাসি (কোচবি ৭)

খিট্‌মিট্ করা **k$^h$itmit kɔra** ক্রি দাঁত খিচানো to make an ugly movement of one's teeth in anger (মালদা ১)

খিট্‌মিট্যা **k$^h$itmitæ** দ্র খিট্‌ক্যা (পদিনা ১০)

খিটা **k$^h$ita** দ্র খিট্[১] (মেদিনী ২)

খিটি **k$^h$iti** ময়লা [নাকের] দ্র খট্‌টি[১] (চব্বিশ ৪)

খিডিমিডি করা **k$^h$idi midi kɔra** ক্রি সুড়সুড় করা [গা] to tickle (বর্ধমা ১৬)

খিড্ **k$^h$iɾ** বি পায়স [দুধ, চিনি চাল প্রভৃতি দ্বারা প্রস্তুত মিষ্টান্ন বিশেষ] a sweet dish prepared by boiling rice in milk with sugar and other ingredients (মেদিনী ২৫) < ক্ষীর

খিড়্‌কা **k$^h$iɾka** বি অর্গল a bolt (of a door) (মেদিনী ১৭) < সং কীলক

খিড়্‌কি[১] **k$^h$iɾki** বি জানালা a window (কোচবি ৪ পদিনা ৬ মালদা ৯)

খিড়্‌কি[২] **k$^h$iɾki** বি (বাড়ির) পিছন দিকের দরজা back door (বর্ধমা ১৫ মেদিনী ১৭, ১৯, ২২, ২৬) < খড়্‌কী (হিন্দি) খিড়্‌কি দিয়্যা চল্যা যা কো দ্যাক্‌তে পাবেনি—পিছনের দরজা দিয়ে চলে যা কেউ দেখতে পাবে না (মেদিনী ১৯, ২২, ২৬) ~ ঘাট্ **k$^h$iɾki g$^h$at** বি পুকুরের ঘাট [বাড়ির পিছন দিকের] a landing stage of a pond at the back side of the house (মেদিনী ১১, ১৭) ~ পুকুর **k$^h$iɾki pukur** বি বাড়ির পিছন দিকের পুকুর a pond at the back side of a house (মেদিনী ১১)

খিড়্‌কির্ নাচ্ **k$^h$iɾkir nac** দ্র খিড়্‌কি[২] (বর্ধমা ২৩) নাচ্ < সং রথ্যা (সেন)

খিড়া **k$^h$iɾa** বি শসা a cucumber (মেদিনী ৪) < সং ক্ষীরিকা

খিড়ি **k$^h$iɾi** দ্র খিড়্ (মেদিনী ১৯, ২২, ২৫, ২৬)

খিড়ে **k$^h$iɾe** দ্র খিড়া (মুর্শিদা ১৮)

খিত্‌তেব্ **k$^h$itteb** বি খেতাব a title of honour (বীরভূ ৫) < খিতাব

খিত্‌রা **k$^h$itra** বি ভাঙা মাটির হাড়ির তলার অংশ [মাটির হাঁড়ি ভেঙে গেলে তার চ্যাপ্টা তলাটা শিকায় রেখে দেওয়া হয় এর মধ্যে খুচরো জিনিস তুলে রাখা হয়] the bottom of a broken earthen pot (পদিনা ২)

খিতেল্ করা **k$^h$itel kɔra** ক্রি খিস্তি করা to utter obscene, filthy words (মুর্শিদা ২৪)

খিদ্‌দিরি **k$^h$iddiri** বিণ খুঁটিনাটি trifling এ্যাকেবারে খিদ্‌দিরি নিয়া বিচার কোর্‌বে—একেবারে খুঁটিনাটি নিয়ে বিচার করবে (কোচবি ৪) < সং ক্ষুদ্র

খিদ্‌রিমার্‌কা **k$^h$idrimarka** বি বালখিল্য kiddies, childish সব্ খিদ্‌রিমাব্‌কার দল তার আবার বুড়া বুড়া কথা—সব বালখিল্যের দল তার আবার বড় বড় কথা (মেদিনী ১৯, ২২, ২৬) তু খিদিরবিদির (ক্যাম্বেল)

খিদা মন্দা **k$^h$ida mɔnda** বি অক্ষুধা loss of appetite (হুগলি ৫) < সং ক্ষুধা

খিদিপিদি **k$^h$idipidi** ক্রিবিণ আইঢাই হাঁসফাঁস feeling extreme uneasiness (বর্ধমা ২)

**খিঁদিপিদি kʰĩdipidi** বিণ নোংরা জায়গা dirty place (বীরভূ ৭)

**খিদিবিদি kʰidibidi** বি গোগ্রাস a large morsel অতো খিদিবিদি কোরে খাস্ ক্যানো--অত গোগ্রাসে [তাড়াতাড়ি খাস কেন? (বর্ধমা ২)

**খিদিল্ খিদিল্ [করা] kʰidil kʰidil [kɔra]** ক্রি টুকরো টুকরো [করা] to cut into pieces কুক্ড়িটাকে কাঁটিয়ে খিদিল্ খিদিল্ করিয়েছে--মুরগিটাকে কেটে টুকরো টুকরো করেছে (পুরুলি ১২) < খণ্ড খণ্ড করা

**খিনেখানা kʰine kʰana** বি গরু বিক্রেতাদের সাংকেতিক শব্দ the code language of cow-seller (হুগলি ১৯)

**খিপ্ kʰip** বিণ খুব, অতি very, extreme, too much খিপ্ টশা--বদ্ধ কালা stone deaf খিপ্ পাগোল্--বদ্ধ পাগল (কোচবি ১, ২) আজ্ খিপ্ জাড়্ সেই তানে হাতগুলা মোর্ বদ্শা নাগিসে--আজ খুব শীত সেইজন্য আমার হাতগুলো অবশ হয়ে গেছে (কোচবি ৭, ৮) < ক্ষিপ্র

**খিপ্র্যা kʰipræ** বি ভাঙা কলসির টুকরো দ্র খলাম্কুচি (মুর্শিদা ২২)

**খিব্ kʰib** দ্র খিপ্ (কোচবি ২, ৬, ৭ জলপা ৬) খিব্ ঠাণ্ডা নাগিশে--খুব ঠাণ্ডা লাগছে (জলপা ৬)

**খিম্মোশে kʰimmoʃe** বিণ খুব কষে fastening tightly (জলপা ৭)

**খিয়া kʰia** বি ক্ষয় loss, decrease খিয়াইং গেইছে--ক্ষয়ে গেছে (বর্ধমা ২৬) < খোয়া

**খিয়াই যাওয়া kʰiaĭ jaŏa** ক্রি ক্ষয়ে যাওয়া [ব্যবহারের ফলে কোনো অমসৃণ জিনিস মসৃণ হওয়া] to erode smoothened কড়াই খিয়াই গ্যাছ্যে--কড়াইটা মসৃণ (চকচকে) হয়ে গেছে (বাঁকুড়া ১৮) < খোয়া

**খিঁয়াই যাওয়া kʰiaĭ jaŏa** ক্রি (কাপড়) ন্যাতা হয়ে যাওয়া softening of clothes due to much use কাপড়্টা খিঁয়াই গেল্ছে--কাপড়টা ন্যাতা হয়ে গিয়েছে (পুরুলি ৩) < সং ক্ষয়

**খিয়াক্ kʰiak** বি ক্ষয়, নিঃশেষ leaving no remainder খিয়াক্ গিয়া--ক্ষয় হয়ে গেছে (মালদা ৯)

**খিয়াজাল্ kʰiajal** বি খেপলা জাল [পিরামিডের মতো আকৃতি এই জাল ১০ হাত লম্বা ১/৪ ইঞ্চি থেকে ২ ইঞ্চি ফাঁস বিশিষ্ট। এক হাতে জড়িয়ে ধরে অন্য হাতে তুলে মাথার উপর দিয়ে ঘুরিয়ে ছুঁড়ে ফেলা হয়] a kind of fishing net (পুরুলি ৮, ১৫ বাঁকুড়া ৪ বীরভূ ৮) < সং ক্ষিপ্ত

খিয়াজাল্

**খিয়ার্[১] [অন্চল্] kʰiar [ɔncɔl]** বি ডাঙা [অঞ্চল--যে স্থান জলে ডুবে যায় না] high and dry land, up land (পদিনা ৭) তু খরা (সংসদ)

**খিয়ার্[২] [অন্চল্] kʰiar [ɔncɔl]** বি খরা [অঞ্চল] continuous dry weather / draught (পদিনা ১০) তু আ বা খরা

**খিয়ার্ বাড়ি kʰiar baɽi** বি চাষের জমি agricultural land (পদিনা ১০)

**খিয়ালি kʰiali** বি, বিণ আমুদে jolly, humorous (মেদিনী ৩৪) < আ খয়াল

**খিয়ে[১] kʰie** বি তার [সুতোর] one piece thread এ্যাক্ খিয়ে সুতো--এক তার সুতো (হুগলি ৮) তু 'খিয়া' (ক্যাম্ব)

**খিয়ে[২] kʰie** বি কানের ময়লা দ্র খরুর (মুর্শিদা ২৪) < সং খলি (সংসদ)

**খিয়েজ্কে kʰiejke** বি জলখাবার refreshment (মুর্শিদা ২৪)

**খিয়ে জাল্ kʰie jal** দ্র খিয়াজাল্ (চব্বিশ ৪ মেদিনী ১০ হাওড়া ৮, ১০) < সং ক্ষিপ্ত

**খিয়ের kʰier** বিণ উঁচু জমি high land (মালদা ৬) দ্র খিয়ার্[১]

**খির্ kʰir** দ্র খিড়্ (কোচবি ৩ চব্বিশ ২৭ জলপা ৭, ৯ পদিনা ৩, ৮, ১০ পুরুলি ৪, ১৫ বর্ধমা ২ বাঁকুড়া ৭ বীরভূ ৫, ৮ মেদিনী ৩, ১২ ২০, ৩৩ হাওড়া ৩) [পশ্চিম দিনাজপুরে এক বিশেষ পদ্ধতিতে এই পায়েস তৈরি হয়। এটি খাঁটি দুধের সঙ্গে চাল মিশিয়ে করতে হয়। কিন্তু চিনি ও জল মেশানো হয় না। বাচ্চার অন্নপ্রাশনে প্রথমে মামা পরে গুরুজন হিসেবে ৫ জন একটা রুপোর টাকায় করে ৫ বার ঐ ক্ষীর বাচ্চাকে খাওয়ায়] (পদিনা ৩, ৮) < সং ক্ষীর

**খির্কল্ kʰirkɔl** বি চোরকাঁটা a kind of prickly thistle that sticks fast to the clothes of a passer-by (পদিনা ২) < সং কীলক্ কণ্টক

**খির্কাচ্চি kʰirkacci** বি দ্বিরাগমন [কনেকে শ্বশুরবাড়ি থেকে আনতে যাওয়ার অনুষ্ঠান বিশেষ। সাধারণত বিয়ের

খির্শি

পর তৃতীয় দিন বাবা-মা মেয়ের শ্বশুরবাড়িতে মেয়েকে আনতে যায়। ঐদিন ঐ বাড়িতে খাওয়া-দাওয়া, আনন্দ-উৎসব হয়] a kind of ritual of the Hindu wedding ceremony (মুর্শিদা ২৩)

**খির্কি**[১] **k$^h$irki** দ্র খিড়্কি[১] (জলপা ৬ পদিনা ২)

**খির্কি**[২] **k$^h$irki** দ্র খিড়্কি[২] (বর্ধমা ৬)

**খির্কি নাচ্** **k$^h$irki nac** দ্র খিড়্কির্ নাচ্ (বর্ধমা ৯, ১২)

**খির্কুল্** **k$^h$ir kul** বি খুব পাকা এবং মিষ্টি কুল অর্থে the jujube (sweet and ripe) (মেদিনী ২১) < সং ক্ষীর (স্বাদযুক্ত)

**খির্ খাউকি** **k$^h$ir k$^h$aŭki** বি অন্নপ্রাশন the first time rice taking ceremony of a Hindu child (মালদা ১২) < সং ক্ষীর (খাওয়ানো) দ্র অন্নপরসন্, অন্নোপোর্সাদ

**খির্ খাওনি** **k$^h$ir k$^h$aŏni** অন্নপ্রাশন দ্র খির্ খাউকি (বর্ধমা ৬)

**খির্ খাওয়া** **k$^h$ir k$^h$aŏa** বি ১ বিবাহে স্ত্রী-আচার [বর কনেকে বাসর ঘরে বসিয়ে পায়স খাওয়ানো হয়] traditional rites performed at a weeding by women whose husbands are alive (পদিনা ৮) ২ অন্নপ্রাশন [মুসলান সমাজের] দ্র খির্ খাউকি (বীরভূ ৯)

**খির্ খাওয়ানি** **k$^h$ir k$^h$aŏani** দ্র খির্ খাউকি (মুর্শিদা ১৫ হাওড়া ১০)

**খির্ খির্ দেওয়া** **k$^h$ir k$^h$ir deŏa** ক্রি কাতুকুতু দেওয়া to tickle, to titillate (হাওড়া ১০)

**খির্ খোয়ানি** **k$^h$ir k$^h$oani** দ্র খির খাউকি [এই শব্দটি কেবলমাত্র মুসলমান সম্প্রদায়ের মধ্যে প্রচলিত] (হাওড়া ৩)

**খির্ খ্যালানি কাপড়্** **k$^h$ir k$^h$ælani kapɔɽ** বি এক বিশেষ ধরনের কাপড় [মুসলমান মেয়েরা বিয়ের সময় এই কাপড় পরিধান করে] a muslim girls' wedding cloth (চব্বিশ ৩৭)

**খির্ চাখানি** **k$^h$ir cak$^h$ani** দ্র খির্ খাউকি (মালদা ৪) দ্র অন্নোপোর্সাদ্

**খির্চোনা** **k$^h$ircona** দ্র খিচ্[২] (নদিয়া ৯)

**খির্ ছোয়ানো** **k$^h$ir c$^h$oano** বি অন্নপ্রাশন [ছেলেদের ক্ষেত্রে ৮ এবং ৬ মাসে মেয়েদের ক্ষেত্রে ৭ এবং ৫ মাসে হয়] দ্র অন্নপরসন্, খির্ খাউকি (পদিনা ৮)

**খির্ ভাত্** **k$^h$ir b$^h$at** দ্র খিড়্ (বর্ধমা ২৩)

**খির্ রাঁদুনি কাপড়** **k$^h$irrãduni kapɔɽ** বি বিবাহানুষ্ঠানের শুভ পরমান্ন যে সধবা মহিলা রান্না করেন তাঁকে বরের বাড়ি থেকে একটি কাপড় তত্ত্বে পাঠানো হয়, সেই কাপড়টিকে বলে a particular gifted *sharee* presented by the bridegroom's party in the marriage ceremony (বর্ধমা ১৪)

**খির্শি** **k$^h$irʃi** বি শিরীষ গাছ the rain-tree albizzia labbek benth (মেদিনী ৩০)

**খির্সা**[১] **k$^h$irsa** বি নিন্দা abuse upbraiding লোক্টা আমাদের খির্সা কোইচ্ছে--লোক্টা আমাদের নিন্দা করছে (বাঁকুড়া ৫) < সং কুৎসা

**খির্সা**[২] **k$^h$irsa** বি ক্ষীর condensed milk with sugar and rice (মুর্শিদা ৯, ১১) 'যেটা একটু পাতোল্ থাকে সেটা হোলো খির্, যেটা সুখ্নো থাকে সেটা হোলো 'খির্সা'--যেটা একটু পাতলা থাকে সেটা হল ক্ষীর, যেটা শুক্নো থাকে সেটা হল শক্ত ক্ষীর (মুর্শিদা ১১)

**খির্সা**[৩] **k$^h$irsa** বিণ গাবড়া দুধ--সদ্য প্রসূতা গাভীর প্রথম কয়েক দিনের দুধ the condensed milk of a newly progenitress cow (পুরুলি ১১)

**খির্স্যা** **k$^h$irsæ** দ্র খিড়্ (মুর্শিদা ১৭)

**খিরা** **k$^h$ira** দ্র খিড়া (দার্জিলি ৩ পদিনা ২, ৩ মালদা ২, ৯ মেদিনী ২০, ২১, ৩৪)

**খিরানো** **k$^h$irano** ক্রি ছড়ানো to scatter, to splatter মুড়িগুলোকে খিরিয়ে দিল--মুড়িগুলোকে ছড়িয়ে দিল (মেদিনী ৩৪)

**খিরি**[১] **k$^h$iri** ক্ষীর দ্র খির্সা[২] (মেদিনী ৮) সং < ক্ষীর

**খিরি**[২] **k$^h$iri** দ্র খিড়্ (মেদিনী ২০, ২৭, ৩৫) [গুড়ের পায়স, চিনির পায়সকে 'পায়স' বলে--মেদিনী ২০]

**খিরি দেওয়া** **k$^h$iri deŏa** ক্রি ছড়ানো, ছড়িয়ে দেওয়া (হাওড়া ১০) দ্র খিরানো

**খিরি ভাত্** **k$^h$iri b$^h$at** বিণ গলাভাত too much softened rice (মেদিনী ১৩)

**খিরে** **k$^h$ire** বি কচি আমের আঠা bitter, astringent guice of green mango (বাঁকুড়া ১০)

**খিরের চাঁচি** **k$^h$irer cãci** বি শুকনো ক্ষীর, খোয়া ক্ষীর a solidified milk or cream (নদিয়া ৬)

**খিরোই** **k$^h$iroï** বি বট [গাছ] the banyan tree (বাঁকুড়া ১৮)

**খিরোল্** **k$^h$irol** বি একপ্রকার ঘাস [শন গাছের মত সরু, শক্ত এর কাঠি, একে 'খড়কে কাঠি' বলা হয়। এই দিয়ে ঝাঁটা তৈরি হয়] a species of grass with hard stems --used as tooth pick-broom (দার্জিলি ২, ৩, ৪)

**খির‍্যা**[১] **k$^h$iræ** রস [আমের বোঁটার] দ্র খিরে (বাঁকুড়া ১৩)

**খির‍্যা**[২] **k$^h$iræ** দ্র খিড়া (মুর্শিদা ১৭, ২২)

**খিল্**[১] **k$^h$il** খড়কে কাঠি দ্র খিরোল্ (নদিয়া ৪)

**খিল্**[২] **k$^h$il** বি পান গাছ যে বাঁশ ধরে ওঠে a bamboo to support betel plants to climb up (মুর্শিদা ২৩) < সং কীলক

**খিল্**[৩] **k$^h$il** বি ঝাঁটার একটা কাঠি a broom stick (মুর্শিদা ২৪) < সং কীলক

**খিল্**[৪] **k$^h$il** বি (কাঠের) ছিট্‌কানি [জানালার] a cleat (বর্ধমা ২৬) < সং কীলক

**খিল্**[৫] **k$^h$il** বি খিলি [পানের] betel leaf rolled into a cup having lime, betel-nut পান্‌টা খিল্ মুড়ি কি দি দাও তো--পানটা খিলি করে দিয়ে দাও তো (মেদিনী ২০) < কুড়ুক্ (দ্রাবিড়) খিল্লি = পান

**খিল্**[৬] **k$^h$il** বি ১ হুড়্‌কো [দরজার] a latch, a bolt (পদিনা ১০) < সং কীলক

**খিল্**[৭] **k$^h$il** বি গজাল [যেটি দরজার অর্গল বা 'খিড়্‌কা' আটকে তার মুখে লাগানো হয়] দ্র খিড়্‌কা (মেদিনী ১৭)

**খিল্**[৮] **k$^h$il** বি গুঁজি [কাঠের 'গিশ্‌কাপ'-এর অংশ বিশেষ। এছাড়াও এটি বিভিন্ন যন্ত্রাংশ লাগানোর কাজে ব্যবহার করা হয়] a large and thick peg made of wood (বর্ধমা ৬ হাওড়া ১)

**খিল্**[৯] **k$^h$il** বি চিরুনির দাড়া spine of a comb (নদিয়া ৬ মালদা ২ মুর্শিদা ২) তু খিল্[৩]

**খিল্**[১০] **k$^h$il** ১ বিণ পতিত (জমি) uncultivated, fallow (২) বন্ধ্যা জমি barren land (পুরুলি ২, ৪, ৫, ৮, ৯, ১৭ বাঁকুড়া ৭) [পড়ে থাকা জমিকে একটু চেষ্টা করলে চাষ আবাদ হয়--পুরুলি ২] তু খিল্ ২ (জ্ঞা) খিল (সাঁও), খিল[৩] (চলন্তিকা)

**খিল্**[১১] **k$^h$il** বি পেরেক [লোহার] a nail (দার্জিলি ২ পদিনা ৩, ৬, ১০ মালদা ১১) খিল্ গাড়া--পেরেক পোঁতা (পদিনা ৬)

**খিল্**[১২] **k$^h$il** বি ব্রণ a boil, a tumour (পদিনা ৪, ৬, ১১ মালদা ৯, ১১) খিল্[২] (চলন্তিকা) খিল[২] ৭ (জ্ঞা)

**খিল্**[১৩] **k$^h$il** বি মইয়ের পাদানি rung or footboard of a ladder (বাঁকুড়া ১৮) < সং কীলক

**খিল্**[১৪] **k$^h$il** বি হুক্ [খেজুর গাছে রস বের করার জন্য ব্যবহৃত হয় বাঁশের তৈরি সরঞ্জাম] a hook (চব্বিশ ২১,

খিল্[২৩]

মেদিনী ১৫) < সং কীলক

**খিল্**[১৫] **k$^h$il** বি লাঙলের ঈশ্ আটকানোর কাজে ব্যবহৃত কাঠের খিল বা গুঁজি a large and thick peg made of wood (বর্ধমা ৮ বাঁকুড়া ১৭ মুর্শিদা ৯, ১৮)

**খিল্**[১৬] **k$^h$il** বি কাঠি [বাঁশ কেটে তৈরি করা হয়] a small chip of bamboo (নদিয়া ১)

**খিল্**[১৭] **k$^h$il** বি গুঁজিকাঠ [ছুতারের কাঠ চাঁচার সরঞ্জাম বা র‍্যাঁদার লোহার ফলাকে আটকানোর কাজে ব্যবহৃত খিল] a peg--part of a chisel (চব্বিশ ২৩ বাঁকুড়া ৫) < সং কীলক

**খিল্**[১৮] **k$^h$il** বি লোহার দণ্ড [পাঁচ ফুট মাপের, খোলা সুতোকে পাকিয়ে গোটানোর জন্য ব্যবহৃত] a rod, a club (বর্ধমা ৭)

**খিল্**[১৯] **k$^h$il** বি কামারশালে 'হাপর' নামক সরঞ্জামের অংশ বিশেষ part of a blower (চব্বিশ ২১)

**খিল্**[২০] **k$^h$il** বি (কাঠের) আল [কুমোরের চাকের নিচে কাঠের সূচালো অংশ। এটি একটি পাথরের গর্তে গাঁথা থাকে এবং চাককে ঘুরতে সাহায্য করে] a long pin of wood (পুরুলি ৯) < সং কীলক

**খিল্**[২১] **k$^h$il** বি কাঠি [বাঁশের তৈরি। মাছ ধরার সরঞ্জাম তৈরি করার কাজে ব্যবহৃত হয়] thin stick of bamboo used as fishing rod (নদিয়া ১৩)

**খিল্**[২২] **k$^h$il** বি [ধান ঝাড়ার কাজে ব্যবহৃত বাঁশের] মাচানের অংশ বিশেষ part of a *macan* [threshing equipment--made of bamboo] (মেদিনী ১৩)

**খিল্**[২৩] **k$^h$il** বি কৃষিকার্যে ব্যবহৃত সরঞ্জামের অংশবিশেষ [ঘাস তুলে ফেলার কাজে ব্যবহৃত লোহার সূঁচালো মুখযুক্ত] an instrument for weeding (নদিয়া ১)

**খিল্**[২৪] **k$^h$il** বি ঝাঁটা [নারকেল পাতার তৈরি] broom stick made of coconut leaves (মালদা ২) ~ **কাটি** ঝাঁটার মধ্যে যে কাঠের গোঁজ থাকে a peg (নদিয়া ৫ মুর্শিদা ৬) ~ **কাঠি** খ্যাংরা কাঠি, নারকেল পাতার কাঠি যা দিয়ে ঝাঁটা তৈরি হয় ও মুড়ি ভাজা হয় (নদিয়া ১, ২)

খিল[৩২]

**খিল্**[২৫] **k$^h$il** বি গুঁজিকাঠ [ঘানির মন্থনদণ্ডের মাথা থেকে বের হয়ে আসা কাষ্ঠদণ্ডকে দড়ি দিয়ে বাঁধা হয় কাঠের পাটাতন থেকে উপর দিকে ওঠা কাষ্ঠদণ্ডের সঙ্গে। তখন এর প্রয়োজন হয়] a kind of peg (পুরুলি ১৩) দ্র খিল্[২৭]

**খিল্**[২৬] **k$^h$il** বি কাঠ কোপানো বা ছোলার কাজে ব্যবহৃত সরঞ্জামের অংশ বিশেষ--গোঁজ [সরঞ্জামটির নাম 'বাঁশ্'। এর বেড়িকে আছাড়ের সঙ্গে যুক্ত করে খিল্] the peg (নদিয়া ১২ মেদিনী ২৭ হাওড়া ১০)

**খিল্**[২৭] **k$^h$il** বি [শস্য পেষাই করার জাঁতার দুই অংশের] সংযোজক--কাঠের টুকরো an wooden pivot of grinding stone (চব্বিশ ৪)

**খিল্**[২৮] **k$^h$il** বি সারেঙ্গী নামক বাদ্যযন্ত্রের অংশবিশেষ a part of a *Sarengi*--Indian stringed musical instrument (জলপা ৭)

**খিল্**[২৯] **k$^h$il** বি ১ গরুর গাড়ির চাকাকে আটকানোর লোহার পাত [গরুর গাড়ির চাকার পুঁট্যাগুলি (যে খণ্ড খণ্ড বেড়ি থাকে তাই পুঁট্যা, ছ'টি পুঁট্যায় চাকার পুরো বেড়িটি তৈরি হয়ে যায়) গায়ে গায়ে আটকে রাখার জন্য এগুলি ব্যবহার করা হয়। তবে আটকানোর পর আর এগুলিকে দেখা যায় না] a round shaped iron plate used in the wheel of a cart (জলপা ৪ মেদিনী ১৪) ২ লোহার শিক [গরুর গাড়ির চাকা বা যন্ত্রপাতি পালিশের কাজে ব্যবহৃত 'হালবাঁশ' নামক যন্ত্রে পেরেকের মতো এগুলি থাকে] an iron nail (চব্বিশ ২৩)

**খিল্**[৩০] **k$^h$il** বি হস্তচালিত তাঁতের অংশ বিশেষ a part of a hand loom (বর্ধমা ১২)

**খিল্**[৩১] **k$^h$il** বি খাল্--পেশির টান cramp (হাওড়া ১, ৮)

**খিল্**[৩২] **k$^h$il** বি জাঁতার মাঝের গর্ত, যার মধ্যে শস্য দেওয়া হয় hole of a grinding stone (পদিনা ১৪)

**খিল্ উগ্‌লা k$^h$il ugla** বি জমিতে প্রথম বারের চাষ the first time cultivation of the land (পুরুলি ১৭) খিল্[২] (জ্ঞা) খিল (সাঁও)

**খিল্ উগাল্ k$^h$il ugal** দ্র খিল্ উগ্‌লা (পুরুলি ১৫)

**খিল্‌কা k$^h$ilka** বি আলখাল্লা a loose cloak or gown, a gaberdine (নদিয়া ১৩)

**খিল্ কাটি k$^h$il kati** বি হাড়িকাঠের মাঝখানে অবস্থিত সরু কাঠি বা দণ্ড [এর দ্বারা সহজেই বধ্যকে আটকানো যায়] a peg of an wooden framework to which neck of a sacrificial victim is fixed at the time of immolation (হুগলি ১৫)

**খিল্‌কাতি k$^h$ilkati** বি জাঁতি a nut-cracker (মেদিনী ৮)

**খিল্‌কাত্তি k$^h$ilkatti** দ্র খিল্‌কাতি (মেদিনী ৩০)

**খিল্‌কি দুয়োর k$^h$ilki duor** বি খিড়কি দরজা a back-door, a postern gate (বর্ধমা ৪)

**খিল্ খিল্ করা k$^h$il k$^h$il kɔra** ক্রি কিলবিল করা, খলবল করা to move in a swarm, swimming to and fro in shoals (চব্বিশ ২০ বাঁকুড়া ৪ মেদিনী ১৭) মাছ্ খিল্ খিল্ কর্‌ছে--মাছ কিল্‌বিল (খলবল) করছে (বাঁকুড়া ৪)

**খিল্‌খিলা হাসি k$^h$il k$^h$ila hasi** অট্টহাসি দ্র খিট্‌খিটাইয়া [হাসি] (পদিনা ২)

**খিল্ জোমি**[১] **k$^h$il jomi** বি ফসল ওঠার পর সাময়িক পড়ে থাকা জমি temporary fallow land খিল্ জোমি ভাঙ্‌তে হবে--অকর্ষিত জমিতে লাঙল দিয়ে চাষ দিতে হবে (নদিয়া ৫) দ্র খিল্[১০]

**খিল্ জোমি**[২] **k$^h$il jomi** বি পতিত জমি uncultivated land or fallow (পুরুলি ৯ বাঁকুড়া ৫, ১৭)

**খিল্ দাত্ k$^h$il dat** বি গজদাঁত an extra tooth (of man) growing in front of another (পদিনা ৭)

**খিল্ দোড়ি k$^h$il doṛi** বি তাঁতের সরঞ্জাম বিশেষ ['গুটির পাটি'কে যে দড়ি দ্বারা টেনে রাখা হয়] a kind of rope of a loom (বর্ধমা ১২) 'কীলক' অর্থে

**খিল্ বহা k$^h$il bɔha** দ্র খিল্ উগ্‌লা (পুরুলি ৩)

**খিল্‌বার্ k$^h$ilbar** ক্রি খাওয়াবার to feed খিল্‌বার্ অভাব নাই--খাওয়াবার অভাব নেই (পদিনা ৪) দ্র খা[১]

**খিল্‌বাহা k$^h$ilbaha** বি শুখনো জমিতে প্রথমবার হলকর্ষণ [ভিজে জমিতে প্রথমবার হলকর্ষণকে এ অঞ্চলে বলে 'উগাল্'] first tilling in summer (পুরুলি ১৪) দ্র উগাল্[২]

**খিল্‌বিল্ করা k$^h$ilbil kɔra** ক্রি (হাত) নিশ্‌পিশ্ করা to become restless, to itch (মেদিনী ৩১)

**খিল্ ভাঙা**[১] **k$^h$il b$^h$aŋa** দ্র খিল্ উগ্‌লা (পুরুলি ২, ১৭)

**খিল্ ভাঙা**[২] **k$^h$il b$^h$aŋa** ক্রি সদ্য প্রসূতা গাভীর প্রথম দুধ বের করা [সদ্যোজাত বাছুরকে খাওয়াবার আগে, বাটের দুধ বের করে দেওয়া হয়] to milk a cow before feding a newborn calf (হাওড়া ১০)

**খিল্ ভাঙা**[৩] **kʰil bʰaŋa** বিণ দাঁত ভাঙা [গরুর একটা দাঁত ভেঙে যাওয়ার অর্থ বয়স্ক হয়ে যাওয়া] a cow having broken teeth is an old cow এই গরুটা খিল্ ভেঙ্ গিয়েছে এ গরুটা নিয়েং কি হবে--এই দাঁত ভাঙা বয়স্ক গরু নিয়ে কি কাজ দেবে (বীরভূ ৭)

**খিল্ হুড়্কা kʰil huɽka** বি জানালার ঝাঁপ an improvised shutter of a window (মেদিনী ২১)

**খিলা**[১] **kʰila** বি ছিপি a cork, a stopper (কোচবি ২)

**খিলা**[২] **kʰila** বি খিল [হাতে বা পায়ে যে খিল ধরে] cramp হাতে খিলা লাগি যাইঠে--হাতে খিল ধরে যাচ্ছে (মেদিনী ২০)

**খিলা**[৩] **kʰila** বি খিল, আংটা [লোহার তৈরি। কামারশালের হাপরের অংশবিশেষ] an iron hook of blacksmith's bellow (মেদিনী ৫)

**খিলা**[৪] **kʰila** বি খুঁটি বা গোঁজ [গরুকে দড়ি দিয়ে যার সাহায্যে বেঁধে রাখা হয়] a peg to tie cattle (বাঁকুড়া ১৫)

**খিলা**[৫] **kʰila** বি (দরজা জানলার) খিল, অর্গল [কাঠ বা বাঁশের তৈরি পাল্লা আটকানোর কাজে সহায়তা করে] a bolt (কোচবি ৪, ৫)

**খিলা**[৬] **kʰila** বি খেলা play (জলপা ৭)

**খিলা**[৭] **kʰila** ক্রি খাওয়া to feed মুড়্হি কিন্যে খিলা--মুড়ি কিনে খাওয়া (মুর্শিদা ২৩) দ্র খা[১]

**খিলা**[৮] **kʰila** দ্র খিল্কাটি (জলপা ৩)

**খিলা**[৯] **kʰila** বি নাকচাবি [মহিলাদের নাকে পরার সোনার তৈরি অলংকার। নথ পরার জায়গায় এটি পরানো হয়] a nose-pin (জলপা ৭, ৮, ৯ দার্জিলি ৩) দ্র অপেল্ পাথর

**খিলাই** **kʰilaĭ** বি কাঠি [দাঁতে দেওয়ার] a tooth pick (বীরভূ ৯)

**খিলা দিলা** **kʰila dila** বি খাওয়া-দাওয়া (to have) a grand feast (পদিনা ৬)

**খিলান্**[১] **kʰilan** বি লোহার খিল্ [নাপিতের ক্ষুরের পাত এবং হাতলকে সংযুক্ত করার কাজে এর ব্যবহার হয়] a rivet (of a razor) (পুরুলি ১৪)

**খিলান্**[২] **kʰilan** দ্র খিল[১৬] (মালদা ৯)

**খিলান্**[৩] **kʰilan** বি খিড়কি back-door খিলান্ দর্জা--খিড়কি দরজা (বাঁকুড়া ৭)

**খিলান্ আঁটা** **kʰilan ãta** বি মাটির বাড়ির দেওয়ালের শেষ স্তর last stracture of mud-wall (মুর্শিদা ১৮)

**খিলান্ কাঠি** **kʰilan kaṭʰi** বি খড়কে কাঠি tooth pick দাঁত্ খিলান্ করা--দাঁত খোটা (নদিয়া ২)

**খিলান্ পিলান্** **kʰilan pilan** খাওয়া দাওয়া দ্র খিলা দিলা (পদিনা ২)

খিলান্ আঁটা

★ **খিলানো** **kʰilano** ক্রি খাওয়ানো to feed (দার্জিলি ৩ মালদা ১১) খিলায়ে দে--খাইয়ে দে (দার্জিলি ৩) আজ তোক্ মিঠা খিলাম্--আজ তোকে মিষ্টি খাওয়াব। উহা মোক্ খিলাইল্যে--ও আমাকে খাইয়েছিল। মুই উয়াক্ খিলাইহিনু--আমি ওকে খাইয়েছিলাম (পদিনা ৮) খিলুবা নেই পারিছে--খাওয়াতে পারছে না (মালদা ১১) গরুকে খিলাতে হয়--গরুকে খাওয়াতে হয় (দার্জিলি ৩)

**খিলাবু** **kʰilabu** ক্রি খাওয়াবি to feed তাড়ি খিলাবু না 'দু ফিরা' খিলাবু--তাড়ি খাওয়াবি না, একটুখানি খাওয়াবি (মালদা ৮) [এখানকার মানুষরা প্রত্যহ অনেকবার তাড়ি খায়, সকালে উঠে প্রথম যে তাড়ি খাওয়া হয়, তাকে বলা হয় 'দু ফিরা'] (মালদা ৮)

**খিলাবে** **kʰilabe** ক্রি খাওয়াবে to feed (মালদা ৮) দ্র খা[১]

**খিলাব্যে** **kʰilabɛ** খাওয়াবে (দার্জিলি ২) অয় আজি মোক্ খিলাব্যে--সে আজ আমাকে খাওয়াবে। তুই আজি মোক্ খিলাইস্--তুই আজ আমাকে খাওয়াস (দার্জিলি ২) দ্র খা[১]

**খিলাবো** **kʰilabo** খাওয়াবি তুই মোক্ খিলাবো--তুই আমাকে খাওয়াবি (পদিনা ৯) দ্র খা[১]

**খিলাম্** **kʰilam** খাওয়াব দ্র খা[১] আজ্ তোক্ মুই খিলাম্--আজ তোকে আমি খাওয়াব (পদিনা ৯)

★ **খিলায় দেওয়া** **kʰilaĕ deŏa** ক্রি খাইয়ে দেওয়া to feed ছোওয়াটক্ এ্যালায় খিলায় দে--ছেলেটাকে এক্ষুনি খাইয়ে দে (পদিনা ৪)

**খিলাল্ করা** **kʰilal kɔra** ক্রি দাঁত খোঁটা, দাঁতে খড়কে দেওয়া to use tooth pick (বর্ধমা ৬) দ্র খিলান্ কাঠি

**খিলাল্ কটি** **kʰilal kaṭi** দ্র খিলান্ কাঠি (বর্ধমা ৬) < সং কীলক

**খিলি**[১] **kʰili** বি খোঁপা a common hair doing (চব্বিশ ৮, ৩১) খিলা (সংসদ)

**খিলি**[২] **kʰili** বি লৌকিক খেলার দূরত্ব পরিমাপক a measurement in rural game ['ডাং কড়ে' খেলায় ২০ ডাং-এর দূরত্ব মাপা হলেই এক 'খিলি' হয়] দ্র কোউ ডাং খ্যালা (হাওড়া ১, ৮)



খিলে[১] নৌকা

**খিলি**[৩] **k$^h$ili** বি পান [চুন, খয়ের, সুপারি, এলাচ ইত্যাদি মশলাযুক্ত] a cone shaped spiced betel leaf খিলি খাওয়া—পান খাওয়া (জলপা ৭) খিলি (জ্ঞা) ~ বদল্ বিবাহানুষ্ঠানে স্ত্রী আচার [দুটো পানের 'খিলি' বর কনের মুখে ৫ বার এবং কনে বরের মুখে ৫ বার ঠেকায়] a rites of women in marriage ceremony--giving a rolled betel-leaf each-other (bride & bride-groom) (পদিনা ৮)

**খিলিন্** **k$^h$ilin** দ্র খিলান্[১] (পুরুলি ৪)

**খিলিয়ে দেওয়া** **k$^h$ilie deŏa** ক্রি খাইয়ে দেওয়া to feed ওটা খিলিয়ে দে—ওটা খাইয়ে দে (মালদা ২)

**খিলে**[১] **k$^h$ile** বি ছোট নৌকা [মাছ বিক্রয় ও নদীর পাড়ে যাতায়াত করার] a small boat (চব্বিশ ১৫)

**খিলে**[২] **k$^h$ile** বি তাঁতের বিশেষ দুটি লৌহদণ্ড বা কাঠ [তাঁতের বারলড়োজ এবং কোললড়োজের দুপাশে একটি করে দুটি লড়োজে দুটি ১ হাত লম্বা সরু কাঠ বা লৌহদণ্ড আড়াআড়িভাবে আটকে রাখা হয়। ঐ দণ্ডকে খিলে বলে। এর কাজ হল লড়োজ দুটিকে মাটির সঙ্গে আটকে রাখা যাতে সুতোগুলি বা বোনা কাপড়গুলি ঠিকমত গুটিয়ে থাকতে পারে] particular two rod or stick of a loom (বীরভূ ১২)

**খিলেই** **k$^h$ilei** বিণ অনাবাদী কিন্তু চাষযোগ্য জমি cultivable virgin soil জমিটা খিলেই আছে—জমিটা চাষযোগ্য কিন্তু অনাবাদী আছে (পুরুলি ১৩) খিল[২] (জ্ঞা)

**খিলে দেওয়া** **k$^h$ile deŏa** ক্রি বন্ধ করা to shut down (কোচবি ২, ৪)

**খিলেন্**[১] **k$^h$ilen** বি কব্জি the wrist (বর্ধমা ৪)

**খিলেন্**[২] **k$^h$ilen** বি সংযোগ স্থল [সোনার, রুপোর গয়নার অর্থাৎ চুড়ি বালা ইত্যাদির জোড়-মুখ] moreable joints of ornament (বর্ধমা ২০) দ্র খিট্[১]

**খিলেন্ করা** **k$^h$ilen kɔra** ক্রি দাঁত খোঁটা, (দাঁতে) খড়্কে দেওয়া to use tooth pick (নদিয়া ৩ মেদিনী ৭) দ্র খিলাল্ করা

**খিলেন্ কাঠি** **k$^h$ilen kat$^h$i** দ্র খিলান্ কাঠি (নদিয়া ৪)

**খিলেন্ খাড়ি** **k$^h$ilen k$^h$ari** দ্র খিলান্ কাঠি (মেদিনী ৭, ২৩)

**খিলেন্ ভাঙা** **k$^h$ilen b$^h$aŋa** দ্র কাদান্ করা (বর্ধমা ৭)

**খিলে নৌকা** **k$^h$ile noŭka** বি ছোট নৌকা [এই নৌকা বড় মাছ ধরার নৌকা থেকে মাছ নিয়ে বিক্রয় করার জন্য তীরে আনে] a small boat (চব্বিশ ১২) দ্র খিলে[১]

**খিলের্ দোড়ি** **k$^h$iler dori** দ্র খিল্ দোড়ি (বর্ধমা ১২)

**খিলেন্ খাড়ি** **k$^h$ilen k$^h$ari** খিড়কি দ্র খিল্কি দুয়োর্ (মেদিনী ১১)

**খিলোন্** **k$^h$ilon** দ্র খিলান্ কাঠি (পদিনা ১০ মুর্শিদা ২২)

**খিলোল্** **k$^h$ilol** দ্র খিলান্ কাঠি খিলোল্ দে দাঁতটা কোক্টাই—খড়কে কাঠি দিয়ে দাঁত খুঁটি (পদিনা ২ মালদা ২, ১১)

**খিল্যা**[১] **k$^h$ilæ** দ্র খিট্[১] (কোচবি ৪)

**খিল্যা**[২] **k$^h$ilæ** বি গরু বাঁধা থাকে যে খুঁটিতে a peg (to tie the rope of a cow) (বাঁকুড়া ১৮ মেদিনী ১৩)

**খিশ্শা** **k$^h$iʃʃa** গল্প দ্র খিচা[৫] এইডা কি খিশ্শ্যা?—এটা কি গল্প? (পদিনা ৯) < কিস্সা (হি)

**খিশ্শ্যা** **k$^h$iʃʃæ** বি বাচ্চা দেবার পর গরু যে প্রথম দুধ দেয় first milk of a cow after a calf in born (পুরুলি ৫)

**খিশার্** **k$^h$iʃar** বি তামাশা jokes হাসি খিশার্—ঠাট্টা তামাশা (দার্জিলি ৪)

**খিস্রানো** **k$^h$israno** ক্রি খিঁচানো [দাঁত] to make faces showing the teeth (পুরুলি ৫) তু (সাঁও) খিঁস্

**খিস্রাপাতি** **k$^h$israpati** বি একজাতীয় আম a kind of mango (মালদা ২)

**খিস্সা**[১] **k$^h$issa** বি নিন্দা animadversion (পুরুলি ১৩) ~ করা ক্রি বিদ্রূপ করা to taunt, to banter (পুরুলি ১১) তু আ বা কেচ্ছা

**খিস্সা**[২] **k$^h$issa** বি ছানা কাটা দুধ [গরুর গাবড়া দুধ গরম করলে যদি ছানা কেটে যায় তবে তাকে বলে খিস্সা। এটি খাদ্য হিসেবে গ্রহণ করা হয় তবে সুখাদ্য নয়] the curdled milk--spilt milk (পুরুলি ১৫) দ্র খিশ্শ্যা

**খিস্স্যা** **k$^h$issæ** দ্র খিস্সা[১] খিস্স্যা করে—নিন্দা করে (বাঁকুড়া ৫) তু আ বা কেচ্ছা

**খিসা**[১] **k$^h$isa** ঠোঙা দ্র খোঙা (পদিনা ১)

**খিসা**[২] **k$^h$isa** বি (বালিশের) খোল, ঢাকনা case for pillow, quilt etc. (পদিনা ১) দ্র অড়্[৩]

**খিসিরি কলাই** **k$^h$isiri kolai** বি খেঁসারি কলাই variety of pigeonpea (কোচবি ২)

**খিসুরানো** **k$^h$isurano** দ্র খিস্রানো (পুরুলি ৪)

**খিস্যা** **k$^h$isæ** দ্র খিস্সা[১] (বাঁকুড়া ১৪)

**খিস্সা** **k$^h$issa** বি প্যাঁড়া সন্দেশ delicious sweet meat made of hardened milk (মুর্শিদা ২২)

খুই **kʰuĭ** খাইয়ে দ্র খা পানি খুই লিয়ায়--জল খাইয়ে নিয়ে আয় (মেদিনী ২০)

খুই[১] **kʰũĭ** [আমের] কুসি দ্র কঁ[১] (নদিয়া ১)

খুই[২] **kʰũĭ** বি মালা বা খোল [বেলের মালা] shell of wood-apple বেলের খুঁই--বেলের খোল (বীরভূ ৯)

খুই[৩] **kʰũĭ** বি ঝুড়ি [তালপাতার তৈরি। রস-সংগ্রাহক শিউলির কোমরে বাঁধা থাকে] a basket made of palmyra-leaf (হাওড়া ৩, ১০)

খুইচা দেওয়া **kʰuĭca deŏa** ক্রি মাটি পা দিয়ে মাড়িয়ে নরম করা [ঘর তৈরির সময় ঐ মাটি ব্যবহৃত হয়] (মুর্শিদা ২২)

খুইচে কাচা **kʰũĭce kaca** ক্রি থুপিয়ে কাচা to was clothes by rinsing খুঁইচে কাচছে--থুপিয়ে কাচছে (মুর্শিদা ২৪)

খুইচে দেওয়া **kʰũĭce deŏa** দ্র খুঁইচ্যে দেওয়া (মেদিনী ৫)

খুইচ্যা **kʰuĭcæ** বি কুনকে [কাঠের তৈরি ২৫০ গ্রাম বা এক পোয়া চাল ধরে এরূপ গোলাকৃতি পাত্র] a measuring pot [used to measure rice, pigeon-pulses etc.] (বীরভূ ৯)

খুইচ্যা দেওয়া **kʰũĭcæ deŏa** দ্র খিচা[১] (মুর্শিদা ২২)

খুইচ্যে দেওয়া **kʰũĭcɛ deŏa** ক্রি খুঁচে দেওয়া দ্র ইঁচ্‌রানো (মেদিনী ৫)

★ খুইজানো **kʰũĭjano** ক্রি কান-পাকা, কটকট্ করা [কান] to have pus formed within one's ear-holes কান্ খুঁইজাছে--কান কট্‌কট্ করছে (মেদিনী ৫)

খুইট্‌ব্যারা **kʰũĭtbæra** বি (মোটা) বাঁশের টুকরো [এর উপর কিছু রেখে কাটার কাজ চলে] a burly pice of bamboo (মুর্শিদা ২২)

খুইট্‌ল্যা টাকা **kʰuĭtlæ taka** বি নয় টাকা [গরু বিক্রির দালালদের সাংকেতিক ভাষা] nine rupees [code word used by cow-brokers-sellers] (মুর্শিদা ২)

খুইট্যা **kʰuĭtæ** বি খুঁটি a post or pillar (মুর্শিদা ১৫)

খুইড্যা **kʰuĭdæ** বি পায়া [খাট-চৌকি, টেবিল-চেয়ার প্রভৃতির] a leg or foot of an article of furniture (বীরভূ ৪ মুর্শিদা ১৫)

খুইত্যে **kʰũĭtɛ** বি, বিণ ১ খুঁতখুঁতে peevish, pettish, hard to please (বীরভূ ২, ৩, ৫) ২ শুচিবায়ুগ্রস্ত obsessed idiosyncrat (বীরভূ ৫)

খুইত্যা **kʰuĭtæ** দ্র খুঁইতে ২ (বাঁকুড়া ১৪)

খুইয়ে দেওয়া **kʰuĭe deŏa** ক্রি রোয়া ধান--জমিতে ধানচারা উঠে গেলে বা মরে গেলে পুনরায় ধানচারা রোপণ করা to plant new paddy plants in gaps of

খুই[৩]

rows (চব্বিশ ১৪)

খুইর্ শাক্ **kʰuĭr ʃak** বি একজাতীয় শাক a kind of pot-herb or a type of edible plant (মালদা ১)

খুইরি **kʰuĭri** বি গরুর ক্ষুরের ঘা a kind of cattle disease, rinderpest (মুর্শিদা ৫)

খুইর‍্যা শাক্ **kʰuĭræ ʃak** নটে শাক দ্র খুইর্ শাক্ (মালদা ২)

খুইল্ **kʰuil** খাল, গর্ত দ্র খনদ্[২] (বাঁকুড়া ১৮)

খুইল্‌ল্যা **kʰuillæ** (হাঁস-মুরগি) থাকার ঘর দ্র আতড়ি[১], খল্‌লা (বীরভূ ৪, ১১ মুর্শিদা ২, ১০)

খুইল্ল্যা **kʰuĭllæ** দ্র খুইল্‌ল্যা (বীরভূ ৪, ১১ মুর্শিদা ২, ১০)

খুইসা **kʰũĭsa** বি খোসা skin of fruit উঁদুরে পুরাটাকে খুঁইসে স্যাস্ কইরেঁ দিলা--ইঁদুরে পুরোটাকে খোসা ছাড়িয়ে খেয়ে শেষ করে দিল (পুরুলি ১৪)

খুওড় **kʰuoɽ** বি খোঁয়াড় a cattle-shed, a pound for stray cattle (মেদিনী ১১)

খুঁওড়[১] **kʰũoɽ** দ্র খুওড় (মেদিনী ১১)

খুঁওড়[২] **kʰũoɽ** বি খেদা [হাতি ধরার ফাঁদ] an enclosure for catching wild elephants, a kheda (মেদিনী ১১)

খুওয়ানো **kʰuoano** ক্রি খাওয়ানো to feed (মুর্শিদা ২) দ্র খা

খুক্‌ড়া **kʰukɽa** বি মোরগ-মুরগি the cock (বাঁকুড়া ৫, ১৬ মেদিনী ৫, ২৫) ~ খুঁদি বি মোরগের বাসা a coop দ্র আত্‌রি[১] (মেদিনী ২৫) ~ ঢাড় বি মুরগি the cock (মেদিনী ১২) ~ রাত্ বি ভোর রাত the dawn (পুরুলি ১৪) ~ সারা বি মোরগ the cock (মেদিনী ১২)

খুক্‌ড়ি **kʰukɽi** বি মুরগি দ্র খুক্‌ড়া হামি খুক্‌ড়ি কিনেলাই জাম্--আমি মুরগি কিনতে যাব (পুরুলি ৫)

খুক্‌ড়ির আখ্‌ড়া **kʰukɽir akʰɽa** বি মোরগ লড়াইয়ের মাঠ an area of cock-fight (পুরুলি ১০)

খুক্‌ড়্যা **kʰukɽæ** দ্র খুক্‌ড়া ঢাড় (মেদিনী ৩২) ~ সারা দ্র খুক্‌ড়া সারা (মেদিনী ৩২)

খুঁগুড়ি

**খুক্‌মা গা** **kʰukmɔ gɔ** বি আদুড় গা bare body (বাঁকুড়া ৭)

**খুক্‌রা** **kʰukrɔ** ক্রি (নখ দিয়ে) আঁচড়ানো to scratch with finger-nails (পদিনা ৪)

**খুক্‌রি** **kʰukri** দ্র খুক্‌ড়া ঢাড়্ (পুরুলি ৫, ৯) ~ **ডাক্** বি প্রত্যূষ the dawn দ্র খুক্‌ড়া রাত্ (পুরুলি ১০)

**খুক্‌শি**[১] **kʰukʃi** বি বাড়ির কানাচ বা গলি [মুসলিম্‌দের ব্যবহৃত ভাষা ; হিন্দুরা বলে 'গুল্‌কি' (Sulki)] out lying part at the back of a house, the space under the eaves at the back of a house (কোচবি ৪)

**খুক্‌শি**[২] **kʰukʃi** বি ঘুলঘুলি, ছোট্ট জানালা [মাটির বাড়ির] a hay-window (কোচবি ৪)

**খুক্‌শি**[৩] **kʰukʃi** খুস্‌কি দ্র খড়্‌ড়া (পদিনা ১০)

**খুক্‌শি**[৪] **kʰukʃi** বি একপ্রকার মাছ [তারই মাছের ন্যায় দেখতে, রূপালি রঙের দু'টি কাঁটা আছে] a kind of fish (মুর্শিদা ১১)

**খুক্‌সি**[১] **kʰuksi** দ্র খড়্‌ড়া [কতবেলের 'খুপড়ি' অর্থাৎ মালা-র মধ্যে নারকেল তেল নিয়ে দু'তিনদিন মাখলেই খুস্‌কি ভাল হয়ে যায়] (পদিনা ৫ মুর্শিদা ২২, ২৩)

**খুক্‌সি**[২] **kʰuksi** বি ১ খড়ি [শীতের সময় রুক্ষ গায়ে হয়] dry dirt in form of a crust on the skin খুক্‌সি ওঠা--(গায়ে) খড়ি ওঠা (চব্বিশ ৩৬ মালদা ৮) ২ নখের কোণে ওঠা চামড়া a painful ingrowing nail (বাঁকুড়া ৪ মালদা ৮)

**খুক্‌স্যা** **kʰuksæ** বিণ উস্‌কো-খুস্‌কো dry and lean, swelled--unkept hair & dress খুক্‌স্যা থাকা--উস্‌কো খুস্‌কো থাকা (মুর্শিদা ২০)

★ **খুঁকা** **kʰũkɔ** ক্রি কাশা to cough (বর্ধমা ১৪ মুর্শিদা ২২) উ খুঁক্‌চে--ও কাশ্‌ছে (মুর্শিদা ২২)

★ **খুঁকানো** **kʰũkano** ক্রি ঠোকরানো to peck, to nibble at a bait (পুরুলি ১৩)

**খুকি** **kʰuki** কাশি দ্র খুঁকা (পদিনা ২ বীরভূ ১১ মুর্শিদা ১৭)

**খুঁকি** **kʰũki** বি খুকি an infant girl (মেদিনী ৭)

**খুকিবাদোল্** **kʰukibɔdol** বি গরুর রোগ বিশেষ [এই রোগ হলে গরুর পায়ের জোর কমে যায়, ফলে দাঁড়াতে পারে না। পা যাতে জমে না যায় তাই জোর করে দাঁড় করাতে হয়। অনেক সময় গাঁট ফুলে যায়, এতে লাগাবার কোনো ওষুধ নেই। তবে খাওয়ার ওষুধ আছে। ভুঁইকুমড়া (২৫০ গ্রা), আদা (৫০ গ্রা) সরপঙ্খ গাছের পাতা--কাঁটার মত সরু সুগন্ধযুক্ত পাতা ৪-৬ হাত উঁচু--(১০০ গ্রা), গোইলতা [তিনভাগে বিভক্ত পাতা বিশিষ্ট লতানে জাতীয় গাছ] (১০০ গ্রা) গুরুপ বেগুন [কাঁটাযুক্ত ছোট টমেটোর আকৃতি গাছের শেকড় (১০০ গ্রা), নুন ও হলুদ ৫০ গ্রা একসঙ্গে বেটে ১ লিটার গরমজলে মিশিয়ে দিলে তিনবার এককাপ করে খাওয়াতে হয়। এছাড়া গোই লতাকে ঘুঁটের আগুনে পুড়িয়ে গরম করে ঐ গরুর সারাগায়ে সেঁক দিতে হয়। যখনই ওষুধ খাওয়াতে হবে তখনই গরম নুন জলে গরুর মুখের ভেতর ও জিভ ধুয়ে মেজে দিতে হয়] a kind of cattle disease (বীরভূ ৫, ৩৪)

**খুকি বাশিলা** **kʰuki bɔʃilɔ** বি লোহার সরঞ্জামবিশেষ [বড় ধরনের গর্ত খোঁড়ার কাজে রাজমিস্ত্রিরা এটি ব্যবহার করে] an instrument made of iron used by the mason--a crowbas (জলপা ১, ৭)

**খুকি ভ্যাট্** **kʰuki bʰæt** বি একপ্রকার জলজ উদ্ভিদ [পানাজাতীয়, অনেকটা টোপাপানার মতো দেখতে small type of water wort, algae (কোচবি ৭)

**খুকি ভ্যাত্** **kʰuki bʰæt** দ্র খুকি ভ্যাট্ (কোচবি ১)

**খুকি লাগা** **kʰuki lɔgɔ** ক্রি বিষম লাগা to have choking in the throat preventing easy passage of food (বর্ধমা ৫)

**খুকুড়া** **kʰukuɽɔ** দ্র খুক্‌ড়া (মেদিনী ৩০) ~ **ডাক্** বি মুরগির ডাক crow, cluck, cackle (মেদিনী ১২)

★ **খুক্যা** **kʰukæ** ক্রি খাওয়া দ্র খা আমরা গোই গাঁর লোক, আমাদের বারে বারে খুক্যার্ অইব্‌ভাস্--আমরা অজগাঁয়ের লোক আমাদের বারে বারে খাওয়ার অভ্যাস (মুর্শিদা ৩)

**খুখ্‌ড়ি** **kʰukʰɽi** দ্র খুক্‌ড়া ঢাড়্ (পুরুলি ৫)

**খুখি** **kʰukʰi** দ্র খুকি (মুর্শিদা ১১)

**খুখুড়া** **kʰukʰuɽa** দ্র খুক্‌ড়া (মেদিনী ২৯)

**খুখ্যা** **kʰukæ** দ্র খুক্যা (মুর্শিদা ৩)

**খুগ্‌লি** **kʰugli** বি মাথার খুলির পেছনের অংশ back portion of the skull (পদিনা ২)

**খুগ্‌সি** **kʰugsi** দ্র খড়্‌ড়া (মালদা ২)

**খুঁগুড়ি** **kʰũgũɽi** বাঁশের খোলস [বাকল জাতীয়। নরম বাঁশের গাঁটে গাঁটে আবরণ হিসেবে থাকে। বাঁশ শক্ত ও বড়

হতে থাকলে এগুলো শুকনো হয়ে খসে পড়ে যায়] rind of bamboo দ্র খপ্‌লা (বীরভূ ১)

**খুগো** **kʰugo** বি ময়লা [কানের] ear-wax কান্ খুগো-কানের ময়লা (বীরভূ ৮) দ্র খরুর্

**খুঙড়ি** **kʰuŋɾi** বি ১ নারকেল, তাল, সুপারি প্রভৃতির মুখের আবরণ বা বাকল a cover part on mouth of a coconut (বীরভূ ৫, ১৪) দ্র খলপা[৪] ২ দ্র খুঁগুড়ি (বীরভূ ৭, ৮, ১৪) ৩ খেজুর গাছের গায়ে লেগে থাকা ডাঁটার গোড়া দ্র খচ্‌না (বীরভূ ১৪)

**খুঙ্‌রি** **kʰuŋri** দ্র খল্‌পা[৪] (বীরভূ ১১, ১৪)

**খুঙ্‌হি** **kʰuŋhi** ঝুড়ি [আম কুড়িয়ে রাখা, মাছ ধরে রাখা হয়। লম্বাটে গড়নের] দ্র খাড়ুই[২] (মালদা ৯)

**খুঙি** **kʰuŋi** বি ১ ডিমের খোসা দ্র খল্‌চা, খল্‌টা[২] (মুর্শিদা ৩) ২ দ্র খুঙড়ি[১] (বীরভূ ৯) ৩ পান রাখার পাত্র a kind of tray used for keeping betel-leaves (পুরুলি ৩) ৪ একপ্রকার ঝুড়ি [শাক ধোয়ার কাজে ব্যবহৃত হয়] a basket (হুগলি ৫) ৫ দ্র খাড়ুই[২] (মালদা ৬)

**খুঙ্গি[১]** **kʰuŋgʰi** বি পান ও পানের মশলা রাখার পাত্র [বাঁশ চিরে তৈরি করা হয়। আকৃতিতে বড় বাটির মতো। এর মধ্যস্থিত খোপে চুনের কৌটা ইত্যাদি রাখা হয়] a pot or a small basin used for keeping betel-leaves, betel-nut, lime etc. (বাঁকুড়া ১)

**খুঙ্গি[২]** **kʰuŋgʰi** বি ১ একধরনের ঝুড়ি [আমগাছে ঝুলিয়ে রাখা হয়, পাকা আম এর মধ্যে পড়ে] a kind of hanging basket] (মালদা ৯) ২ দ্র খাড়ুই[২] (মালদা ৯)

**খুঙ্গি[৩]** **kʰuŋgʰi** দ্র খুঙ্গি[১] (বাঁকুড়া ১৫)

**খুঙ্গি[৪]** **kʰuŋgʰi** বি পেট্‌রা a wicher-basket, a portmantean (পুরুলি ৫)

**খুঁচ্[১]** **kʰũc** ক্রি ১ খোঁচানো to pinch খুঁচ্‌রু কেনে--খোঁচাচ্ছ কেন? (মেদিনী ২) খুঁচ্‌লিস্ কেনে-খোঁচাচ্ছিস কেন? (মেদিনী ১৩) ২ খোঁচা লাগা [আকস্মিকভাবে] to pierce খুঁচ লাগিয়ালা--খোঁচা লেগে গেল (মেদিনী ৩০)

**খুঁচ্[২]** **kʰũc** বি কোঁচা the plaited end of loin cloth trucked at the wearer খুঁচ্ করে পরা--কুঁচি দিয়ে পরা (মেদিনী ২২)

**খুঁচ্[৩]** **kʰũc** ক্রি (কাপড় জলে) সিদ্ধ [করা] to boil for cleansing cloth কাপড় খুঁচে দাও--কাপড় জলে সিদ্ধ করে দাও (নদিয়া ৪)

**খুঁচ্‌কি লাগা** **kʰũcki laga** ক্রি মচকে যাওয়া to get sprain to twist পায়ে খুঁচ্‌কি লেগে গেল--পা মচ্‌কে গেল (বীরভূ ৭)

**খুচ্‌ড়া খাচ্‌ড়ি** **kʰucɾa kʰacɾi** বিণ অল্প স্বল্প small bits (কোচবি ৭)



খুচি[২]

**খুঁচ্‌নি ডাং** **kʰũcni ɖaŋ** বি কামারশালে আগুন খোঁচাবার লোহার তৈরি সরঞ্জাম [কাঠের হাতলযুক্ত] a fire-poker (মেদিনী ২০) দ্র আঁগুড়া, আঙ্‌ড়ি

★ **খুচ্‌রানো** **kʰucrano** ক্রি (দাঁত) খোঁটা to pinch the tooth (চব্বিশ ২১)

**খুচ্‌রা পোয়ার্** **kʰucra poar** বিণ ছিটানো খড় scattered straw (পুরুলি ২)

**খুচ্‌রে খুচ্‌রে লেয়া** **kʰucre kʰucre lea** ক্রি খুঁচিয়ে খুঁচিয়ে নেওয়া to scrape, to scratch out (মুর্শিদা ২০)

**খুচ্‌রো মাচ্** **kʰucro mac** বি চুনো মাছ any variety of small fish (মুর্শিদা ১১)

★ **খুচা** **kʰuca** ক্রি থুবকানো দ্র খুঁইচে কাচা কাপড়টা খুইচে খুইচে কাচ্‌চে--কাপড়টা থুবকে থুবকে কাচছে (নদিয়া ৪)

**খুঁচা[১]** **kʰũca** বি খোঁচা a prick, a poke কি জ্যান গটে খুঁচা পায়ে ঢুক্যাইল--কি যেন একটা খোঁচা পায়ে ঢুকে গেল (মেদিনী ১, ৬, ১৯, ২৬, ২৯)

**খুঁচা[২]** **kʰũca** দ্র খুঁচ্[১] ১ খুঁচা মারুঠ কেনি--খোঁচা মারছিস্ কেন? (মেদিনী ২৬) আ বা খোঁচা

**খুচি[১]** **kʰuci** বি মাটির সরা a shallow earthen plate (জলপা ৭) সং ক্ষুদ্র

**খুচি[২]** **kʰuci** বি ঝাঁটা [মুড়ি ভাজার] a small broom, a besom (মালদা ৪, ৬)

**খুচি[৩]** **kʰuci** কাঠি দ্র খচো (পদিনা ৬) সং ক্ষোভ

**খুচি[৪]** **kʰuci** বি ১ কর্মকারের ব্যবহৃত সরঞ্জাম [খেজুর পাতার গোড়ার অংশ কেটে এটি তৈরি করা হয়। 'আফর' অর্থাৎ জ্বাল-মুখের আগুনকে কমানোর জন্য এর দ্বারা জল ছিটানো হয়। এছাড়া উত্তপ্ত লাল লোহার গায়ে ঘষে ময়লা তোলা হয়] a kind of brush [used for sprinkling water in black-smith's smithy] (পদিনা ১০) ২ রাজমিস্ত্রির কাজের সরঞ্জাম [নারকেল ছোবড়ার দড়ি দিয়ে তৈরি ঝাঁটাজাতীয় সরঞ্জাম। ১ থেকে ১½ হাত লম্বা, এর সাহায্যে ইটের দেওয়াল ইত্যাদিতে জল ছিটানো



খুঁচি[৩]

হয়] a soft brush made of coir to sprinkle water on newly built wall sunder construction (মালদা ২)

খুচি[৫] **k$^h$uci** বি খড়ের চালে নতুন খড় গুঁজে দেওয়ার পদ্ধতি a system to add of fresh straw to an old thatched roof আমার্ ঘরে পানি পোড়তেচে, খুচি দে দাও—আমার ঘরে জল পড়ছে, চালে নতুন খড় গুঁচে দাও (চব্বিশ ৩৬) দ্র আট্‌খড়া

খুচি[৬] **k$^h$uci** কোঁচা দ্র খুঁচ্[২] খুচি করে পরা—কোঁচা দিয়ে পরা (মেদিনী ২৯)

খুচি[৭] **k$^h$uci** বি ১ ছোট ধামা [ধান চাল মাপাব বেতের পাত্র, বা বাঁশ কেটে তৈরি] a kind of basket made of cane or bamboo slip (জলপা ১ কোচবি ১, ২, ৪ চব্বিশ ২ মালদা ৪) ২ বেতের তৈরি ছোট ডালি [½ কিলো ওজনের জিনিস ধরে] ৩ দ্র কাটা [এর আকৃতি সাধারণ বাটির মতো, এতে আনুমানিক ২৫০ গ্রাম চাল ধরে] a bowl—used to measure 250 grams rice etc. (হুগলি ১৫)

খুঁচি[১] **k$^h$ũci** বি ছোট চটের থলি a small size bag made of jute (বীরভূ ৯)

খুঁচি[২] **k$^h$ũci** বি 'নক্‌সা' নামক জুয়া-তাস খেলায় চারজন খেলোয়াড় ব্যতীত অতিরিক্ত খেলোয়াড় an extra player in a game of cards (বীরভূ ১০)

খুঁচি[৩] **k$^h$ũci** বি এক ধরনের গজাল [বিড়ি বাঁধার সময় তামাক পোরার জন্য কাঠের এই ছোট কাঠিটি ব্যবহার করা হয়] a long pin-stick of metal or wood (মুর্শিদা ২২)

খুঁচি[৪] **k$^h$ũci** বি বেতের তৈরি চাল মাপার পরিমাপক [এটি বিভিন্ন আকারের হয়। ২৫০ গ্রাম, ৭৫০ গ্রাম ও এক কিলো পরিমাণ চাল মাপা হয় দ্র খুচি[৭] (চব্বিশ ১১, ৩৭ নদিয়া ১০)

খুঁচি[৫] **k$^h$ũci** বি ১ কোঁচা [ধুতির] দ্র খুচি[৬] (পুরুলি ১৪) ২ কুঁচি দ্র খুঁচ্[২] (মেদিনী ১২; ২৪, ২৯) কাপট্‌টা খুঁচি করা আছে—কাপড়টা কুঁচি করা আছে (মেদিনী ২৯)

খুঁচি[৬] **k$^h$ũci** বি একগুচ্ছ ঝাঁটা কাঠির সমষ্টি [নারকেল পাতা থেকে প্রস্তুত ঝাঁটাকাঠি। ঝাঁটাকাঠির দুইপ্রান্ত বাদ দিয়ে মাঝের অংশ নিয়ে এটি তৈরি হয়] a bunch of broom stick (হাওড়া ১, ৮)

খুঁচি[৭] **k$^h$ũci** বি ১ বাঁশের কঞ্চি bamboo stick (পুরুলি ৮, ১১) ২ বাঁশের সরু সরু কাঠি [এ দিয়ে ঝুড়ি প্রভৃতি বোনা হয়] chips of bamboo (বাঁকুড়া ১৬) ৩ খড়কি [দাঁত খোঁচাবার] a toothpick (মেদিনী ৭) ৪ মুড়ি ভাজাব ঝাঁটা [বাঁশ চিরে তৈরি করা হয়] দ্র খুচি[২] (মেদিনী ৫) ৫ ছোট কাঠ a small piece of wood (পুরুলি ১২)

খুঁচি গজাল্ **k$^h$ũci gɔjal** বি ছোট শলাকা [বিড়ি বাঁধাব কাজে ব্যবহৃত হয়] দ্র খুঁচি[৩] (মুর্শিদা ২২)

খুচি দেওয়া **k$^h$uci deŏa** ক্রি পুরানো খড়ের চালে নতুন খড় গুঁজে দেওযা [সাধারণত খড়ের চালে যে খড় দিয়ে ছাউনি দেওয়া হয় তা দুই বছর যাবৎ টেঁকে। তৃতীয় বছরে পুরানো সব খড় না ফেলে দিয়ে পুরানো খড়ের উপরই পাতলা কবে নতুন খড় গুঁজে গুঁজে দিয়ে একপ্রকার ছাউনি দেওয়ার পদ্ধতি। পরের বছর সব ফেলে দিয়ে নতুন করে খড়ের ছাউনি দেওয়া হয়] দ্র খুচি[৫] to add new straw to an old thatched roofs to supplement old covering (চব্বিশ ১ বর্ধমা ৫)

খুঁচি লাগানো **k$^h$ũci lagano** ক্রি লাগানো-ভাঙানো to ear-wigging (মেদিনী ১১)

খুচি সিঙ্ **k$^h$uci siŋ** বি (গরুর) শিং [এগুলো আকারে ছোট এবং সোজা হয়ে থাকে] a kind of straight horn (পুরুলি ১৬) তু সাঁও খোঁচা

খুচুটে **k$^h$ucuṭe** বিণ সামনে প্রশংসা আড়ালে নিন্দা করে এমন ব্যক্তি slanderer, villifier a back-biter (বীরভূ ১০) ~ লেই করা ক্রি খুঁচিয়ে খুঁচিযে ঝগডা করা to altercate, to wrangle খুচুটে লেই কোচ্‌চে—খুঁচিয়ে খুঁচিয়ে ঝগড়া করছে (বীরভূ ১০)

খুচুনি **k$^h$ucuni** কাঠির গোছা [মুড়ি ভাজার। এগুলি বাঁশকাঠি বা পাটকাঠির গুচ্ছ] (পদিনা ৪) দ্র খুচি[২]

খুচুর্ খুচুর্ আনা **k$^h$ucur k$^h$ucur ano** ক্রি বারে বাবে অল্প অল্প জিনিস কেনা to bring things in small amount (মুর্শিদা ২৩) আ বা খুচরো খুচরো

খুচে **k$^h$uce** বি গরুর ক্ষুরের দাগ cow's footprint (নদিয়া ১)

★ খুঁচে দেওযা **k$^h$ũce deŏa** ক্রি মাড়িযে দেওয়া to tread or trample খুঁচে দিলি—মাড়িয়ে দিলি (মালদা ২)

**খুঁচেই দেওয়া kʰũceĩ deŏa** ক্রি খোঁচা মারা to prick, to poke খুঁচেই দোউচি--খোঁচা মারছি (মেদিনী ১৮)

**খুচে কাচা kʰuce kaca** দ্র খুঁইচে কাচা (মুর্শিদা ১৪)

**খুঁচে কাচা kʰũce kaca** ক্রি ১ আছড়ে কাচা [কাপড়] to wash by thrashing to the ground with force (মুর্শিদা ১৪) ২ থুপ্ থুপ্ করে কাচা [কাপড়] দ্র খুঁইচে কাচা (মুর্শিদা ২)

**খুচে খুচে কাচা kʰuce kʰuce kaca** দ্র খুঁইচে কাচা (বর্ধমা ১৪)

**খুচে দেওয়া[১] kʰuce deŏa** দ্র খুচি দেওয়া (চব্বিশ ১৮)

**খুচে দেওয়া[২] kʰuce deŏa** ক্রি উস্‌কে দেওয়া [আগুন] to raise, draw up (the wick of a lamp) (হাওড়া ১)

**খুঁচে দেওয়া kʰũce deŏa** ক্রি গুঁজে দেওয়া দ্র খুচি দেওয়া (পদিনা ২)

**খুচে যাওয়া kʰuce jaŏa** দ্র খুঁচে দেওয়া (পদিনা ১৪)

**খুচো kʰuco** বিণ খুচরো [পয়সা] converted into small coins, changes (চব্বিশ ৪) < সং ক্ষুদ্র

**খুচ্যা kʰucæ** বি কাঠের তৈরি চাল মাপার কুনকে a kind of pot made of wood (বীরভূ ৯)

**খুঁচ্যা kʰũcæ** দ্র খুচ্যা (চাল, ডাল, মাপার) পরিমাপক [এতে ৬০ তোলা বা ১ সেরের ⅛ অংশ চাল ধরে] (মুর্শিদা ১৭)

**খুঁচ্যে kʰũcɛ** ক্রিবিণ খুঁচিয়ে [কাদা করা] to make muddy, slimy খুঁচ্যে কাঁদা করালি কেনে--খুঁচিয়ে কাঁদালি কেন? (মেদিনী ১৩)

**খুজ্‌নো বাড়ি kʰujno baɽi** বি শবদাহের দণ্ড a pole used to poke a corpse while burning (হাওড়া ১০)

**খুজ্‌রা kʰujra** দ্র খুচো (মালদা ২)

**খুজ্‌রা খুজ্‌রি কাজ kʰujra kʰujri kaj** বি ছোটখাট কাজ the petty work, jobs (মেদিনী ২১) আ বা খুচরো-খাচরা

**খুজ্‌লানো kʰujlano** ক্রি চুলকানো to itch খুজ্‌লাচ্ছে--চুলকাচ্ছে (পুরুলি ২ মালদা ৯)

**খুজ্‌লি[১] kʰujli** দ্র খুজ্‌লানো (বীরভূ ৭, ৮, ১০ মালদা ৯)

**খুজ্‌লি[২] kʰujli** বি হাজা [চামড়ার রোগবিশেষ। সাধারণত বর্ষাকালে বা জলের মধ্যে অধিকক্ষণ কাজ করলে হাত ও পায়ের আঙুলের মাঝখানে এই রোগ হয়] sore caused by excessive use of water [to rot or be spoilt by being drenched in water (esp. in rain water) for a long time] (পদিনা ২)

**খুঁজ্‌লি kʰũjli** বি নখকুনি [নখের পাশে ওঠা চামড়া] a painful in growing nail (বর্ধমা ২৫)

খুচ্যা

**খেম্‌চোনো kʰemcona** ক্রি খিম্‌চি কাটা, চিম্‌টি কাটা to pinch (হাওড়া ১, ১০)

**খেমি kʰemi** বি সোনার হারের নক্সা a design of a golden chain (হুগলি ১৫)

**খেয়া জাল্ kʰea jal** বি খেওলা জাল [মাথার উপর ঘুরিয়ে বা কনুইতে আটকে ছুঁড়ে ফেলা হয়। ১২ হাত লম্বা, ফাঁসগুলো তিন রকমের, ক্রমান্বয়ে অল্প বড় হয়। সাধারণত চুনোমাছ ধরা হয়। পুকুরের নিচের যেখানে জল জমে থাকে সেখানে ফেলা হয়। কোনো কোনো ক্ষেতে এই জাল হাতে ধরে ছুঁড়ে ফেলা হয় a casting net (বর্ধমা ২, ১৯ হুগলি ১) সং ক্ষেপণ



খেবো[১]

**খেয়া দেয়া** **kʰea dea** ক্রি (মাছ ধরার জন্য) জালকে জলের উপর ছড়িয়ে দেওয়া to cast net on water (বর্ধমা ২০)

**খেয়ার্** **kʰear** বি ক্ষেতবিশেষ [এখানে কেবলমাত্র ধান চাষ হয়] দ্র কান্দাল্ (পদিনা ৬)

**খেয়ার্ অন্চল্** **kʰear ɔncɔl** বিণ খরা অঞ্চল drought area (পদিনা ১৪) < খরা

**খেয়ারি** **kʰeari** বি মাঝি [যে খেয়া দেয়] a boatman (চব্বিশ ১১ বর্ধমা ২)

**খেয়াল্ করা** **kʰeal kɔra** ক্রি ঠাট্টা করা to cut jokes খেয়াল্ কচ্ছি—ঠাট্টা-ইয়ার্কি কবছি (মেদিনী ৩৪)

**খেয়াল্ দেকা** **kʰeal deka** ক্রি শিশুর দেয়ালা করা [স্বপ্ন দেখাকে স্বপ্ন দেখা বলা হয়] smile of a dreaming infant (বর্ধমা ৫, ১৪, ২৩)

**খেয়ালিয়া** **kʰealia** বি (যাত্রায় বা নাটকে) বিদূষক চরিত্র (in drama) a clown, a jester, a buffoon (মেদিনী ১৩) ~ মানুস্ বিণ খেয়ালি মানুষ a whimsical, capricious person (মেদিনী ৮)

**খেয়িং** **kʰeiŋ** অসক্রি খেয়ে to taste or eating এ্যাক্টু খেয়িং দ্যাখ্—একটু খেয়ে দেখ (মুর্শিদা ১৭) দ্র খা

**খেয়ে-খেকো ছেলে** **kʰee kʰeko cʰele** দ্র খেঁইয়ে ছেলে (বর্ধমা ১৯)

**খেয়েছু** **kʰeecʰu** ক্রি খেয়েছিস দ্র খা তুই ভাত্ খেয়েছু—তুই ভাত খেয়েছিস (মেদিনী ৩৩)

**খেয়েপুরো** **kʰeepuro** পেটুক দ্র খেইপুরু (নদিয়া ৬, ৯)

**খেয়েফুরো** **kʰee pʰuro** দ্র খেইপুরু (নদিয়া ২)

**খেয়েলাম্** **kʰeelam** ক্রি খেয়েছিলাম have eaten আমি ওদের বাড়ি ভাত্ খেয়েলাম্—আমি ওদের বাড়ি ভাত খেয়েছিলাম (নদিয়া ৪) দ্র খা

**খেয়ো** **kʰeo** বি আঞ্জিনা, আঞ্জিনেয় [ছোট গিরগিটিবিশেষ] a small lizard akin to iguana (মুর্শিদা ২৪) দ্র অর্জুনে

**খেয়ো পুরো** **kʰeopuro** দ্র খেয়েপুরো (নদিয়া ৬)

**খের্** **kʰer** বি খড় [ধানেব] দ্র খেড়্[১] (পদিনা ৬, ১১ বীরভূ ১৩)

**খ্যের্** **kʰer** খড় [ধানের] দ্র খেড়্[১] (পদিনা ২)

**খের্তি** **kʰerti** বি ১ চাঁচি [দুধের] the scrapings of calcined or of some milk products (দার্জিলি ২, ৩ পদিনা ৯) ২ সর [দুধেব] a thin layer on milk (পদিনা ২) < সং ক্ষীর

**খের্ বাক্সো** **kʰer bokso** বি দেশলাই a match box (বর্ধমা ৪) ~ খাড়ি বি দেশলাই কাঠির বাক্স a match box (বর্ধমা ৪)

**খেরা** **kʰera** বি খরা drought (মেদিনী ১, ৮)

**খেরি** **kʰeri** খড় [ধানের] দ্র খেড়্[১] (দার্জিলি ৩, ৪ পদিনা ১, ৬)

**খেরিয়ান্** **kʰerian** বি বাইরের উঠান, প্রাঙ্গণ courtyard (পদিনা ৮) দ্র আইগ্না

**খেরির ঘর্** **kʰerir gʰɔr** বি খড় রাখার ঘর a store room [for straw] (পদিনা ২)

**খেরি সাপ্** **kʰeri sap** বি বিশেষ ধরনের সাপ [সরু আকৃতির, ঘরের চালে থাকে] a kind of snake (জলপা ৬)

**খেরিহান্** **kʰerihan** বি খামারবাড়ি farmhouse (পুরুলি ৪) দ্র খেরিয়ান্

**খেরেঁই** **kʰereĩ** খামার দ্র আগনা, খরিয়ান (পুরুলি ৫)

**খেরো[১]** **kʰero** বি গরুর, বাছুরের মুখের জাল a small net fastened on the mouth of cow or calf (হাওড়া ১০)

**খেরো[২]** **kʰero** বালিশের খোল দ্র অড়্[৩] খিসা[২] (বর্ধমা ২২)

**খেঁরো** **kʰẽro** বি একধরনের তরমুজাকৃতি ফল [গ্রীষ্মকালে হয়, রান্না করে, অথবা কাঁচা খাওয়া হয়, স্বাদে উৎকৃষ্ট নয়, চালকুমড়োর মতো। সেজন্য এখানে একটা গালি প্রচলিত আছে, যে ব্যক্তি খাওয়ার ব্যাপারে ইচ্ছাকৃত কার্পণ্য করে তাকে এখানে 'খেঁরো খেগো' বলে] a kind of water-melon (বর্ধমা ৫, ২১) দ্র খেঁড়ো[৪] [শশার একটি জাত খিবাই]

**খেরো গাই** **kʰero goĩ** বি যে গাভীর বেশ কয়েকটি বাছুর পূর্বে হয়েছে এখন আর হয় না at present the cow is barren due to its old age (বর্ধমা ১২)

**খেরোই** **kʰeroĩ** বি ধান ঝাড়াই করার জায়গা দ্র আগনা, খরিয়ান (পুরুলি ২)

**খেল্** **kʰel** খেলা ক্রিয়াপদের মূল ধাতু (root of verb) to play আমানে খেলিঠি—আমরা খেলছি (মেদিনী ১৯, ২২,

২৬) ~ **ছিনো** খেলছিলাম হাম্‌রা বল্‌ খেল্‌ ছিনো--আমরা বল খেলছিলাম ~ **তুম্‌** খেলতাম আমি ইস্কুলে খেলতুম্‌--আমি স্কুলে খেলতাম (মুর্শিদা ১৪) ~ **থা** খেলত উ বোল্‌ খেল্‌থা--ও বল খেলত (মেদিনী ২৫) ~ **থি** খেলতাম আমি ফুটবল্‌ খেল্‌থি--আমি ফুটবল খেলতাম (মেদিনী ২৫) ~ **থিস্‌** খেল্‌ছিস তুই কি বোল্‌ খেল্‌থিস্‌--তুই কি বল খেলথিস (মেদিনী ২৫) ~ **থে** খেলতে তুমি বোল্‌ খেলতে--তুমি বল খেল্‌তে (মেদিনী ২৫) ~ **বু** খেলবি তুই আলি খেলবু--তুই গুলি খেলবি (মেদিনী ৮)

**খেল্‌ কদম্‌ k$^h$el kɔdɔm** বি এক ধরনের কদম গাছ (চব্বিশ ১৫) ১ কদম গাছ a variety of flower or its tree ২ কাঠখয়ের গাছ [বড় গাছ এবং পাতা তেঁতুলপাতার মতো] a kind of tree (similar to the leaf of tamarind (হাওড়া ১০) ৩ একপ্রকার গাছ, তেঁতুল পাতার মতো পাতা, শিরিষ ফলের মতো ফল এবং তার ভিতর পাতলা বীজ থাকে, দীঘায় এই ফলের মালা দেখা যায়। a kind of tree (similar to the leaf of tamarind) (চব্বিশ ১৫, ২০ মেদিনী ১৮)

**খেল্‌ খ্যালানি k$^h$el k$^h$ælɔni** বি বহু ছেলের সঙ্গে প্রেম করে বেড়ায় যে মেয়ে a play girl or a coquette তুই খুব্‌ খেল্‌ খ্যালানি ছোরি, তুই যে কত খেল্‌ খ্যালালু হাম্‌রা কি নি জানিহি--তুই খুব প্রেম করতে জানা মেয়ে, তুই যে কত ছেলের সঙ্গে প্রেম করেছিস, তাকি আমরা জানি না (মালদা ১১)

**খেল্‌টুক্‌ k$^h$elʈuk** বি খেলোয়াড় দ্র খেউলাড়্‌ (কোচবি ২ জলপা ৭)

**খেল্‌ডাত্‌ k$^h$eldɔt** ক্রিবিণ খেলায় at the game আজ্‌কের খেল্‌ডাত্‌ কে জিতবে?--আজকের খেলায় কে জিতবে? (পদিনা ৯) খেলডা (খেলা--সাঁও খেলোড) + ত্‌ (তে)

**খেল্‌দুর্‌ k$^h$eldur** দ্র খেউলাড়্‌ উয়োই কঠিন খেল্‌দুর্‌--ও খুব দক্ষ খেলোয়াড় (মালদা ১১)

**খেল্‌পাতি k$^h$elpɔti** বি খেলার সামগ্রী sports goods (পুরুলি ১৩)

**খেলম্‌ k$^h$elɔm** খেলাম দ্র খা (বাঁকুড়া ১৩)

**খেলহত্‌ k$^h$elɔhɔt** ক্রি খেল্‌ছে is / are playing অরা এখ্‌নো খেলহত্‌--ওরা এখনও খেলছে (পুরুলি ৫) [এই ক্রিয়াটি পুং ও স্ত্রী উভয় ক্ষেত্রে প্রযোজ্য। কিন্তু 'খেলেই সাহে' [ = খেলছে] কেবল পুং বাচক এবং খেলেই সাহি ( = খেলছে) কেবল স্ত্রীবাচক]

**খেলাকুচি k$^h$elɔ kuci** বি খেলনাবাটি girls' play with tiny utensils and furniture imitating the elders খেলাকুচির খেল্‌--খেলনাবাটির খেলা (মেদিনী

খেলাকুচি

১৭) দ্র খেলাশান্‌ খেলা

**খেলা খেলানো k$^h$elɔ k$^h$elɔno** ক্রি খেলা করা to play ছাওয়াটা খেলা খেলাইসে--ছেলেটা খেলা করছে (কোচবি ৪)

**খেলানো k$^h$elɔno** বিণ আলুলায়িত, খোলা unknotted hair চুল্‌ খেলানো আচে--চুল আলুলায়িত আছে (চব্বিশ ৩১)

**খেলাল্‌ করা k$^h$elɔl kɔrɔ** ক্রি (দাঁতের ফাঁক) পরিষ্কার করা to brush one's teeth (বীরভূ ৭)

**খেলাল্‌ কাঠি k$^h$elɔl kɔt$^h$i** বি দাঁতের কাঠি, দাঁতন twig used as a tooth brush (বীরভূ ৭)

**খেলাশান্‌ খেলা k$^h$elɔʃɔn k$^h$elɔ** ক্রি রান্নাবাড়ি খেলা children (girls) play-- a mock show of cooking operation is enacted (পুরুলি ৬)

**খেলাসন্‌ খেলা k$^h$elɔsɔn k$^h$elɔ** দ্র খেলাশান্‌ খেলা (বর্ধমা ১৮)

**খেলাসাল্‌ k$^h$elɔsɔl** বি খেলার ঘর a nursery (পুরুলি ৮)

**খেলি[১] k$^h$eli** খেলোয়াড় দ্র খেউলাড়্‌ (বর্ধমা ২, ৪, ১৯, ২৩ বাঁকুড়া ৩ বীরভূ ৫ মেদিনী ৭ হুগলি ৫, ১১)

**খেলি[২] k$^h$eli** বি মাছ রাখার ঝুড়ি [বাঁশের তৈরি] দ্র খলাই (চব্বিশ ১৯ মেদিনী ১৯, ২২, ২৬)

**খেলিউ k$^h$eliu** খেলেছি দ্র খেল্‌ মি বল্‌ খেলিউ--আমি বল খেলেছি (পদিনা ৯)

**খেলিন্‌ দেওয়া k$^h$elin deŏɔ** ক্রি খাইয়ে দেওয়া to feed (মুর্শিদা ৩) দ্র খা

**খেলিয়ম্‌ k$^h$eliɔm** ক্রি খেলাম দ্র খা (বাঁকুড়া ১৪)

**খেলিহি k$^h$elihi** ক্রি খেলেছি দ্র খেল্‌ হাম্‌রা বল্‌ খেলিহি--আমরা বল খেলেছি (পদিনা ৯) ~ **নু** ক্রি খেলেছিলাম মি বিহানে বল্‌খান্‌ খেলিহিনু--আমি সকালে বল খেলেছিলাম (পদিনা ৯) ~ **নো** খেল্‌ছিলাম, খেলেছিলাম হামরা বল্‌খান্‌ খেলিহি নো--আমরা বলটা খেলেছিলাম (পদিনা ২, ৯)

**খেলিহ্যেন্‌ k$^h$elihen** খেলেছিস দ্র খেল্‌ তোমরা বল্‌



খেস্‌লা

খেলিহ্যেন্‌--তোরা বল খেলেছিস (পদিনা ৯)

**খেলুয়াড়্‌ k$^h$eluɑɽ** খেলোয়াড় দ্র খেউলাড়্‌ (পুরুলি ৫ মুর্শিদা ১৭ মেদিনী ৩, ৬, ১৩)

**খেলুস্‌[১] k$^h$elus** খেলিস খেলছিস [জিজ্ঞাসা অর্থে] দ্র খেল্‌ কি খেলুস্‌--কি খেলছিস্‌? (বাঁকুড়া ৯)

**খেলুস্‌[২] k$^h$elus** বি খোলস্‌ an outer covering, a slough (বাঁকুড়া ১১)

**খেলেই k$^h$eleĭ** বি মাছ রাখার পাত্র [বাঁশের বাখারি দিয়ে তৈরি] দ্র খলাই (মেদিনী ১৮, ২০)

**খেলেইসাহি k$^h$eleĭsahi** ক্রি খেলছে (স্ত্রী) is/are playing (for feminine gender only) মোর্‌ ছওয়াটি এখ্‌নো খেলেইসাহি--আমার মেয়েটি এখনও খেলছে (পুরুলি ৫) পুং খেলেইসাহে

**খেলেইসাহে k$^h$eleĭsahe** ক্রি খেলছে (পুং) is/are playing (for masculine gender only) মোর্‌ ছওয়াটা এখ্‌নো খেলেসাহে--আমার ছেলেটা এখনও খেলছে (পুরুলি ৫) স্ত্রী খেলেইসাহি

**খেলে ডুব্‌রা k$^h$ele ḍubrɑ** বিণ উঁচুনিচু high and low, undulating, uneven খেলে ডুবরা রাস্তা--উঁচুনিচু রাস্তা (মুর্শিদা ২৪)

**খেলো[১] k$^h$elo** খেলোয়াড় দ্র খেউলাড়্‌ player (জলপা ৭ হাওড়া ১, ৮) ক জোন্‌ কোরে খেলো হোলো গুনে দ্যাক্‌--কতজন করে খেলোয়াড় হলো গুনে দেখ্‌ (হাওড়া ১, ৮)

**খেলো[২] k$^h$elo** বিণ ১ সস্তা cheap (হাওড়া ১, ৮)

**খেলোড়ি k$^h$eloɽi** খেলোয়াড় দ্র খেউলাড় < সং ক্ষুদ্রক (পুরুলি ১১)

**খেশ্‌ k$^h$eʃ** বি উলের কম্বল a blanket-made of wool (দার্জিলি ৩)

**খেঁশ্‌ k$^h$ẽʃ** দ্র খেউস্‌ (মেদিনী ৩৪)

**খেশ্‌খেশিয়া k$^h$eʃk$^h$eʃiɑ** বিণ ফ্যাকাশে pale (পদিনা ৯)

**খেশ্‌রা k$^h$eʃra** বি চুলকানি দ্র খুরা[৯] (মালদা ৬)

**খেঁশ্‌রি ভাশা k$^h$eʃri b$^h$ɑʃɑ** বি গ্রাম্য ভাষা rural language (মুর্শিদা ১৫)

**খেশু k$^h$eʃu** বি খোস-পাঁচড়া itches, scabies (মেদিনী ৮)

**খেশে (গরু) k$^h$eʃe (gɑru)** বি বন্ধ্যা (গরু) a barren cow, sterile cow (বীরভূ ৭)

**খেশ্যাল্‌নি k$^h$eʃælni** বিণ ঝগড়াটে দ্র আদাইড়ে, আল্‌কুট্‌ন্যা, ইশালা, খড়ছোটি (মুর্শিদা ২)

**খেস্‌ k$^h$es** ১ দ্র খেউস্‌, দ্র খেঁশ্‌ (মেদিনী ২৮) ২ আম আঁটির ভেতরের সাদা অংশ [পাকা আমের আঁটি সিদ্ধ করে রোদে শুকিয়ে রাখা হয়। আঁটির ভিতরের সাদা অংশটিকে লবণসহ চিবিয়ে খেয়ে জল খেলে বদহজম, অম্বল ইত্যাদি রোগের উপশম হয়] the pulp of a stone of mango (হাওড়া ১০)

**খেস্‌কু ফেস্‌কু k$^h$esku p$^h$esku** উস্কোখুস্কো দ্র খেঁক্‌সি-উড়া খেস্‌কু ফেস্‌কু চুল্‌--উস্কোখুস্কো চুল dishevelled hair (নদিয়া ৬)

**খেস্ট্যা k$^h$estæ** বিণ বদরাগী short-tempered (মুর্শিদা ১১) দ্র খেশ্যাল্‌নি

**খেস্‌তে গেলা k$^h$este gelɑ** ক্রি খুব ক্লান্ত হয়ে যাওয়া to become tired ঘুইর‍্যে ঘুইর‍্যে খেস্‌তে গেল্‌ছি--ঘুরে ঘুরে খুব ক্লান্ত হয়ে গেছি (মুর্শিদা ২২) খুব্‌ দোউরেল্‌ছি, খেস্‌তে গেল্‌ছি--খুব দৌড়েছি, ক্লান্ত হয়ে গেছি (মুর্শিদা ২২) খেস্‌তে গেল্‌ছিস্‌, জিরান্‌ লে--ক্লান্ত হয়ে গেছিস, বিশ্রাম করে নে (মুর্শিদা ২২) দ্র আকালোস্‌তো, অচেঠা (মুর্শিদা ২২)

**খেস্‌লা k$^h$eslɑ** বি চালুনি a sieve, a strainer (কোচবি ৩) তু খাচা[১] ৩

**খেস্‌সু k$^h$essu** দ্র খেস্‌ ২ (মেদিনী ৩১)

**খেঁস্‌স্যা k$^h$ẽssæ** ঝগড়াটে মহিলা দ্র খেশ্যাল্‌নি (মুর্শিদা ১১)

**খেসিং যাওয়া k$^h$esiŋ jɑoɑ** ক্রি (শরীরে বেশি চর্বি জমে যাওয়ার ফলে) প্রজনন ক্ষমতা নষ্ট হয়ে যাওয়া [মহিলাদের ক্ষেত্রে শব্দটি ব্যবহৃত হয়। এছাড়া যে গরুর প্রজনন ক্ষমতা নষ্ট হয়ে যায় তাকেও বলা হয় 'খেসিং গোরু'] sterility due to over fattiness (বীরভূ ৮, ১১)

**খেসু[১] k$^h$esu** বি আমের আঁটি a stone of mango (মেদিনী ২)

**খেসু[২] k$^h$esu** বি চর্মরোগ বিশেষ [খোস্‌-পাঁচড়া] itches (মেদিনী ২১)

**খেসে (আয়) k$^h$ese (ɑĕ)** খাবি বা খেতে আয় দ্র খা (বর্ধমা ২২)

**খেস্যাল্‌ k$^h$esæl** বিণ কলহপ্রিয় fond of quarrels, quarrel some (মুর্শিদা ১৭) দ্র খেশ্যাল্‌নি

**খেঁস্যাল্‌ k$^h$ẽsæl** দ্র খেস্যাল্‌ (মুর্শিদা ৯, ১৫)

খো **kʰo** কানের ময়লা দ্র খরুর (মেদিনী ২৭ হাওড়া ১, ৮)

খোঁই **kʰõĭ** (কাঁচা আমের) কুসি দ্র খেঁশ (নদিয়া ১)

খোইচ্চ্যা **kʰoiccæ** বিণ খরচে [অত্যধিক করচ করে এমন] ব্যক্তি extravacant কি খোইচ্চ্যা টকারে ভাই--কি খরচে ছেলে রে ভাই! (মেদিনী ১৯, ২২, ২৬)

খোই-চড়া **kʰoĭ cɔɽɑ** বি ধান ছাড়ানো খই parched rice (বাঁকুড়া ১৩)

খোঁইচা **kʰõĭcɑ** বি কঞ্চি a twig of bamboo (মেদিনী ৩৩)

খোই চাল্না **kʰoĭ calnɑ** খই চালুনি [মোটা বেতের বেড় দেওয়া বড় ছিদ্রযুক্ত বড় আকারের চালুনিবিশেষ] দ্র খাচা[১] (বর্ধমা ৯)

খোই চালা **kʰoĭ calɑ** বি বাঁশের তৈরি ঝুড়ি বিশেষ [খৈ থেকে ধান বের করার জন্য এটি ব্যবহৃত হয়। এর বুনানিতে ছোট ছোট ছিদ্র থাকে। এই ছিদ্র দিয়েই ধানগুলি নিচে পড়ে যায়] a kind of a sieve made of bamboo (জলপা ৮ চব্বিশ ১১, ১৫, ৩৩ মেদিনী ৯ হুগলি ১২) দ্র খোই চাল্না

খোই চালাই **kʰoĭ calaĭ** দ্র খোই চাল্না (জলপা ৭)

খোই চুড়াচুড় খেলা **kʰoĭ cuɽɑcuɽ kʰelɑ** বি প্রাঙ্গণের গ্রামীণ খেলাবিশেষ [খেলোয়াড়রা দুই দলে বিভক্ত হয়। দুই দলে দুজন নেতা থাকে। দুইদলের নেতাই তার দলের খেলোয়াড়দের প্রত্যেকের একটি করে সাংকেতিক নাম রাখে। এরপর একদলের নেতা অন্যদলের যে কোনো খেলোয়াড়ের চোখ টিপে ধরে ও তার ডাকা কোনো সাংকেতিক নামের খেলোয়াড় এসে ঐ খেলোয়াড়ের মাথায় টোকা মেরে নিজের স্থানে ফিরে যায়। এবার চোখ টেপা হয়েছিল যার সে চেষ্টা করবে ঐ খেলোয়াড়কে চিহ্নিত করতে। যদি পারে তাহলে ঐ খেলোয়াড় 'মোর' হবে অর্থাৎ বাতিল হবে। আর যদি না পারে তবে সে নিজেই 'মোর' হবে। খেলাটি এভাবে চলতে থাকে (এর অপর নাম 'নাম পাতাপাতি' খেলা] a kind of out-door rural game (মেদিনী ১৭)

খোইচুর্[১] **kʰoĭcur** বি মহিলাদের হাতে পরার অলংকারবিশেষ [সোনা বা রূপার তৈরি এই গহনাটি দু ইঞ্চি চওড়া এবং চুড়ির মতো দেখতে। এর অপর নাম 'কফিপাতা চুড়ি'] a kind of ornament named bangle made of silver or gold (মেদিনী ২৭, ৩৪)

খোইচুর্[২] **kʰoĭcur** বি চিনির রসে খই দিয়ে তৈরি মিষ্টি খাবার বিশেষ a ball-shaped sweetmeat prepared by boiling coarsely powdered parched rice in sugar malt (চব্বিশ ৮) সং খদিকা > প্রা খইআ > আ বা খই

খোই চাল্না

খোঁইচে **kʰõĭce** অসক্রি ছড়িয়ে scattering কিছু খোঁইচে নস্ট হবে--কিছু ছড়িয়ে নষ্ট হবে (মালদা ৮)

খোইচোর্ **kʰoĭcor** বি অস্ফুট ধান যা থেকে খই বের হয় নি grain of paddy having no parched rice in it (পদিনা ১১)

খোইচোরা **kʰoĭcorɑ** দ্র খোইচোর্ (বাঁকুড়া ১৪)

খোঁইছল্ **kʰõĭcʰɔl** কোঁচড় দ্র অঁটা[১] (পুরুলি ৪)

খোইছোড়া **kʰoĭcʰoɽɑ** বি খই-এর তৈরি মিষ্টি বিশেষ [খই ভাজার পর অনেকগুলো ধান শক্ত হয়ে পড়ে থাকে। এগুলি জাঁতায় গুঁড়ো করে জলে ভিজিয়ে রাখা হয়। নরম হয়ে গেলে মিষ্টি (গুড়, চিনি) দিয়ে মেখে খাওয়া হয়] a sweet pulp of parched rice (মেদিনী ৩৪)

খোইজল্ খাওয়ানো **kʰoĭjɔl kʰoõɑno** বি মৃত্যু সংক্রান্ত অনুষ্ঠান বিশেষ [মৃত্যুর পরদিন সমস্ত 'ভায়াদ্‌কে' অর্থাৎ জ্ঞাতিকে মুড়ি, লঙ্কা, কলাই ভিজানো ইত্যাদি খাওয়ানোর অনুষ্ঠান] a ritual of a family after new day of death (বাঁকুড়া ৭)

খোঁইড়্[১] **kʰoĭɽ** খোঁয়াড় দ্র খর্[৩] (মেদিনী ৩৪)

খোঁইড়্[২] **kʰoĭɽ** বি খয়ের দ্র খয়র্ (মেদিনী ১৩)

খোইড়্কা **kʰoĭɽkɑ** বি ১ কাঠি দ্র খচো (মেদিনী ৩৫) ২ বাঁশের চেচারি [গোলাকৃতি] round shaped bamboo chip (মেদিনী ১২)

খোইড়্কাঠি মাচ্ **kʰoĭɽkɑtʰi mɑc** বি একপ্রকার মাছ--ভ্যাদা মাছ a kind of fish (কোচবি ১)

খোইড়্কা পিরা **kʰoĭɽkɑ pirɑ** বি সরু পাড় [শাড়ির] thin border of a cloth *shari* (বর্ধমা ৮)

খোইড়ে যাওয়া **kʰoĭɽe jɑõɑ** ক্রি পুড়ে যাওয়া to burn তর্‌কারিটা খোইড়ে যাবে--তরকারিটা পুড়ে যাবে (মেদিনী ৯)

খোইঢারা **kʰoĭdʰɑrɑ** বি মনসা পূজার উপাচার [শ্রাবণ মাসের শনি-মঙ্গলবারে মনসাকে ফলমূল, চিঁড়ে, বাতাসা, খই দিয়ে পুজো দিতে হয়। এছাড়া কলাই, তিল, চাল, মটর, খই-ভাজা, মুড়কি এসব শুদ্ধভাবে ভেজে পুজোতে




খোই দোই খ্যালা[১]

দেওয়া হয়] the materials associated with worship of snake Goddess (মেদিনী ১১)

**খোই ঢুক্‌কুরি** **kʰoï dʰukkuri** বি চোঁয়া ঢেঁকুর দ্র আউনা ঢেকুর, খই ঢেঁকুর (মেদিনী ১৮)

**খোই ঢুম্‌কো** **kʰoï dʰumko** দ্র আউনা ঢেকুর্, খই ঢেঁকুব্ (বীরভূ ১৩)

**খোই ঢেকার্** **kʰoï dʰekar** দ্র আউনা ঢেকুর, খই ঢেঁকুর (বর্ধমা ১, ১৩)

**খোই ঢেঁকার্** **kʰoï dʰẽkar** দ্র আউনা ঢেকুর, খই ঢেঁকুর্ (বর্ধমা ৪, ৮, ২০ বাঁকুড়া ১)

**খোই ঢেকুর্** **kʰoï dʰekur** দ্র আউনা ঢেকুর, খই ঢেঁকুব্ (বর্ধমা ২, ১৯, ২০ মেদিনী ২, ২৫, ৩৫ হাওড়া ১০, ১১ হুগলি ১)

**খোই ঢ্যাকুর্** **kʰoï dʰækur** দ্র আউনা ঢেকুর্, খই ঢেঁকুর্ (হুগলি ৪)

**খোই দোই খ্যালা[১]** **kʰoï doï kʰæla** বি গ্রামীণ কিশোরদের প্রাঙ্গণের খেলা [দুইদলে বিভক্ত হয়ে খেলাটি হয়। ছবি অনুসারে বলা যায় অ, আ একপক্ষ। এরা ঐ ছকের দাগগুলোর মধ্যে যাতায়াত করে। ক, খ বিপক্ষ। এদের সংখ্যা দুজন না হয়ে আরো বেশি হতে পারে। তবে অ, আ কেবল দুজনই থাকবে। ১নং ঘর থেকে ক, খ-রা ২ বা ৩নং ঘরের দিকে যাবে। অ আ ঘিরে বাখবে যাতে ক, খ না যেতে পারে। অ আ কাউকে ছুঁয়ে দিতে পারলেই খেলা শেষ। যদি না ছুঁতে পারে ক-খ রা ২, ৪, ৩ নং ঘর হয়ে বা ৩, ৪, ২ নং ঘর হয়ে পুনরায় ১নং ঘরে ফিরে আসবে। ক, খ-দের যে কেউ একজন ফিরে এলেই তারা এক গেমে এগিয়ে গেল। এইভাবে যতক্ষণ না তাদের গেম দেওয়া বন্ধ করতে পারবে ততক্ষণ খেলা চলবে। এই খেলা 'গুড়্‌মুড়ি খেলা' নামে প্রচলিত আছে (হাওড়া ১, ৩, ৮)। কোথাও আবার 'নুন্ খেলা'ও বলা হয় (হাওড়া ১)। তবে 'গুড়্‌মুড়ি' বা 'নুন খেলা'য় অ, আ ছকের দাগসহ ২নং এবং ৩নং ঘরগুলিতে যাতায়াত করে বিপক্ষদের ছুঁতে পারবে। ক, খ-রা ১ এবং ৪নং ঘরে দাঁড়াতে পারে, অন্য কোথাও নয়। এছাড়া সবাই একই দিক দিয়ে ৪নং ঘরে যেতে পারবে না। কেউ ২নং ঘর হয়ে ৪নং ঘরে গেলে অপরদের (যদি দুজনের বেশি সংখ্যক খেলোয়াড় ক, খ-দের হয়) একজনকে ৩নং ঘর হয়ে ৪নং ঘরে যেতে হবে] a rural game of boys (বীরভূ ১১ মেদিনী ১৪, ২৮)

**খোই দোই খ্যালা[২]** **kʰoï doï kʰæla** ক্রি গ্রামীণ কিশোরদের একপ্রকার খেলা [দুই দলে বিভক্ত। প্রতিদলে চার-পাঁচজন খেলোয়াড় থাকে। দলে একজন করে দলনেতা থাকে। তারা প্রথমে নিজের দলের খেলোয়াড়দের গোপনে বিভিন্ন নামকরণ করে নেয়। তারপর দুইপ্রান্তে দুটি সরলরেখা টানা থাকে সেখানে দুই দলের খেলোয়াড়রা উবু হয়ে বসে। কিন্তু দলনেতারা থাকে ভিন্ন দলের খেলোয়াড়দের কাছে। 'ক'-দলের নেতা 'খ'-দলের খেলোয়াড়দের মধ্যে যে-কোনো একজনের পিছনে গিয়ে তার চোখ দুটি চেপে ধরে এবং নিজের দলের একজন খেলোয়াড়কে ডাকে—যার নাম ইতিমধ্যে সে নতুন নামকরণ করেছে। সে খুব সন্তর্পণে এসে ঐ চোখ চেপে ধরা ছেলেটির মাথায় টোকা মেরে আবার নিজের জায়গায় গিয়ে বসে। সহ-খেলোয়াড়দের সঙ্গে সে এমন ভাব করতে থাকে যাতে বোঝা যায় না সে-ই একটু আগে টোকা মেরে গেছে। সহ-খেলোয়াড়দের সঙ্গে বলতে থাকে—"চিংড়ি মাছে ঝাল লেগেছে" বা "খৈ দে-খাব" ইত্যাদি এক লাইনের শ্লোগান। এখন যাকে মেরে গেছে সে যদি ঠিক নাম বলতে পারে কে তাকে মেরেছে—তবে সে দাঁড়িয়ে এক লাফ দেবে সামনেব দিকে। আর যদি সে ঠিক নাম বলতে না পারে, তবে যে মেরেছিল সে দাঁড়িয়ে এক লাফ দিয়ে সামনে এগিয়ে আসবে। এইভাবে যে দলের সব খেলোয়াড় আগে বিপক্ষদলের লাইনকে অতিক্রম করে যাবে তারাই জয়ী হবে। এই খেলাকে কোথাও কোথাও 'চিংড়ি মাছে ঝাল লেগেছে' (হাওড়া ১, ৮) বলা হয়] a rural game played by two groups of boys (হাওড়া ১, ৩, ৮) দ্র খোই চুড়াচুড় খেলা

**খোই দোই গুড়্ নুন্ ধাশা খ্যালা** **kʰoï doï guɽ nun dʰaʃa kʰæla** বি গ্রামীণ কিশোরদের প্রাঙ্গণের খেলা [চিত্র অনুসারে একটি ছক কাটা হয়। সংখ্যা অনুসারে ঘরগুলির নাম দেওয়া হয় খৈ, দৈ, গুড়, নুন। 'খৈ' ঘরেরই অপর নাম 'ধাশা'। এই ঘরে দান পাওয়া সব খেলোয়াড় থাকে। বিপক্ষ দুইজন দাগে থাকে এবং দান্-পাওয়াদের একঘর থেকে অন্যঘরে যাবার সময় ছুঁয়ে মারে। দান পাওয়ারা খৈ ঘর থেকে বেরিয়ে যথাক্রমে দৈ, গুড়, নুন-ঘর পেরিয়ে আবার ১নং ঘরেই 'ধাশা' দেয়। একই চোর ক্রমাগত চোর হতে থাকলে ৫/৬ বারের পর তাকে 'বেজি'

দিতে হয়। অর্থাৎ হনুমানের মতো দুই হাত-পা মাটিতে রেখে পা দিয়ে অন্য খেলোয়াড়দের মারতে হয়] দ্র গুড়মুড়ি খেলা an outdoor rural game of boys (চব্বিশ ১০)

**খোই ধুম্‌কো ঢ্যাকার্‌ k$^h$oĭ d$^h$umko ḍ$^h$ækor** দ্র আউনা ঢেকুর্‌, খই ঢেঁকুর। খোই ধুম্‌কো ঢ্যাকার উঠছে—চুঁয়া ঢেকুর উঠছে (বীরভূ ৮)

**খোইন্‌ চালা k$^h$oĭn cala** বি খই চালুনি দ্র খাচা[১] (মুর্শিদা ১৯)

**খোইনা k$^h$oĭna** বি পাখির বাসা দ্র খইতা (মুর্শিদা ১১)

**খোইপাদুরি k$^h$oĭ paduri** বিণ ভীতু timid (পদিনা ৭)

**খোই পুড়া k$^h$oĭ puṛa** বি লাজাঞ্জলি—বিবাহের অনুষ্ঠানবিশেষ [এই অনুষ্ঠানে বর ও কনে অগ্নিতে খই আহুতি দেয়] to shower parched rice into fire (মেদিনী ৮, ২৮)

**খোইবড়া k$^h$oĭbɔṛa** বি খই দিয়ে তৈরি একপ্রকার বড়া [উপকরণ—খই, অল্প আটা, পেঁয়াজ, লঙ্কা, হলুদ। প্রথমে খই একটু ভিজিয়ে রাখতে হবে। তারপর ভেজানো খইয়ের উপর আটা, পেঁয়াজ বাটা, লঙ্কা, হলুদ মিশিয়ে ছোট ছোট বড়ির মতো কবতে হবে। এইবার সেগুলো তেলে ভেজে নিতে হবে] a kind of chop made of parched rice (পদিনা ৫)

**খোইভুজা k$^h$oĭb$^h$uja** বি খই a food prepared by parching paddy in sand heated on earthen oven (মেদিনী ২০)

**খোইয়া ঢ্যাকার্‌ k$^h$oĭa ḍ$^h$æ̃kor** বি চোঁয়া ঢেকুব দ্র আউনা ঢেকুর্‌, খই ঢেঁকুর্‌ (বীরভূ ১১)

**খোইয়ান্‌ ধান্‌ k$^h$oĭan d$^h$an** বি খই ভাজার ধান [এই ধান কিছুটা লম্বা আকৃতির, একদিকে একটু শুঁয়া থাকে] a kind of paddy দ্র খেজুর্‌ ছোড়ি (জলপা ১)

**খোইর্‌ k$^h$oir** বিণ কটা বা খয়েরি দ্র খয়র্‌ (মেদিনী ৬, ২০, ২১, ২৬, ৩৪)

**খোইরা k$^h$oĭra** বিণ কটা বা খয়রা দ্র খইরা খোইরা চোক্‌—কটা চোখ brown eyed (মেদিনী ১, ৬, ৮, ১৯, ২২, ২৬)

**খোইরাংগা k$^h$oĭraŋga** বি মুড়কি parched paddy coated with boiled sugar or molasses (বীরভূ ৩)

**খোইরাত্‌ k$^h$oĭrat** বি খয়রাত bounty, charity (মেদিনী ৬) আরবি খয়রাৎ

**খোইরানা (আটা) k$^h$oĭrana (aṭa)** বি শুকনো (আটা) dry (coarse wheat flour) (বাঁকুড়া ১৫)

**খোইরি মাচ্‌ k$^h$oĭri mac** বি এক প্রকার মাছ a kind of fish (হাওড়া ১০) তু খয়রা মাছ



খোই দোই গুড়্‌ নুন্‌ ধাশা খ্যালা

**খোইরো k$^h$oĭro** বি কানের ময়লা, খোল দ্র খরুর্‌ (বীরভূ ৫)

**খোইল্‌[১] k$^h$oĭl** আমের কুশি দ্র খেঁশ্‌ (মুর্শিদা ২২, ২৩)

**খোইল্‌[২] k$^h$oĭl** বি 'গর্‌গোইরা' নামক একপ্রকার পিঠার উপকরণ বিশেষ—মণ্ড [ফুটন্ত জলে চালগুঁড়া মিশিয়ে পিঠার খোলের জন্য যে মণ্ড তৈরি করা হয়] gruel—the material of a country cake (বাঁকুড়া ১)

**খোইল্‌[৩] k$^h$oĭl** বি কানের খোল দ্র খরুর্‌ (চব্বিশ ৩৭ নদিয়া ১১ পদিনা ১, ১৪ মালদা ২, ১১ মুর্শিদা ১১, ২২)

**খোইল্‌[৪] k$^h$oĭl** বি ১ ধানের মিহি তুষ husk of paddy, chaff (পদিনা ১) ২ সরষের তেল বেরনোর পর যে খোসা পড়ে থাকে the refuse of mustard seed (পদিনা ১১)

**খোইল্‌চা k$^h$oĭlca** বি খোলশে মাছ a kind of fish (জলপা ৭)

**খোইল্‌ছানি k$^h$oĭlc$^h$oni** বি গরুর খাদ্য [খড় কুচোনো, খইল, ভুষি ও জল একত্রে মিশিয়ে তৈরি হয়] a mixture of chapped straw, oil-cake, water, etc. given to cattle as their food, fodder (বর্ধমা ১৮)

**খোইল্‌ডাং k$^h$oĭl daŋ** বি গোল লাঠিবিশেষ [পিঠের মণ্ড তৈরির কাজে এই লাঠিটি ব্যবহৃত হয়] a round shaped stick (made of wooden or bamboo) (বাঁকুড়া ১) তু খোইল্‌[২]

**খোইল্‌লা k$^h$oĭlla** বিণ দীর্ঘসূত্রী delatory, slothful, slow ছেলেটা খোইল্‌লা—ছেলেটা দীর্ঘসূত্রী (মুর্শিদা ২৪)

**খোইল্‌শা k$^h$oĭlʃa** দ্র খোইল্‌চা (জলপা ১)

**খোইল্‌শ্যা k$^h$oĭlʃæ** দ্র খোইল্‌চা (জলপা ১)

**খোইল্‌সানো k$^h$oĭlsano** ক্রি (সাপের) খোলস ছাড়া to cast or slough off its skin লতা খোইল্‌সেছে—সাপ খোলস ছেড়েছে [ভয়-মিশ্রিত ভক্তিতে সাপকে লতা বলে] (বাঁকুড়া ৫)

**খোইল্‌সার্‌ k$^h$oĭlsar** বি সরিষার খোলের সার [সার হিসেবে ব্যবহৃত হয়] oil-cake (চব্বিশ ১৯) তু খোইল্‌[৪]



খোওয়া

খোইল্‌স্যা **kʰoïlsæ** দ্র খোইল্‌চা (কোচবি ১)

খোইল্‌হা **kʰoïlhɑ** বি, বিণ খল [ব্যক্তি] a malicious or crooked nature person (মালদা ১১) < সং ক্রূরঃ

খোইল্‌হ্যা **kʰoïlhæ** বিণ অলস idle ছুড়িটা খোইল্‌হ্যা-মেয়েটা অলস (মুর্শিদা ২৩)

খোইল্‌হ্যান্ **kʰoïlhæn** বি খামার দ্র খরিয়ান্ (মুর্শিদা ১৯, ২৩)

খোইলা[১] **kʰoïlɑ** বি কানের ময়লা earwax (কোচবি ৭ জলপা ১ পদিনা ৫, ১১) দ্র ওখোর

খোইলা[২] **kʰoïlɑ** খোল [গরুর খাদ্য] দ্র খোইল্ ছানি (জলপা ১০)

খোইলা[৩] **kʰoïlɑ** বিণ অলস দ্র খোইল্‌হ্যা (মালদা ১০) ২ ধীরে কাজ করে যে who works slowly লোকটা খোইলা খুব্, দুঘণ্টার কাজ্‌টা চার ঘণ্টা লাগাছ্যে—লোকটা খুব ধীরে কাজ করে। দুঘণ্টার কাজ চার ঘণ্টা লাগাচ্ছে (মালদা ১১) দ্র খোইল্‌লা

খোইলান্ **kʰoïlɑn** খামার দ্র খরিয়ান (পদিনা ১০, ১১ মালদা ২, ৪, ৬, ৮ মুর্শিদা ১১, ১৫, ১৯, ২২, ২৪)

খোইলামি **kʰoïlɑmi** বি আলসেমি, কুঁড়েমি idleness, sloth, laziness, lathargy খোইলামি কোরে বোইসে আছ্যা—আলসেমি করে বসে আছে (মালদা ১১)

খোইলাহা **kʰoïlɑhɑ** অলস দ্র খোইল্‌হ্যা উ খুব্ খোইলাহা—ও খুব অলস (মালদা ১১)

খোইলি গোরু **kʰoïli goru** বিণ বলবান হওয়া সত্ত্বেও যে বলদ কাজ করতে চায় না, বারবার শুয়ে পড়ে a strong but lazy bullock (নদিয়া ৭)

খোইলিয়া **kʰoïliɑ** কানের ময়লা (কোচবি ৩) দ্র খোইল[১]

খোইল্যা[১] **kʰoïlæ** দ্র খরুব্ (কোচবি ৪)

খোইল্যা[২] **kʰoïlæ** বিণ অলস, কুঁড়ে idle, lazy (মালদা ১০)

খোইল্যান্ **kʰoïlæn** বি খামার দ্র খরিয়ান্ (মুর্শিদা ১১, ১৮)

খোইল্যামো **kʰoïlæmo** ক্রিবিণ দ্র খোইলামি (মালদা ১০)

খোইস্‌কা **kʰoïskɑ** বিণ কর্কশ, রুক্ষ [গায়ের চামড়া খসখস হওয়া অর্থে] গাটা খুব্ খোইস্‌কা হোইছে—গাটা খুব রুক্ষ হয়েছে (of skin or body) rough, coarse (বীরভূ ৯)

খোইস্‌টা **kʰoïstɑ** দ্র খোইস্‌কা (মুর্শিদা ২)

খোই হওয়া **kʰoï hɔ̆ɑ** ক্রি রাগে টং হওয়া to burst in anger সে রাইগে খোই হইয়ে গেছে—সে রাগে টং হয়ে গেছে (বাঁকুড়া ৭)

খোউড়া[১] **kʰoŭrɑ** বি খড়ি [রুক্ষ তেলহীন গায়ের চামড়ায় খড়ি] দ্র খুক্‌সি (পুরুলি ৫)

খোউড়া[২] **kʰoŭrɑ** ক্রি মুরগি-ঘরে মুরগি ঢোকানো to confine in a coop কুক্‌ড়াগিলা খোউড়ালি-মুরগিগুলোকে মুরগি ঘরে ঢোকালি (বাঁকুড়া ১৮)

খোউড়ান **kʰoŭrɑnɔ** ক্রি গোয়ালে ঢোকানো to confine in cow-shed (মেদিনী ১২)

খোউড়ি ম্যায়া **kʰoŭri mæɑ** বিণ ঝগড়াটে মেয়ে a quarrelsome girl দ্র আদাইড়ে (মেদিনী ৩৪)

খোউদা **kʰoŭdɑ** বি অপেয় গরুর দুধ [প্রসবের পর যতদিন গরুর দুধ খাওয়া হয় না, ততদিন সেই দুধকে 'আলতা খোউদা' বলা হয়। অন্যত্র (হাওড়া ১, ৮) এই দুধকে 'গাব্‌ড়া দুধ' বলা হয়] undrinkable cow-milk just after a few days of calf-birth (কোচবি ৪)

খোউর্ **kʰour** বি শ্ফৌরকর্ম [শ্রাদ্ধের অনুষ্ঠান] a funeral rite (পদিনা ৮)

খোউরা **kʰoŭrɑ** দ্র খোউড়া[১] (পুরুলি ৫, ১২)

★ খোউলা[১] **kʰoŭlɑ** ক্রি ১ ফোটা [ভাত] to boil or cook ভাতটা খোউলিছে—ভাতটা ফুটছে। জ্বালন্ নি ছ্যে, টপ্ কর্যে ভাতটা খোউলিবে নি—জ্বালানি [আঁচ] নেই, ভাতটা তাড়াতাড়ি ফুটবে না (মালদা ১১) ২ ~ ন **kʰoŭlɑnɔ** ক্রি ফোটানো to boil (পদিনা ২)

খোউলা[২] **kʰoŭlɑ** খল দ্র খোইল্‌হা (মেদিনী ১৫)

★ খোউসা **kʰousɑ** ক্রি থুপিয়ে কাচা to wash by rinsing and thrashing lightly (কাপড়) খোউসে কাচা—থুপিয়ে কাচা (নদিয়া ৬)

খোওয়া **kʰoɔ̆ɑ** ক্রি চাষের পর জমিতে ঘাস নিড়ানো to weed (চব্বিশ ১১)

খোওয়াই **kʰoɑï** খাওয়াই দ্র খা দুধ্ খোওয়াই—দুধ খাওয়াই (জলপা ৭) খোওয়াইয়ে দেওয়া—খাইয়ে দেওয়া দ্র খা (বর্ধমা ২০)

খোওয়ানো **kʰoɑno** খাওয়ানো দ্র খা নাস্তা খোওয়ায়—জলখাবার খাওয়ায় (জলপা ১, ৭)

খোংটা **kʰoŋtɑ** বিণ ফোকলা [দাঁত] toothless (দার্জিলি ২)

খোংড়া **kʰoŋɽɑ** নতুন বাঁশের গায়ের খোলস দ্র খপ্‌লা (বীরভূ ১১)

খোংরা **kʰoŋrɑ** বি ঠোঙা a container or carton (বাঁকুড়া ১৭)

খোক্‌[১] **kʰok** বি গর্ত দ্র খন্‌দ[২] (দার্জিলি ৩)

খোক্‌[২] **kʰok** বি খোপ a cell of a case containing multiple cells পানের্‌ ডালর্‌ খোক্‌--পানের বাটার খোপ [এগুলির মধ্যে চুন, সুপারি, খয়ের ইত্যাদি পৃথকভাবে রাখা হয়] (জলপা ৭)

খোক্‌[৩] **kʰok** বি সারেঙ্গা নামক বাদ্যযন্ত্রের অংশবিশেষ [এটি সারেঙ্গার অভ্যন্তর ভাগ] the portion of a stringed instrument akin to the violin (জলপা ৭)

খোঁক্‌ **kʰõk** গর্ত দ্র খন্দ[২] (পদিনা ৯)

খোক্‌কোর্‌ **kʰokkor** বি কোটর [গাছের] a crevice or hollow (পদিনা ৩)

★ খোক্‌ড়ানো **kʰokɽɑnɔ** ১ ক্রি আঁচড়ানো to comb (hair) (মালদা ৫, ১১) চুল্‌গুলা খাক্‌ড়েক্‌, আউল্‌ বাউল্‌ হইয় আছ্যে--চুলগুলো আঁচড়া উস্কোখুস্কো হ'য়ে আছে (মালদা ৫) চুলটা খোক্‌ড়্যে লে--চুল আঁচড়ে লে (মালদা ১১) ২ আঁচড়ানো [কুকুর বেড়ালের আঁচড় দেওয়া অর্থে] to scratch with finger-nails or claws খোঁক্‌ড়ায়--আঁচড়ায় (পদিনা ২)

খোঁক্‌ড়ানো **kʰõkɽɑno** ক্রি খোঁচানো to prick, to pinch (হুগলি ৫)

খোক্‌না **kʰokna** বি বাজপাখি an eagle (মালদা ২)

খোঁক্‌ প্যাঁচা **kʰõk pæ̃ɕɑ** বি এক ধরনের প্যাঁচা a kind of owl (জলপা ৯)

খোক্‌রা **kʰokrɑ** বিণ শুকনো কড়কড়ে ভাত [রাত্রের রান্না করা ভাত সকালে যে শক্ত অবস্থা হয়] glutinous rice (পদিনা ১, ৪)

খোঁক্‌রানো[১] **kʰõkrɑno** ক্রি চেঁচে পরিষ্কার করা to scrape হাত্‌ খোঁকরানো--হাত চেঁচে পরিষ্কার করা (মেদিনী ২৫)

খোঁক্‌রানো[২] **kʰõkrɑno** ক্রি আঁচড়ানো (কুকুর বিড়ালের থাবা দিয়ে) to scratch or dig with finger-nails or claws (পদিনা ২, ৫)

খোঁক্‌রে দেয়া **kʰõkre deɑ** ক্রি ১ তুলে দেওয়া to remove (পুরুলি ১১) ২ কোনো পাত্র থেকে তুলে দেওয়া (দই-দুধ-চাঁচি ইত্যাদি) to lift দাড়্‌হিটা খোঁক্‌রে দে--দুধের তৈরি চাঁচিটা তুলে দে (পুরুলি ১১)

খোক্‌শা **kʰokʃɑ** বি ডুমুর the fig (জলপা ৬, ৭ মালদা ৫)

খোক্‌না

খোঁক্‌শা **kʰõkʃɑ** বিণ খালি পেট [তোবড়ানো বা কিছুটা ভিতরের দিকে ঢুকে যাওয়া পেট বোঝাতে] empty stomach (বর্ধমা ১)

খোক্‌শাড়ো **kʰok ʃɑɽo** বি গাঙ শালিক riparian bird, acridotheros ginginianus (দার্জিলি ৩)

খোক্‌সা **kʰoksɑ** খুস্কি দ্র খড়্‌ড়া (চব্বিশ ৩৭)

খোক্‌সা ঘা **kʰoksɑ gʰɑ** বি গবাদি পশুর চর্মরোগ বিশেষ [এই রোগ হলে লোম উঠে যায়] a kind of skin-desease of the cattle group (বীরভূ ৯)

খোক্‌সা পিঠা **kʰoksɑ pitʰɑ** বি আস্‌কে পিঠা a variety of country pancake made of rice (পদিনা ৪)

খোক্‌সিমা **kʰoksimɑ** বি ১ একজাতীয় শিম a kind of kidney-bean ২ এক ধরনের জংলিগাছ [এর পাতার রস মাথা ধরা ও কানের ব্যথায় ঔষধ হিসাবে ব্যবহৃত হয়] a kind of bushy-plants (পুরুলি ৫)

খোকন্‌ কাশি **kʰokɔn kɑʃi** বি ছোট ছেলেদের একটানা কাশি whooping-cough continuous coughing of children (হাওড়া ১) তু হুপিং কাশি

খোকর্‌ **kʰokɔr** বি কোটর দ্র খোক্‌কো (বাঁকুড়া ৫)

খোঁকা **kʰõkɑ** খাওয়া দ্র খা আষাড় শ্রাবণ মাসে খোঁকা হয়--আষাঢ় শ্রাবণ মাসে খাওয়া হয় (বীরভূ ৯)

★ খোকানো **kʰokɑno** ক্রি (কাঠে) গর্ত করা to make hole খুকি বাশিলা [রাজমিস্ত্রীর যন্ত্র] দিয়ে খোকানো হয়--'খুকি বাশিলা' দিয়ে গর্ত করা হয় (জলপা ৭)

খোঁকিশ্‌ **kʰõkiʃ** বি কাশি cough (পুরুলি ৫)

খোকিয়্যে **kʰokiɛ** খাওয়া দ্র খা টক্‌ কোরিয়া খোকিয়্যে হোল--তাড়াতাড়ি করে খাওয়া হল (মুর্শিদা ২)

খোকো প্যাঁচা **kʰoko pæ̃ɕɑ** বি হুতুম পেঁচা the largest and ugliest species of owl (মালদা ৬)

খোকো মাছি **kʰoko mɑcʰi** বি এক প্রকার মাছি [মৌমাছির মতো দেখতে গাছের কোটরে থাকে] a kind of fly (জলপা ৭)

খোচ্‌কি গাচ্‌

**খোকোর্‌ খাঁচি k$^h$okor k$^h$õci** বি ভাঙা মাটির হাঁড়ি-কলসির টুকরো দ্র খলাম্‌কুচি (মেদিনী ২০)

**খোক্যা দুক্যা k$^h$okæ dukæ** ক্রিবিণ খাওয়া-দাওয়া eating and drinking (মুর্শিদা ৩) দ্র খা

**খোঁখা k$^h$õk$^h$a** কাশি দ্র খোঁকিশ (পুরুলি ৪, ৫ মুর্শিদা ১১)

**খোঁখি k$^h$õk$^h$i** দ্র খোঁখা (পুরুলি ৫)

**খো খো খেলা k$^h$ok$^h$o k$^h$ela** বি গ্রামীণ শিশু-কিশোরদের প্রাঙ্গণের খেলা a kind of rural outdoor game for children (জলপা ১)

**খোখোর k$^h$ok$^h$or** বি কোটর hollow (পুরুলি ১৪)

**খোখোরিন্‌ k$^h$ok$^h$orin** বি ঝিনুক [ছোট শিশুকে দুধ খাওয়াবার জন্য ব্যবহৃত] a metal spoon shaped almost as a valve of the cockle [chiefly used in feeding babies] (পুরুলি ২, ৫)

**খোঁগল্‌ k$^h$õgɔl** গাছের কোটর দ্র খোক্‌কোর্‌ (মুর্শিদা ২)

**খোগো k$^h$ogo** কানের ময়লা দ্র ওখোর, খরুর্‌ (বীরভূ ১২)

**খোঙর্‌ k$^h$oŋɔr** দ্র খোক্‌কোর্‌ (মালদা ১)

**খোঙা$^1$ k$^h$oŋa** ফোকলা দ্র খাঙগা (পদিনা ৮)

**খোঙা$^2$ k$^h$oŋa** বি ১ ছোট শামুক ২ গুগলি the small snail, oyster (মুর্শিদা ২২)

**খোঙা$^3$ k$^h$oŋa** বাঁশের খোল [অর্থাৎ বাঁশের গায়ে আটকানো আবরণ] (বীরভূ ৯, ১০) দ্র খপ্‌লা ২ পাকা তালের মুখের আবরণ দ্র খল্‌পা$^8$ (মুর্শিদা ১৭)

**খোঙা$^4$ k$^h$oŋa** বিণ নাকুয়া বা নাকু, খোনা [নাকি কথা বলে যে মানুষ] given to speaking through one's nose (নদিয়া ১০)

**খোঙা$^5$ k$^h$oŋa** ঠোঙা দ্র খিসা (পদিনা ১)

**খোঙি k$^h$oŋi** ফোকলা [মেয়ে] দ্র খাঙগা (পদিনা ৮)

**খোঙো k$^h$oŋo** বি তালগাছের ডাঁটির পশ্চাদভাগ, যা কাণ্ডের সঙ্গে যুক্ত a stalk of palmyra tree (বর্ধমা ৭)

**খোচ্‌$^1$ k$^h$oc** বি গ্রামীণ খেলার পর্যায় বা দফা, দান a term in rural game (নদিয়া ৪)

**খোচ্‌$^2$ k$^h$oc** বি কাঁটাগাছের বেড়া বাঁধার জন্য যে সরু খুঁটি বা গাছের সরু ডাল পোঁতা হয় [এছাড়া সাধারণ হাল্কা ধরনের বেড়া বাঁধার সময়ও 'খোচ' পোঁতা হয়] a bamboo or wooden stick used in fenceing (বাঁকুড়া ১২)

**খোচ্‌$^3$ k$^h$oc** বি খোঁচা a thorn, a peg (কাপড়ে) খোচ লাগা—(কাপড়ে) খোঁচা লাগা (চব্বিশ ৪)

**খোচ্‌$^4$ k$^h$oc** বি খোঁজ to search (কোচবি ২)

**খোচ্‌$^5$ k$^h$oc** বি ছোট শালগাছের গোড়া the stump of a *Sal*, shorea robusta (বাঁকুড়া ৬)

**খোঁচ্‌$^1$ k$^h$õc** বি মহুয়া ফুলের কুঁড়ি bud of mohua flower (পুরুলি ৫)

**খোঁচ্‌$^2$ k$^h$õc** বি কোঁচা [শাড়ি কিংবা ধুতির] the plaited end of loincloth tucked at the front of the wearer খোঁচ্‌ কোরে পরা--(শাড়ি) কুচিয়ে পরা (মেদিনী ৯) < সং কচ্ছ

**খোঁচ্‌$^3$ k$^h$õe** বি খেজুর গাছের গায়ে লেগে থাকা পাতার গোড়ার অংশ a stalk of date-palm tree দ্র খচ্‌না (বীরভূ ১০)

**খোঁচ্‌$^4$ k$^h$õc** বি মই a ladder (বর্ধমা ৯)

**খোঁচ্‌$^5$ k$^h$õc** বি মাছ ধরার সরঞ্জামবিশেষ a fishing equipment (হুগলি ১৯)

**খোঁচ্‌$^6$ k$^h$õc** দ্র খোচ্‌$^3$ (চব্বিশ ৩১)

**খোচ্‌কি গাচ্‌ k$^h$ocki gac** বি ডুমুর গাছ a fig tree (দার্জিলি ৩)

**খোঁচ্‌ড়িয়া k$^h$õcɾia** বি মাঠে গরু বাঁধার জন্য লম্বা দড়ি a rope to bind cows (মেদিনী ২১)

**খোঁচড়িয়াঁ k$^h$õcɾiã** দ্র খোঁচ্‌ড়িয়া (মেদিনী ৮)

**খোচ্‌লা$^1$ k$^h$ocla** বি আঁশ [মাছের] the scales [fish] (মালদা ৭)

**খোচ্‌লা$^2$ k$^h$ocla** বি, বিণ দাঁত উঁচু যে মানুষের a man with portruded teeth (মেদিনী ৯)

**খোচ্‌লা$^3$ k$^h$ocla** বি সাবান মাখার ছাল serubber (মালদা ৭)

**খোঁচল্‌ k$^h$õcɔl** বি কোঁচড় the lap of one's loin clot দ্র অঁটা$^1$ (পুরুলি ৩)

**খোঁচল্‌ দাঁত k$^h$õcɔl dãt** বি কুকুরে দাঁত [শিশুদের ক্ষেত্রে ব্যবহৃত] the canine tooth of children (পুরুলি ৪)

**খোচা$^1$ k$^h$oca** কাঠি দ্র খচো (পদিনা ১০, ১১)

**খোচা$^1$ k$^h$oca** বি দাঁতন a twig used as tooth-brush (মেদিনী ১১)

**খোচা$^3$ k$^h$oca** বি পায়রার বাসা a pigeon hole (কোচবি ৮) দ্র খইতা

**খোচা$^4$ k$^h$oca** ক্রি থুপথুপ করে কাচা to wash by rinsing and thrashing lightly ক্যাঁতা খুচ্‌সি—কাঁথা থুপ থুপ করে কাচ্‌ছি (চব্বিশ ২৯)

খোচা[৫] **kʰoca** বি (কাঁচা) খোসা skin of green vegetable (মালদা ৭)

খোঁচা[১] **kʰõca** বি পায়ের বা হাতের গহনাব মুখ আটকানোর খিল a pin, a peg of an ornament (মেদিনী ২)

খোঁচা[২] **kʰõca** বি কোঁচা বা কাছা [ধুতির] the part of the loin-cloth which the wearer tucks behind him between his legs (বর্ধমা ১৩ মেদিনী ৯, ২৫)

খোঁচা[৩] **kʰõca** কাঠি দ্র খচো (পদিনা ১০)

খোঁচা[৪] **kʰõca** বি বর্শা a spear (বীবভূ ৭, ১১) তু আ বা খুঁচে মারা

খোঁচা[৫] **kʰõca** কোচর দ্র আঁটা (মালদা ৯)

খোঁচা[৬] **kʰõca** বি ছোট লাঠি a small stick (হাওড়া ১০) তু খোচা (হুগ্রা)

খোঁচা[৭] **kʰõca** বি খড়কে [দাঁত খোঁটার কাঠি] a tooth-pick (বর্ধমা ২০)

খোঁচা[৮] **kʰõca** ক্রি চটকানো to knead, to handle roughly (পদিনা ১০)

★ খোঁচা[৯] **kʰõca** (কাপড়) থুপিযে কাচা দ্র খোউসা (নদিয়া ৪, ৭) কাপড় খুঁচে কাচ্—কাপড় থুপিয়ে কাচ (নদিয়া ৪) কাপড় খোঁচ্—কাপড় থুপিয়ে কাচ (নদিয়া ৪)

খোঁচাকাঠি[১] **kʰõca kaʈʰi** বি মাছ ধরার এক ধরনের ছিপ [এই জাতীয় ছিপে ফাতনা থাকে না। দুই আড়াই ফুট লম্বা কঞ্চির মাথায় দেড় / দুই ফুট লম্বা সুতোর মাথায় বঁড়শি থাকে। বঁড়শিতে টোপ দিতে রাত্রে মাছ ধরার জন্য পুকুরের ধারে ধারে ছিপেব গোড়া পুঁতে রাখা হয়] a kind of fishing-rod (বীরভূ ১১) দ্র আঁদাব্ কাঠি

খোঁচাকাঠি[২] **kʰõca kaʈʰi** দ্র খোঁচা[৭] (বর্ধমা ৪)

খোচা কোরে পরা **kʰõca kore pɔra** ক্রি ধুতিকে লুঙ্গির মতো করে পরা a long loin-cloth worn chiefly as a lungi (হুগলি ৫)

খোঁচা-খাড়ি **kʰõca-kʰaɽi** বি ডালপালা branches twigs and leaves of a tree (হুগলি ১)

খোঁচা গেঁথে যাওয়া **kʰõca gẽthe jaõa** ক্রি খোঁচা লেগে যাওয়া to hit poke (হাওড়া ১০)

খোঁচা চুল্ **kʰõca cul** বিণ বেতো চুল crisped hair বরা খোঁচা চুল্—খুব বেতো চুল (মেদিনী ৯) দ্র খাঁটিয়া

খোচি **kʰoci** খাচ্ছি দ্র খা (বীরভূ ১০)

খোচি যাওয়া **kʰõci jaõa** ক্রি মাড়িযে যাওয়া to tread or trample পা খোচি গেইল্—পা মাডিযে গেল (কোচবি ১ পদিনা ১০)

খোচি লড়া **kʰoci lɔɽa** ক্রি খিঁচ্ ধরে যাওয়া to have a sprain or cramp (বর্ধমা ১৪)



খোঁচা[৪]

খোচুরি **kʰocuri** বি পায়েব ছাপ [ভিজে মাটির উপর] a foot-print [on muddy ground] (হাওড়া ১০)

★ খোচে যাওয়া **kʰoce jaõa** ক্রি মচ্কে যাওয়া to be sprained, to be twisted পা খোচে গ্যালো—পা মচকে গেল (হুগলি ১৬) দ্র খোচি লড়া

খোঁচে যাওয়া **kʰõce jaõa** ক্রি ১ মাড়িয়ে যাওয়া দ্র খোচি যাওযা (পদিনা ৫) ২ ডিঙিয়ে যাওয়া to cross by leaping (পদিনা ৬)

খোঁচোড়্যা **kʰõcoɽæ** দ্র খোইচোর (মুর্শিদা ২২)

খোচোর্ **kʰocor** বি না-ফোটা খই-ধান [খই-ভাজার সময় সব ধানের খই হয় না। সেগুলিকে ঢেঁকিতে কুটে চাল তৈরি করে ভাজা হয়। এরপর ভাজা চালগুলো কুটে ছাতু তৈরি হয়] দ্র খোইচোর্ (পদিনা ১০)

খোঁচোর্ **kʰõcor** বি ট্যাক [কোমরে কাপডের ভাঁজে যেখানে পয়সা ইত্যাদি রাখা হয] the fold of the loin-cloth tied at the waist (বর্ধমা ২০) তু আ বা কোঁচড়

খোঁচোল্ **kʰõcol** বি ১ ট্যাক দ্র খোঁচোর্ (মুর্শিদা ৩) ২ কোঁচড় the lap cloth (পুরুলি ৫ মুর্শিদা ৩) তু আঁচা[১]

খোঁজ্ **kʰõj** নবম মাটিতে পায়ের চাপে সৃষ্ট গর্ত দ্র খোচুরি (চব্বিশ ৮)

খোজ্খাজ্ করা **kʰojkʰaj kɔra** ক্রি খোঁজাখুজি করা to search continuously (জলপা ৭) খোঁজ (সাঁও)

খোঁজ্ দেওয়া **kʰõj deõa** ক্রি খড়ের ঘরের ছাউনি দেওয়ার সময় খড় গুঁজে দেওয়া to push straw while making a thatch (চব্বিশ ২৭) তু আট্খড়া

খোঁজ্ ধরানো চুল্ **kʰoj dʰɔrano cul** বি কোঁকড়ানো চুল curled hair, curly hair (মেদিনী ৩) তু আ বা খাঁজ

খোজ্নি **kʰojni** বি খৈনি [চুন দিয়ে মেখে খাওয়া হয়] a quid of tobaco (বাঁকুড়া ৮)

খোঁজ্রি **kʰõjri** বি গোষ্পদ a cow's foot-print (হাওড়া ৮) দ্র খোঁজ্

খোজ্লি **kʰojli** বি খোস scabies (পুরুলি ৫)

খোজা **kʰoja** মাকুন্দ দ্র খশা[৩] (হুগলি ৬, ৮, ১১) ফা খ্বাজা

খোঁজা[৩]

**খোঁজা[১] kʰõjɑ** বি খুবই পাশাপাশি দুই মাটির বাড়ির মাঝখানের ফাঁকা জায়গা [এর উপরে ছাউনিও থাকে] the narrow passage in between huts (মেদিনী ১৩)

**খোঁজা[২] kʰõjɑ** ক্রি [কাঁথার ধারে] সেলাই করা to patch work কাঁথাটা খোঁজা হোলো—কাঁথার ধারে সেলাই করা হল (মেদিনী ১১)

**খোঁজা[৩] kʰõjɑ** ক্রি যোগ করা [খেজুর পাতার পাটি বোনার সময় ১৮/২০টা লম্বা লম্বা পাটি তৈরি করে ঐ গুলোকে সরু খেজুর পাতার সাহায্যে পরস্পরের সঙ্গে যুক্ত করা হয়। একে বলে 'খোঁজানো'। কেবলমাত্র এই প্রসঙ্গেই শব্দটির ব্যবহার হয়] to add (only used to knit a mat of date-palm leaves) (মেদিনী ১৭)

**খোঁজা[৪] kʰõjɑ** বিণ বাঁজা গাই গরু a barren cow (বীরভূ ১১) তু খোজা (আ বা) খো আজহ্ (ফার্সি)

**খোঁজা[৫] kʰõjɑ** ক্রি দুই কাঠে যুক্ত করা to join two wooden pieces (মেদিনী ১৩)

**খোঁজা গাই kʰõjɑ gaĭ** বিণ ছট্‌পটে দুষ্ট গাই [এ দুধ দেবার সময় পিছনে লাথি মারে] an unruly cow (বাঁকুড়া ৬, ৭)

**খোজাইশ্‌তা লোক kʰojaiʃta lok** বদরাগী দ্র আঁড়রা[৪], আদাইরি, খট্‌রাগি (বর্ধমা ২৬)

**খোঁজাড়ি kʰõjɑɾi** বি গোষ্পদ a cow's footprint (হাওড়া ১০) তু খোঁজ্‌রি

★ **খোঁজানো kʰojɑno** দ্র খোঁজা[৩] (মেদিনী ১৭)

**খোজামোজা kʰojɑ mojɑ** উঁচুনিচু দ্র খাল্ উচ্‌চা (মুর্শিদা ৩)

**খোজামোজ্যা kʰojɑmojæ** বিণ উস্কোখুস্কো dishevelled, disorderly (মুর্শিদা ১৩)

**খোঁজি দেওয়া kʰõji deŏɑ** ক্রি জুড়ে দেওয়া to connect বাটিয়া খোঁজি দাও—সরু দড়ি জুড়ে দাও (মেদিনী ৮)

**খোজু kʰoju** বি ভূষি chaff, husk bran (জলপা ৯, ১০)

**খোজুড়ি kʰojuɾi** দ্র খোঁজ্‌রি (হাওড়া ১)

**খোজুরি kʰojuri** দ্র খোচুরি (মেদিনী ১৫ হাওড়া ১০)

**খোঁজে দেওয়া kʰõje deŏɑ** ক্রি বেঁধে দেওয়া to fasten, to tie দড়িতে দড়িতে খোঁজে দেওয়া হল—দড়িতে দড়িতে বেঁধে দেওয়া হল (মেদিনী ২৪)

**খোজোড়ি kʰojoɾi** দ্র খোচুরি (হাওড়া ১০)

**খোট্ kʰot** বি শিশুর আবদার [বড় ছেলের আবদারকে খোট্ বলে না] a childish or capricious insistence on having or doing something (হুগলি ১৫)

**খোট্[১] kʰot** বি আঁচলের খুঁট, কোণ [শাড়ির] a corner of shari (চব্বিশ ২০ বর্ধমা ৫, ১৫ মেদিনী ১২ হাওড়া ৩)

**খোঁট্[২] kʰot** কানের খোল দ্র ওখোর্, খরুর্ (মুর্শিদা ১৯)

**খোট্‌কা kʰotkɑ** বি সন্দেহ doubt (মেদিনী ৭) তু আ বা খট্‌কা

**খোট্‌কে ধরা kʰotke dʰɔrɑ** খোঁটা [নখ] দ্র খড়্‌ড়ানো মুই ঢাক্‌নাই খোট্‌কে ধোর্‌সুং—আমি নখ খুঁট্‌ছি (কোচবি ৪)

**খোট্‌টি[১] kʰotti** নাকের শুকনো সর্দি দ্র খাট্‌টি[১] (চব্বিশ ২১ নদিয়া ১১ পুরুলি ৫, ১২)

**খোট্‌টি[২] kʰotti** ঘা শুকিয়ে যাবার পর যে শুকনো ছাল ওঠে দ্র খট্‌কি (মালদা ১০ মুর্শিদা ১৯) তু আ বা কাঠখোট্‌টা (শুষ্কতা অর্থে)

**খোট্‌টি[৩] kʰotti** বি খড়ি দ্র খুক্‌সি গায়ে খোট্‌টি উড়্‌ছে—গায়ে খড়ি উঠছে (মেদিনী ১২)

**খোট্‌টি[৪] kʰotti** কানের খোল দ্র ওখোর্ খরুর্ (মালদা ৫)

**খোট্‌টি[৫] kʰotti** দ্র খড়্‌ড়া (পুরুলি ১০)

**খোট্‌টি পুটি kʰotti puti** বি সরল পুঁটি [মাছ] a kind of a tiny fresh-water fish (কোচবি ৩, ৫)

**খোট্‌টি মাচ্ kʰotti mɑc** দ্র খোট্‌টি পুটি (দার্জিলি ৩)

**খোট্‌টুনি kʰottuni** বিণ দজ্জাল a shrew খোট্‌টুনি সাসু—দজ্জাল শাশুড়ী (মেদিনী ৩১) আ বা খোঁটা দেওয়া

**খোট্‌ঠাই যাওয়া kʰottʰaĭ jaŏɑ** ক্রি খুব ময়লা হওয়া too dirty (পুরুলি ৮)

**খোট্‌ঠি[১] kʰottʰi** নাকের শুকনো সর্দি দ্র খাট্‌টি[১] (মালদা ১১)

**খোট্‌ঠি[২] kʰottʰi** কানের ময়লা দ্র ওখোর্, খরুর্ (মালদা ১১)

**খোট্‌ঠি[৩] kʰottʰi** খড়ি দ্র খুক্‌সি (পুরুলি ৭)

**খোঁট্‌ডানো kʰotɖɑno** খোঁটা [এই শব্দটি কেবল নখ খোঁটার ক্ষেত্রেই ব্যবহার হয়] দ্র খঁড়্‌ড়ানো অকে নোক্ খোঁট্‌ডানো রোগে পেইচে—ওকে নখ খোঁটা রোগে পেয়েছে (হাওড়া ১০)

**খোঁট্ বিড়া kʰõt biɾɑ** বি মুগুর [কাঠের তৈরি। সাধারণত গরু ছাগলের দড়ির গোঁজ পোঁতার জন্য ব্যবহৃত হয়] a mallet (বীরভূ ৭, ১১)

খোট্‌রা **kʰotra** [নখ] দ্র খঁড়্‌ড়ানো লোখ্‌ খোট্‌র্যে ইস্‌ না--নখ খুঁটিস না (মুর্শিদা ২৪)

খোঁটরা **kʰõtra** খোঁটা [নখ, দাঁত ইত্যাদি] দ্র খঁড়্‌ড়ানো (মুর্শিদা ২৪ মেদিনী ৫, ৯)

খোট্‌রা গালি **kʰotra gali** বিণ গাল বসে গেছে যে মানুষের wizened person to look haggard (মুর্শিদা ২)

খোঁট্‌রানা **kʰõtrana** খোঁটা (নখ, দাঁত ইতাদি) দ্র খঁড়্‌ড়ানো (মেদিনী ১৩, ২৫)

খোট্‌রানো **kʰotrano** খোঁটানো (দাঁত, নখ) দ্র খঁড়্‌ড়ানো (চব্বিশ ২১ মুর্শিদা ২৪ হুগলি ১৬)

খোঁট্‌রোগা **kʰõtroga** বিণ কোনো কিছুই পছন্দ হয় না যে মানুষের, খুঁতখুঁতে লোক peevish, fretting এইসব্‌ লোক্‌ খোঁট্‌রোগা লোকের্‌ পাল্লায় পড়লে জব্দ হঁয়ে যাবে--এইসব লোক খুঁতখুঁতে লোকের পাল্লায় পড়লে জব্দ হয়ে যাবে (বীরভূ ৮)

খোট্‌লাগা **kʰot laga** ক্রি অতিরিক্ত কাঁদার ফলে শিশুর বেদম হয়ে পড়া [এইসময় শিশুর পা জলে ডুবিয়ে রেখে মাথায় জল ঢালতে হয়। একে 'টাক্‌ ধরা' বলা হয়] to get short of breath by crying (বর্ধমা ১৪)

খোট্‌লি **kʰotli** বি চৌকি [কাঠের] a four-legged wooden cot or stool (পদিনা ২)

খোঁটর্‌[১] **kʰõtɔr** দ্র খোক্‌কোর (বীরভূ ১২)

খোঁটর্‌[২] **kʰõtɔr** ক্রি বঁড়শিতে মাছ ঠোকরানো to peck, to nibble (চব্বিশ ১১)

খোটা[১] **kʰota** বি টোকা to pick up (পদিনা ১০)

খোটা[২] **kʰota** ক্রি বাছাই করা to sort out পান্‌লা খোট্‌বো হবে--পানগুলো বাছাই করতে হবে (মালদা ৬)

খোঁটা[১] **kʰõta** বি খুঁটি [বাঁশের] a post or pillar made of bamboo (চব্বিশ ১৮, ৩৩)

খোঁটা[২] **kʰõta** ক্রি গর্ত করা দ্র খোকানো (কোচবি ৩)

খোঁটা[৩] **kʰõta** ক্রি ১ কাটা [শব্দটি শুধুমাত্র নখ কাটার ক্ষেত্রে ব্যবহৃত] to cut the nail নোক্‌ খুঁট্‌বো--নখ কাটবো (বীরভূ ১১) ২ খোঁটা অর্থে to pinch or nip নোক্‌ খোঁটোরাচ্‌চে--নখ খুঁট্‌ছে (বর্ধমা ৯)

খোঁটা[৪] **kʰõta** হাড়িকাঠ দ্র খিল্‌কাঠি (বাঁকুড়া ৭)

খোঁটা[৫] **kʰõta** বি নিন্দা, তুলনামূলকভাবে অবহেলা slander, neglegence (মুর্শিদা ১৭) আ বা খোঁটা দেওয়া অর্থে

খোটাই **kʰõtaï** বি হাঁস-মুরগিকে খেতে দেবার গর্ত বিশেষ a hole used as feeding pot of the duck and hens (জলপা ৩)

★ খোঁটানো **kʰõtano** ক্রি টাঙানো, খাটানো [মশারি] to hang খোঁটাই দে--খাটিয়ে দে (মেদিনী ৮)

খোটুয়া[১]

খোটা পিপোড় **kʰota pipor** বি ডেঁয়ো পিঁপড়ে a large and black species of ant (পদিনা ১০)

খোটি[১] **kʰoti** কানের খোল দ্র ওখোর্‌, খরুর্‌ (পদিনা ২, ৩, ৯ হুগলি ১২) ২ নাকের শুকনো সর্দি দ্র খাট্‌টি[১] (পদিনা ২, ৯) কানের ভিতরত্‌ খোটি ছে--কানের মধ্যে ময়লা আছে (পদিনা ৯)

খোটু **kʰotu** বি ১ টুকরো a piece এক খোটু ভুই--এক টুক্‌রো জমি (জলপা ১) ২ আল দিয়ে ঘেরা জমি a ridge of earth set up around a piece of agricultural land (কোচবি ২ দার্জিলি ২)

খোটুয়া[১] **kʰotua** বি (কাঠের) সিঁদুর কৌটো a small vernillion pot (জলপা ৭)

খোটুয়া[২] **kʰotua** নারকেলের মালা দ্র খপুয়া (জলপা ৭)

খোটুয়া[৩] **kʰotua** হাড়িকাঠ দ্র খিল্‌কাটি (বাঁকুড়া ৬)

খোটুয়া[৪] **kʰotua** দ্র খোটু[২] (পদিনা ১০)

খোটুর্‌ **kʰotur** বি কোটর [গাছের] hollow দ্র খোক্‌কোর্‌ (মেদিনী ১১)

খোটুরে পিঁচা **kʰoture pĩca** বি কোটরে পেঁচা a hollow-owl (বীরভূ ১০)

খোঁটে **kʰõte** বিণ খাটো, ছোট small, short খাটো খোঁটে চুল--ছোট চুল (বীরভূ ১১)

খোটেই **kʰoteï** বি ঢেঁকির গড় the hole of a husking paddle (পদিনা ৭)

খোঁটো **kʰõto** বি ছোট সরু খুঁটি [তাঁতের সরঞ্জামবিশেষ। পা দিয়ে চাপা 'ঝাঁপ' বা 'নাচনি কল' এই দুটি খুঁটি বা গোঁজার সাহায্যে মাটিতে পুঁতে বা আটকে রাখা হয়] a small thin pillar used as a stand for the loom (বীরভূ ১৩)

খোটোই[১] **kʰotoï** দ্র খোটেই (মালদা ৪)

খোটোই[২] **kʰotoï** বি গ্রামীণ খেলার ছোট গর্ত a kind of hole used in rural game (জলপা ৭)

খোটোড়্‌ **kʰotor** দ্র খোক্‌কোর্‌ (মুর্শিদা ১৭)

খোটোর্‌[১] **kʰotor** দ্র খোক্‌কোর্‌ (বাঁকুড়া ৪ মুর্শিদা ৩, ২১)

খোড়্‌কে ছাতু

**খোটোর্**[২] **k$^h$ot̪or** বি কুলুঙ্গি a recess or small shelf in a wall (মুর্শিদা ২২)

**খোঁটোর্**[১] **k$^h$ōt̪or** দ্র খোক্‌কোর্ (বর্ধমা ৪, ৮, ১৫ বীরভূ ৭)

**খোঁটোর্**[২] **k$^h$ōt̪or** দ্র খোটোর্[২] (মুর্শিদা ২২)

**খোটোর্ চোকি k$^h$ot̪or coki** বিণ যে মানুষের কোঠোরাগত চোখ the socket of round-shape eye, a man with deep set eyes (বীরভূ ১)

**খোটোল্ k$^h$ot̪ol** কানের ময়লা দ্র ওখোর, খরুর্ (পদিনা ৪, ৬)

**খোটোলোই k$^h$ot̪oloĭ** গর্ত দ্র খন্দ[২] (জলপা ১০)

**খোঁঠোর্ k$^h$ōt̪$^h$or** দ্র খোক্‌কোর্ (মুর্শিদা ১৯)

**খোড্‌ডি**[১] **k$^h$oḍḍi** দ্র ওখোর্, খরুর্ (মালদা ১১)

**খোড্‌ডি**[২] **k$^h$oḍḍi** ঘায়ের মুখের শুকনো আবরণ দ্র খট্‌কি (মালদা ৩, ১১)

**খোড্‌রি k$^h$oḍri** বিণ উস্কো-খুস্কো [চেহারা] dry and lean or swelled, wizened (পুরুলি ৬)

**খোড়্**[১] **k$^h$oɽ** খয়ের [পানের মশলা] দ্র খয়র্ (মালদা ৫ মেদিনী ৩৪)

**খোড়্**[২] **k$^h$oɽ** বি গরুর জ্বর [অনেকে একে 'বাদল রোগ'-ও বলে] a kind of cattle disease (নদিয়া ১০ বর্ধমা ২০)

**খোড়্**[৩] **k$^h$oɽ** বি খেওলা জালের [মাছ ধরার জাল] লোহার কাঠিগুলো যে সরু দড়িতে বাঁধা থাকে the thread which ties the dead weights of a fishing net (বীরভূ ৯)

**খোড়্**[৪] **k$^h$oɽ** বি বাঁশের বড় ঝুঁড়ি [গরুকে খেতে দেবার বাঁশের পাত্র বিশেষ] a trough or tub made of bamboo stick used as manger (কোচবি ৮)

**খোড়্**[৫] **k$^h$oɽ** বালিশের খোল দ্র অড়্[৩], খিসা (মেদিনী ২)

**খোড়্**[৬] **k$^h$oɽ** বি শিশুর বায়না an insistent and unreasonable or capricious demand (নদিয়া ৪)

**খোঁড়্**[১] **k$^h$ōɽ** বি ১ খোঁয়াড় [গরুর] দ্র খর্[৩] (চব্বিশ ১৮ বর্ধমা ১৯ মেদিনী ৭ হাওড়া ১, ৩, ৮ হুগলি ৫) ২ গোয়াল ঘরের বাইরে যে স্থানটিতে মাঝে-মাঝে গরুকে বেঁধে রাখা হয় a courtyard or outside of the cow-shed (হুগলি ১০)

**খোঁড়্**[২] **k$^h$ōɽ** হাঁস-মুরগি থাকার ঘর দ্র খল্‌লা, আত্‌রি[২] (চব্বিশ ৮ হাওড়া ৩)

**খোড়্‌কা k$^h$oɽkɑ** বি কুটি [ছোট ছোট করে কাটা খড় বা তৃণ] straw or grass chopped fine, a small chip of straw or grass (পুরুলি ১৫)

**খোড়্‌কা**[২] **k$^h$oɽkɑ** বি নখ the nail (দার্জিলি ২)

**খোড়্‌কাটি k$^h$oɽkɑt̪i** বি এক ধরনের মাছ a kind of fish (কোচবি ১)

**খোড়্‌কে**[১] **k$^h$oɽke** বি নারকেল পাতার ছোট কাঠি [কাঠির একপ্রান্ত চিরে সেই ফাঁকে প্রয়োজনমতো সুতো লাগিয়ে জাল মেরামত করার কাজে ব্যবহৃত হয়] a stick of coconut-leaf (চব্বিশ ২৬)

**খোড়্‌কে**[২] **k$^h$oɽke** বি (গামছা বোনার) হাতের তাঁত-এর অংশবিশেষ [দুটি ছোট এক বিঘৎ উঁচু খুঁটির উপর এটি থাকে। এটি তালকাঠ বা কাঠের তৈরি, ২/২½ হাত চওড়া, ৩ থেকে ৩½ হাত লম্বা, এর কাজ সুতোগুলিকে উঁচু করে রাখা। এছাড়া খোড়্‌কে এবং 'কোল্‌নোরাজ্' সুতোগুলিকে এক সমতলে রাখে। খোড়্‌কে থেকে সুতো ঢালু হয়ে 'সামনে নোরাজ'-এ চলে যায়] a part of a hand-loom (চব্বিশ ৩৬)

**খোড়্‌কে ছাতু k$^h$oɽke c$^h$ɑtu** বি ব্যাঙের ছাতা mushroom (মেদিনী ৭) খড়কের ছাতু—খড়ের ছাতু

**খোড়্‌কে দেওয়া k$^h$oɽke deŏɑ** ক্রি তরকারি সাঁতলানো to singe lightly with spices in oil, clarified butter or fat (বাঁকুড়া ১৮)

**খোড়্‌কে ঝেজি k$^h$oɽke j$^h$eji** বি খুব সরু ফড়িংবিশেষ a kind of grasshopper (চব্বিশ ২১)

**খোড়্‌কেটি k$^h$oɽket̪i** বি এক প্রকার মাছ [ভেট্‌কির মতো দেখতে কিন্তু আকারে ছোট] a kind of fish (কোচবি ৩)

**খোড়্ কেটে শোয়া k$^h$oɽ ket̪e ʃoɑ** ক্রি কুণ্ডলী পাকিয়ে শোয়া to be with a twisted body খোড়্ কেটে শুয়ে আছে—কুণ্ডলী পাকিয়ে শুয়ে আছে (হুগলি ১৯)

**খোড়্‌ক্যা**[১] **k$^h$oɽkæ** বি গাছের সরু ডাল a branchlet or a twig (মেদিনী ৩৫) তু খড়কে (জ্ঞা)

**খোড়্‌ক্যা**[২] **k$^h$oɽkæ** বি এক ধরনের ছোট শাড়ি [ছোট মেয়েদের পরিধেয় বস্ত্রবিশেষ] a kind of small shari (মুর্শিদা ৩)

**খোড়্‌চি k$^h$oɽci** বি জাল বোনার মাকু a shuttle to knite fishing net (নদিয়া ৪)

**খোড়্চ্যাকার্** **kʰoɾcækɔr** বি (বাড়ির পাশে আঙিনায়) ছোট ক্ষেতঘেরা বাঁশের বেড়া a bamboo fencen-round domestic field (কোচবি ২)

**খোড়্ড়ি** **kʰoɾɾi** খুস্কি দ্র খড়্ড়া (বর্ধমা ৮)

**খোড়্পা** **kʰoɾpɔ** নারকেলমালা দ্র খপুয়া, খুরি বা মাটির ছোট বাটির সাদৃশ্যে (কোচবি ৪)

**খোড়্মুন্জা** **kʰoɾmunjɔ** বি খরমুজ the melon (জলপা ৭)

**খোড়্রি**[১] **kʰoɾri** খড়ি দ্র খুক্সি (পুরুলি ৬, ১৬ বাঁকুড়া ১৭) ত্যাল্ মাখরে, তোর্ গাটায় খোড়্রি ফুঁটি গেছে--তেল মাখরে, তোর গায়ে খড়ি ফুটে গেছে (বাঁকুড়া ১৭)

**খোড়্রি**[২] **kʰoɾri** বি ১ কুলুঙ্গি a recess (পুরুলি ১৭) ২ ছোট কুলুঙ্গি a small shelf in a wall (পুরুলি ৪)

**খোঁড়্শাল্** **kʰõɾ ʃɔl** বি গোয়াল ঘরের প্রাঙ্গণ [দিনের বেলায় গোয়ালের বাইরে চালাবিহীন জায়গায় গরু বেঁধে রাখা হয়] a courtyard or open space of the cow-shed (হুগলি ১) তু খড় রাখার জায়গা

**খোড়** **kʰoɾɔ** বালিশের খোল দ্র অড়্[৩], খিসা[২] (মেদিনী ৩০)

**খোড়া**[১] **kʰoɾɔ** বি খাঁচা [হাঁসের থাকার জন্য বাঁশের চেচারির তৈরি] chiken coop (জলপা ৭) দ্র আক্রি[১]

**খোড়া**[২] **kʰoɾɔ** ক্রি ১ ব্যঙ্গ করা to mock, to taunt (হুগলি ১) তু খুঁৎ ধরা ২ নজর দেওয়া to look maliciously at (হুগলি ১)

**খোড়া**[৩] **kʰoɾɔ** বি বেতের ছোট ধামা a hemispherical cane basket having no lid (চব্বিশ ৭, ২৭, ৩৩)

**খোড়া**[৪] **kʰoɾɔ** বি ১ বাটি দ্র খরা[৩] (কোচবি ৩ জলপা ৭ পদিনা ১০, ১১, ১২, ১৪ বীরভূ ৮, মালদা ২, ৮ মুর্শিদা ১৯) দ্র খুরি ২ পাথরের বাটি [বড় আকারের, পুজোর সময় নৈবেদ্য সাজানোর কাজে ব্যবহৃত হয়] a stone-vessel, stone cup (বাঁকুড়া ১০, ১৪)

**খোড়ই** **kʰoɾɔĭ** মাছ রাখার পাত্র দ্র খলাই (পদিনা ১১)

**খোঁড়াই (চলা)** **kʰõɾɔĭ (cɔlɔ)** ক্রি খুঁড়িয়ে চলা to hobble, to limp, to walk lamely (মেদিনী ৫)

**খোঁড়াইং খোড়াইং (চলা)** **kʰõɾɔĭŋ kʰõɾɔĭŋ (cɔlɔ)** ক্রি খুঁড়িয়ে খুঁড়িয়ে (চলা) দ্র খোঁড়াই (চলা) খোঁড়াইং খোঁড়াইং চল্ছে--খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে (বীরভূ ৮)

**খোড়াইন্ দেওয়া** **kʰoɾɔin deŏɔ** ক্রি [গরু] ঢুকিয়ে দেওয়া to be driven into cow-shed গোরুগুলা গোহালে খোড়াইন্ দে--গরুগুলো গোয়ালঘরে বা খোঁয়াড়ে ঢুকিয়ে দে (পুরুলি ৯) দ্র খোঁড়্[১]

**খোড়াটি মোরশুম্** **kʰoɾɔti morʃum** বি অগ্রহায়ণ থেকে জ্যৈষ্ঠমাস পর্যন্ত সময় [এই সময় শুষ্ক আবহাওয়া থাকে বলে এই নাম] the dry season [autumnal season] (চব্বিশ ১৯) < খরা + টে

খোড়্মুন্জা

**খোঁড়া বাদলা** **kʰõɾɔ badlɔ** বি গরুর এক প্রকার রোগ [এই রোগে গরুর সারা শরীর ঠাণ্ডা হয়ে যায়, চলতে পারে না, কান নড়ে না, খুস্খুস্ করে কাশি হয়। গ্রামীণ লোকেদের মতে এই রোগ সারানোর উপায় হল একটা আরশোলা নিয়ে সেটা ঘাস কিংবা কলাপাতাসহ খাওয়ালে সেরে যায়] a kind of cattle disease (নদিয়া ১, ৭)

**খোঁড়া লাক** **kʰõɾɔ lakɔ** বি লম্বা নাক a sharp nose, pointed nose (মেদিনী ৩০) < খাড়া নাক

**খোড়ি**[১] **kʰoɾi** বি কাঠকুটো chips of straw and wood (পদিনা ৫ মুর্শিদা ১৯)

**খোড়ি**[২] **kʰoɾi** বি জ্বালানি কাঠ firewood (কোচবি ৩ জলপা ২, ৭ দার্জিলি ৩, ৪ পদিনা ৪, ১০, ১৪, ১৫ মালদা ৬ মুর্শিদা ১৯, ২৪)

**খোড়ি**[৩] **kʰoɾi** বি ১ পাটকাঠি a stalk of the juteplant used as fuel (চব্বিশ ৩৭ নদিয়া ১২ পদিনা ১৪ মেদিনী ৩৫) ২ শুকনো শরগাছ [শরকাঠি a reed-hedge, fuscum roxb, Munj grass] (মেদিনী ২৮) ৩ বেতের মতো একপ্রকার ছোটগাছের কাঠি [ঝুড়ি বোনার কাজে ব্যবহৃত হয়] a stick similar to cane sticks used for basket (মেদিনী ৩৪) ৪ দেশলাই কাঠি a match stick (মালদা ১)

**খোড়ি**[৪] **kʰoɾi** বি নাকছাবি [মহিলাদের নাকে পরার অলংকার, আকারে ছোট ফুলের মতো] the nose ornament (মুর্শিদা ১৫) তু অপেল পাথর / কাঠি বা শলাকা [নাক ফুটো করেই ক্ষুদ্র কাঠি ঢুকিয়ে দেওয়া হয় ফুটো বন্ধ না হওয়ার জন্য]

**খোড়ি**[৫] **kʰoɾi** দ্র খোঁড়াই খোড়ি খোড়ি চোলে যাঠে দ্যাখ্--খুঁড়িয়ে খুঁড়িয়ে চলে যাচ্ছে দেখ (মেদিনী ২৮)

**খোঁড়ি** **kʰõɾi** বি হাঁস-মুরগি থাকার ঘর দ্র খল্লা (পদিনা ১১) আহরি[১]

**খোড়ি উড়া** **kʰoɾi uɾɔ** ক্রি খড়ি ওঠা [গায়ে] to give off dry dirt of skin when rubbed খোড়ি উড়্ছে--খড়ি উঠছে (বাঁকুড়া ৭) দ্র খুক্সি



খোড়ুই

**খোড়ি ওটা** **kʰoɽi oʈa** দ্র খোড়ি উড়া (বর্ধমা ১২)

**খোড়িং** **kʰoɽiŋ** বিণ শুকনো খট্‌খটে অর্থে thoroughly hard and dry কাপড়টা খোড়িং গ্যাছে--কাপড়টা শুকনো খট্‌খটে হয়ে গেছে (বীরভূ ১১) তু আ বা খড়্‌খড়ে

**খোড়িকাটা** **kʰoɽikaʈa** বি কাঠুরিয়া wood-cutter (জলপা ৭, ৮) তু খড়ি--শুষ্ককাঠ (সংসদ)

**খোড়িকাটি** **kʰoɽikaʈi** বি কাঠঠোক্‌রা পাখি wood pecker (জলপা ১)

**খোড়ি ঘর্‌** **kʰoɽi gʰɔr** বিণ খড়ের চালবিশিষ্ট একচালা বাড়ি thatched cottage (বর্ধমা ২০)

**খোঁড়ি চলা** **kʰõɽi cɔla** দ্র খোঁড়াই (চলা) খোঁড়ি খোঁড়ি চলা--খুঁড়িয়ে খুঁড়িয়ে চলা (মেদিনী ২৯)

**খোড়িটি করা** **kʰoɽiʈi kɔra** ক্রি (জমির নরম পলিমাটি ও খর দিয়ে) মাটির বাড়ির দেওয়ালে প্রলেপ দেওয়া to apply a coating to a mud-wall with soft straw ships and silt (বর্ধমা ২)

**খোড়িন্‌** **kʰoɽin** বি ঘোল করার জন্য মন্থনদণ্ড churning-stick (নদিয়া ১) তু খড়ি[২] (জ্ঞা)

**খোড়ি থোয়া ঘর্‌** **kʰoɽi tʰoa gʰɔr** বি জ্বালানিকাঠ রাখার ঘর store room for fire-wood (জলপা ৭)

**খোড়ি নখ্‌** **kʰoɽi nɔkʰ** বিণ সাদা দাগ বিশিষ্ট নখ white spotted nail (মেদিনী ৯)

**খোড়ি পারা** **kʰoɽi para** বিণ খসখসে মতো likely not smooth, rough খোড়িপারা হয়--খসখসে হয় (বর্ধমা ২০) দ্র খোড়রি[১] তু 'যেমতি যোগিনী পারা' (পারা = মতো)

**খোড়ি ফুটা** **kʰoɽi pʰuʈa** দ্র খোড়ি উড়া (মেদিনী ২৮ হুগলি ৯)

**খোড়ি ফোটা** **kʰoɽi pʰoʈa** দ্র খোড়ি উড়া (চব্বিশ ১৫)

**খোড়িয়া[১]** **kʰoɽia** বি মাছ রাখার ঝুড়িবিশেষ [বাঁশের সরু কাঠি দিয়ে তৈরি] দ্র খলাই (মালদা ৩)

**খোড়িয়া[২]** **kʰoɽia** বি খেসারি ডাল a variety of pigeon-pea (চব্বিশ ১৭)

**খোড়িয়ান** **kʰoɽian** বি খামার দ্র খরিয়ান্‌ (মালদা ৩, ১১)

**খোড়িয়ে যাওয়া** **kʰoɽie jaõa** ক্রি (জল) শুকিয়ে যাওয়া to dry up (বর্ধমা ৫) তু আ বা খরা

**খোড়ির্‌ চাক্‌** **kʰoɽir cak** বি শরগাছের ঝাড় a read-hedge, a bush of munj grass (বীরভূ ৪) দ্র খোড়ি[৩]

**খোড়ি হোসো** **kʰoɽi hoso** বি হাঁসের মতো দেখতে এক প্রকার পাখি a kind of duck (মেদিনী ৮) আ বা খড়্‌ হাঁস

**খোড়ু** **kʰoɽu** ১ কানের খোল দ্র খরুর্‌ (বর্ধমা ১, ২৬) দ্র ওখোর ২ নাকের শুকনো সর্দি দ্র খাট্‌টি[১] (বর্ধমা ২৬)

**খোড়ুই** **kʰoɽuĭ** বি শুকনো পাকা লাউয়ের খোলা [জল, মাছ ইত্যাদি রাখা হয় এছাড়া একতারা তৈরি হয়] calabash (পদিনা ৬)

**খোড়ুটি** **kʰoɽuʈi** বি খড়ুটি--খড় সহযোগে কাদামাটির আস্তরণ [মাটির দেওয়াল তৈরি হয়ে যাবার পর প্রতি পাট বা পর্বের স্তরটি ঢেকে দেবার জন্য কাদামাটির সঙ্গে খড় বা উলুঘাস কুঁচিয়ে ভালভাবে মিশিয়ে দেওয়া হয়, তারপর দেওয়ালের গায়ে লেপে দেওয়া হয় দেওয়ালটিকে মজবুত ও মসৃণ করার জন্য] a layer or coverlet of mud, clay, mixed with cowdung straw chips to plaster the wall (বর্ধমা ২১, ২৩ হুগলি ৫, ১০) দ্র খোড়িটি করা

**খোড়ুটে** **kʰoɽuʈe** দ্র খোড়ুটি [মাটির বাড়ির দেওয়াল শক্ত করে তৈরি করার বিশেষ পদ্ধতি। কোদাল দিয়ে কোপানো মাটির সঙ্গে খড়, বালি মিশিয়ে একমাস জলে ভিজিয়ে রাখতে হয়। তারপর ঐ কাদাকে খুব ভাল করে মাড়াতে বা মাখতে হয়। দেওয়ালটি জলে ভিজিয়ে তার উপর ঐ কাদা ছুঁড়ে ছুঁড়ে লাগানো হয়। এরপর একটি কাঠের পাটা দিয়ে সমান করতে হয়। খড় মেশানো হয় বলে এর নাম 'খোড়ুটে'। তবে যে অঞ্চলে উলুঘাসই মেশানো হয় বলে এই পদ্ধতিকে বলা হয় 'উলুটি'] (হুগলি ১) দ্র খোড়ুটি

**খোড়ুল্‌** **kʰoɽul** বি কানের খোল দ্র খরুর্‌, খোড়ু (বর্ধমা ১৯)

**খোড়ুয়া** **kʰoɽua** বি দরজার কড়া an iron ring of a door (পুরুলি ৫)

**খোড়েই** **kʰoɽeĭ** বি বাঁশের বেড়ার তৈরি দরজার অংশবিশেষ the part of door made of bamboo slips (পদিনা ২)

★ **খোড়ে যাওয়া[১]** **kʰoɽe jaõa** ক্রি ভাজা ভাজা হয়ে যাওয়া to fry hard তর্‌কারিটা খোড়ে গেলে জল ঢালতে হবে --তরকারিটা ভাজা ভাজা হয়ে গেলে জল ঢালতে হবে (মেদিনী ১১) তু আ বা কড়া / খরা

**খোড়ে যাওয়া[২]** **kʰoɽe jaõa** দ্র খোড়িং মাটিটা খোড়ে গ্যাচে --মাটিটা শুকনো খট্‌খটে হয়ে গেছে (বর্ধমা ৯)

★ খোড়ে যাওয়া[৩] **kʰoɽe jaŏa** ক্রি সিদ্ধ ধান একটি নির্দিষ্ট সময় পর্যন্ত রোদে শুকিয়ে যাওয়া [অর্থাৎ ধান সিদ্ধ করার পর রোদে শুকানো হয়। ঠিকমতো শুকনো হয়েছে কিনা তা বোঝার জন্য ঐ ধান দাঁত দিয়ে কাটলে 'কট্' করে শব্দ হবে তখন বলা হয় 'খোড়ে গ্যাচে'। তারপর ঢেঁকিতে বা কলে ভাঙা হয়] par boiled rice to be sunned for a certain time (বর্ধমা ২০) দ্র খোড়িং

খোড়েন্ **kʰoɽen** দ্র খোড়িন্ (নদিয়া ৬)

খোড়ো **kʰoɽo** ক্রিবিণ নুনে পোড়া অর্থে too much salty নুন্ খোড়ো হইসে—নুন পোড়া হয়েছে (জলপা ২) < খর

খোড়োই[১] **kʰoɽoï** দ্রখোড়ুই (পদিনা ১৩)

খোড়োই[২] **kʰoɽoï** দ্র খোড়িয়া[১] (পদিনা ১১ মালদা ৪)

খোড়ো ভেট্‌কি **kʰoɽo bʰeʈki** বি বড় ভেট্‌কি মাছ a species of large flat-fish (হাওড়া ১১)

খোত্[১] **kʰot** গর্ত দ্র খন্দ[২] (মেদিনী ২)

খোত্[২] **kʰot** বি খুঁত, ত্রুটি a defect, a fault গোটা কাজটাই খোত্ থেকে গেল—গোটা কাজটাই খুঁত থেকে গেল (বাঁকুড়া ৭)

★ খোত্‌কান **kʰotkano** ক্রি কিলবিল করা [পুকুরের মাছ] to move in a swarm পুকুরে অনেক মাছ খাত্‌কাচ্ছে—পুকুরে অনেক মাছ কিলবিল করছে (মালদা ২)

খোত্‌কুর **kʰotkur** বি যে গর্তের মধ্যে গোবর ও আবর্জনা জমিয়ে রাখা হয় দ্র খত্‌কুর্ a bin (মেদিনী ৩৪)

খোত্‌খাল্ **kʰotkʰal** দ্র খত্‌কুর্ (মেদিনী ৩৪)

খোত্‌তিরি **kʰottiri** বি ক্ষত্রিয় the kshatriyas (কোচবি ২)

খোতরা **kʰotra** বিণ পাজি mean, vile, mischievous (চব্বিশ ২৭)

খোতা **kʰota** বিণ ক্ষীয়মাণ [বহুদিনের পুরানো হলে মূল স্বাদ নষ্ট হয়] rotten খোতা সুপুরি—অনেকদিনের পুরানো ক্ষত সুপারি (মেদিনী ২৭)

খোঁতাই যাওয়া **kʰõtaï jaŏa** ক্রি পচে নষ্ট হয়ে ক্ষত হয়ে যাওয়া, to rot কাঠটা খোঁতাই গেছে—কাঠটা পচে নষ্ট হয়ে গেছে (বাঁকুড়া ৫)

খোতি[১] **kʰoti** বি শাড়ির জলচুড়ি a water mark in the shape of a thin streak on sharee (চব্বিশ ১)

খোতি[২] **kʰoti** বি থলি a bag (চব্বিশ ৩৯)

খোতিব্ **kʰotib** বি মৌলবী বা ঐরূপ সমস্থানীয় ব্যক্তি a mohammedan scholar or teacher or preacher (মুর্শিদা ২, ২১, ২৪)

খোতিয়া কাচা **kʰotia kaca** কচলে কাচা দ্র খিচ্‌কান (জলপা ২)

খোড়ো ভেট্‌কি

খোতিয়ে যাওয়া **kʰotie jaŏa** দ্র খোঁতাই যাওয়া (বাঁকুড়া ৪ হুগলি ৫) বাঁশ্ খোতিয়ে গ্যাচে—বাঁশ নষ্ট হয়ে গেছে (হুগলি ৫)

খোতেন্ **kʰoten** বি খতিয়ান a book of accounts, a ledger (মেদিনী ১১)

খোঁতোয়াই যাওয়া **kʰõtoaï jaŏa** দ্র খোঁতাই যাওয়া (বাঁকুড়া ৫)

খোতো হোয়ে যাওয়া **kʰoto hoe jaŏa** দ্র খোঁতাই যাওয়া (হাওড়া ১)

খোত্যে কাখ্‌ড়া **kʰotte kakʰɽa** বি ছোট্ট একজাতীয় কাঁকড়া [মাঠেই এদের বেশি দেখা যায়] a kind of small crab (বীরভূ ১১)

খোত্তিরি **kʰottiri** বি ক্ষত্রিয় the kshatriyas (কোচবি ২)

খোঁদ্ **kʰõd** বি ডাল, কলাই জাতীয় ফসলসমূহ any of the varieties of leguminous seeds yielding pigeon-pea or pulses (বর্ধমা ৫)

খোদ্‌খোদায় **kʰod kʰodaĕ** ক্রি টগবগ করে ফোটা to boil with bubbling noise (মালদা ৪)

খোদ্‌ড়া খোদ্‌ড়া **kʰodɽa kʰodɽa** উঁচুনিচু দ্র খাল্-উচ্চা খোদ্‌ড়া খোদ্‌ড়া মাটি—উঁচুনিচু মাটি (মুর্শিদা ১১)

খোদ্দার **kʰoddar** বি খরিদ্দার a buyer, a purchaser (মেদিনী ৬, ৭, ১৫)

খোদ্‌দি **kʰoddi** বি ক্রয়, খরিদ to buy আর কিছু খোদ্‌দি কোর্‌তে হবে নি—আর কিছু কিনতে হবে না (মেদিনী ২০) তু আ বা খরিদ

খোদ্‌নে ধরা **kʰodne dʰora** ক্রি চিতা ধরা, চিতা পড়া [অর্থাৎ ঘাম ও ময়লা জমে কাপড়ে ছোট ছোট কালো দাগ হওয়া] to become mouldy (হাওড়া ৬)

খোদরা খুদ্‌রি **kʰodra kʰudri** বিণ এব্‌ড়ো-খেবড়ো, সামান্য উঁচুনিচু [রাস্তার ক্ষেত্রে] uneven (কোচবি ৩) দ্র খাল্-উচ্চা

খোদ্‌রা বোদ্‌রা **kʰodra bodra** দ্র খাল্-উচ্চা (মালদা ৮)

খোঁধা

**খোদল্ k$^h$odɔl** বিণ গভীর deep খোদল্ কোরে খোঁড়—গভীর করে খোঁড়। খোদল্ গর্ত—গভীর গর্ত (বাঁকুড়া ১০)

**খোঁদল্ k$^h$õdɔl** গর্ত দ্র খন্দ[২] (নদিয়া ৫)

**খোদা k$^h$odɑ** বি উল্কি tattoo (পুরুলি ৫ মেদিনী ২৫)

**খোঁদা[১] k$^h$õdɑ** পাখির বাসা দ্র খইতা (পুরুলি ৯, ১১ মুর্শিদা ২১)

**খোঁদা[২] k$^h$õdɑ** ক্রি কোঁরানো [নারকেল] to scrape (as the pulp of a coconut) নার্‌কেল্ খোঁদা—নারকেল কোরানো (বীরভূ ৯)

**খোদা খোদা k$^h$odɑ k$^h$odɑ** বি ফাঁক-ফোকর loophole (হুগলি ১১)

**খোঁদাড়ি k$^h$õdɑɽi** বি কাদার উপর পায়ের দাগ foot-print on muddy ground (হুগলি ৪)

**খোদানা k$^h$odɑnɑ** ক্রি টুকরো করা, কুচানো to cut into pieces (মেদিনী ১৭)

**খোদারি k$^h$odɑri** বি গোষ্পদ the footprint of cow (হুগলি ৪)

**খোঁদারি k$^h$õdɑri** দ্র খোঁদাড়ি (হাওড়া ২)

**খোদালি k$^h$õdɑli** দ্র খোঁদাড়ি (হুগলি ৪)

**খোদি[১] k$^h$odi** বি ধুতি a loin-cloth for men (মেদিনী ২, ৮, ২০, ৩০, ৩১) কোরা খোদি—কোরা ধুতি (মেদিনী ৩১) ~ **নুগা k$^h$odi nugɑ**—ধুতি (মেদিনী ৮) তু খদ্দর

**খোদি[২] k$^h$odi** বি টুকরো, খণ্ড a piece, a part (চব্বিশ ৪ মেদিনী ৩৫) খোদি খোদি—টুকরো টুকরো (চব্বিশ ৪) ~ **ফ্যালা k$^h$odi phælɑ** ক্রি টুকরো করা, কুচানো to cut into pieces (মেদিনী ১৭) আ বা খাদি

**খোদি[৩] k$^h$odi** খয়ের দ্র খয়র্ (খাদির ডিবা—খয়েরের পাত্র (মেদিনী ৩৪)

**খোদির্ k$^h$odir** খয়ের দ্র খয়র্ (চব্বিশ ২৭ মেদিনী ৩৪)

**খোদুরে k$^h$odure** বিণ বাচাল talkative (বর্ধমা ৫)

**খোঁদে k$^h$õde** দ্র খোদি[২] (মেদিনী ৮)

**খোদেল্ k$^h$odel** বিণ গভীর deep পোকুর্‌টা খুব্ খোদেল্—পুকুরটা খুব গভীর (বাঁকুড়া ১০) আ বা খাদ

**খোদোই k$^h$odoĭ** বি ছোটঘর a small house (মেদিনী ২৯)

**খোদোর্ k$^h$odor** বি কোটর দ্র খোক্কর্ (পুরুলি ১৫ মালদা ১১) পাখিটা খোদোরে খসা করি হ্যায়—পাখিটা কোটরে বাসা করেছে (মালদা ১১)

**খোঁদোর্[১] k$^h$õdor** বি কোটর (গাছের) a crevice, or hollow (মুর্শিদা ২২) তু খোদর্

**খোঁদোর্[২] k$^h$õdor** গর্ত দ্র খন্দ[২] (বীরভূ ১৪)

**খোঁদোল্ k$^h$õdol** গর্ত খন্দ[২] (হাওড়া ২)

**খোঁধা k$^h$õd$^h$ɑ** বি পাখির বাসা nest দ্র খইতা (পুরুলি ৮)

**খোধোইল্ k$^h$od$^h$oil** বি ছড়া [কলার] a cluster of bananas এ্যাক্ খোধোইল্ কলা—এক ছড়া কলা (পুরুলি ৯)

**খোঁধোড়্ k$^h$õd$^h$oɽ** বি গোচারণভূমি grazing ground ওঠিন্‌টা খোঁধোড়্ হোয়ে গেল—ঐখানটা (ক্ষেতটা) গরু চরানোর জায়গা হয়ে গেল (পুরুলি ৪)

**খোন্ k$^h$on** বি গর্ত [মাঠ বা বিল জমিতে এই গর্ত খুঁড়ে কুমোর মাটি সংগ্রহ করেন] a hole from which the potter collects earth (মালদা ১)

**খোন্‌কার k$^h$onkɑr** বি মৌলবী a Mohammedan teacher দ্র খোতিব্ (নদিয়া ৪)

**খোঁন্‌চা k$^h$onɑɔ** বি কঞ্চি a bamboo twig (মেদিনী ৩৩)

**খোন্‌চে k$^h$once** বি মাটির তৈরি পাত্র [যা ঠাকুরপুজোর ডালা হিসেবে ব্যবহৃত হয়] a pot made of clay used for worshipping purposes (চব্বিশ ১১) দ্র খোড়া[৪] ২ < সং কুঞ্চী

**খোন্‌চোর্ k$^h$oncor** অস্ফুট খই-ধান দ্র খোইচোর্ (মালদা ৮)

**খোন্‌জা k$^h$onjɑ** বি মাটির বাড়ির দুটি চালের সংযোগস্থল the joint of two thatched roof of a mud house (মেদিনী ২৮) আ বা খাঁজ

**খোন্‌ডা k$^h$onɖɑ** মুরগি থাকার ঘর [মাটির তৈরি, ছোট্ট] দ্র খল্‌লা (হুগলি ৮) আ বা খোঁয়াড়

**খোন্‌ডি k$^h$onɖi** বি শাবল a crowbar (পদিনা ৭)

**খোন্‌ত শাপ্ k$^h$onʈɔ ʃɑp** বি এক প্রকার দুমুখো সাপ [বিষধর] a kind of poisionous snake having two mouth both side (জলপা ১)

**খোন্‌তা k$^h$onʈɑ** বি ১ খুন্তি a cooking tool resembling a spud (পদিনা ১২ বাঁকুড়া ৭, ১২ মেদিনী ৩০) ২ শাবল বা ঐ জাতীয় মাটি খোঁড়ার সরঞ্জাম a crowbar (কোচবি ১ চব্বিশ ২৩ জলপা ৭ মুর্শিদা ২৩) < সং খনিত্র

**খোন্‌তি k$^h$onti** দ্র খোন্‌তা (চব্বিশ ১৯, ৩৭ পদিনা ৭ মেদিনী ৩৪ হুগলি ৬)

**খোন্‌দা k$^h$onɖɑ** বি মাটির তৈরি হাঁসের ঘর দ্র খল্‌লা (পদিনা ১৫)

**খোঁন্দা** **kʰõndɑ** দ্র খোঁদা[১] (মালদা ২ মুর্শিদা ৩)

**খোন্না** **kʰonnɑ** মুরগির ঘর (হুগলি ১৮) দ্র খল্লা আত্রি[১]

**খোনা[১]** **kʰonɑ** বি ১ জাল বোনার সরঞ্জাম [দুই মুখ সরু, এর গায়ে সুতো জড়ানো থাকে] a knitting equipment of fishing net (জলপা ১, ৭ দার্জিলি ৩) ২ চট বোনার যন্ত্র 'শাশ্ খুপুনি'র অংশ বিশেষ। এতে বিস্তৃত সুতো গুটোনো থাকে। এই সুতোর এক প্রান্ত একটি কাঠের এক অংশে বেঁধে নেওয়া হয়। এই 'খোনা' তাঁতের মাকুর মতো আড়াআড়ি এক প্রান্ত থেকে অপর প্রান্তে যায় খুব ধীরগতিতে এবং হাত দিয়ে এই যাতায়াত করাতে হয় (দার্জিলি ৩)

**খোনা[২]** **kʰonɑ** বি, বিণ খোনা a person speaking through nose (মেদিনী ২০) < সং ঘোনা

**খোনা[৩]** **kʰonɑ** বি মুষল a mallet, a club (মালদা ৯)

**খোনা কাপড়্** **kʰonɑ kɑpɔɽ** বি থান কাপড় a kind of *shari* without coloured border or edge (বর্ধমা ৯, ১০, ২০ হুগলি ৫)

**খোনাশি** **kʰonɑʃi** বি গুঁড়িগুঁড়ি বৃষ্টি drizzling (মালদা ৭)

**খোনুয়া** **kʰonuɑ** বিণ গন্নাকাটা hare-lipped বাস্তিমা এ্যাক্টা খোনুয়া আদ্‌মি ছ্যাই--বস্তিতে একটা গন্নাকাটা মানুষ আছে (মালদা ৯)

**খোপ্[১]** **kʰop** বি কুটুরি, কামরা [মাটির বাড়ির] a room (জলপা ৭ মুর্শিদা ৫) ঘর্যে পাঁচটা খোপ্ আছ্যে--ঘরে পাঁচটি কুটুরি আছে (মুর্শিদা ৫)

**খোপ্[২]** **kʰop** বি খোসা [ডিমের] an egg shell (মালদা ৫)

**খোপ্[৩]** **kʰop** পায়রা-হাঁস মুরগি ইত্যাদি রাখার জন্য কাঠের তৈরি ঘর বিশেষ (হাওড়া ১০) দ্র খল্লা, আত্রি[১] < সং ক্ষুপ্

**খোপ্[৪]** **kʰop** খেজুর গাছের ডালের গোড়ার অংশ, যা গাছের কাণ্ডে লেগে থাকে [অন্যত্র এটিকে 'বাক্‌ড়া' বলে (হাওড়া ১, ৮)] দ্র খচ্‌না (চব্বিশ ২০)

**খোপ্[৫]** **kʰop** বি দেওয়ালের গর্তবিশেষ, কুলুঙ্গি a kind of small shelf in a wall (চব্বিশ ৩১ পদিনা ১১)

**খোপ্[৬]** **kʰop** বিণ ছোট অর্থে small খোপ্ ভাঁড়--ছোট আকারের ভাঁড় (চব্বিশ ২১) < তু খুপি (আ বা)

**খোপ্[৭]** **kʰop** দ্র খোক্‌কোর (মেদিনী ৭)

**খোঁপ্[১]** **kʰõp** হাঁস-মুরগি থাকার ঘর দ্র খল্লা (হাওড়া ৩ হুগলি ৩) আত্রি[১] < সং ক্ষুপ

**খোঁপ্[২]** **kʰõp** দ্র খোপ্[১] (বর্ধমা ৭ বীরভূ ৮, ১১)

**খোপ্ কাটা** **kʰop kɑtɑ** ক্রি চতুষ্কোণাকৃতি করা to make square shaped (পুরুলি ১৪)

খোনা[১]

**খোপ্ চাকা** **kʰop cɑkɑ** এক বিশেষ ধরনের কুলুঙ্গি [মৌমাছির চাকের মতো গোল গর্ত মাটির ঘরের দেওয়ালের কোণে থাকে। এগুলোতে জিনিস রাখার সুবিধা হয়] দ্র খোপ্[৫] (পদিনা ৯)

**খোপ্ দেওয়া** **kʰop deŏɑ** ক্রি দ্বিতীয়বার ধানচারা রোপণ করা [রোপণ করা জমিতে মাঝে মাঝে চারাগাছ উঠে যায় বা মরে যায়, ঐসব স্থানে পুনরায় নতুন বীজচারা রোপণ করা] to replant seedlings in vacant space (চব্বিশ ১৫)

**খোপ্ ধরা** **kʰop dʰɔrɑ** দ্র খোপ্ দেওয়া (চব্বিশ ৮)

**খোপ্‌ড়া[১]** **kʰopɽɑ** বি কচি বাঁশের গায়ে যে আবরণ থাকে a rind of a green bamboo (মালদা ১) দ্র খপ্‌লা

**খোপ্‌ড়া[২]** **kʰopɽɑ** বি ১ ছাগল ও বাছুর রাখার ছোট্ট খুপরি [টিন ও বাঁশ দিয়ে তৈরি] a kind of small cow-shed (জলপা ৪, ৭ কোচবি ৪) ২ হাঁস থাকার খাঁচা দ্র খল্‌লা, আত্রি[১] (কোচবি ৬)

**খোপ্‌ড়া[৩]** **kʰopɽɑ** বি ১ মাঠের ফসল পাহারা দেবার জন্য অস্থায়ী ঘর বা ছাউনি a temporary shed to watch or guard the cultivated field (পদিনা ৬) ২ আঁতুড় ঘর [এক মাসের জন্য উঠানে একটা অস্থায়ী ঘর তৈরি করা হয়] a temporary labour-room (পদিনা ১০)

**খোপ্‌ড়ালো** **kʰopɽɑlo** বিণ খোপবিশিষ্ট পাত্র [পিঠে তৈরির জন্য মাটির ছাঁচে খোপ খোপ করা থাকে] a case used to make pan cakes (চব্বিশ ৭)

**খোপ্‌পা** **kʰoppɑ** বি খোঁপা a bun (মালদা ৯)

**খোপ্‌রা[১]** **kʰopɽɑ** দ্র খোপ্‌ড়া[৩] ১ (পদিনা ১০, ১৩)

**খোপ্‌রা[২]** **kʰopɽɑ** বি কুঁড়েঘর a thatched hut, a poorly made hut (পদিনা ৩) তু খুপ্‌রি (আ বা)

**খোপরা[৩]** **kʰopɽɑ** খোপ্‌ড়া[২] (জলপা ৭)

**খোপরা[৪]** **kʰopɽɑ** নারকেল মালা দ্র খপুয়া (কোচবি ৪)

**খোপ্‌রি** **kʰopɽi** বি ভাঙা মাটির হাঁড়ির টুকরো a piece of broken earthen vessel (পদিনা ২)

খোপ্‌ড়ালো

**খোপ্‌রে সাজ্‌ k$^h$opre saj** বি মহিলাদের চুলের খোঁপাকে অলঙ্কার দিয়ে সাজানোর এক বিশেষ পদ্ধতি [খোঁপার মাঝখানে সোনা-বাঁধানো চিরুনি থাকে। চিরুনির দুদিকে দুটো সোনার ফুল, মাঝখানে সোনার প্রজাপতি থাকে, কানের দুপাশের চুলে সোনার সাপকাঁটা থাকে] beautiful hair-doing (মুর্শিদা ১৬)

**খোপ্‌লা$^1$ k$^h$opla** বি খোলা [বেল, নারকেল ডাব ইত্যাদির] the shell of coconut, marmeloses, wood apple (মেদিনী ৩২) দ্র খপুয়া

**খোপ্‌লা$^2$ k$^h$opla** দ্র খোপ্‌ড়ালো (যেমন, গোল মুখের হাতা) (চব্বিশ ২১) খোপ্‌ ওয়ালা > খোপ্‌ওলা >

**খোপা$^1$ k$^h$opa** বি, বিণ গুচ্ছ, থোকা a cluster, a bunch খোপা খোপা—থোকা থোকা (হুগলি ৫)

**খোপা$^2$ k$^h$opa** বি ঝুঁটি (পায়রার) a bird's crest (দার্জিলি ৪)

**খোপা$^3$ k$^h$opa** বি খেজুর গাছের ডালের কাটা অংশ যা গাছের গায়ে থেকে যায় দ্র খচ্‌না (চব্বিশ ৮)

**খোপা$^4$ k$^h$opa** বি মাটি কুপিয়ে বীজ পোঁতার জন্য প্রস্তুত করা জায়গাবিশেষ [কোনো কোনো জায়গায় (হাওড়া ১, ৮) একে 'মাদা' বলা হয়] a small seedling beds (বীরভূ ১০)

**খোপা$^5$ k$^h$opa** বি বিশেষ ধরনের প্রস্তুত বাঁশের ছোট খুঁটি [দুইটি বাঁশকে ক্রশ আকারে বেঁধে এটি তৈরি। এরকম চারটি খোপা, খুঁটি বা পায়ার উপর ধান ঝাড়ার পাটাতন বা 'আগোর' রাখা হয়] the special type of wooden pillar (চব্বিশ ৭, ৩৩)

**খোঁপা k$^h$õpa** দ্র খোপা$^5$ (চব্বিশ ১১)

**খোঁপা গুড়ানা k$^h$õpa guɽana** ক্রি খোঁপা বাঁধা to dress or put up hair in a bun (মেদিনী ১৭)

**খোপাচি k$^h$opaci** বি খোপ বা গর্তের মতো জায়গা [খেজুর গাছের ডাল কেটে নেওয়ার পর গাছের গায়ে যে গর্ত বা খোপের মতো স্থান তৈরি হয়] the hole found in the date-palm tree after cutting the branches (হাওড়া ১০)

**খোপাড়ুলি k$^h$opaɖuli** বি নবজাত কন্যাসন্তান a new-born girl baby (জলপা ৪)

**খোপাতি k$^h$opati** বি খোঁপা, ঝুঁটি a bun (দার্জিলি ৪) ~ **পারু k$^h$opati paru** বি ঝুঁটিওলা পায়রা a pegion with crest or bun (দার্জিলি ৪)

**খোপানাশি ময়না k$^h$opanaʃi moĕna** বি বুলবুল a bird of the pyenonotus genus, the bulbul (মালদা ৩)

**খোপা পায়রা k$^h$opa paĕra** দ্র খোপাতি পারু (চব্বিশ ৩৭)

**খোপা বুল্‌বুল্‌ k$^h$opa bulbul** দ্র খোপানাশি ময়না (মালদা ১)

**খোঁপা মুরগি k$^h$õpa murgi** বি একজাতীয় মুরগি [এই মুরগি নানা রঙের হয়, এদের মাথায় খোঁপার ন্যায় গোলাকৃতি পালক থাকে] a kind of hen having a round crest (বীরভূ ৫)

**খোপার্‌ চিরুন্‌ k$^h$opar cirun** বি মহিলাদের খোঁপায় পরা সোনার চিরুনি a golden comb used on bun (চব্বিশ ৩৭) দ্র খোপ্‌রে সাজ্‌

**খোপা শিঙ্‌ k$^h$opa ʃiŋ** বি গোটানো শিং, বাঁকানো শিং the crooked horn (বীরভূ ৫ মুর্শিদা ১৮)

**খোঁপি ঘর্‌ k$^h$õpi g$^h$ɔr** বি চারচালা বাড়ি the four roofed thatched house (পুরুলি ৫)

**খোপুর্‌ k$^h$opur** গাছের কোটর দ্র খোঁকর্‌ (হাওড়া ১)

**খোপো k$^h$opo** বি কাদাজমিতে পায়ের চাপে যে গর্ত [তৈরি হয়] দ্র খোঁদাড়ি (হুগলি ৫)

**খোঁপোর্‌ k$^h$õpoɽ** বি পায়রার ঘর বা বাসা a pigeon house, a dove-cot (বর্ধমা ২০)

**খোব্‌ড়া$^1$ k$^h$obɽa** দ্র খোপ্‌$^4$ (হুগলি ৪)

**খোব্‌ড়া$^2$ k$^h$obɽa** বি বাঁশের গায়ে শুকনো আবরণ দ্র খপ্‌লা (মালদা ১১)

**খোব্‌ড়া$^3$ k$^h$obɽa** বি ডিমের খোলা an egg-shell (মালদা ১১) দ্র খল্‌টা$^2$

**খোব্‌দা শাড়ি k$^h$obda ʃaɽi** বি চেককাটা শাড়ি a chequered *Sari* (চব্বিশ ১৯)

★ **খোব্‌লাই খাওয়া k$^h$oblaï k$^h$aŏa** ক্রি খাবলা মেরে খাওয়া to eat voraciously কুঁখ্‌ড়িটো দেখছিস্‌ ক্যামন্‌ খোব্‌লাই খোব্‌লাই খাইচে—দেখছিস মুরগিটা কেমন খাবলে খাবলে খাচ্ছে [ঠুকরে ঠুকরে না খেয়ে—অর্থাৎ স্বভাবানুযায়ী বেশি খাওয়া] (পুরুলি ৬)

**খোবা$^1$ k$^h$oba** বি সারি [পানগাছের] the rows of betel leaf plant (মেদিনী ২৭)

**খোবা$^2$ k$^h$oba** বি (চাষের কাজে ব্যবহৃত) মইয়ের পাদানি step of ladder (চব্বিশ ৪)

খোবা কাট্‌রা **kʰoba katra** বি গরুর মল-মূত্রসার dung mere, composed fertilizer (মেদিনী ২৭)

খোবাড়্ **kʰobar** বি খোঁয়াড় [গরুর] a pound for stray cattle (মালদা ২, ৭) দ্র খোঁড়্[১]

খোবাড়িয়া **kʰobaria** বি খোঁয়াড়ের মালিক the master of a cattle-pound (মালদা ১, ২, ৭)

খোবিশে ভুত্ **kʰobiʃe bʰut** বি এক ধরনের ভূত a kind of ghost (বীরভূ ১০, ১৪)

খোবিসে **kʰobise** বিণ ১ অভদ্র ২ বদমেজাজী uncivilised, bad tempered (বীরভূ ৫) খবিশ্ (জ্ঞা)

খোবে **kʰobe** বিণ খুব, অত্যন্ত বেশি too much আজি ইস্কুলতাত্ খোবে খাটপা হোইচে—আজ স্কুলে খুব খাটুনি হয়েছে (পদিনা ২) তু আ বা খুবই

খোভাড়্ **kʰobʰar** দ্র খোবাড়্ (মুর্শিদা ১১)

খোম্ **kʰom** বি ভাগ division হামাদের জাতিতে চার্ খোম্—আমাদের জাতিতে চার ভাগ (মালদা ১০)

খোম্বা **kʰomba** বি খুঁটি a wooden post or pillar, a post or pillar made of bamboo (পদিনা ৮)

খোমক্ **kʰomɔk** বি বাদ্যযন্ত্রবিশেষ a musical instrument (কোচবি ৮)

খোমা[১] **kʰoma** ১ খাঁচা [বাঁশের বাখারি দিয়ে তৈরি হাঁস-মুরগি রাখার এক বিশেষ ধরনের খাঁচা। সাধারণত এটি গোলাকার হয় এবং স্থানান্তরিত করা যায়। দ্র খান্‌জারি (দার্জিলি ২) ২ পোষা পায়রা থাকার জায়গা (জলপা ১০ দার্জিলি ৩) দ্র খোঁপোব্

খোমা[২] **kʰoma** থাম, খুঁটি দ্র খোম্‌বা (দার্জিলি ৪)

খোমা[৩] **kʰoma** পাট শুকানোর বাঁশের ভারাব এক বিশেষ অংশ দ্র খাম্‌মা (পদিনা ২)

খোমার্ **kʰomar** দ্র খোবার্ (হুগলি ৫)

খোমার্ করা **kʰomar kɔra** ক্রিবিণ তেড়ে মারতে আসা chasing aggresively খোমার কোরে আমাকে মার্‌তে এলো—আমাকে তেড়ে মারতে এল (মুর্শিদা ১২)

খোমির্ **kʰomir** বিণ ১ আটা বা ময়দার মাখা মণ্ড flour daugh (মুর্শিদা ১৪ হুগলি ১১) খোমির করা—মাখা আটার মণ্ড করা (হুগলি ১১) ২ গরম জলে মাখা চালগুড়ির মণ্ড (হুগলি ৮) ৩ সিদ্ধ boiled খোমির করা—সিদ্ধ করা (জলপা ১০)

খোমোর হোয়ে বসা **kʰomor hoe bɔsa** ক্রি কুণ্ডলী পাকিয়ে বসা to sit twisted into a coil কুকুবটা খোমোর হোয়ে বসেছে—কুকুরটা কুণ্ডলী পাকিয়ে বসেছে (মালদা ৫)

খোয়ই **kʰoɔi** খাওয়াই দ্র খা (জলপা ২)



খোমক্

খোয়াড়্ **kʰoar** হাঁস-মুরগি থাকার পাকা ঘর দ্র খল্‌লা (বাঁকুড়া ৭)

খোয়া[১] **kʰoa** আখের ছিবড়ে দ্র খ[১] (নদিয়া ৯, ১১ পুরুলি ৫, ১৭ বর্ধমা ১, ১৩ বীরভূ ১২, ১৪ মুর্শিদা ২, ১০, ১৪ মেদিনী ৯, ৩৩)

খোয়া[২] **kʰoa** বি কোয়া [কাঁঠালের] a pod (পুরুলি ২)

খোয়া[৩] **kʰoa** খাওয়া দ্র খা (জলপা ২ বর্ধমা ২) মুই খোয়াই—আমি খাওয়াই (জলপা ২)

খোয়া[৪] **kʰoa** বি ১ ক্ষীর milk condensed and sweetened by boiling (পুরুলি ৫) ২ দুধের চাঁচি [খোয়া ক্ষীরকেও 'খোয়া' বলে] the scrapings of calcined milk or of some milk products (মুর্শিদা ১১)

খোয়া[৫] **kʰoa** ক্রি আবর্জনা পরিষ্কার করা [জমির আগাছা, ঘাস তুলে পরিষ্কার করা] to weed fields, to clean garbage জোমিটা খোয়াতে হবে—জমিটা পরিষ্কার করতে হবে (হুগলি ১০)

খোয়া[৬] **kʰoa** বি মুড়ি ভাজার খোলা a kind of frying pan to fry puffed rice (মেদিনী ২৭)

খোয়া[৭] **kʰoa** খোল [কানের] দ্র খরুর্ (বর্ধমা ৪ মেদিনী ১১, ২৯ হুগলি ৪)

খোঁয়া[১] **kʰõa** খোল [কানের] দ্র খরুর্ (চব্বিশ ৪ মেদিনী ১৫)

খোঁয়া[২] **kʰõa** খেজুর পাতার ডাঁটি দ্র খচ্‌না দেখিস্ যেন খাজুর গাছের খোঁয়া থেকে পড়ে যাস্‌নে—দেখিস যেন খেজুর গাছেব পাতার ডাঁটা থেকে পড়ে যাস্ না (বর্ধমা ২১)

খোয়াই **kʰoai** খাওয়াই দ্র খা (কোচবি ৩ বাঁকুড়া ১২) ~ তে খাওয়াতে দ্র খা বামুন্ খোয়াইতে হোয়—ব্রাহ্মণ খাওয়াতে হয় (বর্ধমা ২১) ~ ইতো খাওয়াতো দ্র খা (বর্ধমা ২)

খোয়াইড়্ বাড়ি **kʰoair bari** বি উঠানের মধ্যে যে স্থানে গরুর খাবার জায়গা থাকে [বা অন্যান্য খাবার দেওয়ার 'নাদা' (ডাবা) যে স্থানে বসানো থাকে] place where the cattle's tub placed (মুর্শিদা ১৪)

খোয়া[৬]

**খোয়াখেলা k$^h$oa k$^h$ela** বি মেয়েদের গুটি খেলা [পাঁচটি পাথরের টুকরো থাকে। এগুলির নাম খোয়া। অংশগ্রহণকারী দুই বা ততোধিক বালিকা ব্যক্তিগত দায়িত্বে গুটিগুলি নাচিয়ে খেলে] a rural indoorgame played by girls (নদিয়া ১১ মালদা ১১)

**খোঁয়াচি k$^h$õaci** খাইয়েছি দ্র খা তুকে খোঁয়াচি বুল্‌তে হবেক নাই--তোকে খাইয়েছি বলতে হবে না (বর্ধমা ৪)

**খোয়াড়[১] k$^h$oaɽ** বি কষ্ট, দুঃখ sorrow and sufferings তোর্ কপালে খোয়াড় আছে--তোর কপালে দুঃখ আছে (হুগলি ১৫)

**খোয়াড়[২] k$^h$oaɽ** বি বেড়া a fence (জলপা ৭) তু খোঁয়াড়

**খোয়াড়[৩] k$^h$oaɽ** হাঁস-মুরগি থাকার ঘর দ্র খল্‌লা, আত্‌রি[১] (বাঁকুড়া ৭ মুর্শিদা ২)

**খোয়াড়[৪] k$^h$oaɽ** বি ১ দিনের বেলা বাড়ির বাইরে চালবিহীন যে জায়গায় গরু বেঁধে রাখা হয় (নদিয়া ২, ৭) দ্র খোঁড়শাল্ ২ বেড়া দিয়ে ঘেরা যে স্থানে গরুকে খেতে দেওয়া হয় open fenced area for cattle feeding (কোচবি ৩) ৩ গোয়াল ঘরের সামনের উঠান। গ্রীষ্মকালে এখানে গরুকে সাময়িকভাবে বেঁধে রাখা হয় courtyard in front of cow-shed (মুর্শিদা ৯)

**খোঁয়াড়[১] k$^h$õaɽ** দ্র খোয়াড়[৪] (নদিয়া ৩, ৪, ৬, ৯, ১৩)

**খোয়াড় দেয়া k$^h$oaɽ dea** ক্রি গাই দোয়ানোর এক বিশেষ পদ্ধতি [গাই দোয়ানোর সময় যদি লাফায় তবে তাকে খোঁয়াড়ে পোরা হয়। দুটি খুঁটি পুঁতে আড়াআড়িভাবে একটি বাঁশ টাঙানো থাকে। এটিকে খোঁয়াড় বলে। পিছনের দুইপায়ে দড়ি বেঁধে খোঁয়াড়ে ঢুকিয়ে গাই দোয়ানো হয়] a process of milking (মুর্শিদা ১৮)

**খোয়ানো[১] k$^h$oano** (জমিতে) ঘাস নিড়ানো দ্র খোওয়া ঘাস্ খোয়ানো হচ্চে-ঘাস নিড়ানো হচ্ছে (চব্বিশ ৩৩)

**খোয়ানো[২] k$^h$oano** খাওয়ানো দ্র খা (বর্ধমা ২০ বীরভূ ৮)

**খোয়াব্ k$^h$oab** বি স্বপ্ন a dream (বর্ধমা ২, ৫ মুর্শিদা ১২, ১৭) আজ্‌কে হামি খুব্ খারাপ্ স্বপ্ন দেখেছি--আজ আমি খুব খারাপ স্বপ্ন দেখেছি (মুর্শিদা ১৭)

**খোয়াবে k$^h$oabe** খাওয়াবে দ্র খা (কোচবি ১)

**খোয়াম্ k$^h$oam** ক্রি খাওয়াবো দ্র খা মুই তোকে্ খোয়াম্--আমি তোকে খাওয়াবো (পদিনা ৪) ['আম্' বিভক্তি ভবিষ্যৎকালে ব্যবহৃত হয়। যেমন জাম--যাব। মারিম্--মারব]

**খোয়ামো k$^h$oamo** খাওয়াবো দ্র খা (কোচবি ৩)

**খোয়ার্ তেল k$^h$oar tel** বি সরষের তেল mustard oil (পদিনা ২)

**খোয়াল্‌লো k$^h$oallo** ক্রি খাইয়েছিল, খাওয়ালো দ্র খা উয়ায় মোক্ খোয়াল্‌লো--ও আমাকে খাইয়েছিল (পদিনা ৪)

**খোয়া লাগা k$^h$oa laga** ক্রি অন্যের পায়ে পা লাগা to stumble with other person's leg (বর্ধমা ১৫)

**খোয়ালি k$^h$oali** বি ধান জমির আগাছা weed (চব্বিশ ৮, ২৭) ~ **করা k$^h$oali kɔra** ক্রি জমি নিড়ানো [আগাছাগুলো উপড়ে ফেলে দেওয়া] দ্র খোয়ানো[১] (চব্বিশ ৮) ~ **কাজ্ k$^h$oali kaj** বি নিড়ানোর কাজ weeding after transplantation (চব্বিশ ২৭)

**খোয়ালু k$^h$oalu** ক্রি ১ খাইয়েছিলি, খাওয়ালি দ্র খা তুই মোক্ খোয়ালু--তুই আমাকে খাইয়েছিলি ২ খাইয়েছিলাম, খাওয়ালাম দ্র খা মুই উয়াক খোয়ালু--আমি ওকে খাইয়েছিলাম (পদিনা ৪)

**খোয়া লুকানো খ্যালা k$^h$oa lukano k$^h$æla** বি গ্রামীণ খেলা বিশেষ [দলবদ্ধ ভাবে খেলা হয়। রুমাল চোর খেলার মতো। সকলে পাশাপাশি আসন করে বসে। একটি ছোট গুটি নিয়ে যে কোনো একজনের হাঁটুর ভাঁজে লুকিয়ে রাখে। যাকে 'চোর' ঠিক করা হয়েছে সে গুটিটি কার কাছে আছে খুঁজে বের করবে। পারলে যার কাছে গুটিটি আছে সে এবার 'মুচি' অর্থাৎ চোর হবে] a kind of rural game (নদিয়া ১০)

**খোয়াস্ k$^h$oas** বি কষের ঘা the sore in the corner of the mouth (মেদিনী ৮)

**খোয়ে গোব্‌রা k$^h$oe gobra** বি খড়ের চালে থাকে এমন একধরনের বিষধর সাপ a kind of poisonous snake (হুগলি ১১)

**খোয়েল্ k$^h$oel** বি খইল--গরুর খাদ্যবিশেষ oil cake (মেদিনী ২৭)

**খোর্[১] k$^h$or** ১ বি বাঁশের ছোট ফালি [বেড়া বাঁধার কাজে ব্যবহৃত হয়] bamboo staff (কোচবি ৭) ২ যোগ চিহ্নের মতো নক্সা করা বেড়া the fence having chequered design [গুণ চিহ্নের মতো হলে তাকে 'মলি চ্যাকর্' বলে the fence with diamind shaped holes (জলপা ৮)

**খোর্**[১] **kʰor** খয়ের দ্র খয়র্ (মেদিনী ১৫, ৩২, ৩৪)

**খোর্কা মালোই kʰorkɑ mɑloĭ** বি বাঁশপাতি [পাখি] a kind of bird (মালদা ১)

**খোর্কি kʰorki** বি জানালা a window (জলপা ৬, ৭) আ বা খিড়কি

**খোর্কোশিয়া kʰorkoʃiɑ** বিণ রুক্ষচুল dry and rough hair (মালদা ৩) < সং কর্কশ

**খোর্খোশা kʰorkʰoʃɑ** বিণ খসখসে coarse, unsmooth, rough (মেদিনী ১২)

**খোর্খোসোং kʰorkʰosoŋ** বিণ অমসৃণ, এবড়ো-খেবড়ো uneven (জলপা ৭) < সং কর্কশ

**খোর্চি**[১] **kʰorci** বি মাছ ধরার জাল বোনার সরঞ্জাম [এতে সুতো লম্বালম্বিভাবে জড়ানো থাকে] a bobbin for net weaving (চব্বিশ ২১, নদিয়া ১৩)

**খোর্চি**[২] **kʰorci** বি ধান ঝাড়াই করার বাঁশের পাটার আড়াআড়ি দিকের বাঁশগুলি part of a thresher (মেদিনী ১৫)

**খোর্চে kʰorce** দ্র খোর্চি[১] (হুগলি ১৫)

**খোর্ পোচ্চিমে kʰor poccime** বি গরুর একপ্রকার অসুখ [এই রোগের লক্ষণ হোল গরুর খুব জ্বর হয় এবং কাঁপুনি থাকে। রোগ নিরাময়ের জন্য শালপানি, আপান, প্যাটারি, ধুতুরা, নিম, খেঁটুল, ধানিলঙ্কা, করঞ্জা, কণ্টিকাটি--এই গাছগুলি বেটে গোলমরিচ সহযোগে জলে মিশিয়ে বোতলে করে গরুকে খাওয়ালে জ্বর সেরে যায়। তবে প্রথমে প্রথম তিনটি গাছ খাওয়ানো হয়, এতে রোগের উপশম না হলে প্রথম ছয়টি খাওয়ানো হয় এবং এতেও যদি ফল না হয় সব কয়টি গাছই খাওয়ানো হয়] a kind of a cattle disease (হুগলি ১)

**খোর্পোড় kʰorpoɽ** বি কুমোরের পনে বেশি পুড়ে যাওয়া মৃৎপাত্র [ঝামাপোড়] over burnt clay pot (পুরুলি ১৬) ক্ষার + পোড়া

**খোর্পোশ্চিমে kʰorpoʃcime** বি গরুর অসুখ [এই অসুখ হলে গরুর পেট ফাঁপে, খাওয়া কমে যায়, এবং গরু খুঁড়িয়ে চলে। চারটি পা দুর্বল হয়ে গেলে গরু আর উঠতে পারে না। এই রোগ হলে ৫/৬ ইঞ্চি পরিমাণ কালো ধুতুরার শিকড় একুশটি গোলমরিচসহ কিছুটা তরল করে বেটে, সেটি তিন ভাগ করে তিনবারে খাওয়ানো হয়। নিরাপত্তার জন্য খাওয়ানোর সময় বাঁশের চোঙা ব্যবহার করা হয়] a kind of cattle disease (হুগলি ১৫)

**খোর্পোসাগ্ kʰorposɑg** বি খোরপোশ maintenance, alimony (মেদিনী ১১) ফা খোরাক + পোশাক

**খোর্মাটি kʰormɑti** বি ক্ষারমাটি alkaline earth, fuller's earth মাথায় জটালে তখন্ ঘুঁস্ লেই, ছাড়ি

খোর্রি

যায়--(ময়লা পড়ে) মাথায় জটা হলে বা চুল জটার মতো পাকিয়ে গেলে তখন (ঐ খোর্মাটি) মাথায় ঘষে নিই, ছেড়ে যায় (মেদিনী ২৯)

**খোর্মুজা kʰormujɑ** বি তরমুজ water-melon (জলপা ৯ দার্জিলি ৩)

**খোর্মুন্জা kʰormunjɑ** দ্র খোর্মুজা (জলপা ৭ পদিনা ৯ মালদা ৪)

**খোর্রি kʰorri** বি কুলুঙ্গী বিশেষ [মাটির দেওয়ালে থাকে। তবে এটি কুলুঙ্গীর থেকে সরু] a kind of small shelf in a wall (পুরুলি ৪)

**খোর্ রোগ্ kʰor rog** বি গরুর অসুখবিশেষ [গরুর পেট ফেঁপে গেলে 'খোর্ রোগ' হয়েছে বলা হয়। আবার গরু চলতে চলতে হঠাৎ কাঁপতে শুরু করে--গরুর এই উপসর্গকেও 'খোর্ রোগ' বলা হয়] a kind of cattle disease (নদিয়া ১৩)

**খোঁর্ শাল্ kʰōr ʃɑl** বি বাড়ির বাইরে যে চালার মধ্যে দিনের বেলা গরু বেঁধে রাখা হয় a kind of cow-shed (হুগলি ১)

**খোর্সি kʰorsi** কানের ময়লা দ্র ওখোর্ খরুর্ (বীরভূ ৯)

**খোর্হোই kʰorhoĭ** বি খামার [যেখানে ধানশস্য ইত্যাদি মাড়াই করা হয়] a threshing floor, a farmyard, a granary (পুরুলি ৭)

**খোরা**[১] **kʰorɑ** বি ১ বাটি a cup without handle (পদিনা ৭, ১০, ১২) ২ পাথরবাটি a stone-cup (বর্ধমা ২ মুর্শিদা ১৭ হাওড়া ১, ৮)

**খোরা**[২] **kʰorɑ** বি বেতের তৈরি ধামা a hemispherical rattan-basket having no lid (চব্বিশ ২০)

**খোরা**[৩] **kʰorɑ** ক্রিবিণ খোঁচা a poker শাল্ঘরে কিরিচ্ দিয়ে আগুন্ খোর্তে হয়--কামারশালে 'কিরিচ্' দিয়ে আগুন খুঁচতে হয় [কিরিচ--আগুন খোঁচার জন্য লোহার বাঁকানো শিক--প্রায় হাত খানেক লম্বা (পুরুলি ৪)

**খোরাইন্ kʰorɑin** বি খরাকালীন at the time of drought ক্যানেলে খোরাইন্ভোর্ জল দিছে--ক্যানেলে সারা গ্রীষ্মকাল বা খরার সময় জল দিচ্ছে (বর্ধমা ২১)

খোরি মাচ্

**খোরাক্** **kʰorak** বি ১ খাবার meal, food (নদিয়া ১২ পদিনা ৩ বর্ধমা ২ বাঁকুড়া ৬ মালদা ৪) তমাদের খোরাক্ কে দ্যায়--তোমাদের খাবার কে দেয়? (বাঁকুড়া ৬) ২ পথ্য diet লোকটার ওশুবিধা হোইছে খোরাক্ দিবার্ লাগে--লোকটার অসুখ হয়েছে পথ্য দিতে হবে (দার্জিলি ৩) ৩ ভাত্ boil rice খোরাক্ খাবো--ভাত খাবো (পদিনা ৬) তু ফা. খুরাক্

**খোরাক্-পোশাক্**[১] **kʰorak poʃak** ক্রিবিণ ভরণ-পোষণ to provide with food and clothing and shelter (মেদিনী ৯)

**খোরাক্-পোশাক্**[২] **kʰorak posak** ক্রি বিণ খোরপোশ maintenance, alimony (মেদিনী ৭) খোরপোসাগ্ (মেদিনী ৭)

**খোরাক্লা** **kʰoraklɑ** বি খাবারটা the meal খোরাক্লা শুয়াদি নি লাগ্যে--খাবারটা খেতে ইচ্ছে করছে না [অর্থাৎ স্বাদ লাগছে না] (পদিনা ১) দ্র খোরাক্

**খোরাকির্ পহর্** **kʰorakir pɔhɔr** বি সকালের জলখাবারের সময় tiffin time of morning (পদিনা ৩)

★ **খোরানো** **kʰorano** ক্রি ন্যাড়া করা [কেশমুণ্ডন করা] to shave head মাথা খোরাচি--মাথা ন্যাড়া করে দিয়েছি (কোচবি ২) < সং ক্ষুর

**খোরানি** **kʰorani** বি গ্রীষ্মকাল summar season (বর্ধমা ২০) দ্র খোরাইন

**খোরি** **kʰori** বিণ তেজী অর্থে spirited গোরুটা বড় খোরি--গোরুটা খুব রাগী (পুরুলি ৩) ২ বদরাগী ill-tempered (বাঁকুড়া ৫) ৩ চটপটে promt, quick (মেদিনী ৬) তু খর (আ বা)

**খোরিন্** **kʰorin** বি [ঘোল মন্থনের] দণ্ড a churning-stick (নদিয়া ৭)

**খোরি মাচ্** **kʰori mac** বি খয়রা মাছ a species of very small fish (মুর্শিদা ১৯)

**খোরিয়ান** **kʰorian** দ্র খোর্হোই (মালদা ৩)

**খোরিয়ে যাওয়া** **kʰorie jaŏa** ক্রি তরকারিতে নুন বেশি হয়ে যাওয়া to get salty (চব্বিশ ৩৭) < তু খর

**খোরিশ্ গৌরো** **kʰoriʃ goŭro** বি সাদা খরিস [কেউটে] a kind of cobra (বর্ধমা ২১)

**খোরু** **kʰoru** বি ১ কানের ময়লা দ্র খরুর্ (বাঁকুড়া ১০) দ্র ওখোর্ ২ নাকের শুকনো সর্দি দ্র খাট্টি[১] (বাঁকুড়া ১০)

**খোরুই** **kʰoruĭ** দ্র খোরু (নদিয়া ৩)

**খোরুটি করা** **kʰoruṭi kɔra** ক্রি খড়মিশ্রিত মাটির প্রলেপ দেওয়া [মাটির বাড়ির দেওয়ালকে সুন্দর করার জন্য প্রাথমিক মাটির কাজের পর তাকে চেঁচে ফেলে ভাল মিহি মাটি ও খড় মিশিয়ে দেওয়ালের উপর লেপে দেওয়া হয়] to plaster with mud and straw (বীরভূ ১১)

**খোরুয়া** **kʰorua** বি খাটিয়ার পায়া a leg or foot of an improvised cot (বাঁকুড়া ৫)

**খোরুয়া চুল্** **kʰorua cul** বিণ কটা চুল brownish hair (মেদিনী ২) আ বা খয়ের

**খোরে** **kʰore** ক্রিবিণ খুব very বোঝাটা খোরে গোধির--বোঝাটা খুব ভারী (দার্জিলি ৩)

**খোরো** **kʰoro** বি শুষ্ক আবহাওয়া যুক্ত সময় অর্থে dry weather (চব্বিশ ৩১) আ বা খরা

**খোরোই**[১] **kʰoroĭ** বি লাউয়ের খোল calabash (পদিনা ১, ৬)

**খোরোই**[২] **kʰoroĭ** দ্র খরুর্ (নদিয়া ৪)

**খোরোটি** **kʰoroṭi** বি মাটির দেয়ালে খড়-মাটির মিশ্রণের প্রলেপ plaster with mud and straw on the wall of mud house (মুর্শিদা ১৭) দ্র খোরুটি করা

**খোরোল্** **kʰorol** কোটর দ্র খোকর্ (চব্বিশ ১৮)

**খোরোশ্ (সময়)** **kʰoroʃ (sɔmɔĕ)** বি খরার সময় season of drought (হাওড়া ১০) দ্র খোরো

**খোল্**[১] **kʰol** বি ১ বাকল kind of a bark কলা খোল্--কলাগাছের বাকল (চব্বিশ ৩১ মেদিনী ৩৪ হাওড়া ১০) ২ নতুন বাঁশের গায়ের আবরণ rind of newly born bamboo (হাওড়া ৩)

**খোল্**[২] **kʰol** বি উনানের গর্ত a hole of an oven (চব্বিশ ৭, ১৫, ২৩, ৩৩ নদিয়া ১০)

**খোল্**[৩] **kʰol** বি ঘরের মেঝে floor (চব্বিশ ৮)

**খোল্**[৪] **kʰol** হাঁস-মুরগি থাকার ঘর (হুগলি ১০, ১২) দ্র আত্রি[১], খল্লা

**খোল্**[৫] **kʰol** নখ দ্র খল্কা (জলপা ১০)

**খোল্**[৬] **kʰol** বি (গরুকে খেতে দেবার) মাটির বড় গামলা--ডাবা manger (নদিয়া ১০)

**খোল্**[৭] **kʰol** বি চালগুঁড়ি dust of rice (বাঁকুড়া ১৮)

খোল্[৮] **k$^h$ol** বি নৌকার গর্ত the bally of boat (মুর্শিদা ২৪)

খোল্[৯] **k$^h$ol** বি খইল oil-cake (হাওড়া ৩)

খোল্[১০] **k$^h$ol** বি ছাঁচ [মাটির ছাঁচের উপর শোলার পাত জড়িয়ে তৈরি শোলার পাখির কাঠামো] a mould (চব্বিশ ১১)

খোল্[১১] **k$^h$ol** বালিশের ঢাকনা দ্র খিসা[২] (দার্জিলি ৩ পদিনা ২ বর্ধমা ২২ বাঁকুড়া ১৪, ১৭ বীরভূ ৩ মেদিনী ২৯) দ্র অড়্[৩]

খোল্[১২] **k$^h$ol** বি হুঁকার অংশবিশেষ [নারকেল মালার তৈরি] the part of a hookah [made of coconut shell] (চব্বিশ ৩৩ নদিয়া ১ বর্ধমা ১৪, ২৩)

খোল্[১৩] **k$^h$ol** বি ঢাকের কাঠ—গোলাকৃতি ও ফাঁপা অংশ the wooden structure of a drum (মেদিনী ৩২)

খোল্[১৪] **k$^h$ol** বি খোলস [সাপের] a fell খোল্ ছাড়া—খোলস ছাড়া (মেদিনী ২৪)

**খোল্ করা k$^h$ol kɔra** ক্রি কথা বলা, বকবক্ করা to prattle or chatter disqustingly, to talk much (মেদিনী ১৫)

খোল্কা[১] **k$^h$olka** বি নখ [হাতের এবং পায়ের আঙুলের] a nail [of finger and toe] (দার্জিলি ২, ৪, মালদা ৪) দ্র খোড়্কা

খোল্কা[২] **k$^h$olka** বি খোলা, খোসা skin, an outer covering or a shell (পদিনা ২)

খোল্কা[৩] **k$^h$olka** বি কলাগাছের বাকল rind of a banana tree (দার্জিলি ৩ পদিনা ৪)

**খোল্ কাট্ k$^h$ol kat** বি গরুর গাড়ির অংশবিশেষ [গরুর গাড়ির চাকা দুটিকে যুক্ত করা হয় যে লোহা দিয়ে তার উপরে একটা কাঠ থাকে। ঐ লোহা এবং এই কাঠকে বড় পেরেক দিয়ে যুক্ত করে রাখা হয়] a portion of a bullock-cart (বর্ধমা ১৫)

**খোল্ কাড়া k$^h$ol kaɽa** ক্রি চালগুঁড়ি বা আটার লেচি কাটা to cut dough into pieces (মেদিনী ২০)

খোল্কি[১] **k$^h$olki** বি মাথার খুলি the skull (পদিনা ২)

খোল্কি[২] **k$^h$olki** বি বাঁশের জানালা a window [made of bamboo] (জলপা ১)

**খোল্ খনতা k$^h$ol k$^h$ɔnta** দ্র খনতা (কোচবি ৩)

**খোল্ ছানি k$^h$ol c$^h$ani** বি গরুর খাদ্য—জলে অল্প খোল এবং খড় বা ঘাসের কুচি মিশ্রিত পদার্থ a mixture of chopped straw, oil-cake, water etc. given to cattle as their food (মেদিনী ১৩)

**খোল্ জোমি k$^h$ol jomi** বি ১ নিচু জমি, জলা জমি দ্র খাল্[২] (হুগলি ১০, ১৬) ২ যে জমিতে একটিমাত্র ফসল হয়। সাধারণত কেবল ধানচাষই হয়. [এই জমিকে

খোল্কা[৩]

'শালিজোমি'ও বলে] a field yeilding crop once in a year (হুগলি ৬)

খোল্টা[১] **k$^h$olta** নখ (কোচবি ১, ৪ জলপা ৯ পদিনা ২, ৯) দ্র খোল্কা[১]

খোল্টা[২] **k$^h$olta** বি নারকেল মালা a coconut shell (কোচবি ৬ পদিনা ৯)

খোল্টা[৩] **k$^h$olta** বি ১ সাপের খোলস দ্র খোল্ ১৪ (কোচবি ২) ২ ডিমের খোলা দ্র খল্চা, খল্টা (কোচবি ৮) ৩ শামুকের খোল shell of a snail (জলপা ৪)

**খোল্টা খোক্টা k$^h$olta k$^h$okta** নখখোঁটা দ্র খঁড়্ড়ানো (দার্জিলি ৩)

**খোল্টান্ গাল্ k$^h$oltan gal** বিণ তোবড়ানো গাল sunken or drawn face (দার্জিলি ২)

খোলটি[১] **k$^h$olti** বি মাথার খুলি the skull (দার্জিলি ৩ পদিনা ২, ৯) < সং করোটি

খোল্টি[২] **k$^h$olti** বি মাছের কান্কো the gill of a fish (পদিনা ২)

খোল্টি[৩] **k$^h$olti** বি কানের ময়লা (পদিনা ২) দ্র ওখোর্, খরুর্

**খোল্টুন্গি k$^h$oltungi** বিণ গাল তোবড়ানো মেয়ে a girl with sunken face (দার্জিলি ২)

খোল্ডা **k$^h$oldɑ** বি মুরগি থাকার ঘর [মাটির তৈরি] (হুগলি ৮, ১৮) দ্র আত্রি[১]

**খোল্ ডাব্রি k$^h$ol dɑbri** বি কামারশালে খোল জলে ভিজিয়ে রাখার পাত্র [এটি কাঠের মুগুরের মতো ছোট, কিন্তু ভিতরটা গর্ত। দা-কাটারি ইত্যাদির ধার অংশে ভেজানো খোল (সরষের) লাগিয়ে পোড়ানো হয়। এর ফলে ধার তীক্ষ্ণ হয়] a hollow-centred basin used by blacksmith (মালদা ৩, ৫)

খোল্তা[১] **k$^h$olta** বিণ উজ্জ্বল bright কাপড়টা খোলতাই আছে—কাপড়টা উজ্জ্বল আছে (চব্বিশ ১১) তু খোল্তা (হি)

খোল্তা[২] **k$^h$olta** বি তালের মুখের আবরণ the upper covering of palm fruit (পদিনা ১০)



খোল্‌তাই

**খোল্‌তাই** **kʰoltaĭ** বি মুড়ির চাল নাড়ার মাটির হাড়ি [কিছুটা চ্যাপ্টা আকৃতির] an earthen vessel to bake rice (মালদা ৮)

**খোল্‌নটে** **kʰolnɔʈe** বি এক জাতীয় লতানে শাক [এই লতা মাটির উপর দিয়ে বেয়ে লম্বা আকার ধারণ করে। লালচে ফুল হয়। এর শাক লোকে খায়] a kind of edible creeper (বীরভূ ১)

**খোল্‌না** **kʰolna** দ্র খল্‌লা (হুগলি ৯)

**খোল্‌পা**[১] **kʰolpa** বি দর্জি a tailer (কোচবি ২) তু খলীফা (আরবী)

**খোল্‌পা**[২] **kʰolpa** বি খেজুর পাতার পাটি a mat made by leaves of date palm (চব্বিশ ৮, ১৫)

**খোল্‌পা**[৩] **kʰolpa** বি বাঁশের গায়ের আবরণ দ্র খপ্‌লা (মালদা ৩)

**খোল্‌পা**[৪] **kʰolpa** বি নখ দ্র খল্‌কা (জলপা ২)

**খোল্‌পা**[৫] **kʰolpa** বি পাছা, নিতম্ব the heap, the posteriors (বাঁকুড়া ১৩)

**খোল্‌পায়া** **kʰolpaĕa** ক্রিবিণ পাঁজরের ব্যথা pain in the ribs (দার্জিলি ২)

**খোল্‌প্যা** **kʰolpæ** দ্র খোল্‌পা (বীরভূ ১১)

**খোল্‌লা** **kʰolla** বি হাঁস-মুরগির ঘর দ্র খল্‌লা (চব্বিশ ৪ বর্ধমা ২ হুগলি ১ হাওড়া ৩) দ্র আত্‌রি[১]

**খোল্‌লা ঘর্‌** **kʰolla gʰɔr** গোয়ালের বাইরে গরু রাখার অস্থায়ী চালা [সাধারণত দিনের বেলায় গরুকে বেঁধে রাখা হয়] (মালদা ১১) দ্র খোয়াড়্‌

**খোললার্‌** **kʰollar** গাছের কোটর দ্র খোকর্‌, খোঁগল্‌ (মালদা ৭)

**খোল্‌লি** **kʰolli** কানের ময়লা দ্র ওখোর্‌ (মুর্শিদা ২১)

**খোল্‌লো** **kʰollo** বি ৯ টাকা [গরুর ব্যাপারিদের সাংকেতিক শব্দ] Rupees nine--symbolic word of cattle trader (নদিয়া ২)

**খোল্‌ল্যা** **kʰollæ** বি দুধ ফোটানোর মাটির পাত্র a clay milk-pot (মুর্শিদা ২)

**খোল্‌শা**[১] **kʰolʃa** বি ছাল [দেহত্বকের] skin গাওর্‌ চামড়াটা মড়ি যায়্যা খোল্‌শা উঠে—গায়ের চামড়া শুকিয়ে ছাল উঠে (কোচবি ৪)

**খোল্‌শা**[২] **kʰolʃa** বিণ পরিষ্কার clean তার্‌ মনটা খোল্‌শা নয়—তার মনটা পরিষ্কার নয় (হাওড়া ১১)

**খোল্‌শা**[৩] **kʰolʃa** ডিমের খোলা দ্র খল্‌চা (জলপা ১) (সং খোলক

**খোল্‌শিয়া** **kʰolʃia** খুস্কি দ্র খড়্‌ড়া (কোচবি ২)

**খোল্‌শে** **kʰolʃe** বি মরা মাস scurf (হুগলি ১৯)

**খোল্‌সা**[১] **kʰolsa** বি খোলস a slough (জলপা ৭)

**খোল্‌সা**[২] **kʰolsa** বি সরষের খোল oil-cake of mustard seed (মেদিনী ২৭)

**খোল্‌সা**[৩] **kʰolsa** ক্রি ঋণমুক্ত হওয়া to be free from debts (মেদিনী ১৫) আরবী খুলাসা

**খোল্‌সা**[৪] **kʰolsa** বি পরিষ্কার clean বাজ্‌জে খোল্‌সা না হলে তার্‌ ওসুদ্‌ দুব--পায়খানা পরিষ্কার না হলে তার ঔষধ দেবো (মেদিনী ২৫)

**খোল্‌সানি** **kʰolsani** দ্র খোল্‌শে (বর্ধমা ১২)

**খোল্‌সি** **kʰolsi** কানের ময়লা (নদিয়া ১) দ্র খরুর্‌ ওখোর

**খোল্‌সি ওঠা** **kʰolsi oʈʰa** ক্রি চামড়া ওঠা [হাতের তালুর] to get up some skin from palm (বাঁকুড়া ১৫)

**খোল্‌স্যে** **kʰolsɛ** দ্র খোল্‌শিয়া (কোচবি ৪)

**খোলপ্‌বাদী** **kʰolɔpbadi** বি, বিণ অসৎলোক dishonest person (পুরুলি ৭)

**খোলা**[১] **kʰola** বি মাটির পাত্রের ভাঙা টুকরো দ্র খলম্‌কুচি (পদিনা ১২ বর্ধমা ১০)

**খোলা**[২] **kʰola** বি খুলি [মাথার] the skull (মেদিনী ৯)

**খোলা**[৩] **kʰola** বি খোসা [ফল, আনাজ, ডিম প্রভৃতির] দ্র খল্‌টা[২] (চব্বিশ ১, ৮, ২৭, ৩১, ৩৭ নদিয়া ৪, ৬ বর্ধমা ২, ৫, ৭, ৯, ২২, ২৩ হাওড়া ১, ৩, ৮ হুগলি ৫) খোলা ছিলা --খোসা ছাড়ানো (বর্ধমা ৫)

**খোলা**[৪] **kʰola** বি খামার দ্র খরিয়ান (নদিয়া ১ পুরুলি ৫, ১১ মুর্শিদা ৫, ৯, ২৪)

**খোলা**[৫] **kʰola** বি বালিশের ঢাকনা দ্র অড়্‌[৩] খিসা[২] (মেদিনী ২৮, ৩৪) < সং খোলক

**খোলা**[৬] **kʰola** ক্রি খোলা open খুলি যাইছে—খুলে গেছে (মেদিনী ১২)

**খোলা**[৭] **kʰola** বি সাপের খোলস দ্র আঁচড়্‌[২] (চব্বিশ ১৮)

**খোলা**[৮] **kʰola** বি এক ধরনের চাটু [ভাঙা কড়াই-এর তলা, এতে শুকনো শুকনো করে সব কিছু ভাজা হয়] a kind of frying-pan (পদিনা ৩)

**খোলা**[৯] **kʰola** বি ১ মুড়ি ভাজার মাটির পাত্র [একদিক ভাঙা

হাঁড়িবিশেষ] দ্র খওয়া (বর্ধমা ২, ৫, ১৮, ২০ বীরভূ ২ মেদিনী ২১, ৩৪) < সং খোলক [মুড়ি ভাজার প্রথম পর্বে চাল ধুয়ে জল ঝাড়িয়ে নেওয়া হয়। এরপর ডাবার মতো একটি মাটির পাত্রে চাল ঢেলে নেওয়া হয় এবং উনানের উত্তপ্ত আঁচে ঐ চালগুলি ঝাঁটাকাঠির গুচ্ছ দিয়ে ক্রমাগত নাড়তে হয়। চাল যখন খুব রাঙা হয়ে উঠবে তখন নামিয়ে নিতে হয়। 'খোলা' নামক পাত্রেই এই কাজটি হয়। এরপর 'খুলি' নামক মাটির পাত্র উনানের উত্তপ্ত আঁচে বসাতে হয়। এই খুলিতে প্রায় এক কেজি বালি থাকে। বালি উনানের আঁচে যখন ভাল রকম উত্তপ্ত হয়ে উঠে তখন খোলাতে রাখা চালগুলি থেকে অল্প পরিমাণ (প্রায় আধ বাটির মতো) রাঙানো চাল নিয়ে খুলিতে ঢেলে দিতে হয় এবং সঙ্গে সঙ্গে 'খুঁচি' (ঝাঁটাকাঠি গুচ্ছ) দিয়ে নাড়াচাড়া করতে হয়। এতেই মুড়ি বা চালভাজা হয়] a kind of earthen pot used to parch rice (হাওড়া ১, ৩, ৮)

**খোলা**[১০] **k$^h$ola** ক্রি খোঁড়া [গর্ত] খনন করা to dig (মেদিনী ২৮ হাওড়া ৩) গোল্ করে খুলেছি--গোল করে (গর্ত) খুঁড়েছি (হাওড়া ৩) ল < ড়

**খোলা**[১১] **k$^h$ola** এক প্রকারের মাটির হাঁড়ি [হাঁস-মুরগির ডিমে তা দেওয়ার জন্য এই মাটির হাঁড়ি ভাঙা ব্যবহার করা হয়] a kind of clay pot (বর্ধমা ২ মুর্শিদা ১২)

**খোলা**[১২] **k$^h$ola** বি নারকেলের মালা (বাঁকুড়া ৫) দ্র খপুয়া

**খোলা**[১৩] **k$^h$ola** বি টালি [এই টালি দিয়ে মাটির বাড়ির ছাউনি হয়] a kind tiles made of clay (চব্বিশ ২০, ৩৬ হাওড়া ৮)

**খোলা**[১৪] **k$^h$ola** বি ১ কাদা-জল রাখার পাত্রবিশেষ [কাঁচা মাটির দেওয়াল সমান করার জন্য কাদা-জলের প্রলেপ প্রয়োজন। সেই কাদা-জল একটি পাত্রে রাখা হয়] a container to mix plastering substance (মেদিনী ২৫) ২ কামারশালে জল রাখার মৃৎপাত্র [গামলা] দ্র আতাল্[৫] (পুরুলি ৮) ৩ কুমোরের চাকশালের মাটির ছোটপাত্র বা গামলা [এই পাত্রের জলে কাদামাটি লাগানো হাত ধোয়া হয়] a washing basin or bowl used by potters (পুরুলি ৯) < সং খালক

**খোলা**[১৫] **k$^h$ola** বি মালসা [মাটির তৈরি সরার মতো পাত্র। এতে ডাল, তরকারি রান্না করা হয়] a small earthen basin (বর্ধমা ১৫ বাঁকুড়া ৭)

**খোলা**[১৬] **k$^h$ola** বি মাটির তৈরি কানাওয়ালা চাটু [এতে রুটি ভাজা হয়] a brimmed clay frying-pan (নদিয়া ১)

**খোলা**[১৭] **k$^h$ola** বি ভাঁড় a small earthen pot দইয়ের খোলা--দইয়ের ভাঁড় (পুরুলি ৮)

**খোলাং** **k$^h$olaŋ** বি খোলাম্কুচি [ভাঙা হাঁড়ি কলসির

খোলা[৯]

টুকরো] দ্র খলম্কুচি (নদিয়া ৯ মুর্শিদা ২, ১৭)

**খোলান্** **k$^h$olan** বি ১ খামার দ্র আগনা, খরিয়ান্ farm yard (জলপা ১ পদিনী ৭) ২ প্রাঙ্গণ, আঙিনা court yard (কোচবি ৪ জলপা ৭ পদিনা ৬, ৭) বর-কনেকে খোলান্ বাড়িতে গিয়ে বৈরেতি চালন বাতি দিয়া বরিবে--বর-কনেকে উঠানে এয়োরা বরণডালা দিয়ে বরণ করবে (কোচবি ৭)

★ **খোলানো** **k$^h$olano** ক্রি কাপড়ে মাড় দেওয়া to starch কাপরে মার্ খোলাই--কাপড়ে মাড় দিই (দার্জিলি ৩)

**খোলা পেট্‌কো** **k$^h$ola peṭko** বি একধরনের বাঁশ [এই বাঁশগুলো মোটা হয় না] a kind of bamboo (বাঁকুড়া ১০)

**খোলা বাইড়্** **k$^h$ola baiṛ** বি খামার দ্র খরিয়ান্ (মেদিনী ৪)

**খোলা বাইর্** **k$^h$ola bair** দ্র খোলাবাইড়্ (চব্বিশ ১৯ মেদিনী ১, ৬, ১৯, ২২, ২৬)

**খোলা বাহার্** **k$^h$ola bahar** বি প্রাঙ্গণ, আঙ্গিনা দ্র আইগ্না (মেদিনী ২০)

**খোলাবাহির্** **k$^h$olabahir** বি খামার farmyard খোলা বাহিরে ধান্ উঠা হয়--খামারে ধান (শুকনো গাছসমেত ধান) তোলা হয় (মেদিনী ২০) দ্র আগ্না, খরিয়ান্

**খোলা ভাজা ঘর্** **k$^h$ola b$^h$aja g$^h$ɔr** বি রান্নাঘর বিশেষ [এই ঘরে সকালের জলখাবার তৈরি হয় ও ধান ইত্যাদি সিদ্ধ করা হয়] a kind of kitchen (জলপা ৭)

**খোলাম্**[১] **k$^h$olam** খামার্ খোলামের মোদ্দে ধানটা পুজি দে --খামারের মধ্যে ধানটা জমা কর (কোচবি ২, ৮) দ্র আগ্না খরিয়ান্

**খোলাম্**[২] **k$^h$olam** মৃৎপাত্রের ভাঙা টুকরো দ্র খলম্কুচি (হাওড়া ১০)

**খোলাম্ কুচি** **k$^h$olam kuci** মৃৎপাত্রের ভাঙা টুকরো দ্র খলম্কুচি (বর্ধমা ২)

**খোলাম্ বাড়ি** **k$^h$olam baṛi** প্রাঙ্গণ, আঙ্গিনা দ্র আইগনা (কোচবি ৩, ৬)

খোলা মুচি

**খোলা মুচি** **kʰola muci** বি পিঠা তৈরির জন্য ব্যবহৃত মাটির পাত্র [পাত্রটির নাম 'খোলা', এর ঢাকনির নাম 'মুচি'। চার বাটি বিশিষ্ট খোলাকে বলে 'চার্‌খোলা'--অর্থাৎ এতে চারটি পিঠা একত্রে তৈরি করা যায়। এইরকম পাঁচখোলা, সাতখোলা, নয় খোলা হয়] an earthen moult (চব্বিশ ২১ হুগলি ১৫)

**খোলা মোঙ্গলা** **kʰola moŋgola** বি বিবাহানুষ্ঠানের স্ত্রী-আচার বিশেষ [উনুনে মাটির খোলায় করে এক সের বা পাঁচ পোয়া ধানের খই ভাজবে এয়োরা। এই খই ডালি করে রেখে দেওয়া হয়। কনে যখন শ্বশুরবাড়ি যায় তখন এই খই ছড়ানো হয়] the traditional rites observed in the Hindu marriage ceremony (বর্ধমা ৯)

**খোলা হাঁড়ি** **kʰola hãɽi** মুড়ি ভাজার জন্য ব্যবহৃত মাটির হাঁড়ি [একদিকে পদ্ধতিগত ও পরিকল্পনাগত ভাবে ভাঙা] (চব্বিশ ১) দ্র খওয়া

**খোলি**[১] **kʰoli** কানের ময়লা (চব্বিশ ৪) দ্র ওখোর্‌, খরুর্‌

**খোলি**[২] **kʰoli** খোল দ্র খোলসা[২] (পদিনা ২)

**খোলি**[৩] **kʰoli** বি খোল [বাদ্যযন্ত্র বিশেষ, হরিনাম-সংকীর্তনের সময় এটি বিশেষভাবে বাজানো হয়] a kind of tom-tom (মালদা ৩)

**খোলিপা** **kʰolipa** দ্র খোল্‌পা[১] (জলপা ৯ পদিনা ৪ মালদা ২ মেদিনী ৮)

**খোলিফা**[১] **kʰolipʰa** বি যাত্রাদলের অধিকারী the proprietor (who is also the manager and chief director) of an open air opera or dramatic party (মালদা ১১)

**খোলিফা**[২] **kʰolipʰa** দর্জি দ্র খোল্‌পা (মালদা ১১)

**খোলিয়ান্‌** **kʰolian** খামার দ্র আগ্‌না খরিয়ান্‌ (পদিনা ১১)

**খোলুই** **kʰoluĭ** মাছ রাখার ঝুড়িবিশেষ দ্র খলাই [বাঁশের চেঁচাড়ি দিয়ে তৈরি] (মালদা ৪)

**খোলুচি** **kʰoluci** কচি বাঁশের গায়ের আবরণ দ্র খপ্‌লা (বীরভূ ৫)

**খোলুয়া**[১] **kʰolua** খলপ্রকৃতির দ্র খোইল্‌হা লোকটা খুব খোলুয়া--লোকটা খুব খলপ্রকৃতির (কোচবি ৪) সং খল

**খোলুয়া**[২] **kʰolua** বি কুঁড়ে a (usu.small) thatched hut, a poorly made hut (মেদিনী ২৫)

**খোলুস্‌** **kʰolus** (সাপের) খোলস দ্র আঁচড়্‌[২] (বর্ধমা ৪ মেদিনী ৭)

**খোলেই** **kʰoleĭ** মাছ রাখার ঝুড়ি [বাঁশের চেঁচাড়ি দিয়ে তৈরি] দ্র খোলুই (পদিনা ১০)

**খোলো**[১] **kʰolo** দ্র খোলুয়া[১] (নদিয়া ৪ চব্বিশ ২০, ৩১ হুগলি ১৬) ২ হিংসুটে jealous অতো খোলো কেন?--এতো হিংসুটে কেন? (হাওড়া ১১)

**খোলো**[২] **kʰolo** মুড়ি ভাজার জন্য ব্যবহৃত মাটির হাঁড়ি দ্র খওয়া (পদিনা ৪)

**খোলো**[৩] **kʰolo** হাঁস-মুরগি থাকার ঘর দ্র আত্‌রি[১], খল্‌লা (মুর্শিদা ২)

**খোলো**[৪] **kʰolo** বিশেষ ধরনের মাটির হাঁড়ি [এর মধ্যে শুক্‌নো সব কিছু ভাজা হয়] দ্র খওয়া (পদিনা ১)

**খোলোই** **kʰoloĭ** বি মাছ রাখার ঝুড়ি [বাঁশের চেঁচাড়ি দিয়ে তৈরি] দ্র খোলুই (জলপা ৭, ৬ দার্জিলি ২ পদিনা ৭ মালদা ৬)

**খোলোজ্‌** **kʰoloj** (সাপের) খোলস দ্র আঁচড়[২] (বর্ধমা ১৩)

**খোলোমি** **kʰolomi** বি নষ্টামি mischievousness, a mischief (নদিয়া ৯)

**খোল্যান** **kʰolæn** খামার দ্র খরিয়ান্‌ (মুর্শিদা ১৭)

**খোশ্‌** **kʰoʃ** বি খুস্‌কি দ্র খড়্‌ড়া (চব্বিশ ৪, ৮, ১৫, ৩৩) ~ উঠা ক্রি খড়িফোটা [গায়ে] (চব্বিশ ১৫) দ্র খুক্‌সি

**খোশ্‌কা** **kʰoʃka** বি ডুমুর the fig (মুর্শিদা ২৩)

**খোশ্‌কো** **kʰoʃko** বি কুনোব্যাঙ a toad (মুর্শিদা ১৮)

**খোশ্‌ খোশে ব্যাঙ্‌** **kʰoʃ kʰoʃe bæŋ** বি কুনো ব্যাঙ দ্র খোশ্‌কো (মালদা ৬)

**খোশ্‌টা খুশ্‌টি** **kʰoʃta kʰuʃti** ক্রিবিণ (নখ) খোঁটাখুঁটি [করা] to attend small wounds or pinches with nails (কোচবি ৬)

**খোশ্‌ড়া** **kʰoʃta** বি খোস [চর্মরোগ বিশেষ] itches, scabies (কোচবি ৩) সং কচ্ছু

**খোশ্‌বো** **kʰoʃbo** বিণ সুগন্ধ a sweet smell or fragrance এ ধানে খুব্‌ খোশ্‌বো--এ ধানে খুব সুগন্ধ (বর্ধমা ৯)

**খোশ্‌রা** **kʰoʃra** বিণ খসখসে not smooth, rough (দার্জিলি ২) ফা খস্‌

**খোশ্‌লা**[১] **kʰoʃla** বি ১ খেজুর পাতার মাদুর [চাটাই] a coarse mat made of date-palm leaves (মালদা

১) ২ খড়ের তৈরি মোটা চাটাই [শীতের দিনে বিছানায় পাতা হয়। খড়ের আঁটি মোটা করে পাশাপাশি দড়ি দিয়ে বেঁধে দেওয়া হয়] a coarse mat made of straw (পদিনা ৯) তু খোসলা (দাস)

খোশ্‌লা[২] **kʰoʃla** বি চাটু [রুটি সেঁকার] a frying pan (বাঁকুড়া ১৬)

খোশা[১] **kʰoʃa** মাকুন্দ দ্র খশা[৩] (হাওড়া ৩ হুগলি ৫, ৯)

খোশা[২] **kʰoʃa** খোলস [সাপের] দ্র আঁচড়্[২] (মুর্শিদা ১১)

খোশা[৩] **kʰoʃa** (ডিমের) খোসা দ্র খল্‌চা (পুরুলি ১৫)

খোশা[৪] **kʰoʃa** বি খই-এর সঙ্গে লেগে থাকা ধান [খই ভাজার পরে এই ধানগুলি চালুনি দিয়ে চেলে ফেলে দেওয়া হয়] a veil of frying paddy (পদিনা ১০)

খোশা[৫] **kʰoʃa** নখ দ্র খল্‌কা (পদিনা ১২) সং কোষ

খোশা[৬] **kʰoʃa** বি তালগাছের তৈরি ডোঙা a canoe made of the trunk of a polmyra tree (বীরভূ ১১ মুর্শিদা ২১)

খোশা[৭] **kʰoʃa** আখের ছিবড়ে দ্র আখ খোয়া (মুর্শিদা ২)

খোশা[৮] **kʰoʃa** (কাপড়) থুপিয়ে কাচা কাপড়্ খোশ্‌—কাপড় থুপে কাচ দ্র খোউসা (চব্বিশ ১০, ২১)

খোশা ওঠা **kʰoʃa oʈʰa** দ্র খোশ্ উঠা (চব্বিশ ২১)

খোঁশা **kʰõʃa** বি নখ দ্র খল্‌কা (পদিনা ৫, ১৪)

খোশাখুশি **kʰoʃakʰuʃi** ক্রিবিণ হুড়োহুড়ি a bubbub ছেলেপিলেরা খোশাখুশি করছে—ছেলেপেলেরা হুড়োহুড়ি করছে (নদিয়া ৬)

খোশাপড়া **kʰoʃa pɔɽa** দ্র খোশ্ উঠা (মেদিনী ২)

খোশা মাচ্ **kʰoʃa mac** বি চিংড়িমাছ the prawn (বীরভূ ৭)

খোশালিয়ে **kʰoʃalie** বিণ মাকুন্দ দ্র খশা[৩] (বর্ধমা ২২)

খোশি **kʰoʃi** বি কাশি দ্র খোঁকিশ্ (পদিনা ২)

খোশু **kʰoʃu** বি ভুষি, ভুসি chaff, husk, bran (জলপা ৯)

★ খোশে দেওয়া **kʰoʃe deŏa** ক্রি গুঁজে দেওয়া to insert, to drive into আচলাখান্ কোমোরত খোশে দে—আঁচলটা কোমরে গুঁজে দে (পদিনা ২)

খোস্[১] **kʰos** বি খুশি, আনন্দ joy, happiness, cheerfulness খুব্ খোস্ হোইয়েছি—খুব খুশি হয়েছি খোস্যে আছি—আনন্দে আছি (মুর্শিদা ২২) ফা খুস্

খোস্[২] **kʰos** খুস্‌কি দ্র খড়্‌ড়া (চব্বিশ ২৭) সং কচ্ছু

খোস্[৩] **kʰos** খোল দ্র খরুর্ (বর্ধমা ৭)

খোস্[৪] **kʰos** বি ছোট গজাল a small peg or nail (জলপা ৭)

খোঁস্ **kʰõs** (সাপের) খোলস দ্র আঁচড়্[২] (নদিয়া ২, ৭ মুর্শিদা ১৪)

খোশা[৬]

খোস্‌কা উটা **kʰoska uʈa** দ্র খোশ্ উঠা গায়ে খোস্‌কা উট্‌চে—গায়ে খড়ি ফুটেছে (মেদিনী ৩৩)

খোস্‌কা মুকো **kʰoska muko** মাকুন্দ দ্র খশা[৩] (বর্ধমা ২২)

খোস্‌কোটা **kʰoskoʈa** সাদা সাদা খড়ির দাগবিশেষ দ্র খুক্‌সি তেল্ না মাখ্‌লে গা খোস্‌কোটা হয়ে যায়—তেল না মাখলে গায়ে সাদা সাদা দাগ হয়ে যায় (নদিয়া ১০) দ্র খোশ্ উঠা

খোস্‌ক্যা ডুমুর **kʰoskæ ḍumur** বি একজাতীয় ডুমুর a kind of fig (বীরভূ ১১)

খোস্‌টা **kʰosʈa** বি কথার ফোড়ন to throw in or interpose a remark or comment খোসটা মারা কাথা না কোইস্—ফোড়ন কেটে কথা বলিস না (জলপা ৩)

খোস্‌টোন্ মোস্‌টোন্ **kʰosʈon mosʈon** বি, বিণ রুক্ষ rough, dry, harsh, rude (মুর্শিদা ১২)

খোস্‌ট্যা[১] **kʰosʈæ** বি, বিণ খসখসে রুক্ষ দ্র খোস্‌টোম্ মোস্‌টোম্ (মুর্শিদা ৩, ১৭)

খোসট্যা[২] **kʰosʈæ** বিণ নোংরা dirty, filthy, unclean (মুর্শিদা ২)

খোস্‌ড়ানো **kʰosɽano** ক্রি খোঁচানো to poke (চব্বিশ ৩৭)

খোস্‌ড়ি **kʰosɽi** অসক্রি ফস্‌কে sliping হাতুন খোস্‌ড়ি পর্‌লা—হাত থেকে ফস্‌কে পড়লো (মেদিনী ২০)

খোস্‌পাচাড়ি **kʰospacaɽi** বি খোস-প্যাঁচড়া scabics, itches (বর্ধমা ২০) দ্র খোশ্‌ড়া

খোস্‌বো **kʰosbo** বি সুগন্ধ [ফুলের] sweet smell [of flower] (বাঁকুড়া ৮)

খোস্‌বোই **kʰosboĭ** বি সুগন্ধ [যে কোনো কিছুর] fragrant, aromatic (মেদিনী ১১)

খোস্‌রা **kʰosra** বি ধুঁদুলের ছোবড়া [ঝিঙাজাতীয় ফলবিশেষ] dried body of a kind of cucurbitaceous used as body serubber (বাঁকুড়া ৭)

খোস্‌রা

**খোস্‌লা**[১] **k$^h$oslɑ** খোসা দ্র খল্‌টা[২] (কোচবি ৭)

**খোস্‌লা**[২] **k$^h$oslɑ** দ্র খোশ্‌লা[১] (পদিনা ৯)

**খোস্‌লা সাগ্‌** **k$^h$oslɑ sɑg** একজাতীয় শাক [নটে শাকের মতো দেখতে, তরকারি রান্না করে খাওয়া হয়] দ্র খস্‌লা শাগ্‌ a pot herb (মেদিনী ৩০)

**খোসং সোং** **k$^h$osɔŋ sɔŋ** খচমচ, মচমচ a harsh clamorus noise (কোচবি ৩)

**খোঁসড়্‌** **k$^h$õsɔɽ** বি ট্যাক the waist, the fold of the loin-cloth tied at the waist (বীরভূ ১) < সং ক্রোড়

**খোসা**[১] **k$^h$osɑ** ভূষি দ্র খোশু (চব্বিশ ১৯) < সং কোষ

**খোসা**[২] **k$^h$osɑ** বি ঘুঁটে a cake of dried dung used as fuel, a dung-cake (পদিনা ৩)

**খোসা**[৩] **k$^h$osɑ** খুস্‌কি দ্র খড়্‌ড়া (বর্ধমা ৪)

**খোসা**[৪] **k$^h$osɑ** বি ছোট নৌকা a small boat (মালদা ৭)

**খোসা**[৫] **k$^h$osɑ** ডিমের খোসা দ্র খল্‌চা (জলপা ৮) < সং কোষ

**খোসা**[৬] **k$^h$osɑ** নখ দ্র খল্‌কা (জলপা ৬ পদিনা ৭) আঙুলের খোসা--আঙুলের নখ (পদিনা ৭)

**খোসা**[৭] **k$^h$osɑ** বি চিংড়ি the prawn or the shrimph খোসা মাচ্‌--চিংড়ি মাছ (বীরভূ ৭, ১৩)

**খোসা**[৮] **k$^h$osɑ** মাকুন্দ দ্র খশা[৩] (বাঁকুড়া ৪ হাওড়া ১)

**খোসা**[৯] **k$^h$osɑ** ক্রিবিণ খোলা putting on (light, radio, TV) start রেডিওটা খোসা হবেক্‌--রেডিওটা খোলা হবে (বাঁকুড়া ১৬)

**খোসা**[১০] **k$^h$osɑ** বি ছাগল নাদি বা মল dung-pellats of a goat ছাগলের খোসা--ছাগলের পায়খানা (পদিনা ১৫)

**খোসা লাগানো** **k$^h$osɑ lɑgano** ক্রি খড়ের চালের পুরনো খড় ফেলে দিয়ে নতুন খড় গোঁজা দ্র আট্‌খড়া (হাওড়া ৫)

**খোসি** **k$^h$osi** বি খাসি a castrated goat (পদিনা ২, ৯) ~ ভাত্‌ বি মাংসভাত mutton-rice (পদিনা ৮)

**খোসি যাওয়া** **k$^h$osi jɑŏɑ** ক্রি খুলে যাওয়া to open (দার্জিলি ৩)

★ **খোসিয়ে লেওয়া** **k$^h$osie leŏɑ** ক্রি বেড়ে নেওয়া [ভাত] to serve ভাত্‌ খোসিয়ে লিয়ে আয়--ভাত বেড়ে নিয়ে আয় (বাঁকুড়া ৮)

**খোসু** **k$^h$osu** বি ভুষি husk (জলপা ১০) দ্র খোশু

**খোসে কাচা** **k$^h$ose kɑcɑ** ক্রি ঘষে কাচা [কাপড়] দ্র খোশা[৮] (বর্ধমা ১৪)

**খোসো** **k$^h$oso** নোংরা, অপরিষ্কার দ্র খোস্‌ট্যা[২] (মুর্শিদা ১২)

**খোসোইল্‌** **k$^h$osĭl** গর্ত দ্র খন্দ[২] (বাঁকুড়া ১৫)

**খোহা** **k$^h$ohɑ** আখের ছিবড়ে দ্র খ[১] (বীরভূ ৯)

**খোহাড়্‌** **k$^h$ohɑɽ** হাঁস-মুরগি থাকার ঘর দ্র খল্‌লা, আত্‌রি[১] (পুরুলি ৯) আ বা খোঁয়াড়

**খোহার্‌** **k$^h$ohɑr** দ্র খোহাড়্‌ (পুরুলি ৩)

**খোহোরা** **k$^h$ohorɑ** খুস্‌কি দ্র খড়্‌ড়া (পুরুলি ৫)

**খেইত্যো** **k$^h$eĭtɛ** বি খাবার food অর্‌ ঘর্‌যে খেইত্যো নাই--ওর বাড়িতে খাবার নেই (মুর্শিদা ২৩)

**খ্যা** **k$^h$æ** দ্র খি[৪], খেই[২] (বীরভূ ৯, ১১)

**খ্যাই পেয়ে যাওয়া** **k$^h$æĭ pee jɑŏɑ** ক্রি নিঃস্ব হয়ে যাওয়া, ক্ষয় হতে থাকা অর্থে to be utterly poor আগে বড়লোক্‌ ছিল, এ্যাখন্‌ খ্যাই পেয়ে যাচ্ছে--আগে বড়লোক ছিল, এখন নিঃস্ব হয়ে যাচ্ছে (হুগলি ৫)

**খ্যাইশাল্‌**[১] **k$^h$æĭʃɑl** বি অরুচি loss of appetite মুটা খ্যাইশাল্‌ লাগ্‌ছে--মুখে অরুচি লাগছে (মুর্শিদা ১১)

**খ্যাইশাল্‌**[২] **k$^h$æoʃɑl** বিণ ১ ঝগড়াটে মেয়ে দ্র খচ্‌ছোটি, আল্‌ফুটন্যা, ইশালা (বীরভূ ৯) ২ (মুখ্‌) খারাপ filthy words (মুর্শিদা ১১)

**খ্যাইস্‌ত্যা** **k$^h$æistɑ** বি ক্লান্ত extremely tired রোদ্‌ খুব্‌ জোর্‌, আমি খ্যাইস্‌ত্যা গেছি--রোদ খুব বেশি আমি ক্লান্ত হয়ে গেছি (মুর্শিদা ২৩) আ বা খাস্তা

**খ্যাও** **k$^h$æŏ** দ্র খি[৪], খেই[২], খ্যা (মালদা ৬ মার্শিদা ১৯)

**খ্যাওজাল্‌** **k$^h$æŏjɑl** বি মাছ ধরার জাল [এই জালে সাধারণত ছোট ছোট মাছ ধরা যায়] a fishing net (মালদা ২)

**খ্যাওই পাওয়া** **k$^h$æoĭ pɑŏɑ** ক্রিবিণ খেই পাওয়া [কথার] to get at the meaning, track of talks (জলপা ৩) < সং ক্ষেপ

**খ্যাওল্‌ জাল্‌** **k$^h$æol jɑl** বি খেপ্‌লা-জাল a casting net (কোচবি ৩)

**খ্যাওলা জাল্‌** **k$^h$æŏlɑ jɑl** দ্র খ্যাওল্‌ জাল্‌ (চব্বিশ ৩৬ পদিনা ১১)

**খ্যাং** **k$^h$æŋ** বি অতি অল্পসময়, এক মুহূর্ত a moment, a very small point of time (মেদিনী ১৫) < সং ক্ষণ্‌

খ্যাংড়া[১] **kʰæŋɽɑ** ঝাঁটা [নারকেল কাঠির] দ্র খুচি (চব্বিশ ১২, ১৪, ৩৭ হুগলি ৯, ১০)

খ্যাংড়া[২] **kʰæŋɽɑ** বিণ খাড়া steep মাথার্ চুলগুলা খ্যাংড়া হোয়াছে--মাথার চুলগুলো খাড়া হয়ে আছে (বীরভূ ৫)

খ্যাঁক্খেঁকে **kʰæ̃kkʰẽke** খিট্খিটে দ্র খিট্ক্যা লোকটা খুব্ খ্যাঁক্খেঁকে--লোকটা খুব খিটখিটে (মুর্শিদা ১৬)

খ্যাক্চা **kʰækcɑ** বি দুধের চাঁছি the scrapings of calcined milk (পদিনা ৪)

খ্যাক্টা **kʰæktɑ** বি এক টাকা [গরু কেনাবেচার দালালদের সাংকেতিক ভাষা] one rupee [code word used by brokers of cow trading] (হুগলি ১৯)

খ্যাক্ড়া **kʰækɽɑ** বিণ এবড়ো-খেবড়ো, অমসৃণ rugged, rough, uneven (বীরভূ ৯)

খ্যাক্মোনি **kʰækmoni** দ্র খ্যাক্টা (হুগলি ১৯)

খ্যাঁক্রা খেক্রি **kʰækrɑ kʰekri** ক্রি কুকুরের চিৎকারসহ কামড়াকামড়ি street dog's wrangling (মুর্শিদা ১০)

খ্যাঁক্রা **kʰækrɑ** ক্রি খাঁজকাটা corrugated খ্যাঁক্রা পাতা--খাঁজকাটা পাতা (মেদিনী ৩৪)

★ খ্যাঁক্রান **kʰækrɑnɔ** ক্রি (গলা) খাক্রানো, খাঁকার দেওয়া to snarl repeatedly গলা খ্যাঁক্রায়ঠে গলা খাকরি দিচ্ছে (মেদিনী ২১)

খ্যাঁক্শালি **kʰækʃɑli** বি খেঁকশিয়াল fox (চব্বিশ ৩৭)

খ্যাক্সা **kʰæksɑ** বি, বিণ ফ্যাকাশে discoloured, pale (মেদিনী ২৫, ৩২)

খ্যাঁক্সা[১] **kʰæ̃ksɑ** ফ্যাকাশে দ্র খ্যাক্সা [রং চটা অর্থে] (মেদিনী ৭)

খ্যাঁক্সা[২] **kʰæksɑ** বিণ রুক্ষ [চুলের ক্ষেত্রে ব্যবহৃত] dry hair খ্যাঁক্সা হোইয়্যেছ্যে চুল্--চুল রুক্ষ হয়েছে (মুর্শিদা ১৯)

খ্যাঁক্সানো **kʰæksɑno** ক্রি ধমকানো to scold, snubbing (পুরুলি ১১)

খ্যাঁক্সাহা **kʰæksɑhɑ** বিণ খিটখিটে দ্র খ্যাঁক্খেঁকে peevish (পুরুলি ১২)

খ্যাঁকাকুত্তা **kʰækɑ kuttɑ** বিণ রাগী কুকুর snarling dog (মুর্শিদা ১৪)

খ্যাঁকান **kʰæ̃kɑnɔ** দ্র খ্যাঁক্সানো খ্যাঁকাচ্ছিস্ ক্যানি--ধম্কাছিস্ কেন? (মুর্শিদা ২)

খ্যাকামেকি **kʰækɑmeki** ক্রি মুখ বিকৃত করে ঝগড়াঝাটি করা to quarrel with making face (মেদিনী ১৫)

খ্যাঁকার্[১] **kʰæ̃kɑr** বি কফ the cuff (নদিয়া ২)

খ্যাঁকার্[২] **kʰæ̃kɑr** দ্র খাঁক্রান (চব্বিশ ১৪)

খ্যাকারে খুকুরি **kʰækɑre kʰukuri** অসক্রি চেঁচে-পুটে

খ্যাওজাল্

scraping (কোচবি ২)

খ্যাঁকোর্ দেওয়া **kʰæ̃kor deɔ̃ɑ** (গলায়) খাঁকারি দেওয়া দ্র খ্যাঁক্রান (বীরভূ ৯)

খ্যাঁ খ্যাঁ করা **kʰæ̃ kʰæ̃ kɔrɑ** ক্রি অট্টহাসি করা to roar with laughter (মেদিনী ২)

খ্যাঁগ্রা **kʰæ̃grɑ** দ্র খ্যাঁক্রান (মেদিনী ৭)

খ্যাঁগর্ **kʰæ̃gɔr** কফ্ সর্দি দ্র খ্যাঁকার্[১] (মালদা ৪)

খ্যাগা **kʰægɑ** বি গলার নলি wind pipe (মেদিনী ১৭)

খ্যাচ্ **kʰæc** বি সূত্র [কথার] meaning দ্র খ্যাওই পাওয়া কতার্ খ্যাচ্ ধোরে--কথার সূত্র ধরে (বর্ধমা ১২, ১৪) তু খেই (আ বা)

★ খ্যাঁচ্কা লাগা **khæ̃cka lɑgɑ** ক্রি টান ধরা [শিরাতে] a cramp শিরে খ্যাঁচ্কা লেগে যাবে--শিরাতে টান ধরে যাবে (বাঁকুড়া ১১)

খ্যাচ্ খ্যাচ্ করা **kʰæc kʰæc kɔrɑ** ক্রি খচ্খচ্ করা [চোখ] irritation in eyes (মেদিনী ৭)

★ খ্যাঁচ্ খ্যাঁচানো **kʰæ̃c kʰæ̃cɑno** দ্র খ্যাচ্ খ্যাচ্ করা চোক্ খ্যাঁচ্ খ্যাঁচাচ্ছে--চোখ খচ্খচ্ করছে (মেদিনী ২৫)

খ্যাচ্ড়া[১] **kʰæcɽɑ** বিণ অদৃঢ়চেতা [কথা চেপে রাখার অক্ষমতা বোঝাতে] মুক্ খ্যাচ্ড়া--মুখ পাতলা unable to keep secrets (কোচবি ২)

খ্যাচ্ড়া[২] **kʰæcɽɑ** বি হাম [অসুখ] measles (মালদা ৪)

খ্যাঁচ্ড়া ভাত্ **kʰæ̃cɽɑ bʰɑt** বি খিচুড়ি hotch-potch (নদিয়া ৪)

খ্যাচ্ড়া লাগা[১] **kʰæcɽɑ lɑgɑ** ক্রি কথার মাঝে অন্যকথা বলা to interrupt / to digress কাথায় কাথায় নিহাই কর্তে কর্তে খ্যাচ্ড়া লাগি গেল--তর্ক করতে করতে আজেবাজে কথা এসে গেল (জলপা ৭)

খ্যাচ্ড়া লাগা[২] **kʰæcɽɑ lɑgɑ** ক্রি বাধা-বিপত্তি লাগা to be obstructed (হাওড়া ১, ৮)

খ্যাচ্মাচিয়ে কাচা **kʰæcmɑcie kɑcɑ** ক্রি কচলে কাচা দ্র খিচ্কান্, খেচ্মেচায় কাচা (পদিনা ২)

খ্যাঁচ্ মারা **kʰæ̃c mɑrɑ** ক্রি ১ (বড়শিতে) খিঁচ দেওয়া

খ্যাঁচা দোড়ি

[অর্থাৎ ছিপে মাছ গাঁথার সঙ্গে সঙ্গে দ্রুতবেগে ছিপ টেনে নেওয়া] pull up (fishing rod) with a jerk (চব্বিশ ২৭ হুগলি ১৬) ২ টান দেওয়া [ঘুড়ির সুতো] to pull (বর্ধমা ৫, ১৫)

**খ্যাচ্‌রাই দিয়া k$^h$æcraĭ dia** ক্রি উনান থেকে ছাই বের করা বা ঝাড়া বা খুঁচে দেওয়া to poke fire (বাঁকুড়া ১৫) দ্র ইঁচ্‌রানো

★ **খ্যাচ্‌রান k$^h$æcrano** ক্রি তাগাদা দেওয়া to goad or remind অত খ্যাচারিস্ না--এত তাগাদা দিস না (বাঁকুড়া ৯)

**খ্যাচ্‌রানো k$^h$æcrano** ক্রি খোঁচানো to poke খাড়ি দিয়্যে খাচার্যে দিলিয়ম্--কাঠি দিয়ে খুঁচিয়ে দিলাম (বাঁকুড়া ৯) দ্র ইঁচ্‌রানো

**খ্যাঁচর্ রাস্তা k$^h$æ̃cor rosta** বিণ খুব সংকীর্ণ বা সরু রাস্তা very narrow way (বাঁকুড়া ৭)

**খ্যাঁচা[১] k$^h$æ̃ca** বিণ খিট্‌খিটে দ্র খিটক্যা অত খ্যাঁচা বল্যা তো তোর কাইজ্‌গা দেরি কর্যা হয়--এত খিট্‌খিটে বলে তো তোর কাজগুলো দেরি করে হয় (মেদিনী ২৬)

**খ্যাঁচা[২] k$^h$æ̃ca** বি কোয়া a replum, a legume, a pod মোক্ এক্ খ্যাঁচা নেবু দে--আমাকে এক কোয়া লেবু দে (পুরুলি ২)

**খ্যাঁচা[৩] k$^h$æ̃ca** দ্র খেলি (চব্বিশ ১৯)

**খ্যাঁচা[৪] k$^h$æ̃ca** বি কাঠি [ছোটসরু আকৃতির] stick (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

**খ্যাঁচাইরে k$^h$æ̃caire** ক্রিবিণ খুঁটেখুঁটে, নেড়ে চেড়ে to search thorougly ওইখান্‌টা খ্যাঁচাইরে দ্যাখ--ঐখানটা নেড়েচেড়ে দেখ (বাঁকুড়া ৭)

**খ্যাচাং খ্যাচাং k$^h$æcãŋ k$^h$æcãŋ** ক্রিবিণ খুঁড়িয়ে walking like a lame man (বীরভূ ১১)

**খ্যাচাড়ে k$^h$æcaɽe** ক্রিবিণ খুব, অনেক many, much, too খ্যাচাড়ে লাভ্ হোইচ্যে--খুব লাভ হয়েছে (বাঁকুড়া ১৩)

**খ্যাঁচা দোড়ি k$^h$æ̃ca doɽi** বি তাঁত চালাবার সময় হাতল যে দড়িগুলির নিচে বাঁধা থাকে a rope handle of weavers loom (বীরভূ ১)

**খ্যাচানো k$^h$æcano** ক্রি খাটানো, টাঙানো [মশারি] to set up the mosquito net মশারি খ্যাচানো--মশারি খাটানো (হুগলি ৫)

**খ্যাচাব্যাচা k$^h$æcabæca** বি ঝামেলা problem (মুর্শিদা ২৪)

**খ্যাঁচারে k$^h$æ̃care** দ্র খ্যাঁচাড়ে (বাঁকুড়া ১৩)

**খ্যাঁচারে দেয়া k$^h$æ̃care dea** খুঁচিয়ে দেয়া দ্র খ্যাচরানো (বর্ধমা ১৮)

**খ্যাচোং k$^h$æcoŋ** বি কাঠি [নাকে নাকচাবি পরার আগে এটি পরা হয়] a small chip of stick (পদিনা ১৩) দ্র খ্যাঁচা[৪]

**খ্যাঁচো মারা k$^h$æ̃co mara** ক্রি হ্যাঁচকা মারা to pull suddenly (মেদিনী ১৮)

**খ্যা জাল্ k$^h$æ jal** খেপ্‌লা জাল দ্র খিজাল (বীরভূ ৯ মুর্শিদা ২, ১০)

**খ্যাট্‌কা k$^h$æʈka** বি ১ ঝগড়া a quarrel খ্যাট্‌কা লাগায়েস্‌না--ঝগড়া লাগাস না (পদিনা ৩) ২ কটু কথা rude words খ্যাট্‌কা লাগায় কোহিস্ না--কথাটার মধ্যে বিষ মিশিয়ে বলিস না (পদিনা ৩)

**খ্যাট্‌কা [বুড়া] k$^h$æʈka (buɽa)** খিট্‌খিটে [বুড়ো] দ্র খিটক্যা (মালদা ১১)

**খ্যাট্‌কা লাগা k$^h$æʈka laga** ক্রি গায়ে লাগা to get hurt মোর্ কথালাত্ তোক্ খ্যাট্‌কা লাগবে--আমার কথাতে তোর গায়ে লাগবে (পদিনা ৩)

**খ্যাট্‌কি k$^h$æʈki** বি বাচ্চা মুরগি [এই সময় মুরগির গায়ে পালক হয় না] the chick (মুর্শিদা ১৪)

**খ্যাট্‌খেটিয়া k$^h$æʈk$^h$eʈia** খিট্‌খিটে দ্র খিট্‌ক্যা (মেদিনী ৬, ১৯, ২২, ২৩)

**খ্যাট্ খেটে k$^h$æʈ k$^h$eʈe** বিণ মোটা [কাপড় প্রসঙ্গে] coarse কাপড়টো খুব্ খ্যাট্‌খেটে--কাপড়টা খুব মোটা (বীরভূ ১)

**খ্যাট্ খ্যাটে[১] k$^h$æʈ k$^h$æʈe** বিণ ছিপছিপে [চেহারা বা গড়ন বোঝাতে] slim ছেইলেটার্ খ্যাট্‌খ্যাটে চেহারা--ছেলেটার ছিপছিপে গড়ন (নদিয়া ৬)

**খ্যাট্ খ্যাটে[২] k$^h$æʈ k$^h$æʈe** খিট্‌খিটে দ্র খাইস্‌টা খ্যাট্‌খ্যাটে মানুস্--খিটখিটে মানুষ (মেদিনী ৩২)

**খাঁট্‌খ্যাঁটে k$^h$æ̃ʈ k$^h$æʈe** খিট্‌খিটে দ্র খাইস্‌টা (বর্ধমা ২)

**খ্যাট্‌ঠেকো k$^h$æʈ ʈ$^h$eko** বি আঙুল-হারা [আঙুলের অসুখ বিশেষ] whitlow (মালদা ৯)

**খ্যাটা k$^h$æʈa** বি কুম্ভকারের কাজে ব্যবহৃত বাঁশের মুগুর a mallet (পদিনা ১০)

খ্যাটুনিয়া kʰætunia ক্রি ভেংচানো to make faces (মেদিনী ২)

খ্যাটুয়াল্ (ব্যাইর্) kʰætual (bæir) বিণ টকো (কুল) sourish jujube (মালদা ১)

খ্যাটেজ্ kʰætej বি কাচ খেলা নামক একপ্রকারের গুলি খেলার একটি দাগেব নাম a line of marble play (কোচবি ১)

খ্যাড্ kʰæɾ খড় দ্র খেড়[১] (কোচবি ১, ২ জলপা ৭, ৯ পদিনা ৫, ৯, ১৪ বর্ধমা ৪, ৭, ৯, ১৮, ১৯ বীরভূ ৯ মুর্শিদা ১৫)

খ্যাড্ কাঠ্ kʰæɾ kɑtʰ বি জ্বালানি [বাঁশের বা কাঠেব] fire-wood (বীরভূ ১২)

খ্যাড়্কুটো kʰæɾkuto বি খড়কুটো dry straw, grass (বর্ধমা ২০)

খ্যাড়্কে kʰæ̃ɾke বি ছোট মেয়েদের পরার ছোট কাপড় a *sharı* of insufficient length used for teenaged girl কাপড (মুর্শিদা ১৬)

খ্যাড়্খেটিয়া kʰæɾkʰetia বিণ রোগা অর্থে lean and thin খ্যাড়্খেটিয়া বুড়া আছে বেশি দৌড়্তে পার্বে?—রোগা বুড়ো বেশি দৌডতে পারবে? (মালদা ৮)

খ্যাড়্র kʰæɾɔ বিণ ন্যাড়া shaven-headed (পুরুলি ১৪)

খ্যাড়্রো (গা) kʰæɾro (gɑ) বিণ খালি গা bare body (পুরুলি ১৪)

খ্যাড়া kʰæɾɑ বি খরগোশ a rabbit, hare (পুরুলি ১১)

খ্যাঁড়া kʰæ̃ɾɑ বি বাঁশের পাব (পর্ব) a knuckle, the space between two nodes (as of the bamboo) (পুরুলি ২)

খ্যাড়া ঘব্ kʰæɾɑ gʰɔr বি খড়েব ঘর a thatched house (মুর্শিদা ১৫)

খ্যাঁড়ান kʰæ̃ɾɑnɔ ক্রি টুকরো কাঠ ছুঁড়ে মারা to throw a small wooden piece (মেদিনী ১২)

খ্যাড়ি kʰæɾi (মাছ ধোযার) ঝুড়ি, চুবড়ি [বাঁশের চেঁচাড়ি দিয়ে বোনা] a small bamboo basket for washing fish (মেদিনী ৩০) দ্র আঁশ্ পেতে আঁস্পেয়া

খ্যাড়ের পুন্জি kʰæɾer punji বি খড়ের গাদা a heap of straw (জলপা ৪)

খ্যাড়ের্ পালা kʰæɾer pɑlɑ দ্র খ্যাড়ের্ পুন্জি (মুর্শিদা ১১)

খ্যাড়ের্ বর্ kʰæɾer bɔr বি খড়ের মোটা পাকানো দড়ি a rope made of straw (মুর্শিদা ১৬) < (সাঁও) বড়্ (খড়ের মোটা কাছি) (campbell)

খ্যাড়ের্ ম্যাড়্ kʰæɾer mæɾ বি কাকতাড়ুয়া [খড়ের তৈরি মনুষ্যাকৃতি] scare crow (বীরভূ ১৪)

খ্যাত্[১] kʰæt বি খেপ one round turn এ্যাক্ খ্যাতি বিশ্



খ্যাডের্ ম্যাড়্

টাকা হইতে পাবে—একবারে বা একখেপে বিশ টাকা হতে পারে (বীরভূ ৭)

খ্যাত্[২] kʰæt বি ক্ষেত (a piece of) agricultural land (জলপা ৬ চব্বিশ ৩৭)

খ্যাঁত্খ্যাঁতায় শব্দ kʰæ̃t kʰætɑĕ ʃɔbdɔ বি ঝনঝন শব্দ a clanging sound (usualy made when a plate falls on the ground) (চব্বিশ ২৭)

খ্যাতা[১] kʰætɑ কাঁথা দ্র খেতা[১] (কোচবি ৩ চব্বিশ ১১ জলপা ৭)

খ্যাতা[২] kʰætɑ বিণ ঝাঁক a shoal এ্যাক্ খ্যাতা মাছ্—এক ঝাঁক্ মাছ (পুরুলি ৮)

খ্যাতা[৩] kʰætɑ বি ন্যাকড়া, কানি, জীর্ণ বস্ত্রখণ্ড a torn piece of cloth, rag (জলপা ৬, ৭ দার্জিলি ৩, ৪)

খ্যাঁতা kʰæ̃tɑ ভেংচান দ্র খ্যাটুনিয়া খ্যাঁতায়টে—ভেংচাচ্ছে (মেদিনী ১৬)

খ্যাতা-ট্যাতা kʰætɑ tætɑ ক্রি (তরকারি) কাটাকুটি to cut (জলপা ১০)

খ্যাঁতান kʰætɑnɔ দ্র খ্যাটুনিয়া তুই অকে খ্যাঁতাউঠু কেনি—তুই ওকে ভেংচাচ্ছিস কেন? (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

খ্যাতার্য়েয়া কোরা kʰætɑrɛɑ kora ক্রি (জমিজমা) দেখাশোনা করা to look after, to supervise বাদাটা একটু খ্যাতার্য়েয়া কোরিয়ে আয় ত—ক্ষেতটা একটু দেখে আয় তো (বাঁকুড়া ৩)

খ্যাদ্খ্যাদা kʰæd kʰædɑ বিণ অপরিষ্কার, নোংরা unclean, dirty (মুর্শিদা ২২)

খ্যাদ্খ্যাদা (ঘা) kʰæd kʰædɑ (gʰɑ) বি দগ্দগে ঘা—an open stinking wound (মুর্শিদা ২২)

খ্যাদ্ড়া[১] kʰædɾɑ বিণ অপবিষ্কার, নোংরা দ্র খ্যাদ্খ্যাদা (মুর্শিদা ৩)

★ খ্যাদ্ড়ানো kʰædɾɑno ক্রি তাড়িয়ে দেওয়া, তাড়ানো to drive away, to chase away কুকুট্টাক্যে খ্যাদাড়্যে দে—কুকুরটাকে তাড়িয়ে দে। কুকুট্টা খ্যাদাড়্যে লিয়াস্ছে—কুকুবটা তাড়া করে আসছে (বাঁকুড়া ১৩) তু খেদাডান খেদানো (আ বা)



খ্যাপ্

**খ্যাদ্‌মড়া** **kʰædmɔɽɑ** ক্রি না খেতে পেয়ে শক্তিহীন হয়ে যাওয়া to be weakened due to hunger ছেলেটা খেতে পায় না, ওই লাইগা গায়ে শোক্তি নাই, খ্যাদ্‌মড়া হোয়ে গেল্‌ছে--ছেলেটা খেতে পায় না, এইজন্য গায়ে শক্তি নেই, শক্তিহীন হয়ে গেছে (মুর্শিদা ২২)

**খ্যাঁদা (নাক)** **kʰædɑ (nɑk)** বিণ চ্যাপ্টা (নাক) flat nose, snub nose (বর্ধমা ২৩) তু খাঁদা, খ্যাঁদা (বন্দ্যো)

**খ্যাদাড়ানো** **kʰædɑɽɑnɑ** ক্রি তাড়ানো দ্র খ্যাদ্‌ড়ানো (বাঁকুড়া ৪)

★ **খ্যাদাড়ে দেওয়া** **kʰædɑɽe deɔ̆ɑ** ক্রি তাড়িয়ে দেওয়া দ্র খ্যাদ্‌ড়ানো গোরুটাকে খ্যাদাড়ে দে--গরুটাকে তাড়িয়ে দে (বাঁকুড়া ৩, ১৩)

★ **খ্যাদান** **kʰædɑnɔ** ক্রি তাড়ান দ্র খ্যাদ্‌ড়ানো গরুটাকে খেদি দে--গরুটাকে তাড়িয়ে দে। অটাকে খ্যাদাইসিনা--ওকে তাড়াস না (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

**খ্যাদোড়্** **kʰædoɽ** দ্র খ্যাদ্‌খ্যাদা (মুর্শিদা ৩, ১২) আচ্ছা খ্যাদোড়্ লোক্ বটে--আচ্ছা অপরিষ্কার লোক রে (মুর্শিদা ৩)

**খ্যাদোর্** **kʰædor** দ্র খ্যাদ্‌খ্যাদা খ্যাদোর্ ছেলে--অপরিষ্কার ছেলে (বর্ধমা ৫)

**খ্যান্**[১] **kʰæ̃n** এক মুহূর্তের অতি অল্পসময় দ্র খ্যাং (মেদিনী ৭)

**খ্যান্**[২] **kʰæ̃n** ক্রিবিণ হঠাৎ, দৈবাৎ অর্থে suddenly, occasionally খ্যান্ করে বের্ হলাম বটে কিন্তু কি বৃষ্টি--হঠাৎ করে বের হলাম বটে কিন্তু কী বৃষ্টি! (বাঁকুড়া ১২)

**খ্যান্**[৩] **kʰæ̃n** বি সন্ধিক্ষণ [কালী, দুর্গা ইত্যাদি পূজার বলির পর ঐ বলি প্রদত্ত আখ, কুমড়ো ইত্যাদি নিয়ে ঢাক, ঢোল সহকারে যে শোভাযাত্রা বের হয়] juncture time of two luner days ই-বছর কালীর খ্যানে লোক হয়েছে অগুনতি--এবছর কালীর সন্ধিপূজায় অনেক লোক হয়েছে (বাঁকুড়া ১২) ২ শব্ খ্যান্যেই যাব--সমস্ত জায়গাতেই যাব (বাঁকুড়া ১৬)

**খ্যান্**[৪] **kʰæn** বি পবিত্রস্থান অর্থে a holy place কোউ কোউ বাবার্ খ্যানে গ্যাল--কেউ কেউ বাবার (দেবতার) স্থানে গেল (বাঁকুড়া ৫)

**খ্যান্‌জিবি** **kʰænjibi** বি, বিণ ক্ষণজন্মা fortune's favourite (বর্ধমা ৪)

**খ্যান্‌জোগ্** **kʰænjog** বি যাত্রাক্ষণের শুভ-অশুভ to start journey business in an auspicious moment খ্যান্‌জোগ্ খারাপ্--যাত্রা খারাপ (বর্ধমা ১৮) < ক্ষণযোগ

**খ্যান্‌তে খ্যান্‌তে** **kʰænte kʰænte** ক্রিবিণ অল্পের জন্য, একটুখানির জন্য a narrow escape খ্যান্‌তে খ্যান্‌তে বাচি গেনু--অল্পের জন্য বেঁচে গেলাম (পদিনা ১৩)

**খ্যান্‌তো** **kʰænto** ক্রিবিণ নিরস্ত, ক্ষান্ত to stop doing or talking, desisted (কোচবি ২)

**খ্যান্‌না** **kʰænnɑ** বি খেলনা the toy (মেদিনী ৭)

**খ্যান্‌পাতা** **kʰæn pɑtɑ** ক্রি মেঘে ঢাকা to overcast ম্যাঘ্‌টা এ্যামন্ খ্যান্ পেইতেছে যে এ্যাক্‌লাগাড়ি জল হচ্‌ছে--মেঘটা এমন অন্ধকার করে আছে যে একনাগাড়ে বৃষ্টি হচ্ছে (বাঁকুড়া ১৪)

**খ্যান্‌লা** **kʰænlɑ** দ্র খ্যান্‌না (হুগলি ১২)

**খ্যানা** **kʰænɑ** বি ডোবা a small pool of water (মেদিনী ১৯, ২২, ২৬)

**খ্যাপ্** **kʰæp** বি গোরুর গাড়ির বিশেষ ধরনের লোহার খিল [এটি 'উদল-কুমিরে' এবং লিখইয়্যে' নামক অংশ দুটিকে যুক্ত করে] a specific pin or road used in bullock cart (বর্ধমা ২৬)

**খ্যাপ্‌তেশ্‌শোরি** **kʰæpteʃʃori** বি গ্রামীণ দেবীবিশেষ [দুর্গা প্রতিমার মতো দেখতে সিংহবাহিনী মূর্তি। মন্দিরের উপরও সিংহের দুটি মূর্তি অবস্থিত। এই স্থানের লোক-বিশ্বাস যে, লিভারের রোগের ক্ষেত্রে এই দেবতা জাগ্রত। কারও মনোস্কামনা পূর্ণ হলে কাঁচাকলার গায়ে বাণ বিদ্ধ করার মতো কাঁটা ফুটিয়ে মন্দিরের সামনে টাঙিয়ে রাখা হয়। এই দেবীর স্থানে মাঘমাসে মেলা হয়] a rural deity (হাওড়া ২)

**খ্যাপ্‌লা জাল্** **kʰæplɑ jɑl** বি খেপ্‌লা জাল--একপ্রকার মাছ ধরার জাল [দেখতে পিরামিড আকৃতির, শক্ত সুতোর তৈরি। নিচের দিকটিতে লোহার মাদুলির মতো একপ্রকার 'কাঠি' গুচ্ছ গুচ্ছ করে বাঁধা হয়। 'কাঠি'র মাঝে ফুটো থাকে, তার মধ্যে সুতো দিয়ে বাঁধতে হয়। একে বলে 'ঘাই বাঁধা'। 'ঘাই' অনেক থাকে। ঘাই ভারি হওয়ায় জাল ফেলার পর চারদিক ঘিরে কাদায় গেঁথে যায়। ফলে মাছ ঐ ভারি অংশ পেরিয়ে যেতে পারে না। ঘাইয়ের কাজ হলো মাছগুলিকে জালের মধ্যে আটকে রাখা। এই জালের উপরের সরু অংশটির নাম চুড়ো। চুড়োর মাথায় জালের

দড়ি থাকে। দড়ির শেষপ্রান্ত আংটার মতো করে ডানহাতের আঙুলে বাঁধা হয়। জালটা ডানহাতের কনুইতে রেখে একটা গোছ বাঁহাতে ধরে ঝাঁকিয়ে জলে ছুঁড়ে দিতে হয়। জালের ৩/৪ অংশ ডানহাতের কনুইতে ও একভাগ বাঁহাতের মুঠোয় থাকে। জালের ফাঁসগুলি ১/২ ইঞ্চি থেকে ১ ইঞ্চি পর্যন্ত হয়] a kind of fishing net (চব্বিশ ২১, ৩৭)

**খ্যাপা k$^h$æpɔ** বিণ পাগল mad খ্যাপা কুকুর, খ্যাপা লোক (মেদিনী ৭, ১১, ২৫) < সং ক্ষিপ্ত

**খ্যাঁপা k$^h$æ̃pɔ** উন্মাদ দ্র খ্যাপা (পুরুলি ৩)

**খ্যাপাখেপি k$^h$æpɔk$^h$epi** ক্রিবিণ রাগারাগি angry altercation (বর্ধমা ১৬)

**খ্যাপার্ গান্ k$^h$æpɔr gɔn** বি কবিগানের মতো দুটি দলে আক্রমণ প্রতি-আক্রমণে যে গান গাওয়া হয় a kind of music contest between two parties like *kabigan* (দার্জিলি ২)

**খ্যাব্‌লা জাল্ k$^h$æblɔ jɔl** বি খেপ্‌লা জাল—খেও জাল দ্র খ্যাপলা জাল (চব্বিশ ২৭, ৩৭ নদিয়া ২ বর্ধমা ২২)

**খ্যাবড়্ দেব্‌ড়িয়া k$^h$æbɔɽ debɽiɔ** ক্রিবিণ এবড়ো-খেবড়ো uneven unsmooth খ্যাবড়্ দেব্‌ড়িয়া মাটি—এবড়ো-খেবড়ো মাটি (মেদিনী ২০)

**খ্যাবা k$^h$æbɔ** বি ক্ষীর [দুধ ফুটিয়ে তৈরি করা হয়] milk condensed and sweetened by boiling (পদিনা ২)

**খ্যাম্‌তা k$^h$æmtɔ** বি ক্ষমতা, বল strength সে খ্যাম্‌তা কি তোর ছিল—সে ক্ষমতা কি তোর ছিল? (মেদিনী ১৯, ২২, ২৬)

**খ্যাম্ লেগে যাওয়া k$^h$æm lege jɔŏɔ** ক্রি (বহুক্ষণ কান্নার ফলে ছোট শিশুর) শ্বাস আটকে যাওয়া to be suffocated or choked (due to over crying) (বর্ধমা ১৮)

**খ্যামোতা k$^h$æmotɔ** বি ক্ষমতা দ্র খ্যাম্‌তা (মেদিনী ৭)

**খ্যায়য়া k$^h$æĕɑ** ক্রি (নৌকা) বেয়ে যাওয়া অর্থে the sailing of a boat নাওখান্ খ্যায়য়া—নৌকা বেয়ে যা (পদিনা ১৩)

**খ্যায়া k$^h$æɑ** দ্র খি এ্যাক্‌খ্যায়া সুতো এক খি সুতো (মুর্শিদা ১৭)

**খ্যার্[১] k$^h$ær** খয়ের দ্র খয়র খ্যার্‌দানি—খয়ের দানি (পদিনা ২)

**খ্যার্[২] k$^h$ær** (ধানের) খড় দ্র খেড়্[১] (পদিনা ১০, ১৪ বর্ধমা ২ বীরভূ ১৪) ২ একজাতীয় ঘাস [মাটির দেয়ালে কাদার সঙ্গে মিশিয়ে দেওয়ালে লেপার কাজে ব্যবহৃত হয়। অন্যত্র (হাওড়া ১) বলে 'উলুখড়'] a variety of reed (মালদা ১১)

খ্যাপ্‌তেশ্‌শোরি

**খ্যার্‌কাট k$^h$ærkɔɽ** বি জ্বালানি কাঠ fire-wood (বীরভূ ৭)

**খ্যার্‌কানা k$^h$ærkɔnɔ** ব খোঁচা a prick, poke, scratch খ্যার্‌কানা লাগা—খোঁচা লাগা (পদিনা ২)

**খ্যার্‌খ্যারা k$^h$ærk$^h$ærɔ** কর্কশভাষী দ্র খাইস্‌টা[১] (মেদিনী ৯)

**খ্যার্‌চা k$^h$ærcɔ** বি খুচরো small coins-change (চব্বিশ ৩৭)

**খ্যার্‌জাউন k$^h$ærjɔun** বি কাটা খড়ের সঙ্গে মিশ্রিত একপ্রকার কাদা [মাটির দেওয়াল দেবার পর এই কাদা দিয়ে দেয়াল মসৃণ করা হয়] clay plaster mixed with straw (মুর্শিদা ১৫)

**খ্যার্‌তানো k$^h$ærtɔno** ক্রি পটলের খোসা চাঁচা to scrape the skin of a vegetable (দার্জিলি ৩)

**খ্যার্‌তায়ে দেওয়া k$^h$ærtɔe deŏɔ** ক্রি (থালার কানায়) হাত মুছে নেওয়া to scrape hand after meal against the edge of plate (দার্জিলি ৩) দ্র খ্যার্‌তানো

**খ্যার্‌তি k$^h$ærti** বি খয়ের রাখার পাত্র a bowl for catchua (পদিনা ২)

**খ্যার্‌রা ব্যার্‌রা k$^h$ærrɔ bærrɔ** বিণ অমসৃণ unsmooth, full of ups and downs রাস্তাটা খুব খ্যার্‌রা ব্যার্‌রা—রাস্তাটা খুব অমসৃণ (নদিয়া ৭)

**খ্যার্‌রের গল্‌লা k$^h$ærrer gɔllɔ** বি একমুঠি খড়ের গোছা [ধান ঝাড়ার সময় যেটা পেটানো হয়] a handful of paddy with hay (মুর্শিদা ১০)

**খ্যারা[১] k$^h$ærɔ** বি কচিফল young fruit (মেদিনী ১৫)

**খ্যারা[২] k$^h$ærɔ** বি খরগোশ দ্র খ্যাড়া (নদিয়া ১১)

**খ্যাল্[১] k$^h$æl** বি টনক remembrance recollection attention (কোচবি ২)

**খ্যাল্[২] k$^h$æl** বি কুঁড়ে idle (মুর্শিদা ১১)

**খ্যাল্‌নেবালা k$^h$ælnebɔlɔ** বি খেলোয়াড় [এইরকম 'বালা'যুক্ত শব্দ-বহুল ব্যবহৃত হয়, যেমন—শুন্‌নেবালা', 'পড়নেবালা', 'বল্‌নেবালা' ইত্যাদি] হতান্ ত বোহুত্‌লা

খ্যালি

খ্যাল্‌নেবালা ছিল--ওখানে তো বহু খেলোয়াড় ছিল (পদিনা ৩) দ্র খেউলাড়্

**খ্যাল্‌বা** **kʰælbɑ** ১ ক্রি খেলব দ্র খেল্ আজ্ খ্যাল্‌বা নি--আজ খেলব না (মেদিনী ১৩) ২ খেলতে চ, খ্যাল্‌বা যাম্--চল্, খেলতে যাই (পদিনা ৯)

**খ্যালা** **kʰælɑ** বি খেলা play অয় এ্যাখন্ খ্যালাহা--সে এখন খেলছে তুই তো পোত্তেক্ দিনি খ্যালাইশ্--তুই তো প্রত্যেক দিনই খেলিস (পদিনা ৬)

**খ্যালাংকুচি** **kʰælɑŋ kuci** খোলামকুচি দ্র খলম্‌কুচি (বীরভূ ৭)

**খ্যালাচন্** **kʰælɑcɔn** খেলছিস বা খেলিস দ্র খেল্ কি কি খ্যালাচন্--কি কি খেলিস বা খেলছিস (দার্জিলি ২) দ্র খ্যালা

**খ্যালাটু** **kʰælɑʈu** খেলোয়াড় দ্র খেউলাড় (কোচবি ৪)

**খ্যালাপাতি** **kʰælɑpɑti** বি ছোট ছেলেমেয়েদের 'রান্নাবাড়ি' খেলার সরঞ্জাম the equipment for act of cooking and serving out of meals--a play (বাঁকুড়া ৩) ~ খ্যালা ১ রান্নাবাড়ি খেলা দ্র খেলাশান্ খেলা (বর্ধমা ১৩ বাঁকুড়া ১৮ মেদিনী ১৭ হুগলি ১২) ২ পুতুল খেলা doll-play (মেদিনী ১৭)

**খ্যালাবা** **kʰælɑbɑ** খেলতে দ্র খেল্ আজ খ্যালাবা যাইশুই কিতায়--আজ খেলতে যাস কেন (দার্জিলি ২) দ্র খ্যালা মুই খ্যালাবা জাঁছা--আমি খেলতে যাচ্ছি (পদিনা ১০) দ্র খ্যালা

**খ্যালা বাটি খ্যালা** **kʰælɑ bɑʈi kʰælɑ** [শিশুদের] শাকভাত খেলা [রান্নাবাটি খেলা] দ্র খ্যালা পাতি খ্যালা (হুগলি ১২)

**খ্যালাবো** **kʰælɑbo** ক্রি খেলবি you play তুই খ্যালাবো--তুই খেলবি (দার্জিলি ২) দ্র খ্যালা

**খ্যালামালি** **kʰælɑ mɑli** শাকভাত রান্না খেলা দ্র খ্যালাবাটি খ্যালা (চব্বিশ ১৫)

**খ্যালায় হন্যে** **kʰælɑĕ hɔnɛ** ক্রিবিণ খেলাধূলার পর after play খ্যালায় হন্যে ঘর্ চুলা আসিস্--খেলাধূলার পর বাড়ি চলে আসবি (পদিনা ৩)

**খ্যালার্ পড়া** **kʰælɑr pɔɽɑ** বি খেলার মাঠ a play ground (বর্ধমা ৬)

**খ্যালালায়** **kʰælɑlɑĕ** খেল্‌লে দ্র খেল্ খ্যালালায় বাও মোক্ গাল্ দিবে--খেললে বাবা আমাকে গালাগাল দেবে (পদিনা ৯)

**খ্যালাশাল্** **kʰælɑ ʃɑl** দ্র খ্যালাপাতি খ্যালা (বাঁকুড়া ৮, ৯)

**খ্যালাসান্** **kʰælɑsɑn** বি রান্নাবাটি খেলার স্থান space for childrens play (বাঁকুড়া ৩০)

**খ্যালি** **kʰæli** বি মাছ ধোওয়ার ঝুড়ি the basket used for washing fish (মেদিনী ৩)

**খ্যালেঠান্** **kʰæleʈʰɑn** ক্রি খেলছে playing সে ম্যানে কি খ্যালেঠ্যান্--তারা কি খেলছে (মেদিনী ৮)

**খ্যালেন্‌দার্** **kʰælendɑr** দ্র খ্যাল্‌নেবালা (মালদা ১১)

**খ্যালোয়া** **kʰælɔɑ** খেল্‌তে দ্র খেল্ ঘরত্ গালাগালি নি কর্‌লে শোক্‌বোই খ্যালোয়া চায়--বাড়িতে গালাগালি না করলে সবাই খেলতে চায়। চ খ্যালোয়া জাম্--চল খেলতে যাই (পদিনা ৯)

**খ্যাশ্‌রা** **kʰæʃrɑ** বি হাম [রোগবিশেষ] measles (দার্জিলি ১)

**খ্যাশাল্ কড়াই** **kʰæʃɑl kɔɽɑĭ** বি খেসারি কড়াই [ডালবিশেষ] a kind of pegion pea (হাওড়া ৩)

**খ্যাস্‌খেসিয়া** **kʰæskʰesiɑ** বিণ ফ্যাকাশে [রং অর্থে] discoloured (বাঁকুড়া ১২)

**খ্যাস্‌খেসে** **kʰæskʰese** বিণ রক্তশূন্যতা anaemie, pale (বাঁকুড়া ৭) দ্র খ্যাস্‌খেসিয়া

**খ্যাস্‌টা** **kʰæstɑ** বিণ কর্কশজাতীয় লোক a person who has a sharp and rude behaviour লোকটা খ্যাস্‌টার্যো--লোকটা কর্কশজাতীয় (মুর্শিদা ২২) দ্র খ্যার্‌খ্যারা ~ মারানি দ্র খ্যার্‌খ্যারা (মুর্শিদা ২২)

**খ্যাস্‌রা দাঁত্** **kʰæsrɑ dɑ̃t** বিণ ঠোঁটের বাইরে যে দাঁত বেরিয়ে থাকে [ঐ দাঁত বা দাঁতগুলো অন্য দাঁতের তুলনায় লম্বা এবং উঁচু হয়] the teeth which portrudes out of mouth (কোচবি ৩)

**খ্যাস্‌শা** **kʰæsʃɑ** বি ঠাট্টা-তামাশা to banter, to make jokes (হুগলি ৫)

**খ্যাসার্** **kʰæsɑr** দ্র খ্যাশাল্ কড়াই (হাওড়া ৬)

**খ্যাসারোতি** **kʰæsɑroti** ক্রিবিণ গুণাগার to compensate (মেদিনী ২৬)

**খ্যাসালানি** **kʰæsɑlɑni** বিণ ঝগড়াটে মেয়ে দ্র আল্‌কুটন্যা, আদাইরে, ইশালা, খচছোটি (মালদা ১)

**খ্যেঁচি** **kʰɛ̃ci** বি পিঁচুটি mucus (পুরুলি ২)

**গ**[১] **gɔ** বি পাটের এক খি বা তার [একটি মাত্র পাট গাছের ছাল] a single string of jute (মালদা ১১)

**গ**[২] **gɔ** বি এক ধরনের অসুস্থ অবস্থা [কুকুর পাগলা হয়ে গেলে যে অবস্থা হয়] a kind of sickness just like a mad dog (চব্বিশ ১)

**গঁ** **gɔ̃** বি একগুঁয়েমি [জেদ] obstinacy গঁ ধরিয়্যা বুসিয়্যাছু কেনি ক ত—জেদ ধরে বসে আছিস কেন বল তো? (মেদিনী ৭, ১৫) < গোঁয়ার

**গআ**[১] **gɔa** বি গলা neck (মেদিনী ২৬)

**গআ**[২] **gɔa** বি, বিণ ঘন thick কি গআ চু—কি ঘন চুল (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

**গই** **gɔĭ** বি নদীবাঁধের ভেড়ি কাটিয়ে জল বের করে দেবার জায়গা a sweage (চব্বিশ ১১)

**গইঠা** **gɔĭtʰa** বি ঘুঁটে a cow-dung cake (মালদা ৪) তু গোবর < গোবিষ্ঠা

**গইঠ্যা** **gɔ̃ĭtʰa** দ্র গইঠা যাব না আমি গঁইঠ্যা কুড়াতে—আমি ঘুঁটে কুড়োতে যাব না (মেদিনী ৫)

**গইরা** **gɔĭra** বি পিতলের কলসি a pitcher made of brass (বাঁকুড়া ৭)

**গইরার পাড়্** **gɔĭrar paɽ** বি গরুর জাবনা খাবার পাত্রগুলি যেখানে বসান হয় তার পার্শ্ববর্তী স্থান a pit to set mangers in (মুর্শিদা ৫)

**গইলো** **gɔĭlo** বি গরুর ক্ষুরের মাঝখানের ফাঁক অংশ an intervening space in a cow-heel (চব্বিশ ২৩)

**গউ গউয়্যে (রাত)** **gɔŭ gɔŭɛ (rat)** বি, বিণ গভীর রাত deep night কাল গউ গউয়্যে রেইত্যে চোর্ আল্‌ছিলো—কাল গভীর রাতে চোর এসেছিল (মুর্শিদা ২৩)

**গউনিয়া** **gɔŭnia** বি গায়ক a singer (মালদা ১১) < গাইন-ইয়া

**গওড়া** **gɔŏɽa** বি গোয়ালের প্রাঙ্গণ, গরু বাঁধার স্থান [দিনের বেলায় এখানেই গরুকে খেতে দেওয়া হয় এবং নিয়মিত বেঁধে রাখা হয়] open cowshed (হাওড়া ৮, ১০) (সাঁ) গড়া

**গওড়া দানা** **gɔŏɽa dana** দ্র গওড়া (হাওড়া ৮)

**গওলা** **gɔŏla** বি গয়লা a milk man (চব্বিশ ২০)

**গঁ গঁ** **gɔ̃ gɔ̃** বি মশা-মাছির ডাক [ভন্ ভন্ ডাক] a humming or buzzing sound (বর্ধমা ৩)

**গ গ কর‍্যা** **gɔ gɔ karɛ** ক্রিবিণ গলগল করে the sound of quick pouring out or coming out of liquid matter অঁখন কিচ্ছু ওষুধ লাগাউনি? ইস্ আঙুটা কাটিয়া গ গ কর‍্যা রক্ত পড়েঠে—এখনও কিছু ঔষধ লাগাস্‌নি? ইস্ আঙুল কেটে গলগল্ করে রক্ত পড়ছে (মেদিনী ১৯, ২২, ২৬)

গংগাতুড়্

**গঁ গঁ করা** **gɔ̃ gɔ̃ kɔra** ক্রি ১ ভোঁ ভোঁ করা [কান] a noise of movement of wind inside ear কানটা গঁ গঁ করছে—কানটা ভোঁ ভোঁ করছে (মেদিনী ২৭) ২ পেট চো চো করা to have a suppressed groaning noise in the stomach caused by hunger (মেদিনী ২৮)

**গগন্-ভ্যাড়া পাক্** **gɔgɔn-bʰæɽa pak** বি গগনবেড় পাখি a kind of bird, peleconus plilippensis (বীরভূ ১)

**গঁগা** **gɔ̃ga** ক্রিবিণ গোঁ গোঁ করে চিৎকার করা to groan সপ্‌নে গঁগাচ্ছ্যে—স্বপ্নের মধ্যে গোঁ গোঁ করছে (মালদা ১১)

**গংয়া ফল্** **gɔŋapʰɔl** বি পানিফল an aquatic vegetable, water-chestnut (নদিয়া ১) < গঙ্গা = জল

**গংগা** **gɔŋga** বি হাবা-বোবা a dumb (দার্জিলি ৩ মালদা ৪) তু ঘঙা = গংগা (মেদিনী ২৭, ২৮) (সাঁও কংকা = Konka) ~ **খ্যালা** বি এক্কা দোক্কা খেলা a kind of rural outdoor game played by the girls (কোচবি ৭)

**গংগা জল্ শাদা** **gɔŋgajɔl ʃada** ক্রি জল-সওয়া [হিন্দু বিবাহের স্ত্রী-আচার বিশেষ। পাঁচজন এয়ো পান-সুপারি তেল-সিঁদুর হলুদ নিয়ে পুকুরঘাটে গিয়ে পুকুর থেকে জল নিয়ে আসে] to fetch water from a river or pond on the eve of a Hindu marriage ceremony (চব্বিশ ১০)

**গংগা জোলি উচ্‌চে** **gɔŋga joli ucce** বি করলা বা উচ্ছে [মাঝারি আকারের] bitter gourd [গঙ্গা শব্দ বৃহৎ অর্থে ব্যবহৃত। গঙ্গা ফড়িং, গঙ্গা-পেঁয়াজ] (চব্বিশ ২১)

**গংগা জোলিয়া চোক** **gɔŋga jolia cok** বিণ বিড়াল চোখ [কটা] brownish eye (মেদিনী ২)

**গংগাতুড়্** **gɔŋgatuɽ** বি গাঙ্‌ধারা মাছ [নদী, খালবিলে এই মাছ পাওয়া যায়। লম্বা আকারের, পেটের দিক রূপালি রঙের এবং শিরদাঁড়া সবুজাভ। আঁশ পাতলা ও কম। ঠোঁট

গচ্[২]

বকের মতো লম্বা এবং শক্ত। প্রায় দুই ইঞ্চি লম্বা এবং কুমিরের মতো করাত জাতীয়। এই মাছ খেতে সুস্বাদু a species of fish (মেদিনী ২০) তু গাঙ্গদাড়া (দাস)

**গংদাওয়া gɔŋdaŏa** বি দাওয়া বা ধারি, রোয়াক [ঘরের দেওয়ালের সম্মুখে অতিরিক্ত জায়গা] a narrow verandah of a mud built house (হাওড়া ৮)

**গংগা পুজা gɔŋga puja** বি আষাঢ় মাসে অনুষ্ঠিত নদীপূজা [সাধারণত 'নদী'কেই গঙ্গা নামে ডাকা হয়। এই পূজা ধীবরজাতির মধ্যেই সীমাবদ্ধ] the worship of river at the time of rainy season (the month of *Ashar*) (হাওড়া ১০)

**গংগা ফোতিঙ্ gɔŋgapʰotiŋ** বি গঙ্গাফড়িং, বড় ফড়িং a grasshopper (মেদিনী ৭, ২৭)

**গংগা ফোড়িম্ খেলা gɔŋga pʰoɽim kʰela** বি একরকম গ্রামীণ খেলা a rural game (কোচবি ১)

**গংগা মিত্তিকে gɔŋga mittike** বি গঙ্গামৃত্তিকা the clay of the Ganges (বর্ধমা ১৪)

**গংগাল্ gɔŋgal** বি আলের পাশে বা মধ্যে কাঁকড়ার গর্ত the hole of the crab by the side of the dyke (মালদা ৪)

**গচ্ gɔc** বি রাস্তার স্থানে স্থানে সৃষ্ট গর্তে জমা জলের কাদা [এগুলো বাইরে থেকে বোঝা যায় না। কিন্তু হঠাৎ পা পড়ে গেলে ঢুকে যায়। রাস্তার গর্তে জমে থাকা বালি বা কাঁকরের রাস্তায় এইরকম গর্তে বেশি বালি বা কাঁকর জমে। তাকে 'গচ্' বলে। 'গচে' গোরুর গাড়িও সহজে পার হতে পারে না] দ্র খুল্যা[১] (বাঁকুড়া ১২, ১৫)

**গঙা gɔŋa** বিণ গন্নাকাটা [অর্থাৎ যার ঠোঁটের মাঝের বা উপরের অংশ কাটা। এটা জন্মগতভাবে অথবা অন্য যে কোনো কারণে হতে পারে। এদের গলার স্বর খনার মতো হয়] hare-lipped (পদিনা ৯)

**গচ্[১] gɔc** বি ঘরের ভিত, বাড়ির বুনিয়াদ the foundation of a hut (বাঁকুড়া ১৯)

**গচ্[২] gɔc** বি গুচ্ছ [ধানচারা রোপণ করার সময় একসঙ্গে যে চার-পাঁচটির গুচ্ছ করা হয়। পানপাতা তোলার পরে একসঙ্গে একশটির গুচ্ছ করা হয়] the bunch of paddy-shoot or belet leaves (মালদা ৩) তু গোছা

**গচ[৩] gɔc** ক্রি খেলার দান নষ্ট হয়ে যাওয়া to be abandoned game (পদিনা ১১)

**গচ্[৪] gɔc** বি রাস্তার খানা-খন্দ a hole on a pit (বাঁকুড়া ১২, ১৫)

**গচ্[৫] gɔc** বিণ ১ গচ্ছিত deposit ২ সাজানো decoration (মেদিনী ১৫)

**গঁচ্ gɔ̃c** দ্র গচ্[২] (পুরুলি ১৭)

**গচ্কা[১] gɔcka** দ্র গচ্[৪] (বর্ধমা ৪)

★ **গচ্কা[২] gɔcka** ক্রি গর্ত করা, খোঁড়া to dig কাঠি দিয়্যা মাটি গচ্কাচ্ছে—কাঠি দিয়ে মাটি খুঁড়ছে (বাঁকুড়া ১৩)

**গচ্ কোরে ঢোকা gɔc kore ɖʰoka** ক্রি হঠাৎ করে গর্তে পড়ে যাওয়া to fall sudden into a ditch (বাঁকুড়া ১২)

**গচ্ খাড়া ভাতার্ gɔc kʰaɽa bʰatar** বি কুমারীর অবৈধ সন্তানের পিতৃত্ব স্বীকারকারী সম্পূর্ণ সম্পর্কহীন পুরুষ [কুমারীর অবৈধ সন্তানের সামাজিক স্বীকৃতিদানের জন্য যে পুরুষ স্বেচ্ছায় স্বামীত্ব স্বীকার করে] a person accepting parenthood of an illegal child of marrying its mother (জলপা ৭)

**গচ্চা[১] gɔcca** বি জরিমানা fine (মেদিনী ৩৩)

**গচ্চা[২] gɔcca** দ্র গচ্[৪] (বর্ধমা ২৩ বাঁকুড়া ৮) গাড়িটা বাগিয়ে ধর, গচ্ছায় পড়ে যাবে যে—গাড়িটা শক্ত করে ধর, গর্তে পড়ে যাবে যে (বাঁকুড়া ৮)

**গচা gɔca** বি ১ লম্ফ [কেরোসিনের বাতি], কুপি, প্রদীপ kerosine lamp (কোচবি ২ জলপা ৮) ২ দীপাধার, বাতিদান, পিলসুজ lamp stand (কোচবি ২)

**গচানো gɔcano** বি ধান রোপণের পদ্ধতিবিশেষ [ধান রোপণের পর চারা গজালে যদি দেখা যায় তা পাতলা হয়ে গেছে, তবে অন্য জমি থেকে ধান চারা এনে মাঝে মাঝে ঐ জমিতে লাগিয়ে দেওয়া হয়] a kind of plantation (নদিয়া ৪)

**গছ্[১] gɔcʰ** দ্র গচ্[১] (বাঁকুড়া ১৬)

**গছ্[২] gɔcʰ** বি গাছ the tree (কোচবি ২ জলপা ৭)

**গঁছ্ gɔ̃cʰ** বি পায়ের পাতা the flat surface of foot (পুরুলি ১, ৩)

**গছ্নি gɔcʰni** বি বালিশের ওয়াড় the pillow cover (পুরুলি ১১)

**গছ্ পনশ gɔch pɔnɔʃɔ** বি কাঁঠাল the jack-fruit (মেদিনী ৩১)

**গছ্বাবা gɔcʰ baba** দ্র গচ্ খাড়া ভাতার্ (কোচবি ২)

**গছ gɔcʰɔ** দ্র গছ্[২] (মেদিনী ৮, ৩১)

**গছা gɔcʰɑ** দ্র গচা (পদিনা ৬ মালদা ৬)

**গছানো gɔcʰɑno** ক্রি জমা হওয়া to accumulate জল গছাল—জল জমা হোল। জল গছিয়া যায়—জল জমা হয়ে যায় (মুর্শিদা ১৫)

**গজ্[১] gɔj** বি গ্রামীণ খেলার দানবিশেষ ['বুড়ি বসা' নামান্তরে 'বউ বসা' নামক খেলাতে এই শব্দ ব্যবহার হয়ে থাকে] term of a rural game (মুর্শিদা ৩)

**গজ্[২] gɔj** বি গোঁজ বা ছোট খুঁটি [গরু ছাগল বাঁধার দড়ির একপ্রান্তে এই গোঁজ থাকে] a wooden or bamboo staff (মেদিনী ৩৩)

**গজ্[৩] gɔj** বি [তালের আঁটির] অঙ্কুর the sprout of the edible kerned of the stone of a palmyra-fruit (চব্বিশ ২৩)

**গজ্[৪] gɔj** বি উনান খোঁচানোর কাঠি [লোহার তৈরি কাঠি, একপাশের মুখটা বাঁকানো] poker (বাঁকুড়া ১৪)

**গজ্[৫] gɔj** বি অসুবিধা discomfort আর যায়া হবেক্ নাই বিষ্টি হয়ে গজ্ হঁয়েছে—আর যাওয়া হবে না, বৃষ্টি হয়ে অসুবিধা হয়েছে (পুরুলি ২)

**গজ্[৬] gɔj** বি ক্রম অনুসারে মাপার পরিমাপক [কাঠের তৈরি। এতে ইঞ্চি, ফুট প্রভৃতি মাপ থাকে। কাঠ কাটার সময় এই পরিমাপক ব্যবহার হয়] the scale (পুরুলি ১৪)

**গজ্[৭] gɔj** বি থামবিশেষ [খড়ের পাকানো দড়ি দিয়ে তৈরি ছোট ধানের গোলাকে বলা হয় 'কুঠি'। এই কুঠি বসানোর জন্য মাটির উপর কয়েকটি থাম প্রথমে বসিয়ে নিতে হয়। সেই থামগুলিকে বলা হয় 'গজ্'। গজের উপর ধানের গোলা বসাতে হয়] the piller made of wood or bamboo (মালদা ১)

**গজ্[৮] gɔj** বি মাটির বাড়ির চালে খড় গেঁথে দেবার সরঞ্জামবিশেষ [এতে দড়ি গুটানো থাকে] an equipment for roofing of mud-house (মেদিনী ৩৫)

**গজ্[৯] gɔj** বি কাপড়বোনা তাঁতের অংশবিশেষ [তাঁতের যে অংশে মাকু চলাফেরা করে, সেই অংশের একেবারে উপর দিকে যে সাড়ে তিন বা চার হাত লম্বা একটি কাঠ থাকে তাকে 'গজ্' বলে] the portion of a loom (বাঁকুড়া ৭)

**গজ্[১০] gɔj** বি তাঁত-এর অংশবিশেষ ['তরাজি' নামক অংশের নিচে দুধারে দুটি করে চারটি, দুই হাত লম্বা কাঠের দণ্ড ঝুলে থাকে। এরই নাম গজ। এটি হাতে চালিত তাঁতে থাকে] the portion of a loom (চব্বিশ ৩৬)

**গজ্[১১] gɔj** বি গাছ the tree গুয়ার গজ্—সুপারি গাছ (কোচবি ২)

গজ্[১]

**গঁজ্ gɔ̃j** দ্র গজ্[২] (নদিয়া ১১ মেদিনী ১১ হাওড়া ১, ৮)

**গজ্আঁড়া gɔjɑ̃ɽɑ** বি গরুর গাড়ির চাকার অংশবিশেষ [কাঠের তৈরি। চাকাতে মোট ছয়টি আড়া থাকে। সবচেয়ে মোটা দুটি আড়ার ভিতরে আরও দুটি মাঝারি আড়া ফুঁড়ে থাকে। ঐ চারটি আড়ার মধ্যে ফুঁড়ে আরো দুটি সরু আড়া থাকে। এই সরু আড়া দুটিই 'গজ্আড়া' (স্থানীয় উচ্চারণে)] the portion of the wheel of a cart (বাঁকুড়া ৭ মালদা ১)

**গজ্কানো gɔjkɑno** ক্রি মাটি খনন করা to dig soil গাছের গড়ার্ মাটিটা গজ্কায়ে দে—গাছের গোড়ার মাটিটা কুপিয়ে দে (বাঁকুড়া ১৩)

**গজ্গজ্ কোরি gɔj gɔj kori** ক্রিবিণ হন্‌হন্ করে [হাঁটা] walking or moving at a great speed গজ্গজ্ কোরিএ চোলিএ গেল—হন্ হন্ করে হেঁটে গেল (পদিনা ৩, ৪)

**গজ্গজাঁ gɔjgɔjɑ̃** ক্রিবিণ রাগে গরগর করা the sign of anger or angry muttering গজ্গেজাঁয়ি চলে গেল —রাগে গরগর করে চলে গেল (মেদিনী ১৫)

**গজ্গজিয়া gɔjgɔjiɑ** বিণ বাচাল talkative (মেদিনী ৩১)

**গজ্গজে সন্নিপাত্ gɔjgɔje ʃɔnnipɑt** বি গরুর একপ্রকার অসুখ [এই রোগে গরুর গলা কিংবা শরীরের অন্য কোনো অংশ ফুলে গিয়ে ভিতরে ধানের মতো গজ্গজ্ করে। ফলে গরু কিছু খেতে পারে না। এই রোগের প্রতিকার হিসেবে আকন্দগাছের পাতা বেটে ফোলা জায়গায় প্রলেপ দেওয়া হয়। তেশিরে মনসাপাতা সেঁকে তার রস মালিশ করা হয়, তালসাঁড়ার রস, লঙ্কা জটার রসও মালিশ করা হয়। সেঁক দেবার জন্য কুঁড়ো এবং বালি ব্যবহার করা হয়] a kind of cattle disease (হুগলি ১)

**গজ্ঘন্টো gɔj gʰɔnʈo** বি বিচিত্র অসম সব্জি-সামগ্রীসহ তরকারি [ঘণ্ট] mixed vegetable curry (মেদিনী ১৫)

**গজ্চোক্ gɔj cok** বি ট্যারাচোখ (পুং) a squint-eyed. (মেদিনী ৩৪ হাওড়া ১০)

গজ্‌বাজু

**গজ্‌চোখি gɔjcokʰi** বিণ যে মেয়ের ট্যারা চোখ a girl with squint-eyed (মেদিনী ৩৪)

**গজ্‌জল্‌ gɔjjɔl** বি গল্প, আড্ডা a company of idle talkers, chattering to gossip গজ্‌জল্‌ করা--আড্ডা মারা, গল্প করা (পুরুলি ১৩, ১৪)

**গজ্‌জোন্‌ gɔjjon** বি গর্জন roaring (মেদিনী ১১)

**গজ্‌ড়া দুধো gɔjɽɔ dudʰo** বি গাঁজলা দুধ [প্রসব হবার পর প্রথম ২৬দিন গাভীর দুধ খাওয়া হয় না। এই দুধকে বলে গাঁজলা দুধ] condensed yellowish cowmilk just after the delivery of the cow (মেদিনী ৮)

**গজ্‌পাটা gɔjpaʈa** বি রাজমিস্ত্রীর কাজে ব্যবহৃত কাষ্ঠখণ্ডবিশেষ [পাঁচ-ছয় ফুট লম্বা এবং দুই ইঞ্চি চওড়া হয় এটি। ইঁটের উপর সিমেন্ট দেবার পরে এটি দিয়ে ঘষে সমান করা হয়। দেয়ালের ইঁট গাঁথার সময় বাঁহাত দিয়ে এটিকে দেওয়ালের বাইরে ধরে ইঁট গাঁথা হয়] a wooden piece used by a mason for levelling (বীরভূ ৫)

**গজ্‌পিপুল্‌ gɔjpipul** বি একপ্রকার গাছ [কচু প্রভৃতি বর্গের রোহিণীবল্লী। এই গাছের গাঁটে গাঁটে শিকড় বের হয় এবং ঐ শিকড় দ্বারা অন্য গাছে জড়িয়ে বড় হয়। এই গাছের পাতা লম্বা ও সূঁচালো আগাবিশিষ্ট। ফল সবুজ। এই গাছের ফুল-ফল ফাল্গুন-চৈত্রমাসে হয়। এই গাছের ছাল তেঁতুলবীচি ও বালিসহ গরম করে লাগালে, হাত-পায়ের চোট সেরে যায়] a kind of pipul tree (chadica roxburghil, piper longum, p. officinaum) (হুগলি ১)

**গজ্‌বাতা gɔjbata** দ্র গজ্‌ অঁড়া (জলপা ৬)

**গজ্‌বাজু gɔjbaju** বি হস্তচালিত তাঁতযন্ত্রের কাঠামোর কাঠ [এই কাঠ দুইদিকেই একটি করে থাকে। মূল কাঠামোর প্রধান কয়েকটি কাঠের মধ্যে এটি একটি] a wooden piece placed in the frame of a handloom (মুর্শিদা ৩)

**গজ্‌রা[১] gɔjra** বি অবাধ্য [বার বার বলা সত্ত্বেও কথা শোনে না] an obsinate (বীরভূ ৪)

**গজ্‌রা[২] gɔjra** বিণ বেঁটে dwarfish, dumpy গজরা গোরু--বেঁটে গরু [শব্দটি শুধুমাত্র গরুর ক্ষেত্রেই ব্যবহার হয়] (মুর্শিদা ৩)

**গজ্‌লা[১] gɔjla** বি ফেনা foam, scum (চব্বিশ ৪ মেদিনী ২৬) তু আ বা গেঁজে যাওয়া

**গজ্‌লা[২] gɔjla** বি গোঁজ, খোঁচা a wooden staff, a peg গজ্‌লায়ে ছিঁড়ে গ্যালো--খোঁচা লেগে ছিঁড়ে গেল (মেদিনী ৭)

**গজ্‌লাং gɔjlaŋ** ক্রিবিণ সশব্দে with a bud noise ছানাটা গজ্‌লাং কোরে ঝাঁপাই দিল--ছেলেটা সশব্দে ঝাঁপ দিল (পুরুলি ১৩) তু আ বা গর্জন করে

**গঁজ্‌লানো gɔjlano** ক্রি খোঁচা দেওয়া, গুঁতো দেওয়া to prick, to thrust, to shove, to butt, to gore মৌচাকে লাঠি দিয়ে গঁজ্‌লেছে--মৌচাকে লাঠি দিয়ে খোঁচা দিয়েছে (হাওড়া ১, ৮) দ্র গজ্‌লা[২]

**গজড়্‌দম্‌ফ gɔjɔɽdɔmpʰɔ** বি চিচিঙ্গা snake gourd, trichosanthes anguina (মেদিনী ১৫)

**গজড়্‌ধোমা gɔjɔɽdʰoma** দ্র গজড়্‌দম্‌ফ (মেদিনী ৫)

**গজথপ gɔjɔtʰɔpɔ** বি ঢিমেতেতাল slow, sluggishness, spiritless (পুরুলি ১৫) গজ = হাতি, থপ = থপ্‌ থপ করে যাওয়া

**গজব্‌ gɔjɔb** বি অভিশাপ a curse (মুর্শিদা ২২, ২৩)

**গজমা gɔjɔma** বিণ গোঁয়ার stubborn (কোচবি ৩)

**গজর্‌ gɔjɔr** ক্রি ক্রোধপ্রকাশ করা to express anger (মেদিনী ১৫)

**গজর্‌ বজর্‌ করা gɔjer bɔjɔr kɔra** ক্রি পণ্ড করা to spoil কাজটা গজর্‌ বজর্‌ কোরে দিলে--কাজটা পণ্ড করে দিল (পুরুলি ৯)

**গজল্‌[১] gɔjɔl** দ্র গজ্‌জল্‌ (বাঁকুড়া ১৬ মেদিনী ১৫)

**গজল্‌[২] gɔjɔl** বি বন the forest (বাঁকুড়া ৫)

**গজল্‌[৩] gɔjɔl** বি জটলা a crowd গজল করা--জট্‌লা করা (বাঁকুড়া ৬)

**গজল্‌লা[১] gɔjɔlla** দ্র গজ্‌জল্‌ (বাঁকুড়া ৯ মেদিনী ৭, ১৯, ২৬) গজল্‌লা পেলে আর কুছু চায় নাই--গল্প আড্ডা পেলে আর কিছুই চায় না (বাঁকুড়া ৯) গজল্‌লা কোরুঠু কিস্‌কে--আড্ডা মারছিস্‌ কেন? (মেদিনী ১৯, ২৬)

**গজল্‌লা[২] gɔjɔlla** দ্র গজল[৩] (বাঁকুড়া ৮)

**গজংগা gɔjɔŋga** দ্র গজমা (জলপা ১)

**গজা[১] gɔja** বি ঘরের খুঁটি [বাঁশ কিংবা কাঠের] a post or piller made of wood or bamboo used as a foundation of house (পদিনা ৬) ২ বি গোল পোষ্ট--তিনকাঠি goal post (পদিনা ১১)

গজা[২] gɔjɔ বি উরু the thigh (পদিনা ১০, ১১)

গজা[৩] gɔjɔ দ্র গজ্‌চোক্ (বাঁকুড়া ৪)

গজা[৪] gɔjɔ দ্র গজ্‌রা[১] (বীরভূ ৪)

গজা[৫] gɔjɔ বি শিকড় the root (হাওড়া ৩)

গজা[৬] gɔjɔ বি আখের চারা [যা পুরনো আখের গাঁট থেকে বেরোয়] sprout of sugar-cane (বীরভূ ১৪)

গজা[৭] gɔjɔ বি কাটাগাছের গোড়া the stump of a tree (বাঁকুড়া ৩)

গজা[৮] gɔjɔ বি গাছের ডাল the branches of tree (বীরভূ ৩)

গজা[৯] gɔjɔ বি গাছের চারা the young sprout of plant (মেদিনী ৬)

গজা[১০] gɔjɔ বি অঙ্কুর [বাঁশ, তাল আঁটি, আম আঁটি, নারকেল প্রভৃতির] the sprout (বীরভূ ১০ মেদিনী ১৩, ১৫, ১৯, ২০, ২২, ২৪, ২৬, ৩০, ৩৪, ৩৫) তাল আঁটির গজা--তাল আঁটির অঙ্কুর (মেদিনী ২০) আম আঁটিটার গজা বারি যাইছে—আম আঁটিটার অঙ্কুর বেরিয়ে পড়েছে (মেদিনী ২৬) তালগজা—তালের অঙ্কুর (মেদিনী ৩৫)

গজা[১১] gɔjɔ বি ফোঁপব [তাল আঁটি কিংবা নারকেলের ভিতরের শাঁস। এটি খেতে খুব সুস্বাদু] the vegetating seed within a palmyara fruit and coconut. (হাওড়া ৩ হুগলি ১)

গজা[১২] gɔjɔ বি গাঁজ্‌লা froth, scum গজা ছুটছে—তাল বা খেজুর রসের তাড়িতে খুব ফেনা হলে বলে 'গজা ছুটছে' (মেদিনী ২৮)

গজাখিচুড়ি gɔjɔkʰicuri বি জগাখিচুড়ি hotchpotch, mess (মেদিনী ৩২)

গজাড়্ gɔjɔr বি মহাশোল (মাছ) a large tubular fish (চব্বিশ ২১ মালদা ১০)

গঁজাড়্ gɔ̃jɔr দ্র গজা[১০] (মেদিনী ২৪)

গজা দাঁত্ gɔjɔ dãt বি গজদাঁত an extra tooth growing in front of another (বর্ধমা ৯, ২২, ২৩) গজ = অঙ্কুর, অঙ্কুরিত দাঁত—বাড়তি দাঁত।

গজার্ ফোটা gɔjɔr pʰotɔ বি ছুলি [লোক-সংস্কার আছে যে গজার মাছ (শোলমাছের মতো দেখতে) খেয়ে কেউ যদি অস্বীকার করে তবে তার গায়ে ছুলি হয়] a skin disease akin to ring worm, unticaria (পদিনা ১০)

গজাল্[১] gɔjɔl বি সরু ও গোল করে কাটা কাঠের টুকরো [যা কাঠের আসবাবের সন্ধিস্থানগুলো জোড়া দেওয়ার কাজে ব্যবহৃত হয়] a nail or a spike made of wood (হুগলি ১১)



গজা[১১]

গজাল্[২] gɔjɔl বি লোহার পেরেক [বড় কিংবা মাঝারি মাপ। বড় মাথাযুক্ত এবং মোটা। কোনোকিছু জোড়া লাগাতে কাজে লাগে] a nail or a spike (বর্ধমা ২, ৭, ৯, ২০, ২১ বীরভূ ৪, ৯ মুর্শিদা ১৪, ১৭, ২৩ হুগলি ৫, ১০, ১১)

গজাল্[৩] gɔjɔl বি লাটিমের নিচের আল the open and pin of a top (বর্ধমা ২০)

গজাল্[৪] gɔjɔl বি বাঁশের কোঁড় বা অঙ্কুর the sprout of bamboo (চব্বিশ ১৫)

গজাল্ দাঁত্ gɔjɔl dãt দ্র গজদাঁত (চব্বিশ ১)

গজাল্ মাছ্ gɔjɔl mɔcʰ দ্র গজাড়্ (নদিয়া ৪, ৫)

গজালি gɔjɔli দ্র গজাল্[২] (মেদিনী ২৪)

গজালু gɔjɔlu বি একপ্রকার আলু, গয়া আলু, নিকৃষ্ট আলু, মেটে আলু, [বন জঙ্গলে আপনিই হয়। কালো রঙ হয় বাইবে, ভিতব সাদা। ওজন তিন কেজি থেকে সাত আট কেজি পর্যন্ত হয়। স্থানীয় মানুষ সিদ্ধ করে খায়। তরকারিও হয়] manihot utilissima (মালদা ৪)

গজুয়া gɔjuɔ দ্র গজমা (কোচবি ৩)

গজোড়্ gɔjɔr বি তালের অঙ্কুর a newly-born palmyra (হাওডা ১০)

গজোল্ gɔjɔl দ্র গজাল্[২] (দার্জিলি ২)

গজোল্‌লা[১] gɔjɔllɔ দ্র গজ্‌জল্ (বাঁকুডা ১১)

গজোল্‌লা[২] gɔjɔllɔ দ্র গজল্[৩] গজোল্‌লা কোরিস্‌নি—জটলা করিস না (মেদিনী ৭)

গঁট্ gɔ̃t বি পাল, দল [গরুর] a herd of cattle এ্যাক গঁট্ গোরু—একপাল গরু (মেদিনী ২৯)

গট্ পায়রা gɔt pɔĕrɔ বি গোলাপায়রা Indian Blue Rock Pigeon, columba intermedia (পুরুলি ১৩)

গট্ বাগাল্ gɔt bɔgɔl বি রাখাল a cowherd, a herdsman, a cowboy (পুরুলি ৪) < গোষ্ঠ + বাগাল

গট্‌লায়ে gɔtlɔe সর্ব সবকিছু everything গাছটার অতত্ মি গট্‌লাযে দেখনু—গাছেব আড়াল থেকে সব আমি দেখলাম (পদিনা ২)

গড্ডা চখা

**গটা**[১] **gɔʈa** বিণ গোটা, আস্ত, সম্পূর্ণ whole, entire (মেদিনী ৬, ৭, ১৫, ২২, ২৬, ২৯) গটা মাছটা আইজ রাঁধিয়া ফ্যালাও—গোটা মাছটা আজ রান্না করে ফেল (মেদিনী ১৯, ২২, ২৬) গটা খড়—আস্ত খড় (মেদিনী ২৯) গটা প্যায়রাটা দে—আস্ত পেয়ারাটা দে (মেদিনী ৬, ১৯, ২২, ২৬) তু গোটা the whole (সাঁও)

**গটা**[২] **gɔʈa** বিণ সমস্ত all total গটা গাটা মোইলা হোইছে—সমস্ত শরীরটা ময়লা হয়েছে (মেদিনী ৬, ১৯, ২২, ২৬, ৩৪) দ্র গটা[১]

**গটা**[৩] **gɔʈa** ক্রিবিণ জড়ো assemble, meet together অনেগ্‌লা মান্‌শি ওত্তি গটা হোইশে—অনেক লোক ওখানে জড়ো হয়েছে (কোচবি ২)

**গটাই** **gɔʈaĭ** বি, বিণ একগাছা, একগাছি, একটা single, one strip গটাই বাল্লা—একটা পাল্লা (দরজার) (মেদিনী ২, ৮)

**গটাখান্** **gɔʈakʰan** দ্র গটা[১] গটাখান্ খাম্—গোটাটা খাব (পদিনা ৯)

**গটায়**[১] **gɔʈaĕ** দ্র গটা[১], গটাই (মেদিনী ২০)

**গটায়**[২] **gɔʈaĕ** দ্র গটা[১] গটায় ঘর—গোটা ঘর [ঘরময়] (জলপা ৭)

**গটে** **gɔʈe** দ্র গটাই (মেদিনী ২, ৪, ৬, ১৮, ১৯, ২১, ২২, ২৬, ৩০, ৩১) গটে টকা খঁড়ি খঁড়ি চলেটে—একটি ছেলে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে (মেদিনী ২) গটে খুটো জল খাইনি—এক ঢোক জলও খাইনি (মেদিনী ১৮) গটে কথা কোইব, রাখবু?—একটা কথা বলবো, রাখবি? (মেদিনী ৬, ১৯, ২২, ২৬) গটে কথাও কোইবুনি—একটি কথাও বলবো না (মেদিনী ২১) গটে কথা সুঁইয়া যা—একটা কথা শুনে যা (মেদিনী ২৬) গটে কথা দুই থোক্ ক্যানে কোউচু?—একটা কথা দুবার কেন বলছিস? (মেদিনী ৩০) গটে গটে চুড়ি—একগাছা একগাছা চুড়ি (মেদিনী ৩১)

**গটেয় সুদা** **gɔʈeĕ suda** দ্র গটাই লোকটা বড় গ্যাঁধা, কাহাকো গটেয় সুদা পইসা দেয়নি—লোকটা খুব কৃপণ, কাউকেও একটা পয়সা দেয়নি (মেদিনী ২০)

**গট্যে** **gɔʈɛ** দ্র গটাই গট্যে গোরু—একটা গরু। গট্যে লুগা কিন্‌থিনি এত টংকা দেইকি—একখানা কাপড় কিনেছিলাম এত টাকা দিয়ে (মেদিনী ১৬)

**গঠ্** **gɔʈʰ** দ্র গট্ (পুরুলি ৯, ১৭ মেদিনী ২৫, ২৯) এ্যাক্ গঠ্ গোরু—একপাল গরু (পুরুলি ৯ মেদিনী ২৫) বায়সাম্ ব্যালায় গরুর গঠ্ বিলে নিন্ যায়—সকাল বেলায় বা জলখাবারের বেলায় [আটটা-নয়টা] গরুর পাল বিলে চরাতে নিয়ে যায় (মেদিনী ২৯)

**গঠা**[১] **gɔʈʰa** বি গোচারণভূমি grazing ground গোরুগুলাকে গঠায় রাইখেছে—গরুগুলিকে গোচারণে রাখা হয়েছে (পুরুলি ৯)

**গঠা**[২] **gɔʈʰa** দ্র গজ্‌জল ওহঠিন্ শব গঠা লাহাত্—ঐখানে সব আড্ডা দিচ্ছে (পুরুলি ২)

**গঠানো** **gɔʈʰano** ক্রি আড্ডা মারা to join in an assembly of idle talks, to indulge in idle talk with others (পুরুলি ৭)

**গঠায়** **gɔ̃ʈʰaĕ** ক্রিবিণ একত্রিত assembled, united গঠায় আছো—জমা হয়েছে (মানুষের ক্ষেত্রে ব্যবহৃত) (মেদিনী ৩২)

**গড্ডানো** **gɔḍḍano** ক্রি রগড়ানো to rub (জলপা ৭)

**গড্ডা চখা** **gɔḍḍa cɔkʰa** বি হুতোম পেঁচা brownish-owl, the largest and ugliest species of owl (বীরভূ ৯)

**গড্‌ঢানো** **gɔḍḍʰano** ক্রি তাড়ানো to drive away, to tend (মেদিনী ১৫)

**গড়্**[১] **gɔɽ** বি প্রণাম act of making obeisance by lying prostrate or bending and touching one's feet (মেদিনী ৫, ১১, ১৭, ২৯)

**গড়্**[২] **gɔɽ** বি কফ, শ্লেষ্মা cough গড়্ উঠছে—কফ উঠছে (চব্বিশ ১৫, ২৭, ৩৩ বীরভূ ৭)

**গড়্**[৩] **gɔɽ** বি পা [মানুষের বা গরুর ক্ষেত্রে 'গড়্'[৩]। অন্যান্য জীবজন্তুর বেলায় পা-ই বলা হয়] the leg (পুরুলি ২, ৩) তু গোড়

**গড়্**[৪] **gɔɽ** বি আঁটি বা গাদা [ধান, খড়-বিচালির] bundle of straw, heap গড়ের পলা—খড়ের গাদা (দার্জিলি ৩ পদিনা ২, ৩, ৯)

**গড়্**[৫] **gɔɽ** বি গর্ত the hole of husking pedal ঢেঁকির গড়্—ঢেঁকির গর্ত (মুর্শিদা ১৮)

**গড়্**[৬] **gɔɽ** বি গাছের কাটা গুঁড়ি [কামারের নেহাই বা লোহা পিটানোর সরঞ্জাম যে কাঠের গুঁড়িতে পোঁতা থাকে] a piece of log into which blacksmith's anvil is set (বাঁকুড়া ৪, ১৪, ১৯)

**গড়্**[৭] **gɔɾ** বি লাঙলের অংশবিশেষ [লাঙলের যে অংশে ঈশ্ আটকে থাকে সেই অংশ এবং তার উপর এবং নিচের অংশ] a part or portion of a plough (মালদা ৩)

**গড়্**[৮] **gɔɾ** বি পরিখা [বাগানের পাড় বাঁধানো বা মেরামতির জন্য মাটি কাটায় সৃষ্ট গর্ত। ডোবা বা পুকুর কাটায় যে গর্ত সৃষ্টি হয়, তাকে 'গড়্' বলে না। সাধারণত বাগান অনেক বড় হয়। ঐ বাগানের পাড় বাঁধানো বা মেরামতের জন্য বাগানের বাইরে কাছাকাছি কোনো জায়গা থেকে মাটি কেটে নেওয়া হয়। ঐ গর্তকে 'গড়্' বলে] a ditch around a garden or rampart (হাওড়া ৩)

**গড়্**[৯] **gɔɾ** বি ফাঁদ [হাতি ধরার জন্য গর্তের ফাঁদ। গাছের গুঁড়ির খণ্ড দিয়ে গড় বা ফাঁদ তৈরি করা হয়। একদিকে সরু পথ থাকে। পথের ধারে গাছপালা দিয়ে এমনভাবে ঝোপ তৈরি করে রাখা হয় যে, বুনো হাতি বুঝতে পারে না যে, সেখানে গর্তের ফাঁদ আছে। হাতি এলে তাদের তাড়িয়ে গড়ে ঢোকানো হয়। গড়ের ভিতর খুঁটির পাশে চারদিকে ঘোরানো খাদ থাকে, যাতে হাতি খুঁটি উপড়ে ফেলতে না পারে। গড়ে বুনো হাতি ঢুকলে পোষা হাতি গিয়ে তাদের সঙ্গে ভাব জমায়। তারপর ফাঁদে তাদের বন্দী করা হয়] a pit used as a trap to catch wild elephant (দার্জিলি ২, ১৬)

**গড়্**[১০] **gɔɾ** বি ঢেঁকিতে ধান ভানার জন্য যে গর্তে ধান রাখা হয় the hole of husking pedal (বর্ধমা ২১ হাওড়া ১, ৮)

**গড়্**[১১] **gɔɾ** বি গরুকে মুখের কাছে শুকনো খাবার দেবার নালাবিশেষ [গোয়ালঘরে যখন গরুকে সার দিয়ে বেঁধে রাখা হয়, তখন শুকনো খড়-বিচালি খেতে দেবার জন্য মাটিতেই নালার মতো কেটে দেওয়া হয়। গরু তাতে খাবার ছড়িয়ে ফেলতে পারে না] a kind of duct in cowshed (হাওড়া ১)

**গঁড়্**[১] **gɔ̃ɾ** বি নাভি the umbilicus, belly-button. (মেদিনী ১৫)

**গঁড়্**[২] **gɔ̃ɾ** বি গ্যাঁজ [নাক, কান ফুটো করলে অনেক সময় ঐ জায়গায় ফোঁড়ার মতো উঁচু হয়ে ওঠে। বাচ্চাদের নাভি পেকে উঠেও ঐরকম গ্যাঁজ বের হয়] a tumour, a plumule (মেদিনী ১১)

**গড়্ আলু gɔɾ alu** বি গাছ আলু, খাম আলু বা একপ্রকার বড়জাতের আলু [এর গাছ লতানে, অন্যগাছের উপরে হয়। পানের মতো পাতা। এর কাণ্ডেও গোল গোল ছোট ছোট আলুর মতো হয়। এই অঞ্চলে একে 'পাতাসি'ও বলে] yam (d. bubbifera) (d. alata) (মালদা ১১ মুর্শিদা ২১)

**গড়্ করা gɔɾ kɔrɔ** ক্রি প্রণাম করা to make obeisance

গড়্[৭]

by bending and touching one's feet (বাঁকুড়া ১৮) দ্র গড়্[১]

**গড়্ করানিয়া কাপড়্ gɔɾ kɔranio kapɔɾ** বি নমস্কারী বা প্রণামীর কাপড় a presented cloth given at the time of making oveisance (মেদিনী ২)

**গড়্কাঠ্ gɔɾkɔt$^h$** বি ঢেঁকির মুষল [ঢেঁকির মাথার কাছে সংযুক্ত লম্বমান দণ্ড] a mallet, a club (মেদিনী ১৫)

**গড়্কানা gɔɾkano** বিণ ঢালু [গড়ানে জায়গা অর্থে] রাস্তাটা খুবই গড়্কানা—রাস্তাটা খুবই ঢালু slanting, slope (মুর্শিদা ২২)

**গড়্গইড়্যা পিঠা gɔɾgɔ̃ɾɛ pit$^h$o** বি একপ্রকার পিঠা [পুলিপিঠা রান্না করার সময় পুরসহ তৈরি পিঠার সঙ্গে পুরবিহীন কয়েকটি পিঠা দেওয়া হয়। ঐ পিঠাকে বলে 'গড়্গইড়্যা পিঠা'] a kind of country-cake (পুরুলি ১৫)

**গড়্গড়্ gɔɾgɔɾ** বি গলগণ্ড the goitre (মেদিনী ৭)

**গড়্গড়া**[১] **gɔɾgɔɾɔ** বি মাছ ধরার সরঞ্জামবিশেষ a fishing apparatus (চব্বিশ ১১)

**গড়্গড়া**[২] **gɔrgɔɾɔ** ক্রি কুলি, কুলকুচা [গলায় জল নিয়ে আওয়াজ করে কুলি করা] to gargle (হুগলি ৮)

**গড়্গড়া**[৩] **gɔɾgɔɾɔ** বি লেচি [রুটি বা লুচিবেলার আগে আটা বা ময়দার ছোট ছোট গোল্লা] a lump of dough to be rolled and then fried or baked (বর্ধমা ২, হাওড়া ৩)

**গড়্গড়ান্ gɔɾgɔɾan** দ্র গড়্কানা রাস্তাটা দমে গড়্গড়ান্—রাস্তাটা খুব ঢালু (বাঁকুড়া ১৬)

**গড়্গড়া পোকা gɔɾgɔɾɔ pokɔ** বি একপ্রকার পোকা [ধানগাছে হয়। এই পোকা গাছ এবং পাতা সব খেয়ে নষ্ট করে] a kind of insect or worm (হাওড়া ১)

**গড়্গড়িয়া পিঠা gɔɾgaɾio pit$^h$o** দ্র গড়্গইড়্যা পিঠা [পুলিপিঠের মতোই এই পিঠে তৈরি করা হয়। তবে আকার তিনকোণা বা চারকোণা] a kind of pan-cake (বাঁকুড়া ৭)

গঁড়্হা

**গড়্গড়ে gɔɾgɔɾe** বিণ গনগনে the blazing state, blazing fire গড়্গড়ে আঁচ্—গন্গনে আঁচ (বর্ধমা ১৮)

**গড়্গড়ে পিঠে gɔɾgɔɾe pit$^{h}$e** বি একপ্রকার পিঠে [এই পিঠেতে কোনো পুর লাগে না। শুধু চালের গুঁড়ো মেখে, তৈরি করে, সেদ্ধ করা হয়। এই পিঠে শুধু বাবা-মা মারা গেলে ছেলেমেয়ে বৌয়েরা খায়--লোক সংস্কার] a kind of country-cake (বর্ধমা ৪)

**গড়্গড়্যান্ gɔɾgɔɾæn** দ্র গড়্কানা (পুরুলি ১৩)

**গড়্গিলে gɔɾgile** বি গোসাপ, গোধিকা the iguana (চব্বিশ ৩৬)

**গড়্গোড়িয়া gɔɾgoɾia** বি, বিণ খিট্খিটে লোক pettish, petulant, petulance (বাঁকুড়া ১৬)

**গড়্গোড়িয়ান্ gɔɾgoɾian** দ্র গড়্কানা পাহাড়টা খুব গড়্গড়িয়ান্--পাহাড়টা খুব ঢালু (বাঁকুড়া ১৪)

**গড়্গোড়ে gɔɾgoɾe** দ্র গড়্কানা [পুকুরের পাড়ের ঢালু অংশ] (বর্ধমা ১৮)

**গড়্গোয়ালি gɔɾgoali** বি দুমুখো সাপ a kind of snake (মালদা ১১)

**গড়্চা gɔɾca** বি গচ্চা, খেসারত a compensation, a loss for nothing (মেদিনী ৬)

**গড়্জত্নো gɔɾjɔtno** বি অযত্ন negligence, lack of care or effort (হুগলি ৯, ১৯) তু. গরযত্ন (আ বা) গড় = গর = অভাব যেমন, গরমিল

**গড়্ড়াই gɔɾɾaï** বি লাথি a kick গড়্ড়াই মারা—লাথি মারা। ও গড়্ড়াচ্ছে--ও লাথি মারছে। গড়্ড়াই মারছিস কেনে—লাথি মারছিস কেন? দ্র গড়্[৩] (বাঁকুড়া ১৮)

**গড়্ড়ানা gɔɾɾana** ক্রি লাথি মারা to kick ও আমাকে গড়্ড়াইলো—ও আমাকে লাথি মারলো (বাঁকুড়া ১৫) দ্র গড়্[৩]

**গড়্ড়ি gɔɾɾi** বি গোড়ালি the ankle, the heel (বাঁকুড়া ৭) দ্র গড়্[৩]

**গড়্তোলা gɔɾtola** ক্রি ঢেঁকিতে ধান ভানার সময় গড়ের মধ্যে হাত দিয়ে ধান বা চাল নাড়িয়ে দেওয়া to star paddy into the hole of a husking pedal (বর্ধমা ১৫)

**গড়্দনা gɔɾdɔna** বি ঘাড় the neck, the shoulder (কোচবি ২) ফা গর্দন্, আ বা গর্দান

**গড়্দান্ gɔɾdɔn** বি গাছের কাণ্ড, গাছের গুঁড়ি a stalk, a stem, a trunk, a caulis, a stock of a tree, a stump, a bole (মেদিনী ৩৪)

**গড়্দাম্ gɔɾdɔm** বি গড়্পড়্তা দর [কম বেশি সব দামের মাছ প্রায় একই নির্দিষ্ট দামে বিক্রি হওয়াকে 'গড়দাম্' বলে]। average price গড় দামে চালাই গেল--গড়্পড়্তা দামে বিক্রি হয়ে গেল (মালদা ১১)

**গড়্ধনা gɔɾd$^{h}$ɔna** দ্র গড়্দনা (জলপা ২, ৬)

**গড়্না gɔɾna** বি ছাঁচতলা the space below the overhanging roof or thatch (পদিনা ১০)

**গড়্বড়ায় gɔɾbɔɾɔĕ** ক্রিবিণ গড়িয়ে to roll গড়্বড়ায় পোড়ে গেল্—গড়িয়ে পড়ে গেল (পদিনা ৩)

**গড়্মড়্ করা gɔɾmɔɾ kɔra** ক্রি গুড়গুড় করা to rumble, to rattle পেটটা গড়্মড়্ করেঠে--পেটটা গুড়গুড় করছে (মেদিনী ২৭) disturbances due to indigestion ধ্বন্যাত্মক

**গড়্মানু করা gɔɾmanu kɔra** ক্রি গরুকে নিবীর্য করা to strelize the bull (মুর্শিদা ২০)

**গঁড়্রাই gɔ̃ɾraï** দ্র গড়্ড়াই গঁড়্ড়াই দিব--লাথি মারবো (মেদিনী ৩২) দ্র গড়্[৩]

**গড়্ লাগা gɔɾ laga** ক্রি প্রণাম করা [পায়ে হাত দিয়ে] to lie prostrate or bend and touch one's feet in obeisance (পুরুলি ৫) দ্র গড়্[১]

**গড়্লাছ্না gɔɾlac$^{h}$na** বি একটি বিশেষ দড়ি, যা খাটিয়া তৈরি করতে প্রয়োজন [দড়ির খাটিয়ার দড়িগুলিকে 'গড়্লাছ্না' দিয়ে 'আড়বাজু'র (দৈর্ঘ্যের দিকের দুই প্রান্তের মোটা কাঠ দুটি) সঙ্গে বাঁধা হয়। এর অপর নাম 'গড়ট্'] a special type of cord (বর্ধমা ২৬)

**গড়্ হজম্ gɔɾ hɔjɔm** বি বদহজম, অজীর্ণ, অম্ল indigestion, acidity (হাওড়া ১০) তু গরহাজির, গরমিল

**গড়্হজ্মি gɔɾhɔjmi** দ্র গড়্হজম্ (মালদা ৯)

**গড়্হা gɔɾha** ক্রি গড়া, তৈরি করা to make এ্যইটো এ্যইখান্করে গড়্হা—এটা এখানকার তৈরি (মুর্শিদা ২৩)

**গঁড়্হা gɔ̃ɾha** বি নৌকার ভিতরের পাটাতন (কাঠ বা বাঁশের তৈরি) বিছানোর জন্য আড়াআড়িভাবে লাগানো কাঠ [এক একটি নৌকায় মাপ অনুসারে দশ থেকে কুড়ি-পঁচিশটি 'গঁড়্হা' থাকতে পারে] a deck or floor made of wood inside the boat (মালদা ৭)

**গড়্হাইং** gɔɾhaiŋ বি বাঁশের বাঁক [ধান বা ভারী জিনিস বহনের জন্য ব্যবহৃত হয়] the curvature, a piece of long and bent pole borne on one's shoulder for carrying loads fastened to its ends (পদিনা ১, ৬ মালদা ৩)

★ **গড়্হা দেওয়া** gɔɾha deŏa ক্রি পুঁতে দেওয়া to drive into গড়্হে দিছে--পুঁতে দিয়েছে (পদিনা ২)

★ **গড়্হানা** gɔɾhana ক্রি তৈরি করা to prepare চাটা গড়্হায়ে দে--চাটা তৈরি করে দে (নদিয়া ১১ মুর্শিদা ২)

**গঁড়্হোরি** gɔ̃ɾhori বি চৌকাঠের নিচের কাঠ a piece of wood placed under the rectilineal door-frame (পুরুলি ৭)

**গড়** gɔɾɔ বিণ ফর্সা রঙ [মানুষের ক্ষেত্রে ব্যবহৃত হয়] the fair complexsion লোকটা গড়--লোকটা ফর্সা। মেয়েটা খুব গড়--মেয়েটা খুব ফর্সা (পদিনা ২, ৯) তু গোরা < গৌর

**গড়ট্** gɔɾɔt দ্র গড়্লাছ্না (বর্ধমা ২৬)

**গড়ন্ঘর্** gɔɾɔngʰɔr বি ১ কুমোরের কাজ করার জন্য নির্দিষ্ট ঘর [এই ঘরে কুমোর কাঁচা মাটির তৈরি হাঁড়ি-কলসি প্রভৃতিকে পিটিয়ে সঠিক আকার দেয়। যে ঘরে গড়ন বা তৈরির কাজ হয়] a potter's workshop, a pottery (চব্বিশ ১ বীরভূ ৭ হাওড়া ২) ২ কুমোরের চাকঘর [এই ঘরে কুমোর চাকে মাটির জিনিস তৈরি করে] the place where the potter's wheel stands is set (চব্বিশ ১৫)

**গড়ন্তা** gɔɾɔnta দ্র গড়্কানা রাস্তাটা খুব গড়ন্তা--রাস্তাটা খুব ঢালু (মুর্শিদা ২৩)

**গড়ন্তি** gɔɾɔnti দ্র গড়্কানা (মেদিনী ৮)

**গড়ন্দার** gɔɾɔndar বি কামারশালের কর্মী [আগুনে কাঁসার থালা ইত্যাদি পুড়িয়ে যে গড়ন্ করে] a worker of the smithy (বাঁকুড়া ৭)

**গড়ন্শাল্**[১] gɔɾɔnʃal দ্র গড়ন্ঘর (হাওড়া ২) শাল--ঘর

**গড়ন্শাল্**[২] gɔɾɔnʃal বি কামারশালায় আগুন জ্বালার জন্য নির্দিষ্ট ঘর [এখানে কাঁসার থালা ইত্যাদি পোড়ানো হয়] a special room to lit the fire of a smithy or stithy (বাঁকুড়া ৭)

**গড়্না** gɔɾna বি ছাঁচতলা the space below the overhanging roof or thatch (পদিনা ১০)

**গড়য়্যা** gɔɾɔæ বি কলসি [মাটির তৈরি] the earthen pitcher (পুরুলি ১৬)

**গড়র্** gɔɾɔr বি বাড়ির ভিত the foundation or plinth of a house (বাঁকুড়া ১৭) গড় > গর্ত

**গড়র্ পিটা** gɔɾɔr piṭa ক্রি নাকডাকা to snore (মেদিনী ৫)

গড়্হাইং

**গড়ল্** gɔɾɔl বি [গোরুর চলার উপযোগী] কাঁচা মাটির সরু রাস্তা a narrow path through an open field formed by frequent movement of cattle (বর্ধমা ১৮)

**গড়লি** gɔɾɔli বি গোড়ালি the heel (বাঁকুড়া ১)

**গড়া**[১] gɔɾa বি ১ যে স্থানে গরুকে দিনের বেলায় খেতে দেওয়া হয়--গো-চালা an open cowshed (হাওড়া ৩) ২ গোয়ালঘরে সারিবদ্ধভাবে ডাবা অর্থাৎ মাটির গামলা--যাতে গরুর খাবার দেওয়া হয় তা বসানো থাকে। দুই ডাবার মাঝে মাটির উঁচু ঢিপি থাকে, যাতে পাশাপাশি দুই গরু খাবার জন্য মারামারি করতে না পারে। এই ঢিপির নাম 'গড়া' a device (হুগলি ১)

**গড়া**[২] gɔɾa বি গাছের গোড়া the root of tree (মেদিনী ১৯, ২০, ২২, ২৬, ২৯, ৩৩, ৩৪) গাছের গড়াটা হোলিছে--গাছের গোড়াটা নড়ে গেছে (মেদিনী ১৯, ২২, ২৬)

**গড়া**[৩] gɔɾa ক্রি তৈরি করা to make হাতে গড়া জিনিসের কদর কত--হাতে তৈরি করা জিনিসের অনেক কদর (বাঁকুড়া ১২)

**গড়া**[৪] gɔɾa ক্রি ঢালা to pour ভাতের মাড়টা গড়িয়ে দে তো--ভাতের ফ্যানটা ঝরিয়ে দে তো (বাঁকুড়া ১২)

**গড়া**[৫] gɔɾa ক্রি নুয়ে পড়া to bend ধানের শিষ গড়েছে--ধানের শিষ নুয়ে পড়েছে (বীরভূ ৭) তু আ বা গড়িয়ে পড়া

**গড়া**[৬] gɔɾa বি কৃষিকার্যে ঘাস তুলে ফেলার সরঞ্জাম [লাঙলের ঈশের মতো কাঠের সঙ্গে লোহার শিকগুলো আটকানো থাকে] an appreatus attached to the plough's end to uproot weeds (নদিয়া ১ মুর্শিদা ৯)

**গড়া**[৭] gɔɾa বি মরাইয়ের ভিত the foundation of a cornbin (made of mat) (বর্ধমা ২, ২০)

**গড়া**[৮] gɔɾa বি ১ বালিশের খোল the pillow-case (বাঁকুড়া ৭) ২ লেপের ওয়াড় a quilt-case ল্যাপের্ গড়া--লেপের ঢাকনা (হাওড়া ৩)

গঁড়া[১]

**গড়া[৯]** **gɔɾa** দ্র গড় (পদিনা ২)

**গড়া[১০]** **gɔɾa** বি চাষের জমিতে লাঙল বা মই দেওয়ার ফলে জমে ওঠা আবর্জনার স্তূপ heaps of grass after harrowing (বর্ধমা ১৪ হুগলি ১৫)

**গড়া[১১]** **gɔɾa** সর্ব নিকট বা কাছে near ঘর গড়ায়ে—বাড়ির কাছে। দুয়ার গড়ায়ে—দরজার কাছে (বাঁকুড়া ১৩) তু আ বা দোরগোড়া

**গড়া[১২]** **gɔɾa** বি গরুকে খাবার দেবার পাত্রের (ডাবা) চারদিকের বাঁশের বেড়া [এই বেড়া থাকার ফলে গরু খাবার ছড়িয়ে ফেলতে পারে না] a fence of bamboo surrounding the manger (চব্বিশ ৩৭) দ্র গড়া[১]

**গড়া[১৩]** **gɔɾa** দ্র গওড়া (বর্ধমা ৫)

**গড়া[১৪]** **gɔɾa** বি গোয়াল ঘরের মাটির বা সিমেন্টের ঢিবি [এর উপর গরুকে খাবার দেবার 'নাদা' বা 'পাতনা' (ডাবা) বসানো থাকে] a platform or mound of cement or clay in the cow-shed. (নদিয়া ৯) দ্র গড়া[১]

**গড়া[১৫]** **gɔɾa** বি অনুর্বর, প্রায় পতিত জমি [তবে ডাল-কলাই প্রভৃতি চাষ হয়। যে পতিত জমিতে কিছু চাষ হয় না, তাকে 'টাঁড়' বলে] the un-fertile, unproductive land (পুরুলি ৫, ৯)

**গঁড়া[১]** **gɔ̃ɾa** বি গেঁড়ি, গুগলি [ছোট শামুকের মতো গোল। এই প্রাণী নোনাজলে হয়] a kind of small snail (চব্বিশ ৮)

**গড়া আড়সে** **gɔɾa aɾse** বি একপ্রকার পিঠা [আতপ চাল ভিজিয়ে ঢেঁকিতে কুটতে হয়। তারপর চেলে মিহি গুঁড়ো বার করে নিতে হয়। এরপর গুড় জ্বাল দিয়ে ঠাণ্ডা হলে গুড় ও চালগুঁড়ি একসঙ্গে মেখে রুটির লেচির মতো ছোট ছোট বল তৈরি করে তেলে ভাজতে হয়] a kind of pan-cake দ্র গড়গড়ে পিঠে (বর্ধমা ৪)

**গড়াই[১]** **gɔɾaĩ** বি ল্যাঠামাছ, গড়ই, টাকি ophiocephalus, punctatus (মেদিনী ২০, ৩১)

**গড়াই[২]** **gɔɾaĩ** বি গরুকে খেতে দেবার মাটির পাত্র (ডাবা) an earthen basin used to serve food to cow (মুর্শিদা ১৬) দ্র গড়া[১২]

★ **গড়াই[৩]** **gɔɾaĩ** ক্রি ফোটানো, বিঁধিয়ে দেওয়া to pinch or to sting শুঙ্ গড়াই দিলে—হুল ফুটিয়ে দিল (মালদা ১১)

**গড়াই যাওয়া** **gɔɾaĩ jaŏa** ক্রি গড়িয়ে যাওয়া to go rolling, to flow on জলটা গড়াই-গড়াই যাচ্ছে—জলটা গড়িয়ে গড়িয়ে যাচ্ছে (বাঁকুড়া ৭)

**গড়াইন** **gɔɾaĩnɔ** ক্রি বানানো, তৈরি করা to make, to construct or build (মুর্শিদা ১৮) < গঠন = গড়ন

**গড়াইয়া** **gɔɾaia** বি চড়াই altitude, uphill, elevation, aseending (মালদা ৭)

**গড়াও দেওয়া** **gɔɾao deŏa** ক্রি জমিতে তৃতীয়বার চাষ দেওয়া to plough for the third time (জলপা ৭)

**গঁড়া করা** **gɔ̃ɾa kɔra** ক্রি লেচি কাটা [আটার] cutting a lump of dough to be rolled and then fried or baked (মেদিনী ১৯, ২০, ২২, ২৬) দ্র গড়্গড়া[৩] গোলগোল পাকানো।

**গড়াকাঠি** **gɔɾakat$^h$i** বি ধানবিহীন সরু খড়ের আঁটি the bundle of straw or hay without paddy (চব্বিশ ১৭)

**গড়াগোন্‌টি** **gɔɾagontʃi** ক্রি গড়াগড়ি to roll on গড়াগোন্‌টি দেওয়া—গড়াগড়ি দেওয়া (বর্ধমা ২৩)

**গড়াতলা** **gɔɾatɔla** বি কাদায় যে বীজতলা ফেলা হয় a seed-bed on muddy [ধুলোতে হলে বলে 'ধুলোট্'] (হাওড়া ৬)

**গড়াদানা** **gɔɾadana** দ্র গওড়া (মেদিনী ২৭, ৩৪ হাওড়া ১০)

**গঁড়া দেওয়া** **gɔ̃ɾa deŏa** ক্রি পুকুরে চার ফেলা [পচা খোল, পাঁঠা-ছাগলের পচা নাড়িভুঁড়ি, পচা নারকোল, মেথি, একাঙ্কি (একপ্রকার সুগন্ধি) প্রভৃতি মাটির সঙ্গে মেখে গোলাকৃতি করে পুকুরে মাছ ধরার জন্য ছিপ ফেলার আগে ফেলা হয়। তখন চার খেতে এক একটি গোলার কাছে অনেক মাছ এসে জমা হয়] to bait used to entice fish (মেদিনী ১৫)

**গড়া ধান্** **gɔɾa d$^h$an** বি আউস ধান chiefly of paddy ripening in the rainy season or in autumn (পুরুলি ৪)

**গড়ান্** **gɔɾan** দ্র গড়্কানা (বর্ধমা ২, ২২ মুর্শিদা ১৬ হুগলি ১০) গড়ান্ রাস্তা—ঢালু রাস্তা (মুর্শিদা ১৬) গড়ান্ জায়গা—ঢালু জায়গা (হুগলি ১০)

**গড়ান্ দেওয়া** **gɔɾan deŏa** ক্রি লাথি মারা to kick তাকে এ্যাক গড়ান্ দিয়ে দিবো—তাকে একটা লাথি মেরে দেবো (বাঁকুড়া ১২)

গড়ানা **gɔɾana** ক্রি ঝরে পড়া [জল] to fall in drops, to fall মাথাত্ থাকিএ্য গোইড়াঁই জল পোইড়ছ্যে—মাথা থেকে (চুল থেকে) জল ঝরে পড়ছে (বাঁকুড়া ৫) তু আ বা ঝরে পড়া বা গড়িয়ে পড়া

গড়ানি **gɔɾani** বি ঢাল a slope (বীরভূ ৯)

গড়ানে **gɔɾane** দ্র গড়্কানা (মুর্শিদা ৬)

গড়ানো **gɔɾano** ক্রি তৈরি করা, লেখা to write বোই গড়ানো—বই তৈরি করা (মুর্শিদা ১৫)

গড়াপাড়া **gɔɾapaɾa** বি জমিতে তৃতীয়বারের চাষ ploughing of third time [এরপর জমিতে 'কাদো' অর্থাৎ কাদা চাষ হয়। প্রথম চাষ = খাম্না। প্রথম চাষ দেওয়া—খাম্না ফারা] (দার্জিলি ৩)

গড়া পিঠে **gɔɾa pit$^h$e** বি একপ্রকার পিঠে [সিদ্ধ চালের গুঁড়ো গরম জলে মেখে তার লেচি কেটে খোল তৈরি করতে হয়। তার মধ্যে পুর বা ছাঁই দেওয়া হয়। এই পুর অনেক রকম হয়—দুধের চাঁচির, সুজির হালুয়াব, ক্ষীরের এবং নারকেলের। নারকেলের পুর তৈরি করতে হলে, নারকেল কুরিয়ে গুড় দিয়ে পাক করে নিতে হয়। তারপর গরম জলের ভাপে সিদ্ধ করা হয়। এই পিঠে গুড় দিয়ে খেতে হয়] a kind of pan-cake (মুর্শিদা ১৬)

গড়া পিঠ্যে **gɔɾa pit$^h$ɛ** দ্র গড়া পিঠে (মুর্শিদা ১৬)

গড়ায়ে দেওয়া **gɔɾaẽ deŏa** ক্রি ঢেলে দেওয়া to pour (বীরভূ ৩)

গড়ালট্ করা **gɔɾalɔt̪ kɔra** ক্রি মাটিতে লুটোপুটি করা to roll, to sprawl, to wallow especially on the ground (মেদিনী ১৫)

গড়ালি[১] **gɔɾali** দ্র গড়লি (মেদিনী ৩, ১১, ২৯) তু গড়িয়ে লুটিয়ে পড়া (আ বা)

গড়ালি[২] **gɔɾali** বি লাথি a kick গড়াল্য দুব—লাথি মেরে দেব। আমাকে গড়্লাচ্ছু ক্যান্য—আমাকে লাথি মারছিস্ কেন? (বাঁকুড়া ১৮) দ্র গড়ান্ দেওয়া

গড়ালু **gɔɾalu** দ্র গড়ালি (মেদিনী ২১) ই > উ

গড়ালুট্ **gɔɾalut** দ্র গডালট্ টকাটা গড়ালুট্ খাইয়্যা কাদ্দো মাখিয়্যা গটা গা জাব্ড়ি ফেলিছে—ছেলেটা লুটোপুটি খেয়ে কাদা মেখে গোটা শরীর লেপ্টে ফেলেছে (মেদিনী ১৯, ২২, ২৬) তু গড়িয়ে লুটোপুটি খাওয়া (আ বা)

গড়াশ্ **gɔɾaʃ** বি ছোট বাছুরের পায়ে বাঁধার দড়ি a special cord to tie the legs of a calf (বাঁকুড়া ৫) গড়া = পা + বশি

গড়াশাল্ **gɔɾaʃal** গোয়াল-প্রাঙ্গণ দ্র গওড়া (মেদিনী ১৫ হাওড়া ৩, ৬, ১০) cowshed গড়া = গরু বেঁধে রাখার জায়গা + শাল = ঘর

গড়িয়া[১] **gɔɾia** বি একজাতীয় বড় মাকড়সা a kind of



গড়াশ্

spider (মেদিনী ১৯, ২২, ২৬)

গড়িয়া[২] **gɔɾia** বি ছোট ডোবা [এর জল প্রত্যেক বছর শুকিয়ে যায়] a small pool of water, a pit full of water (পুরুলি ৯ বাঁকুড়া ১২ মেদিনী ১৯, ২২, ২৬)

গড়িয়া (গরু) **gɔɾia (goru)** বিণ অক্ষম (গরু) [যে গরু কাজ করতে করতে অক্ষম হয়ে পড়ে] an aged cow, incapable of work (পুরুলি ১১)

গড়িঙা **gɔɾiŋa** দ্র গড়্হাইং (মালদা ১১)

গড়ে[১] **gɔɾe** বিণ অলস, কুঁড়ে lazy, idle, slathful (চব্বিশ ১১)

গড়ে[২] **gɔɾe** বি কাঠের গুঁড়ি, গাছের গোড়া the stalk of a tree, the bottom of a tree (চব্বিশ ১১)

গড়ে[৩] **gɔɾe** বি ফুলের মালা a garland (চব্বিশ ১১) মূলত গড়ে মালা বা বড় মালা, সং গণ্ডমালা—ঘনগুম্ফিত মালা। দ্র গড়িয়া গড়ে গোড়ে (জ্ঞানেন্দ্র)

গড়ে[৪] **gɔɾe** বি নির্দিষ্ট মাপ করে কাটা শোলার টুকরো [এক বিঘৎ কিংবা অন্য যে কোনো মাপ pieces of hat-plant (চব্বিশ ১১)

গড়েই মাছ **gɔɾeĭ mɔc$^h$** দ্র গড়াই[১] (মেদিনী ৩০)

গড়েনে **gɔɾene** দ্র গড়্কানা (বীবভূ ৯)

গড়ে পোকা **gɔɾe poka** বি এক প্রকার পোকা [সাদা বা কালো রঙ। এই পোকা আলুক্ষেতে এবং ধানের নতুন পাতায় হয়] a kind of worm or insect (হুগলি ১)

গড়েয়্যা (গরু) **gɔɾeæ (gɔɾu)** বি কাজে অকর্মণ্য বা কুঁড়ে গরু [বলদ] the sloth lazy and unserviceable cow [bull] (বীরভূ ৪)

গঁড়ের্ ঘর্ **gɔ̃ɾer g$^h$ɔr** বি খড় রাখার ঘর the store-room for keeping hay, straw (পদিনা ২)

গড়ো **gɔɾo** বিণ ফর্সা fair complexioned (পদিনা ৩)

গড়োন্ **gɔɾon** ক্রি কুমোরের চাকের উপর রেখে কাদার ছাঁচ তৈরি করা to make or to mould (চব্বিশ ১১)

গড়োর্ চোটা **gɔɾor coɾa** বি বাড়ি তৈরির জন্য ভিত পুজো [বাড়ি তৈরির জন্য প্রথম যখন গর্ত খোঁড়া হয়, তখন হিন্দু



গত্ খ্যালা

আচারের অঙ্গ হিসেবে একটি সংক্ষিপ্ত পূজা অনুষ্ঠান হয়। তাকেই বলে 'গড়োর্ চোটা'] offering worship before starting construction of a building (বর্ধমা ১)

**গড়্যা gɔɾæ** দ্র গড়ে[২] কাঠেব গড়্যা—কাঠের মোটা গুঁড়ি (মেদিনী ৩)

**গড়্যান্ gɔɾæn** দ্র গড়্কানা গড়্যান রাস্তা—ঢালু রাস্তা (বীরভূ ৪)

**গড়্যান্ উঠ্যান্ gɔɾɔæn ut$^h$æn** বিণ উঁচুনীচু undulating, uneven ভাল কোরে ধোরিস রে, উ রাস্তটো গড়্যান্ উচ্যান্ আছে—ভালো করে ধরিস রে ও রাস্তাটা উঁচু-নীচু আছে (বীরভূ ৪)

**গঢ়্ gɔɾ$^h$** বি পা the leg গঢ়ে এ্যাক্ ল্যাথিয়া মাইর্‌ব—পায়ে এক লাথি মারব (পুরুলি ২) দ্র গড়্যান্ দেওয়া

**গত্[১] gɔt** বি তোড়া the bunch of flower ফুলের গত্—ফুলের তোড়া (বীরভূ ২)

**গত্[২] gɔt** বি মুঠো a handful এ্যাক গত্ ঘাস—এক মুঠো ঘাস (বীবভূ ২) দ্র গত্[১]

**গত্ খ্যালা gɔt k$^h$ælɔ** বি একপ্রকার গ্রামীণ খেলা [গত্ হলো গাছের ছোট মূলবিশেষ। খেলোয়াড়রা সমান সংখ্যক দুই দলে বিভক্ত হয়। উপকরণ হিসেবে প্রতি দলের দশটি করে গত্ থাকে। একজন নিরপেক্ষ খেলোয়াড় থাকে। তাকে বলা হয় 'বুড়্হা'। দুই দলের দুইটি এবং বুড়্হা বা নিরপেক্ষ ব্যক্তির একটি, মোট তিনটি গর্ত থাকে। বুড়্হা কুড়িটি গত্ নিয়ে নিরপেক্ষ গর্তে বসে থাকে। দুইপক্ষের সব খেলোয়াড় দূরে দূরে ছড়ানো অবস্থায় ওৎ পেতে বসে থাকে। বুড়্হা সকলের অলক্ষ্যে একটা করে গত্ কাছে কিংবা দূরে ছুঁড়ে ফেলে। সেটি যে কোনো খেলোয়াড় ধরে নিজেদের খেলোয়াড়দের মাধ্যমে, অথবা নিজে খুব তাড়াতাড়ি নিজেদের নির্দিষ্ট করা গর্তে বাখে। তাড়াতাড়ি না করলে অপর পক্ষের কোনো খেলোয়াড় তা কেড়ে নিয়ে তাদের গর্তে ফেলে দিতে পারে। এইরকম করে বুড়্হা কুড়িটি গত্ ছুঁড়বে এবং সমস্ত খেলোয়াড় তা কুড়িয়ে নিজেদের গর্তে ফেলে। কুড়িটি 'গত্' ছোঁড়া এবং কুড়ানো হয়ে গেলে পরে, হিসেব করা হয় যে, কোনপক্ষ বেশি গত্ কুড়িয়েছে, তারাই জয়ী হয়] a rural out door game (পদিনা ১১)

**গত্ত gɔttɔ** বি গর্ত a hole (মেদিনী ২৬)

**গত্তো[১] gɔtto** দ্র গত্ত (বর্ধমা ৯ মেদিনী ১১ হাওড়া ১, ৮)

**গত্তো[২] gɔtto** বি ছোটপুকুর, ডোবা a small pond or a pit full of water, a small pool of water (চব্বিশ ২৩)

**গত্তো জোমি gɔtto jomi** বি জল দাঁড়ানো নিচু জমি the marshy low-land (মেদিনী ১৪)

**গত্লা মাচ্ gɔtlɔ mɔc** বি গাঙধরা মাছ, বকঠুঁটো a species of river-fish with a long and slender beak (মালদা ৩)

**গঁত্লা মাচ্ gɔ̃tlɔ mɔc** দ্র গত্লা মাচ্ (মালদা ১১)

**গত gɔtɔ** দ্র গত্ত (মেদিনী ৮)

**গতর্[১] gɔtɔr** বি শরীর, গা the body (পদিনা ১, ৪, ৮, ১০, ১১ পুরুলি ৬ মালদা ১১ মুর্শিদা ১৬ মেদিনী ১৬) গতর্ থাসা—গা টেপা (পদিনা ৪) গতর্ খসা—গা ঘষা (পদিনা ৮) উয়ার গতর্খান্ খারাপ্ছে—ওর শরীরটা খারাপ (পদিনা ৮) গতর্টা মোর বাজি উঠিল্—আমার শরীরটা কেঁপে উঠল (পদিনা ১০) গতট্টা দরদ্ করেছে—শরীরটায় যন্ত্রণা হচ্ছে (মালদা ১১) তেল্ দে গতরত্ মাখুমু—তেল দে, গায়ে মাখবো (মালদা ১১) < সং গাত্র

**গতর্[২] gɔtɔr** বি শক্তি power, strength, force, capacity, capability, potency (মেদিনী ১৬) < সং গাত্র

**গতর্ কুঠিয়া gɔtɔr kut$^h$iɔ** দ্র গড়ে[১] (মেদিনী ৬) গত্ = শরীব + কুঠিয়া = কুঁড়ে

**গতর্ কুড়িয়া gɔtɔr kuɾiɔ** দ্র গতর্ কুঠিয়া (মেদিনী ৩)

**গতর্ কুড়্যা gɔtɔr kuɾæ** দ্র গতর্ কুঠিয়া (মেদিনী ১৯, ২২, ২৬)

**গতর্ খাউকা gɔtɔr k$^h$ɔukɔ** বি পরনির্ভরশীল ব্যক্তি a dependent person তুই ত গটে গতর্ খাউকা মাউস্ নিজে কিচ্ছু করতে পারুনি কেনি ক ত?—তুই তো একটা পরনির্ভরশীল মানুষ, নিজে কিছুই করতে পারিস না, কেন বলতো? (মেদিনী ১, ৬, ১৫, ১৯, ২২, ২৬) [যে গতর খেয়ে বসে আছে]

★ **গতর্ খুলা gɔtɔr k$^h$ulɔ** ক্রি স্নান করা, গা ধোওয়া to take a bath, to wash গতর্ খুল্ছি—স্নান করছি (পদিনা ২) গতর্ = গাত্র + খোলা

**গতর্ খোলা gɔtɔr kʰolɑ** দ্র গতর্খুলা (পদিনা ২, ৯) গতর্ খুলনু--স্নান করলাম (পদিনা ২) নোদিত্ বোহুত্লা লোক্ গতর্ খোলছ্যে--নদীতে বহু লোক স্নান করছে (পদিনা ৯)

**গতর্ ধি gɔtɔr dʰi** ক্রি স্নান করা to take a bath মি গতর্ ধিচু--আমি স্নান করছি। মি গতর্ ধিউ--আমি স্নান করেছি। মি গিরোস্তির্ দিনোৎ ভিজিউ আর গতর্ নি ধিম্ --আমি বর্ষায় ভিজেছি আর স্নান করব না (পদিনা ৯)

**গতর্ ধুয়া gɔtɔr dʰuɑ** ক্রি গা ধোয়া to wash body গতর্ ধুবা জাহু--গা ধুতে যাচ্ছি (পদিনা ৪)

**গতর্ নাবা gɔtɔr nɑbɑ** ক্রি মোটা হওয়া, শক্তিশালী হওয়া to grow fat, to be vigorous তার গতর্ নেবেছে--ও মোটা হয়েছে (চব্বিশ ৩৭) নাবা = সং নবনী [গাত্র তেলতেলে হওয়া]

**গতর্ফুকা gɔtɔrpʰukɑ** দ্র গতর্ কুঠিয়া (মালদা ১১)

**গতর্ মাছ্ gɔtɔr mɑcʰ** বি মাছের পিঠের দিকের অংশ the back portion of a fish (হুগলি ১৫)

★ **গতর্লিবা gɔtɔrlibɑ** ক্রি ভুঁড়ি হওয়া to grow pot-bellied গতর্ লিবেচে--ভুঁড়ি হয়েছে (চব্বিশ ১১) দ্র গতর্ নাবা

**গতর্ শোঁকা gɔtɔr ʃõkɑ** দ্র গতর্ কুঠিয়া (নদিয়া ৩) দ্র গতশুগা

**গতর্শোগা gɔtɔr ʃogɑ** দ্র গতর্ কুঠিয়া (চব্বিশ ৩৭) দ্র গতশুগা

**গতশুগা gɔtɔʃugɑ** দ্র গতর্ কুঠিয়া (চব্বিশ ২১) গত = গাত্র + শুকা = সুখী, আরামে থাকা

**গতা gɔtɑ** বি [হাত বা পায়ের] আঙুলের মধ্যবর্তী ফাঁক the gap between two fingers (মালদা ১১)

**গতা (মাচ্) gɔtɑ (mɑc)** বি পাঁকাল মাছ mestacembelus pancalus (কোচবি ১, ২) [গর্ত বা পাঁকে থাকে যে মাছ]

**গঁতা gɔ̃tɑ** বি যুক্তভাবে চাষ-আবাদ jointly cultivation (বর্ধমা ১৫)

**গতানে মুনিশ্ gɔtɑne muniʃ** বি একশ্রেণীর মুনিশ বা শ্রমিক [এরা মালিকের কাছ থেকে অগ্রিম পারিশ্রমিক নিয়ে নেয় এবং সারা বছরের কাজের জন্য চুক্তিবদ্ধ থাকে] the bonded labourer for one year [শরীর বা শ্রম দিয়ে (গতর) ঋণশোধ পদ্ধতি] (বাঁকুড়া ১১)

**গতানো gɔtɑno** বিণ গাঁথা [অবস্থা বিশেষ] to pierce লোহার শিক্ গতানো থাকে--লোহার শিক গাঁথা থাকে (হুগলি ১) সং = গ্রন্থ > গথ্

**গতিকে gɔtike** ক্রিবিণ, কোনো রকমভাবে anyway, somehow কোনোগতিকে পাইলে এয়েছি--কোনোরকমভাবে পালিয়ে এসেছি (হুগলি ১০)

গদ্[৪]

**গঁতে gɔ̃te** ক্রি সন্ধানে to search (পুরুলি ৪)

**গতোর্ gɔtor** দ্র গতর্[১] গতোরের্ রোমা--শরীরের লোম (পদিনা ২, ৪, ৯, ১৫ হুগলি ৮)

**গতোর্ কুড়ে gɔtor kuɽe** দ্র গতর্ কুঠিয়া (চব্বিশ ৩৩)

**গতোর্ শোকা gɔtor ʃokɑ** দ্র গতর্ কুঠিয়া (চব্বিশ ৩৬)

**গঁথা gɔ̃tʰɑ** বি কাঁথা a cotton wrapper made of patchwork (মেদিনী ৩০)

**গদ্[১] gɔd** বি কাদা [পা ডুবে যাওয়ার মতো গভীর কাদা] deep mud (চব্বিশ ৪, ১১)

**গদ্[২] gɔd** বি কর্দমাক্ত নদীর পাড় [যেখানে পা ডুবে যাওয়ার মতো গভীর কাদা] muddy bank of a river (চব্বিশ ৮)

**গদ্[৩] gɔd** বি পটুলিকা ফুল [পটুকর্নিকা, পটুপর্ণী ক্ষীরিণীবৃক্ষ bryonia grandis, a climbing plant (পুরুলি ৫)

**গদ্[৪] gɔd** বি গুলি খেলার গর্ত [গুলি খেলা দুই প্রকার--"গদ্খেলা" ও "চেরোখেলা"। গদ্খেলায় প্রাঙ্গণের একপ্রান্তে একটি গর্ত থাকে। সেখান থেকে দশ / বারো হাত দূরে একটা লাইন কাটা হয়। এই লাইনে দাঁড়িয়ে খেলোয়াড়রা গদের (গর্তের) দিকে গুলি চালে--যাতে তাদের চালা গুলি 'গদে' পড়ে। এই খেলায় প্রত্যেক খেলোয়াড়ই একক, দলবদ্ধ নয়। যার গুলি চালার পরে সরাসরি 'গদে' পড়বে, সে সবার আগে দান পাবে। যদি একাধিক খেলোয়াড়ের গুলি 'গদে' পড়ে, তবে যার গুলি আগে 'গদে' পড়ল সে প্রথম। পরের জন দ্বিতীয় হবে। যদি কারোর গুলিই গদে না পড়ে, তবে যার গুলি গদের নিকটবর্তী হবে, সে প্রথম হবে। গদের কাছাকাছি হওয়ার নিরিখেই প্রথম, দ্বিতীয়, তৃতীয় প্রভৃতি স্থান নির্ধারিত হবে। সকলেই একসঙ্গে লাইনে দাঁড়িয়ে 'গদে'র দিকে গুলি চালবে। ক্রম নির্দিষ্ট হয়ে যাবার পরে, প্রথমজন যেখানে তার গুলি আছে, সেখান থেকে নিকটবর্তী গুলিকে মারবে। যদি লাগে, তবে তার একটি পয়েন্ট হবে। একবার লেগেছে বলে, সে আর একবার মারার সুযোগ পাবে। তখন সে নিকটবর্তী দ্বিতীয় গুলিকে মারবার চেষ্টা করবে। যতক্ষণ



গদ্ খ্যালা

পর্যন্ত না সে বিফল হবে, ততক্ষণ একের পর এক মারতে থাকবে। তার মারার সুবিধার জন্য সে প্রয়োজনে 'গদে'র মধ্যেও ফেলতে পাববে। এইভাবে গদে ফেলতে পারলেও সে এক পয়েন্ট পাবে। মোট কুড়ি পয়েন্টে গেম, মানে সে 'উঠা' হবে। এইভাবে একে একে সকলেই 'উঠা' হবে। শেষজন, যে উঠতে পারল না, তাকে তখন 'খাটানো' হবে। এই খাটানোর বিশেষ পদ্ধতি আছে। 'খেটো'র গুলিকে 'গদে'র পাশে রেখে প্রথমজন 'গদে'র ধার থেকে মারবে, তারপর ক্রমান্বয়ে দ্বিতীয়, তৃতীয় প্রভৃতিবা। গুলি প্রথমজন মারার পরে যেখানে গেছে, সেখানে 'উঠা' খেলোয়াড়রা 'গদে'র মধ্যে পা রেখে নিজেদের গুলি চেলে যাবে এবং সেখানেও একে একে সবাই মারবে। আবার সবাই গদের কাছে আসবে এবং আগের মতো গুলি চেলে সেখানে যাবে ও মারবে। যদি এমন হয় যে, সেখানে গুলি চেলে যাবার পর আর খেটোর গুলিকে মারা গেল না, তখন 'খেটো' একহাত পিঠে রেখে অপর হাত দিয়ে কান ধরবে। এই কানধরা অবস্থায় ঐ হাতের কনুই দিয়ে নিজের গুলিটি ঠেলে ঠেলে গদের মধ্যে আনবে, তবেই তার মুক্তি] the hole for marble-play in rural game (চব্বিশ ৩৭ বর্ধমা ৮, ২৩ হাওড়া ১, ৮)

**গদ্**[৫] **gɔd** বি একমুঠো [হাতে একসঙ্গে যতগুলো বীচন বা ধানচারা নেওয়া যায়, তাকে 'গদ্' বলে। কিন্তু এই 'গদ্' বা মুঠা শুধুমাত্র বীচনের ক্ষেত্রেই প্রযুক্ত। ধানগাছ কাটার সময় হাতে একসঙ্গে যতগুলো ধানগাছ নেওয়া যায়, তাকে বলা হয় 'আলোই' বা 'মুঠা'] দ্র গত্[২] a handful (বীরভূ ১৪)

**গঁদ্ gɔ̃d** বি মাটির তাল বা দলা [কুমোরের মাটি মাখার পরে মাটির তাল বা দলা অর্থাৎ 'গঁদ্' করা হয়। তারপর মাটির জিনিস তৈরির জন্য সেটি চাকের উপর চাপানো হয়। এটি ক্রমশ চূড়ার আকার ধারণ করে] a lump of mud or clay (পুরুলি ৫) দ্র গদ্[১]

**গদ্ খ্যালা gɔd k$^{h}$ælɑ** বি এক প্রকার গ্রামীণ খেলা [এ খেলা প্রাঙ্গণে হয়। দুই দলে সমান সংখ্যক খেলোয়াড় থাকে। একদল হাত ধরাধরি করে ঘোরে অপরদল দূরে দূরে ছড়িয়ে দাঁড়িয়ে থাকে। এই খেলার বিববণ এইরূপ : ধরা যাক প্রতি দলে চারজন। ২০/২৫ হাত গোলাকার একটি ঘর দাগ টেনে কাটা হয়। ঐ দাগের ভিতর দিকে বিপক্ষের চারজন দাঁড়িয়ে থাকে, অনেকটা ক্রিকেটের ফিল্ডিং-এর মতো। দানপক্ষ ঐ ঘরের মাঝে চারজন হাত ধরাধরি করে দাঁড়ায়। ১নং খেলোয়াড় ঘরের ঠিক মাঝে একটি গর্ত বা গোল দাগ করে দাঁড়ায়। তার এক হাত ধরে ২নং, তার হাত ধরে ৩নং, তার এক হাত ধরে ৪নং। এই চার জন ১ নম্বরকে কেন্দ্র করে ঘুরে। ঘুরতে ঘুরতে ৪নং ৩নং-এর হাত ছেড়ে দিয়ে বিপক্ষের যে কোনো দুজনের ফাঁক দিয়ে বাইরে বেরিয়ে যাবে। বিপক্ষের দুইজন চেষ্টা করে তাকে ছুঁয়ে দিতে। যদি ছুঁতে পারে তবে দানের খেলোয়াড় মোর। যদি না পারে তবে এবার ৩নং অনুরূপ ভাবে বেরুবে। যদি সবাই বেরুতে পাবে তবে তারা জয়ী হয়] a kind of rural game (নদিয়া ৬)

**গদ্গদ্**[১] **gɔd gɔd** বিণ, ক্রিবিণ গলায় গলায় very close intimate গদ্গদ্ মিল—গলায় গলায় ভাব (পদিনা ৪) আ বা গদগদ

**গদ্গদ্**[২] **gɔd gɔd** বি গণ্ডগোল disturbance, confusion, complication, disorder গদ্গদ্ লাগানা—গণ্ডগোল করা (পদিনা ৮)

**গদ্গদা**[১] **gɔdgɔdɑ** ক্রিবিণ মাতানো to excite greatly ধাম্সা গুড়িয়ে গদ্গদা কর্‌ব্যাক্—ধামসা বাজিয়ে মাতিয়ে দেবে (পুরুলি ১৪)

**গদ্গদা**[২] **gɔdgɔdɑ** ক্রিবিণ টগ্‌বগ্ করে ফোটা bubbling noise made by water or any other liquid when being boiled (দার্জিলি ৩)

**গদ্গদায়ে gɔdgɔdɑe** ক্রি হুহু শব্দে the noise made by flowing water জল গদ্গদায়ে বিরায়ে যাব্যে—জল হুহু শব্দে বেরিয়ে যাবে (বাঁকুড়া ১৭)

**গদ্গদি gɔdgɔdi** বিণ খুব বেশি, ঘন too thick গদগদি কাদা—খুব বেশি কাদা (বীরভূ ১০) আ বা গাদাগাদি

**গদ্গদে gɔdgɔde** বি, বিণ ১ অট্টহাস্য very loud, roaring laughter গদঁগদায়েঁ হাসা—অট্টহাস্য করা (পুরুলি ৮) ২ ঘন, থকথকে, গ্যাদগ্যাদে, চাপ চাপ too thick (বর্ধমা ২ বাঁকুড়া ১২ মেদিনী ৯) গদগদে ডাল—চাপ চাপ ডাল (বর্ধমা ২) গদ্গদে তরকাবি—ঘন তরকারি (বাঁকুড়া ১২) ডালটা গদ্গদে হইছে—ডালটা ঘন বা থকথকে হয়েছে (মেদিনী ৯) ৩ মোটাসোটা, নাদুস-নুদুস stout and strong, roly-poly, fleshy, full of flesh মেয়েটা খুব গদগদে—মেয়েটা খুব মোটাসোটা (বর্ধমা ২ বীরভূ ৭)

**গদ্ গুলি খেলা gɔd guli k$^{h}$elɑ** দ্র গদ্[৪] (হাওড়া ১, ৮)

**গদ্‌গোদিয়া gɔdgodia** দ্র গদ্‌গদে ২ (পদিনা ৩)

**গদ্‌দা গোদ্‌দি gɔdda goddi** বিণ ঝগড়া বিবাদ a quarreling (কোচবি ৪)

**গদ্‌দান্‌[১] gɔddɔn** বি গুঁড়ি [গাছের] a stalk of a tree, a stump গাছের গদ্‌দান্‌—গাছের গুঁড়ি (বর্ধমা ২)

**গদ্‌দান্‌[২] gɔddɔn** বি ঘাড়ের উপরের অংশ upper portion of the neck (হুগলি ১৬)

**গদ্‌বদিয়ে gɔdbɔdie** ক্রিবিণ প্রাণপণে to exert all energies ছেলেটা গদ্‌বদিয়ে দৌড়ছে—ছেলেটা প্রাণপণে দৌড়চ্ছে (পুরুলি ১৪)

**গদ্‌ভেড়্‌ড়া gɔdbʰeḍra** বি বনকলমি, ঢোলকলমি [কলমির মতোই ফুল এবং পাতা। লতানে গাছ নয়। এটি শক্ত, সাধারণত বেড়ার কাজে ব্যবহৃত হয়] ipomoea striata (পুরুলি ১২)

**গদ্‌রা gɔdra** বি নোংরা, জঞ্জাল things thrown away, left a worthless, garbage ছোড়াটা গদ্‌রাগুলা কুড়াহা—ছেলেটা নোংরাগুলো কুড়িয়ে নিচ্ছে (মালদা ১১)

★ **গঁদ্‌রানো gɔ̃drano** ক্রি খুঁতখুঁত করা to carp at ছেলেটা গঁদরায়ঠে—ছেলেটা খুঁত খুঁত করছে (মেদিনী ২১)

**গদ্‌রাস্‌তা gɔdrasta** বি যে রাস্তায় হাঁটু-সমান কাদা muddy road (চব্বিশ ১৫) আ বা গাদ

**গদমদ করা gɔdɔmɔdɔ kɔra** ক্রি গা বমিবমি করা vomitting tendency গাটা গদমদ করছে—গা-টা বমিবমি করছে (মুর্শিদা ৫)

**গদর্‌ গদর্‌ gɔdɔr gɔdɔr** ক্রি বকবক করা to prattle, to chatter disgusting, to talk overmuch. এই কি গদর্‌ গদর্‌ করছিস—এই কি বকবক করছিস (পুরুলি ৯)

**গদর্‌ হওয়া gɔdɔr hɔŏa** ক্রি পেট ফাঁপা to have one's belly distended owing to the accumulation of gas পেটটা গদর্‌ হোইছে—পেট ফেঁপেছে (মেদিনী ২৫)

**গদা[১] gɔda** বি নিচু বা জলা-জায়গা [বছরের কিছু সময় জল জমে থাকে] the marshy low land (মেদিনী ১৫, ১৯)

**গদা[২] gɔda** বিণ ভারি [ওজন অর্থে] heavy (বাঁকুড়া ১২)

**গদা[৩] gɔda** বি ঢিমে তেতালা an Indian musical measure, slowness, lack of enthusiasm (পুরুলি ১১)

**গদা[৪] gɔda** বিণ মোটা fat, fatty, bulky (মেদিনী ৭, ১০, ১৫)

**গদা খ্যালা gɔda kʰæla** বি এক প্রকার সাঁতারের খেলা [বাচ্চা ছেলে-মেয়েরা জলে ডুবে ডুবে এই খেলা খেলে। সাঁতারের দৌড় বা প্রতিযোগিতা] a kind of swimming race (বাঁকুড়া ৭)



গদের্‌ ঝাঁটা

**গদাগোদি খ্যালা gɔda godi kʰæla** দ্র গদা খ্যালা (বাঁকুড়া ৬)

**গদা দেওয়া সাঁতার gɔda deŏa sãtar** বি ডুব সাঁতার swimming under water (মেদিনী ২৫)

**গদানি gɔdani** বি উল্কি a tattoo, a tatu (দার্জিলি ২ পদিনা ১৩)

★ **গঁদানো gɔ̃dano** ক্রি দুর্গন্ধ ওঠা বা দুর্গন্ধ হওয়া to flow an offensive smell, a bad odour কাদোটা গঁদায়—কাদাটায় দুর্গন্ধ উঠছে (কোচবি ২)

**গদা বাংলা gɔda baŋla** বি কথ্যভাষা, চলিত ভাষা colloquial spoken language (মেদিনী ১১)

**গদাম্‌ gɔdam** বি কিল a fist, a blow with the fist esp, a fisticuff আমার পিঠে গদাম মাইল্‌ল—আমার পিঠে কিল মারল (মুর্শিদা ১৮) গদা দিয়ে মারার সমতুল্য

**গদামোজি gɔdamoji** বি কাজুবাদাম a cashew-nut (মেদিনী ১৮)

**গদারে gɔdare** দ্র গদা[২] (বাঁকুড়া ৩)

**গদি gɔdi** বি গাছের গুঁড়ির কাণ্ড a stalk of a tree, a stem, a trunk (পুরুলি ১৫, ১৬ বর্ধমা ১৯ বীরভূ ১৩ মুর্শিদা ২)

**গদের্‌ ঝাঁটা gɔder jʰãṭa** বি তালপাতার কাঠির ঝাঁটা a broom made of the stick of palmyara leaf (মেদিনী ১১)

**গঁদোগাচ্‌ gɔ̃dogac** বি ছোট ঝোপজাতীয় একপ্রকার গাছ [এই গাছের পাতা ফিকে সবুজ রঙের, স্থূল এবং খসখসে। অনেকটা শিউলি ফুলের পাতার মতো দেখতে। কাটা-ছেঁড়ায় এই পাতার রস লাগালে উপকার পাওয়া যায়] a kind of bush, used as medicine (হুগলি ১১)

**গধ্‌না[১] gɔdʰna** বি ঘাড় the shoulder ঘাসির গধ্‌না—খাসির গর্দান বা ঘাড় (পদিনা ২, ৯, ১৪)

**গধ্‌না[২] gɔdʰna** দ্র গদানি (মালদা ১১)

**গধা gɔdʰa** বিণ স্থাণু হাত frozen shoulder (মেদিনী ১২)



গন্‌ডাগুটি খ্যালা

**গঁধানো gɔ̃dʰɔno** দ্র গঁদানো তোর মুহটা খুব গঁধাইটে, তুই ভালা করি দাঁত খলুনি—তোর মুখটায় খুব দুর্গন্ধ হয়েছে, তুই ভাল করে দাঁত মাজিস নি to flow bad smell (মেদিনী ২০)

**গধালি gɔdʰɔli** ক্রি গাধার মতো পরিশ্রম করা to work hard without any. intelligence (কোচবি ৩)

**গঁধাহ্যে gɔ̃dʰɔhɛ** নামধাতু গন্ধ বেবোচ্ছে to flow out the smell কিবা গঁধাহ্যে—কি গন্ধ বের হচ্ছে (পদিনা ৪)

**গঁধি পুক gɔ̃dʰi pukɔ** বি গন্ধপোকা, গান্ধিপোকা [এই পোকার গায়ে খুব দুর্গন্ধ থাকে। কাছাকাছি কোথাও উড়ে এসে বসলেই দুর্গন্ধ ছড়িয়ে পড়ে] a kind of corn cly, the flying bug, leptocorisa acuta (মেদিনী ৮)

**গন্‌[১] gɔn** বি বড় উঁচু নাভি [বেশি বয়সেও কারোর কারোর নাভি বেশ উঁচু এবং বড় থাকে, তাকে গন্ বলে] the umbilicus navel (মালদা ৪)

**গন্‌[২] gɔn** বিণ দুর্গন্ধ bad smell (পদিনা ৮)

**গন্‌[৩] gɔn** দ্র গঁদ্ (মালদা ১১)

**গন্‌গন্ gɔngɔn** অ ভন্‌ভন্ a humming or buzzing sound মাছি গন্‌গনায়—মাছি ভন্‌ভন্ করে (কোচবি ৪)

**গন্‌গনা gɔngɔnɔ** ক্রিবিণ দাউদাউ, গনগনে a state of burning furiously, bursting into a blaze গন্‌গনা আগ্—দাউদাউ করে জ্বলা আগুন (মালদা ৯) আ বা গনগনে

**গন্‌গনানো gɔngɔnɔno** ক্রি ঝাঁজ বেরোনো to smell a strong pungent aroma তেল্‌খান্ গন্‌গনাছে—তেলে ঝাঁজ বেরোচ্ছে (পদিনা ১৫)

**গন্‌গনিয়া gɔngɔniɔ** দ্র গন্‌গনা (মেদিনী ২)

**গন্‌গন্যে gɔngɔnɛ** বিণ গভীর far-advanced কাল গন্‌গন্যে র‍্যইত্যে চোর আলছিলো—কাল গভীর রাতে চোব এসেছিল (মুর্শিদা ২৩)

**গন্‌গোইনা gɔngoĭnɔ** ক্রিবিণ গন্‌গনে blazing fire দ্র গন্‌গনা গন্‌গোইনা আগুন—গনগনে আঁচ (মেদিনী ৩)

★ **গন্‌ছানা gɔncʰɔnɔ** ক্রি খোঁজা to search, to enquire উয়াক্ গন্‌ছায় লিয়্যে আয়—ওকে খুঁজে নিয়ে আয়। গরুডা গন্‌ছায় লিয়্যে আয়—গরুটা খুঁজে নিয়ে আয় (পদিনা ৩) দ্র অনছাচ্যে

**গন্‌জ্ gɔnj** বি কাঠে ছিদ্র করার যন্ত্রের অংশবিশেষ [কাঠে সরু ছিদ্র করার 'ভোমোর' নামক সরঞ্জামের লোহার ফলার ছুঁচালো অংশ] a particular portion of a drill (মালদা ৩, ৫)

**গন্‌জ[১] gɔnjɔ** বিণ সরু narrow গন্‌জ রাস্তা—সরু রাস্তা (বাঁকুড়া ১৫)

**গন্‌জ[২] gɔnjɔ** বি বাঁশগাছের কাঁটা the thorn of bamboo tree (মেদিনী ১৫)

**গন্‌জা[১] gɔnjɔ** বি, বিণ বোবা a dumb, a speechless (পদিনা ৪)

**গন্‌জা[২] gɔnjɔ** বি বাঁশের গোঁজ [মাটির ঘরের দেওয়ালের উঁচুর দিকে মোটা বাঁশের ছোট ছোট টুকরো একহাত মতো লম্বা পুঁতে রাখা হয়। এতে জামাকাপড়, শিকা প্রভৃতি ঝুলিয়ে রাখা হয়] a peg or a stake of a bamboo (পদিনা ৭)

**গন্‌জা আলু gɔnjɔ ɔlu** বি মেটে আলু, খাম আলু a variety of yam, dioscorea alata (পদিনা ৭)

**গন্‌জাসাটা gɔnjɔsɔṭɔ** বিণ লাজুক shy, bashful, modest লোক্ আইচ্যে, তুই গন্‌জাসাটার মতো রোহিচিস্ কেন?—লোক এসেছে, তুই লাজুকের মতো রয়েছিস কেন? (পদিনা ১৩)

**গন্‌জা সিং gɔnjɔ siŋ** বি গরুর শিং [ছুঁচালো এবং খাড়া শিং হলে তাকে গন্‌জা সিং বলে] a special type of horn of cow (জলপা ৪)

**গন্‌জি gɔnji** বি গেঞ্জি a guernsey (জলপা ১০)

**গন্‌ডাগুটি খ্যালা gɔnḍɔguṭi kʰælɔ** বি ডাংগুলি খেলা a kind of rural game (বাঁকুড়া ৪)

**গন্‌ডারি gɔnḍɔri** বি একজাতীয় আখ a kind of sugarcane (পদিনা ১৪)

**গন্‌ডি gɔndi** বি রামধনু [ক্যানিং থানার ঘোষপাড়া গ্রামে (শব্দটির সংগ্রহস্থল) লোকবিশ্বাস আছে যে, রামধনু লক্ষ্মণের গণ্ডি। এই গণ্ডি পার হয়েছিলেন বলে সীতা রাবণেব হাতে বন্দী হয়েছিল] the rainbow (চব্বিশ ৮)

**গন্‌ডোগুলি gɔnḍoguli** বিণ ঝগড়াটে মেয়ে a quarrelsome girl (বর্ধমা ৫)

**গন্‌ডোগোইলা gɔnḍogoilɔ** বিণ গণ্ডগোল করে যে ব্যক্তি the man who makes a noise or create disorder (বাঁকুড়া ১৩)

**গন্‌ডোগোলিয়া gɔnḍogoliɔ** দ্র গন্‌ডোগুলি মেয়েটা গন্‌ডোগোলিয়া—মেয়েটা ঝগড়াটে (বাঁকুড়া ৭)

**গন্‌ডোগোলে gɔnḍogole** দ্র গন্‌ডোগুলি (বর্ধমা ১৪ হুগলি ৯)

**গন্‌ডোগোলে গাচ gɔnḍogole gɑc** বি একপ্রকার কাঁটাযুক্ত গাছ [ফল সাধারণ কাঁচের গুলির মতো। খুব শক্ত। এর ডালে উভয়মুখী কাঁটা থাকার ফলে জামাকাপড়ে সহজেই আটকে যায়। তাই অনেকে একে 'গন্‌ডোগোলে গাছ' বলে] a kind of thorny plant (হুগলি ১২)

**গন্‌তি gɔnti** ক্রিবিণ গোনা counting (জলপা ৭)

**গন্দ্ gɔnd** দ্র গঁদ্ (পুরুলি ৩, ৬, ৮, ১৩, ১৬)

**গন্দ্ গৌল্ gɔndgoul** বি গন্ধ গোকুল--একজাতীয় নকুল, নেউল বা বেজি [লম্বাটে মুখ, কালচে রঙ, গায়ে ছিটছিট। জঙ্গলে থাকে, পোকামাকড় খায়। নেউলের থেকে অনেক বড়, কিন্তু দেখতে ঐ রকমই] mongoose, mungoose (herpestes mungo) (বাঁকুড়া ১১)

**গন্‌দ্‌রপ্ gɔndrɔp** বি একজাতীয় প্রেত [বিশ্বাস আছে যে, অবিবাহিত ব্রাহ্মণ পুরুষ মরলে এই প্রেত হয়] a kind of ghost (মেদিনী ২০) সং গন্ধর্ব

**গন্দ্‌সা gɔndsɑ** বিণ ঢিমে, উদ্যমহীন mild, low, energyless (বাঁকুড়া ৭)

**গন্দা খাঁদা gɔndɑ kʰãdɑ** বিণ গন্নাকাটা hare-lipped দ্র গণ্ডা (হাওড়া ১০)

**গন্দাহা gɔndɑhɑ** বি গন্ধ a scent, a smell (পদিনা ১০)

**গন্‌দো gɔndo** বি গন্ধ [সুগন্ধ দুর্গন্ধ উভয়ই] a smell, a scent গন্‌দো ছাড়ে--গন্ধ বেরোয় (বর্ধমা ১৬, ২৩)

**গন্‌দো পিঁপড়ে gɔndo pĩpɾe** বি খুব ছোট আকারের এক প্রকার লাল পিঁপড়া [এই পিঁপড়া খাদ্যদ্রব্যের উপর একপ্রকার রস ত্যাগ করে। ফলে খাবার নষ্ট হয়] odourous of red ant (চব্বিশ ৩৭)

**গন্‌দো পোকা gɔndo pokɑ** বি এক প্রকার ছোটপোকা [সবুজ রঙ, গায়ে গন্ধ আছে] a kind of small worm or insect (মেদিনী ৭)

**গন্‌দো ভাদুল্ gɔndo bʰɑdul** বি গাঁদাল গাছ [লতাজাতীয় গাছ। এই গাছের পাতার রস আমাশা রোগের পক্ষে বিশেষ উপযোগী। গাঁদাল পাতার ঝোল--কাঁচকলা, পেঁপে, পটল ইত্যাদি সহযোগে--পেটের পক্ষে বিশেষ উপকারী] dogs bane, paederia foetida (মেদিনী ২৬)

**গন্ধ gɔndʰɔ** বি, বিণ দুর্গন্ধ bad smell (চব্বিশ ১৮ মেদিনী ১৮ হুগলি ১৬) [সুগন্ধকে মেদিনী ১৮-তে "বুই" বলে]

**গন্ধগুঁটি gɔndʰɔ ʃũṭi** বি পূজার উপকরণ বিশেষ [সাদা বড়ির মতো দেখতে একপ্রকার দ্রব্য an offering in Hindu religious worship (মেদিনী ২৪)

গন্দ্ গৌল্

**গন্ধাচে gɔndʰɑce** নামধাতু গন্ধ বের হচ্ছে [সুগন্ধ দুর্গন্ধ উভয় ক্ষেত্রেই] দ্র গঁধাহ্যে (পদিনা ১০)

**গন্ধাচ্যে gɔndʰɑcɛ** দ্র গন্ধাচে ফুল্‌ডা গন্ধাচ্যে--ফুলটার গন্ধ বের হচ্ছে (পদিনা ৬)

**গন্ধানিয়া তেল gɔndʰɑniɑ tel** বি সুগন্ধ তেল perfumed oil, scented oil (পদিনা ৪)

**গন্ধারি পোকা gɔndʰɑri pokɑ** বি গান্ধিপোকা [ধানক্ষেতে থাকে, গায়ে দুর্গন্ধ] a kind of corn fly, the flying bug (leptocorisa acutoc) (জলপা ১০)

**গন্ধালি ত্যাল্ gɔndʰɑli tæl** বি উগ্র গন্ধযুক্ত তেল--কেরোসিন তেল kerosene oil (জলপা ৭)

**গন্ধালি পোকা gɔndʰɑli pokɑ** দ্র গন্ধারি পোকা (জলপা ৭)

**গন্‌ধিপোকা gɔndʰi pokɑ** দ্র গন্ধারি পোকা (জলপা ৪, ৭)

**গন্‌ধিয়ে যাওয়া gɔndʰie jɑõɑ** ক্রি গেঁজে যাওয়া, নষ্ট হয়ে যাওয়া to be fermented, to be forthy (মুর্শিদা ২২)

**গন্‌ধেশ্‌শরি gɔndʰeʃʃɔri** বি একপ্রকার সরু, সুগন্ধি চাল a kind of fine rice with sweet smell (চব্বিশ ১৫)

**গন্‌ধো gɔndʰo** দ্র গন্ধ [বাস--সুগন্ধ] (চব্বিশ ১২, ২৭)

**গন্‌ধো আজালি gɔndʰo ɑjɑli** দ্র গন্‌দো ভাদুল্ (নদিয়া ১১)

**গন্‌ধো গোকুল্ gɔndʰo gokul** বি এক জাতীয় বিড়াল, খটাশ, ভাম [আকারে ছোট। গায়ের রঙ হাল্কা কালো। তার উপরে ঘন কালো রঙের টিপ টিপ। এদের গায়ে খুব দুর্গন্ধ হয়] civet cat (দার্জিলি ১, ৩) দ্র গন্দ্‌গৌল

**গন্‌ধো বাদুলি gɔndʰo bɑduli** দ্র গন্‌দোভাদুল্ (বীরভূ ৫)

**গন্‌ধো ভাজাল্ gɔndʰo bʰɑjɑl** দ্র গন্‌দোভাদুল্ (মালদা ১১)

**গন্‌ধো ভাজিলা gɔndʰo bʰɑjilɑ** দ্র গন্‌দোভাদুল্ (মালদা ১)

**গনধো ভাদ্‌লে gɔndʰo bʰɑdle** দ্র গন্‌দোভাদুল্ (মুর্শিদা ২০)

গন্যা

**গন্‌ধো ভাদুলে gɔndʰo bʰɔdule** দ্র গন্‌দোভাদুল্‌ (মুর্শিদা ২৪)

**গন্‌ধো ভেজালি gɔndʰo bʰejɔli** দ্র গন্‌দো ভাদুল্‌ (চব্বিশ ৩৬)

**গন্‌ধো ভেদুলাই gɔndʰo bʰedulaĭ** দ্র গন্‌ধো ভাদুল্‌ (কোচবি ৩৬)

**গন্‌ধোর্‌ সাজ্‌ gɔndʰor sɔj** বি বিয়ের অনুষ্ঠানের উপকরণ বিশেষ a marriage ritual performed by married women [বিয়ের আগের দিন সন্ধ্যাবেলা 'ঢোল বান্‌দা' অর্থাৎ ঢোলবাঁধা অনুষ্ঠান হয়। ঐ উপলক্ষে নয়জন এয়োস্ত্রী একটি ঢোলকে পুজো করে। এই পূজার উপকরণ হিসেবে নয়টি কাঁঠাল পাতার ঠোঙায় হরীতকী, দূর্বা, তুলসী, আমলা-ব্যাসোলা, গন্ধমাটি, প্রদীপ, সিঁদুর, ঘি, গুড়, দুধ, তেল, আতপ চাল, একটি শাখা-ভাঙা, কড়ি, আয়না, চিরুনি, নয়টি পানের বোঁটা ইত্যাদি রাখা হয়। এই সমস্ত উপকরণকে 'গন্‌ধোর্‌ সাজ' বলে। ঐ নয়জন এয়োস্ত্রী উপকরণগুলো ঢোলটির উপর রেখে পূজা করে, উলু দেয় এবং ঢোলটি বাজায়। পূজা শেষ করে ডোমেদের অর্থাৎ যারা ঢোলটির মালিক এবং বিয়ে উপলক্ষে ঢোল বাজাবে, তাদের সাত বা নয় পোয়া চাল দেবে (বরের বাড়িতে নয় পোয়া আর কনের বাড়িতে সাত পোয়া চাল পাবে ডোমরা)। এই সম্পূর্ণ অনুষ্ঠানটিকে বলা হয় 'ঢোল্‌ বানদা' (বর্ধমা ১৮)

**গন্না[১] gɔnnɔ** বি গ্রহণ an eclipse (কোচবি ৬ মুর্শিদা ২২ মেদিনী ১৫) [চান্‌ গন্না--চন্দ্রগ্রহণ। ব্যালাগন্না--সূর্যগ্রহণ। সুজ্‌জ গন্না--সূর্যগ্রহণ (কোচবি ৬) গন্না লাগিছে অঁখ খাইসিনা--গ্রহণ লেগে গেছে এখন খাস না (মেদিনী ১৫)

**গন্না[২] gɔnnɔ** বি ছিদ্র বা ফুটো [ভাপের পুলি পিঠে তৈরি করার জন্য পোড়ামাটির মালসা ব্যবহার করা হয়। ঐ মালসার মধ্যে ফুটো ফুটো থাকে। ঐ ফুটোকে গন্না বলে] a hole (মেদিনী ২৯)

**গন্‌না খোঁড়া gɔnnɔ kʰõɽɔ** বিণ খোঁড়া--ল্যাংড়া lame (বাঁকুড়া ১৩)

**গন্‌ভাদোই gɔnbʰɔdoĭ** দ্র গন্‌দোভাদুল্‌ (জলপা ৭)

**গন্‌সা gɔnsɔ** বি আবর্জনা garbage (মেদিনী ৩৫)

**গন্‌সাকাটি gɔnsɔkaṭi** দ্র গন্‌দাখাঁদা [স্ত্রীলিঙ্গ] (নদিয়া ১)

**গন্‌হা[১] gɔnhɔ** দ্র গন্না[১] গন্‌হা লেগেছে--গ্রহণ লেগেছে (মুর্শিদা ২২)

**গন্‌হা[২] gɔnhɔ** বি গন্ধ, দুর্গন্ধ scent, smell, bad-smell আমটা পচি গেইল্‌ছে গন্‌হা বেছে--আমটা পচে গেছে, দুর্গন্ধ বের হচ্ছে। গন্‌হায়ে দিল--দুর্গন্ধ করে দিল (মালদা ৭, ১১) < গন্ধ

**গনক্‌ gɔnɔk** বি গণৎকার, জ্যোতিষী an astrologer, a palmist (মুর্শিদা ১৬)

**গনক্‌দার্‌ gɔnɔkdɔr** দ্র গন্‌ক (পদিনা ৩ মালদা ১১)

**গনন্‌ গাঁথন্‌ gɔnɔn gãtʰɔn** ক্রি গণনা করা [কুষ্ঠি-ঠিকুজি করা, ভূত-ভবিষ্যৎ, শুভ-অশুভ বলা] to calculate, to compute (পুরুলি ১৩ মেদিনী ৩৩) গনন গাঁথন মিললে ভট্‌চাজ্‌ বিয়ের দিন ঠিক করবে--(কুষ্ঠিঠিকুজি) গণনা করে মিললে পুরোহিত বিয়ের দিন ঠিক করবে (মেদিনী ৩৩) তু আ বা গোনাগাঁথা

**গনা gɔnɔ** দ্র গনন্‌-গাঁথন্‌ (দার্জিলি ৩)

**গনাই gɔnɔĭ** বি আঙুলের দাগ finger prints (জলপা ৭)

**গনাগুসটি gɔnɔgusṭi** বি জ্ঞাতিগোষ্ঠী kinsmen, kinsfolk, kith and kin তোর গনাগুস্‌টিকে ডাকিয়্য লিয়াইগ্য--তোর জ্ঞাতিগোষ্ঠীকে ডেকে নিয়ে আয় (মুর্শিদা ১৯)

**গনাপড়্‌হা gɔnɔ pɔɽʰɔ** দ্র গনন্‌ গাঁথন্‌ (মেদিনী ২)

**গনাল্‌ gɔnɔl** বিণ মেঠো পথ a path through an open field formed by frequent movement of people (বীরভূ ৮)

**গনিয়া gɔniɔ** বি কাঠ চেরাইয়ের সময় কাঠ মাপার সরঞ্জাম বিশেষ [বিঘৎখানেক লম্বা কাষ্ঠদণ্ডে কুড়ি-পঁচিশ হাত সুতো জড়ানো থাকে] a type of scale (পুরুলি ৩)

**গনেক্‌ ঠাকুর্‌ gɔnek tʰɔkur** দ্র গন্‌ক (পদিনা ৭)

**গনেশ্‌ gɔneʃ** বি পুং হাতি [এর বিশেষত্ব হলো, ডানদিকে একটিমাত্র দাঁত থাকে] male elephant (দার্জিলি ১, ৩)

**গনোক্কার্‌ gɔnokkɔr** দ্র গন্‌ক (মেদিনী ৭, ৯)

**গন্যা gɔnɛ** ক্রি ১ গোঁজা to insert, to drive into, to bend downwards ২ পোঁতা to plant into চালে কাড়ি গন্যা দে--চালে খড় গোঁজা দে। ভুঁই পাতলা হোয়ে গেইহ্যা গন্যা গাড়া দিবা হোবে--জমির রোয়া (ধানচারা) পাতলা হয়ে গেছে, নতুন করে ঐ পাত্‌লা জায়গায় রোয়া পুঁতে দিতে হবে (মালদা ৩)

**গপ্‌[১] gɔp** বি গল্প a story, a tale, a fable (পদিনা ২, ৩, ৯) হাম্‌রালা পাঁচজনে এক্‌ঠে গপ্‌ কোর্‌ছি--আমরা

পাঁচজনে একস্থানে গল্প করছি (পদিনা ২) ~ গপ্ ক্রিবিণ দপ্‌দপ্ to have a headache মাথা গপ্‌গপ্ করে—(রোদে অনেকক্ষণ থাকলে) মাথা দপ্‌দপ্ করে (বর্ধমা ২৩)

**গপ্**[২] **gɔp** বি বরোজের পানগাছের সারিতে নতুন করে মাটি দেবার স্থান [বরোজের মধ্যে একাধিক মাটির চওড়া সারি থাকে। এই এক একটি মাটির চওড়া সারির দুইদিকে পানগাছ লাগানো হয়। ঐ চওড়া অংশটি সমতল না হয়ে একটু উঁচুমতো হয়। এইবার মাঝের অংশটি থেকে প্রয়োজনে মাটি তুলে পানগাছের গোড়ায় দেওয়া হয়। আবার বেশি মাটি তুলে নিলে, যে নালা-গর্তের সৃষ্টি হয়, সেই নালা-গর্তকে বলে 'গপ্'। ঐ গর্ত মাটি দিয়ে পুনরায় ভরাট করে রাখা হয়] cavity at the stem of betel nuts (হাওড়া ৩, ৬)

**গঁপ্**[১] **gɔ̃p** বি গোঁফ moustache, whiskers (হাওড়া ৮)

**গঁপ্**[২] **gɔ̃p** বি গুচ্ছ [ধানগাছ রোপণ করার জন্য তিন-চারটি চারা একত্রে নিয়ে গোড়ার দিকটা জমির কাদায় পুঁতে দিতে হয়] the fascicle (মেদিনী ২০)

**গপ্‌গোবিনে gɔpgobine** ক্রিবিণ গোগ্রাসে, গপ্‌গপ্ করে [খুব তাড়াতাড়ি করে] to eat hastily in large morsels, to gobble, to eat ravenously বিণ ছেলেটা খুব গপ্‌গোবিনে খেইছে—ছেলেটা খুব তাড়াতাড়ি খাচ্ছে (বীরভূ ৮)

**গপ্তাগাঁড়া খেলা gɔptagãra khela** বি গ্রামীণ ছেলেদের একপ্রকার প্রাঙ্গণের খেলা [খেলার উপকরণ হিসেবে প্রত্যেকের একটি করে লাঠি থাকে। এই লাঠিগুলো হাত দেড়েক করে লম্বা গাছের ডাল এবং দুইপ্রান্ত ছুঁচালো। প্রথমে একজন খেলোয়াড় তার লাঠিটিকে এমনভাবে নির্দিষ্ট স্থান থেকে দূরে ছুঁড়বে, যাতে সেটি গিয়ে নরম কাদায় গেঁথে যায়। তারপর দ্বিতীয়জন তার লাঠিটি ছুঁড়বে, যাতে আগের জনের কাদায় গেঁথে থাকা লাঠিটিকে আঘাত করে সেটি উপড়ে ফেলে দেয়। ফেলে দেবার অর্থ হল সেটিকে সে জয় করে নিল। এমনি করে যে সকলের লাঠি জয় করবে, সে রাজা হবে। এইবার রাজা তার লাঠিটি দূরে ছুঁড়ে দেবে। রাজার কাছে অন্যদের লাঠিগুলো রাখা ছিল, যেহেতু রাজা সবগুলো জয় করেছিল। রাজা নিজের লাঠিটি ছুঁড়ে দেবার পরে অন্যরা তার কাছ থেকে নিজের লাঠি নিয়ে রাজার লাঠির কাছে যাবে। যে প্রথমে রাজার লাঠি স্পর্শ করবে, সে হয় 'এঁড়ো', এবং পরবর্তী জনেরা হয় 'গাই'। শেষ 'গাই' রাজার লাঠি বয়ে নিয়ে আসবে রাজার কাছে এবং সে এবার প্রথমে খেলা শুরু করবে। এবারে রাজা সকলের শেষে লাঠি ছুঁড়বে। এই খেলার প্রতিটি



গপ্তাগাঁড়া খেলা

অধ্যায়কে বলে 'পাড়্' অর্থাৎ পর্ব] a kind of rural game (মেদিনী ১১)

**গপ্‌পো gɔppo** বি প্রদীপের বুক inside the lamp made of clay or metal (বর্ধমা ২৩) গর্ভ > গপ্‌পো

**গপ্‌সপ্ gɔpsɔp** বি গল্পস্বল্প, গল্পগাছা gossip, chit-chat গপ্‌সপ্ করে—গল্পস্বল্প করে (পদিনা ৩)

**গপারু gɔpɔru** বিণ প্রগল্‌ভ [যে বেশি কথা বলে] boastful, bold, bragging (কোচবি ২)

**গঁফ্**[১] **gɔ̃p**[h] বি মিথ্যা, গুল a lie ও গঁফ্ ছাড়ে বেশি—ও গুল মারে বেশি (মেদিনী ৫)

**গঁফ্**[২] **gɔ̃p**[h] বিণ পানগাছের বরজের মধ্যের একগাছ থেকে অন্য গাছের দূরত্ব distance between two betel nuts দ্র গপ্[২] (হাওড়া ৮)

**গঁফা gɔ̃p**[h]**a** বি চুলের খোঁপা hair dressed in a rounded mass, a bun, chignon (মেদিনী ৬, ১৯, ২২, ২৪, ২৬, ২৯, ৩৩, ৩৪) চুলের গঁফা—চুলের খোঁপা (মেদিনী ২৪)

**গব্**[১] **gɔb** দ্র গঁফ্[২] (মেদিনী ১৫)

**গব্**[২] **gɔb** দ্র গপ্[২] (হাওড়া ১০)

**গব্ গব্**[১] **gɔb gɔb** ক্রিবিণ টনটন্ irritation, pain, throbbing pain (as of an abscess) পুঁজ্ হোইচে আঙুলটা গব্‌গব্ কোইচ্ছে—পুঁজ হয়েছে আঙুলটা টনটন করছে (মুর্শিদা ১৬)

**গব্‌গব্**[২] **gɔbgɔb** ক্রিবিণ গোগ্রাস a large morsel গব্‌গব্ কোরে খা—গোগ্রাসে খা (মালদা ৩)

**গব্‌গবাইন্ gɔbgɔbɔin** দ্র গপ্‌গোবিনে গব্‌গবাইন্ খাওয়া—গব্‌গব্ করে খাওয়া (বর্ধমা ১৮) দ্র গব্‌গব্[২]

**গব্‌গবে gɔbgɔbe** বিণ দাউদাউ leading flames of fire গব্‌গবে জ্বলে ওঠা—দাউদাউ করে জলে ওঠা (কোচবি ৩)

**গব্‌গোবি gɔbgobi** দ্র গব্‌গব্[২] গব্‌গোবি কোরে খাওয়া—গোগ্রাসে খাওয়া (বর্ধমা ১৪) দ্র গব্‌গব্[২]

**গব্‌গোবিয়ে gɔbgobie** দ্র গব্‌গব্[২] লোকটা খুব গব্‌গোবিয়ে ভাত খাচ্ছে—লোকটা গোগ্রাসে ভাত খাচ্ছে (বীরভূ ১৪)

গবর্‌বুনি

**গব্‌জড়া দুধ gɔbjɔɽɑ dudʰ** বি সদ্য প্রসূতা গাভীর দুধ milk of a very recently giving birth cow (মেদিনী ২০)

**গব্‌ড়া জোমি gɔbɽɑ jomi** বি নিচু জমি low land (চব্বিশ ১২)

**গব্‌দানি প্যাঁচ gɔbdɑni pæ̃c** বিণ জটিল সমস্যা complicated problem (বাঁকুড়া ৭)

**গব্‌দেল্‌ gɔbdel** ক্রিবিণ খুব মোটা fatty, bulky (বাঁকুড়া ১৮)

**গব্‌নো gɔbno** বিণ গাভীন [গাভী বা মহিষ প্রভৃতির গর্ভাবস্থাকে 'গব্‌নো' বলে] big with young (চব্বিশ ১১, ২৭ হুগলি ১২) গব্‌নো গাই--গর্ভবতী গাভী (চব্বিশ ২৭)

**গব্‌বিন্‌ gɔbbin** দ্র গব্‌নো [গো-মহিষাদির ক্ষেত্রে] গব্‌বিন্‌ গোরু--গর্ভবতী গোরু (বর্ধমা ৯)

**গব্‌বের দাগ gɔbber dɑg** বি জন্মদাগ, জরুল a neavus, a sharply defined mark in skin, a birthmark resembling an urticarial spot (পদিনা ৫)

**গব্‌বো gɔbbo** বি গর্ভ pregnancy (মেদিনী ১১)

**গব্‌বো শান্তি gɔbbo ʃɑnti** বি শিশুজন্মের একমাস পরে পালনীয় অনুষ্ঠান [মাসিলা কামানের দিন অর্থাৎ মাস যাবৎ অশৌচান্তের দিন শিশুর মা গঙ্গাজল, তুলসীপাতা, বাছুরের চোনা, দুধ ও মধু--এই পাঁচটি দ্রব্য ব্রাহ্মণ মন্ত্রপূত করে দেবার পরে খাবে। এতে শিশুর মা শুদ্ধ হবে বলে বিশ্বাস] a post natal function (পদিনা ১১)

**গব্‌ভো পেঁচা gɔbbʰo pẽcɑ** বি একপ্রকার ভূত বা অপদেবতা [এই ভূতের ডাকে অন্তঃস্বত্ত্বা মহিলা বাড়ির বাইরে বেরোলে, তার গর্ভ নষ্ট হয়ে যায় বলে মানুষের বিশ্বাস] a kind of ghost, an evil spirit, a demon (মেদিনী ২৮)

**গব্‌রাট gɔbrɑt** বি জানলা বা দরজার চৌকাঠ wooden door frame (চব্বিশ ২০ হাওড়া ১)

**গব্‌রানো gɔbrɑno** বিণ আধ-পাকা তেঁতুল half ripened tamarind (হাওড়া ১)

**গবসা gɔbsɑ** দ্র গব্‌দেল্‌ (নদিয়া ১১)

**গব্ধা gɔbdʰɑ** বিণ অমার্জিত ব্যক্তি, স্থূল uncultured, unpolished (কোচবি ৩)

**গব্‌না gɔbnɑ** দ্র গব্‌বিন্‌ (হুগলি ১৬)

**গবত্‌ gɔbɔt** বি পথ, রাস্তা the road, the path (মুর্শিদা ১২)

**গবর্‌ gɔbɔr** বি গোবর, গোময় cowdung (জলপা ৩ চব্বিশ ২৩ পদিনা ২, ৯ মালদা ৪ মেদিনী ১২) ~ **দেওয়া** মাটির বাড়ি গোবর দিয়ে লেপন করা to rub with a swab or mop drenched in a solution of cowdung (চব্বিশ ২৩)

**গবরের পালা gɔbɔrer pɔlɑ** বি গোবরের গাদা বা স্তূপ [সার তৈরির জন্য এক জায়গায় প্রতিদিন গোবর জমানো হয়। তাকেই 'গবরের পালা' বলে] a heap of cowdung, a stack of cowdung (পদিনা ১৪)

**গবর্‌বুনি gɔbɔrbuni** বি ডাহুক, ডাক [একপ্রকার পাখি] chinese white-breasted, water-hen, moorhen, (gallinula chloropus) (পুরুলি ৯)

**গবল্‌ gɔbɔl** বি বগল under-arm (মালদা ২ মেদিনী ১৪)

**গবা gɔbɑ** বি গরুর পায়ের ছাপ [গোষ্পদ--কাদার উপর চলার সময় গরুর পায়ের যে ছাপ পড়ে, তাকে গবা বলে] the print of cow-heel (মালদা ২) দ্র গপ্‌[২]

**গবিয়ে gɔbie** ক্রি ভীষণভাবে মারা to beat severly মেরে একেবারে গবিয়ে দেবো--ভীষণভাবে মেরে একেবারে ফাটিয়ে দেবো (মালদা ৯)

**গবুড়্‌ gɔbuɽ** দ্র গবর্‌ (পুরুলি ১২)

**গবোন্‌ gɔbon** দ্র গব্‌বিন্‌ গবোন্‌ গাই--গর্ভবতী গাভী। গবোন্‌ বখ্‌না--প্রথম গর্ভবতী গাভী (হুগলি ১)

**গবোর্‌ gɔbor** দ্র গবর্‌ (মেদিনী ৫, ১২) গবোরের পোকা--গোবরের পোকা (মেদিনী ৫) গবোর দিইছিলি--গোবর দিয়েছিলাম (মেদিনী ১২)

**গভ্‌নি gɔbʰni** দ্র গব্‌বিন্‌ গভনি গাই--গর্ভবতী গোরু (চব্বিশ ১৫)

**গম্‌ঘাঁটা gɔmgʰɑ̃ɽɑ** বি গমের তৈরি পায়েস বিশেষ [ঢেঁকিতে গম কুটে সেদ্ধ করা হয়, তারপর চিনি, দুধ, তেজপাতা ইত্যাদি দিয়ে নাড়াচাড়া করে তৈরি হয় গমঘাঁটা] a sweat dish prepared by boiling broken pieces of wheat with sugar and other ingredients/sweet broken wheat porridge (বীরভূ ৩)

**গম্‌টামুখি gɔmɽɑmukʰi** বিণ গোমড়ামুখি a glumfaced woman (মেদিনী ২৮)

**গম্‌ড়ামুই gɔmɽɔmuĭ** দ্র গম্‌টামুখি (মেদিনী ২১) মুখি > মুখ

**গম্‌ফড়িং gɔmpʰɔɽiŋ** বি গঙ্গাফড়িং the grasshopper (মুর্শিদা ১৮)

**গম্‌বাড়ি gɔmbaɽi** বি গমের ক্ষেত the wheat field (পুরুলি ১৭)

**গম্‌সা gɔmsa** বি, বিণ গোমড়া glum and grave গম্‌সা মুক করে আছে--গোমড়া মুখ করে আছে (বাঁকুড়া ৭) দ্র গম্‌টামুখি (মেদিনী ৮) < গম্ভীর

**গম্‌হার্‌ gɔmhar** বি একপ্রকার গাছ [এর কাঠ থেকে আসবাব তৈরি হয়] a kind of tree (মেদিনী ৮) আ বা গামার

**গমা gɔma** বি টুকরো বাঁশের তৈরি একপ্রকার মুখোশ [গরুর মুখে পরানো হয়] a mask made of bamboo chips (জলপা ৭)

**গমাই gɔmaĭ** দ্র গবোর (মেদিনী ৩৪)

**গমা পান্‌তো gɔma panto** বি পান্তাভাত, জল দেওয়া ভাত rice with water (মেদিনী ২০) < গুমা + পচা (জ্ঞা)

**গয় নেয়া gɔĕ neŏa** ক্রি ফেড়ে নেওয়া বা ফাড়া to split শোন্‌টাক্‌ আগে গয় নেওয়া হয়--পাটকে আগে ফেড়ে নেওয়া হয় (পদিনা ২)

**গয়ঠা gɔĕtʰa** বি ঘুঁটে the cowdung-cake (চব্বিশ ২৩) < গো-বিষ্ঠা

**গঁয়ঠা gɔ̃ĕtʰa** ঘুঁটে দ্র গয়ঠা (পুরুলি ৫)

**গয়দাঁত্‌ gɔĕdãt** বি গজদন্ত an extra tooth (of man) growing in front of another (হুগলি ১৬)

**গয়না লৌকো gɔĕna loŭko** বি যাত্রীবহনের নৌকো a passenger boat (হাওড়া ১০)

**গয়্‌রহ gɔĕrɔhɔ** বিণ গড়পড়তা average, approximate (কোচবি ৮)

**গয়রা gɔĕra** দ্র গওড়া (হাওড়া ১০)

**গয়লা gɔĕla** বি দু আঙুলের মাঝখানের ফাঁক অংশ the gap in between two fingers আঙুলের গয়লায় ঘা হয়েছে--দু আঙুলের মাঝখানের অংশে ঘা হয়েছে (চব্বিশ ২৭)

**গয়লা থালা gɔĕla tʰala** বি থালাবিশেষ [এর কানা--প্রান্তের বেড় উঁচু হয়েও বাইরের দিকে নিচু এবং ছড়ানো থাকে। বোগি থালার থেকে একটু ছোট] a kind of plate, a platter, a salver (decorated) (বর্ধমা ১০)

**গঁয়্‌হা gɔ̃ĕha** দ্র গত্ত (দার্জিলি ৩)

**গয়া অশোত্‌ gɔĕa ɔʃot** বি একপ্রকার অশ্বত্থ গাছ [এই গাছের পাতার ডগা বেশি লম্বা নয়, পানের মতো] a kind of peepul, foplar leaved fig tree (ficus

গম্‌ফড়িং

religiosa) (বর্ধমা ১৬) দ্র গয়া গাচ্‌

**গয়া খাকার্‌ gɔĕa kʰakar** বি গলা খাঁক্‌রানি, গলা খাঁকারি act of clearing one's throat noisily, act of hawking (মেদিনী ৩৫)

**গয়া গাচ্‌ gɔĕa gac** বি পাকুড় গাছ like a peepul tree, ficus infectorie (হুগলি ৯) দ্র গয়া অশোত্‌

**গয়া পালা gɔĕa pala** বি শ্রাদ্ধানুষ্ঠান the *Sradha* ceremony (পুরুলি ৫)

**গয়াবালি gɔĕabali** বি একধরনের ধান [অগ্রহায়ণ মাসে হয়] a specious of rice or paddy (winter crop) (মেদিনী ৩৩)

**গয়াভাত্‌ gɔeĕ bʰat** বিণ গলাভাত molted rice (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

**গয়ার্‌বাটি gɔĕar bati** বি ছোট প্লেটবাটি a small plain cup without handle (পদিনা ১০)

**গয়েড়া gɔeɽa** দ্র গওড়া (হাওড়া ১)

**গয়েন্দার্‌ gɔendar** বি গোয়েন্দা a ditective, a spy (চব্বিশ ৮) তু চৌকিদার, দফাদার

**গয়্যাঁ পাড়া gɔæ̃ para** ক্রি গণনা করা to count সত্যি কর্‌যা কোউ দেখি গয়্যাঁ পাড়্‌তে জাঁয় কিনা--সত্যি করে বল দেখি গণনা করতে পারিস কিনা (মেদিনী ১, ১৫, ১৯, ২২, ২৬)

**গয়ের্‌ gɔer** বি কফ্‌ [গলার ভিতর থেকে ওঠা শক্ত কফ্‌] the cough (চব্বিশ ১২, ২০ বর্ধমা ২, ৯, ১৪ মেদিনী ৭, ১১ হাওড়া ১ হুগলি ৯)

**গয়ের কাশ gɔ̃er kaʃ** দ্র গয়ের (নদিয়া ৪)

**গয়েশ্‌শোরি থালা gɔeʃʃori tʰala** দ্র গয়লা থালা (পদিনা ১০ মালদা ২)

**গয়ো খেলা gɔĕo kʰela** বি একপ্রকার গুলি খেলা a kind of marble playing (কোচবি ২)

**গর্‌[১] gɔr** বি ঢেঁকির গড় বা গর্ত [যেখানে ধান কিংবা চাল ইত্যাদি গুঁড়ো হয়] the hole of husking pedel (বর্ধমা ২০)

গর্না

**গর্**[২] **gɔr** বি খড়ের আঁটি [গরুর খাদ্য] the bundle of hay or straw (দার্জিলি ৩ পদিনা ২)

**গর্**[৩] **gɔr** দ্র গয়ের্ (বর্ধমা ৫ বীরভূ ৫, ১২ মুর্শিদা ১৭ মেদিনী ১, ১৯, ২২, ২৬, ৩৪) এ্যাত গর্ তুলছিস ক্যানে রে—এত কফ উঠাচ্ছিস কেন রে? (বীরভূ ৫)

**গর্**[৪] **gɔr** বি থুতু spittle, saliva গর্গা জিমাসিমা ফ্যালাইসিনা—থুতুগুলো যেখানে সেখানে ফেলিস না (মেদিনী ১, ১৯, ২২, ২৬)

**গঁর** **gɔ̃r** বি খড় hay, straw (পদিনা ২) দ্র খ্যের্


**গাড়িমান্‌ gaɾiman** দ্র গাড়িবাহান্‌ (পদিনা ৬)

**গাড়িয়া gaɾia** বি ডোবা, ছোট পুকুর (মেদিনী ১২, ১৩, ২০) a small pond গাড়িয়াটায় ছায়াটা কাঁহোরেঠে—ডোবায় ছেলেটা সাঁতার কাটছে (মেদিনী ১৩) ~ **ঘাট্‌ gaɾia gʰat** বি পুকুরঘাট a landing-place on the bank of pond (মেদিনী ২) ~ **জল gaɾia jɔl** বি পুকুরের জল water of a pond (মেদিনী ২০)

**গাঁড়িয়া gãɾia** বি গাছের কাণ্ড a stalk / a stem / a trunk of a tree (বাঁকুড়া ৫)

**গাড়িয়ান্‌ gaɾian** বি [গোরুর গাড়ির চালক] গাড়োয়ান a carter (মালদা ১১)

**গাড়িয়াল gaɾial** দ্র গাড়িয়ান্‌ (কোচবি ১ জলপা ২, ৪, ৬, ৭, ৮, ৯, ১০ পদিনা ২ পুরুলি ১৪)

**গাড়ির গোল gaɾir gol** বি গোরুর গাড়ি যাওয়ার সুবিধার জন্য আল কাটা সরু রাস্তা [গোরুর গাড়ির চাকার মাপে মাঠে জমির আল দুপাশে কেটে দেওয়া হয়, তাকেই বলে 'গাড়ির গোল'] a cut out in the field for carts to move (বর্ধমা ১০)

**গাড়ির চাক্‌ খেলা gaɾir cak kʰelɔ** বি গ্রামীণ খেলা বিশেষ [নিয়ম 'কিৎ কিৎ' খেলার মতো, এখানে শুধু গোল হয়ে ঘোরা হয়] a kind of rural game (মেদিনী ১২)

**গাড়ির্‌ পাইন্‌ gaɾir pain** বি মাটির রাস্তার উপর গোরুর গাড়ির চাকার চাপে সৃষ্ট লম্বা গর্ত বা দাগ [মাটিটা একটু বসে গিয়ে এই দাগ আরও স্পষ্ট হয়ে ওঠে] a lick on mud road (পুরুলি ৪ মেদিনী ৩৩, ৩৪)

**গাড়িহাল্‌ gaɾihal** দ্র গাড়িয়ান্‌ (জলপা ৯)

**গাড়ু gaɾu** বি ১ ঝারি a water-can with a porous spout (কোচবি ২) ২ বি বদনা a kind of small

গাড়োই মাচ্

pitcher with a slender spout (মেদিনী ১১) ৩ বি ছোট মাটির হাঁড়ি বিশেষ [এতে গুড় রাখা হয়] a kind of small earthen vessel (মেদিনী ১৯) ৪ বি ছোট মাটির কলসি [এতে মাছ রাখা হয়] a small earthen pitcher (চব্বিশ ১৭, ১৯) ৫ বি মাটির তৈরি গোলাকৃতি পাত্র a round earthen vessel (পুরুলি ১১)

**গাঁড়ু gãɾu** বি গর্ত the hole (বাঁকুড়া ৬)

**গাড়ুনি gaɾuni** ক্রি রোপণ করা to sow, to plant গাড়ুনি হবে--রোপণ করা হবে (it) will sow, will plant (পদিনা ৭)

**গাড়ুয়া gaɾua** বি আঙুলের গাঁট the joint of finger (জলপা ৭)

**গাঁড়ুয়া gãɾua** বি বালিশ, তাকিয়া the pillow, a bolstar (মেদিনী ৮, ২০)

**গাড়ুয়াই জ gaɾuaĭ jɔ** বি, বিণ কষাটে ও আঁশটে গন্ধযুক্ত জল [কাঁকড়া সেদ্ধ করলে এই জল বের হয়] stringent tasted and filthy water (মেদিনী ১৯, ২২, ২৬) দ্র কাঁকড়ার পোলো

**গাড়ুয়ান্ gaɾuan** দ্র গাড়িয়ান্ (পুরুলি ৫ মেদিনী ৭, ২০ হুগলি ৫)

**গাড়ো[১] gaɾo** বিণ গাঢ় solidified (বর্ধমা ৯ মেদিনী ২০)

**গাড়ো[২] gaɾo** ক্রিবিণ অসহ্য insufferable, unbearable, intolerable খুব গাড়ো লাগছে--খুব অসহ্য লাগছে (বর্ধমা ১৯)

**গাড়ো[৩] gaɾo** বিণ কঠিন hard firm, stiff (বর্ধমা ১৮)

**গাঁড়ো gãɾo** দ্র গাড়ো[১] (মেদিনী ৭)

**গাড়োই মাচ্ gaɾoĭ mac** বি ল্যাঠামাছ ophiocephalus punclatus, O. barca (পদিনা ২)

**গাড়োন্ gaɾon** ক্রি কুমারশালে হাঁড়ি কলসি তৃতীয় দফায় পিটানো [উভার, দু তাইড়া, গাড়োন্ এবং মাঠা--এই চার দফায় হাঁড়ি-কলসি পিটানো হয়] third stage of pottery making (পুরুলি ৮)

**গাড়োন্ করা gaɾon kɔra** ক্রি কুমারশালে হাঁড়ি কলসি তৃতীয় দফায় পিটিয়ে গড়ন করা to give formation of earthen pot by third time thrashing (পুরুলি ১০, ১৬)

**গাড়োর্ gaɾor** বিণ বোকা a stupid, foolish (বাঁকুড়া ১৩)

**গাঁড়োর্ gãɾor** বি গাছের কোটর a crevice, hollow (পুরুলি ৩)

**গাড়োর্ খাওয়া দাঁত gaɾor kʰaŏa dãt** বি পোকায় খাওয়া [দাঁত] teeth affected with caries ছেলেটার দাঁতগুলা গাড়োরে খায়্যা--ছেলেটার দাঁতগুলো পোকায় খাওয়া (পুরুলি ১১)

**গাড়োল্[১] gaɾol** বি বড় কান বিশিষ্ট ভেড়া [ছোট কান বিশিষ্ট হলে, তাকে ভ্যাড়া-ই বলে] long eared sheep (চব্বিশ ৮)

**গাড়োল্[২] gaɾol** বি নির্বোধ having no ability for any work, not in working order, unserviceable, useless (মুর্শিদা ১৯)

**গাঁড়োল্ লাগা gãɾol laga** ক্রি গরুর লেজের গোছের লোম উঠে যাওয়া to fall hair of cow-tail (বাঁকুড়া ৭)

**গাড়োহা নামাইয়াছে gaɾoha namaĭache** বিণ [মুখে মেঘ নেমেছে] মেঘাচ্ছন্ন মুখ darken with huff face (বীরভূ ৯)

**গাড়োহামুখি gaɾohamukʰi** বিণ গোমড়ামুখি, হাঁড়িমুখি glum and grave faced woman (বীরভূ ৯)

**গঢ়োন্ gaɾʰon** বি গঠন formation (মুর্শিদা ১৭)

**গাঢুয়া মুখা gaɾʰuʰa mukʰa** বিণ গোমড়া মুখো glum and grave faced man (মুর্শিদা ২৩)

**গা ঢাকা হওয়া ga ḍʰaka hɔŏa** ক্রি সন্ধ্যা হওয়া to become evening এ্যাখুন্ গা ঢাকা হোয়ে গ্যাচে--এখন সন্ধ্যা হয়ে গেছে (হুগলি ১১)

**গা-ঢালানো ga ḍʰalano** বিণ গা জ্বালানো (কথা) unpleasant (word spoken) (বর্ধমা ২২)

**গাঢ়া gaɾʰa** বিণ ঘন deep (মালদা ৯)

**গাঢ়া (সময়) gaɾʰa (sɔmɔĕ)** বি গোধূলি (সময়) evening, twilight (হুগলি ১৯)

**গাঢ়াক্ gaɾʰak** বি খুচরো খরিদ্দার retail purchaser (পদিনা ১১)

**গাত্[১] gat** বি গাদ [গুড় বা চিনি অল্প জল সহযোগে কড়াইতে জ্বাল দেবার সময় কড়াইয়ের ধারে একপ্রকার গেঁজা বা ময়লা দেখা যায়] scum (that rises at the time of boiling sugar or molasses) (চব্বিশ ২৬)

**গাত্[২] gat** বি শরীর বা দেহ the body (জলপা ১)

**গাত্-কাপ্ড়া নেয়া gat kapɾa nea** ক্রি কিশোরীর বয়ঃসন্ধিতে প্রবেশ করা to be grown-up or to attain adalescence period of a girl মোর্ বেটি গাত্-কাপ্ড়া নিসে—আমার মেয়ে বয়ঃসন্ধিতে প্রবেশ করেছে (কোচবি ৫) < তু গায়ে কাপড় নেওয়া

**গাত্থাড়া gatthaɾa** বি থোড় the spathe of banana tree before it shoots from the stem (জলপা ৩)

**গাত্থোর্ gatthor** দ্র গাত্থাড়া (জলপা ৪ পদিনা ১১)

**গাত্রা gatra** দ্র গাত্থাড়া (কোচবি ৬, ৭)

**গাতক্ gatɔk** বি গায়ক a singer (পদিনা ১০)

**গাতা gata** ১ ক্রি গাঁথা to string গুনার নাখান্ চাকাতি চাকাতি কোরি গাতা থাকে—[চন্দ্রহার] তারের মতন গোল গোল করে গাঁথা থাকে (কোচবি ৪) ২ বি দল [বড় কাজের জন্য গঠিত ঐক্যবদ্ধ দল। প্রান্তিক কৃষকরা ঐক্যবদ্ধ হয়ে যৌথ উদ্যোগে চাষ করে। আবার কিছু কিছু কৃষি-মজুর আছে যারা দলবদ্ধভাবে কাজ করে। তারা জমির মালিকের কাছ থেকে কাজ ফুরোন করে নেয়। এজন্য যে অর্থ তারা পায় তা নিজেদের মধ্যে ভাগ করে নেয়। একই দিনে একাধিক মালিকের কাজ তারা করে দেয়। দিন-রাত কাজ করে কাজটি তারা শেষ করে দেয়] a party of agricultural labourers working on contract as a unit (মেদিনী ১৫) ~ **ঘর**—গুলি খেলার গর্ত the hole pocket in the game of marble (মেদিনী ৮)

**গাঁতা[১] gãta** ১ দ্র গাতা ২ (চব্বিশ ১১ নদিয়া ৫ মুর্শিদা ৯ হুগলি ১৯) আমরা গাঁতায় কাজ করি—আমরা দলবদ্ধভাবে কাজ করি (বাঁকুড়া ১১ হাওড়া ১, ৮) ~ **বাড়ি** দ্র গাতা ২ (চব্বিশ ১) ২ বিণ ঝাঁক a flock এ্যাক্ গাঁতা পাখি—এক ঝাঁক পাখি (মেদিনী ২০)

**গাঁতা[২] gãta** বিণ ১ গরুর গায়ের বিশেষ অংশ [গরুর পিছনের পায়ের ঊর্ধ্বাংশ থেকে পৃষ্ঠ-সংলগ্ন কোমরের চওড়া অংশকে বলা হয় 'গাঁতা'] a part of the body of a cow (চব্বিশ ৮) ২ মাছের পিঠ অংশ the slice of a flat fish (নদিয়া ৫ হুগলি ১০, ১২)

**গাঁতি[১] gãti** বি এক প্রকার ধান [নিচু জলা জমিতে এই ধান ভাল হয়] a type of paddy grown in the low marshy land (চব্বিশ ১১)

**গাঁতি[২] gãti** বি গাঁইতি crowbar (বাঁকুড়া ১৫, ১৬ মেদিনী ২৪, ২৭, ৩৪) ~ **কোদাল gãti kodal** বি এক প্রকার সরু কোদাল a kind of spade of small width (হুগলি ১) ~ **জাল্ gãti jal** বি মাছ ধরার জাল [সরু সুতোর ছোট ছোট ফাঁসে তৈরি এই জাল সাধারণত হাত তিনেক চওড়া ও পঁচিশ-ত্রিশ হাত লম্বা হয়। পুকুরের এক

গাঁতি কোদাল

পাড়ে জালটির এক প্রান্ত, অপর পাড়ে অপর প্রান্ত ছোট কাঠিতে বেঁধে কাদামাটিতে পুঁতে রাখা হয়। জলে জালটি ঝুলতে থাকে। জালের চওড়া দিকের এক প্রান্তে ছোট ছোট শোলার টুকরো বাধা থাকে। এই দিকটির ঊর্ধ্বভাগ—জলে ভাসে। অপর দিকে পোড়ামাটির ছোট ছোট 'কাঁটি'—যা অনেকটা কবচের মতো, বাঁধা থাকে। এই দিকটি জালের নিচের দিকে থাকে। জালটি পুকুরে এইভাবে বিছানোর পর গোটা পুকুরের জল হাতের সাহায্যে আওয়াজ করে নাড়াচাড়া করে। মৌরলা মাছ এই জালের ফাঁদে গেঁথে যায়। পরে জালটি তুলে মাছ সংগ্রহ করা হয়। গাঁতি জাল দুই প্রকারের—সাধারণ গাঁতি ও টানা গাঁতি। মৌরলা মাছ ধরার যে জালের বর্ণনা দেওয়া হয়েছে তা সাধারণ গাঁতি জালের। টানা গাঁতি জালের ধরনটা একটু পৃথক। সেই জালের আকৃতি অনেকটা নৌকার মতো। তবে তাতে মৌরলা ছাড়াও পুঁটি প্রভৃতি ছোট ছোট মাছ পড়ে। সেই জাল জলে টানতে হয়] a kind of fishing net (হাওড়া ১, ৩, ৮ হুগলি ৯)

**গাতিত্ দেয়া gatit dea** ক্রি বোনা, গাঁথা to weave, to knit জাল্ গাতিত্ দেচ্চে—জাল বুনছে (কোচবি ৪)

**গাতে-আহি gate-ahi** বিণ অন্তঃসত্ত্বা pregnant (পুরুলি ২)

**গাতো gato** বি গর্ত a hole দ্র গাড়্হা[১] (মেদিনী ১৮)

**গাতোক্ gatok** দ্র গাতক্ (পদিনা ৭, ১০, ১২)

**গাতোর্ gator** দ্র গাত্[২] গাতোর্ কুঁড়ছি—গা চুলকাচ্ছি (পদিনা ২)

**গা তোল্ তোল্ করা ga tol tol kɔra** ক্রি গা বমি বমি করা to have nausea, to feel queasy (মেদিনী ২৭, ২৮, ৩৫)

**গা তোল্পাড়্ করা ga tolpaɾ kɔra** দ্র গা তোল্ তোল্ করা (হাওড়া ১, ৮ হুগলি ৫)

**গাত্র হোলিদা gatrɔ holida** বি গায়ে হলুদ [হিন্দু বিবাহের একটি প্রারম্ভিক অনুষ্ঠান] the Hindu ceremony of besmearing the bridegroom and the bride



গাঁথা[২]

with a paste of turmeric and then bathing them on the eve of their wedding (পদিনা ৬) < গাত্রহরিদ্রা

**গাথা যাওয়া gat$^{h}$a jaŏa** ক্রি ফুটে যাওয়া to be pierced কাটাটা জিভার্ মদ্‌ধে গাথা গেছে—কাঁটাটা জিবে ফুটে গেছে (পদিনা ৯)

**গাঁথা[১] gãt$^{h}$a** বি কাঁথা a cotton wrapper or bedsheet made of patchwork (চব্বিশ ১৯ মেদিনী ২, ৬, ২৬)

**গাঁথা[২] gãt$^{h}$a** বি তীরের ফলা an arrow-head (বর্ধমা ৪)

**গাঁথুনি gãt$^{h}$uni** বি বিনুনি a pigtail plait তু আমার্ চোল্‌টো গাঁথুনি কোরে দে—তুই আমার চুলটা বিনুনি করে দে (বীরভূ ৭)

**গাথুর্ gat$^{h}$ur** বিণ নাদুস্‌নুদুস্ roly-poly (বাঁকুড়া ৭)

**গাঁথুল্ gãt$^{h}$ul** দ্র গাথুর্ গাঁথুল্ ছেলিয়া—নাদুস্‌নুদুস্ ছেলে (বাঁকুড়া ১)

**গাথুল্-গুথুল্ gat$^{h}$ul-gut$^{h}$ul** দ্র গাথুর্ (বাঁকুড়া ১৪)

**গাথোড়ু gat$^{h}$oɽ** দ্র গাত্‌থাড়া (দার্জিলি ৪)

**গাদ্[১] gad** বি ১ রসের ফেনা [আখ, খেজুর, তাল ইত্যাদি গাছের রস থেকে একদিকে যেমন গুড় তৈরি হয়, অপর দিকে ঐ রস থেকে তাড়ি নামক মাদক তৈরি হয়। রস কড়াইতে বা হাঁড়িতে জ্বাল দেবার সময় ঘন ফেনার সৃষ্টি হয়—অনেকটা হাঁড়িতে ভাত ফোটানোর ফেনার মতো। তখন বর্জ্য পদার্থ হিসাবে হাতা দিয়ে তা ফেলে দেওয়া হয়। অনেকে এই অংশ পৃথক পাত্রে তুলে রাখে—বিশেষত আখের রস জ্বাল দেবার সময়। এই পদার্থ দিয়ে আবার দেশি মদ তৈরি করে। আবার তাল বা খেজুর রস থেকে অনেকে সরাসরি মদ জাতীয় নেশা তাড়ি তৈরি করে। তারা কয়েকদিন যাবৎ রসকে নাড়াচাড়া না করে রেখে দেয়। এতে রস গেঁজে যায় এবং পাত্রের তলায় এক প্রকার দইয়ের মতো পদার্থ পড়ে থাকে, ঐ পদার্থই 'গাদ্'। ঐ 'গাদ্' কোনো রসে মিশিয়ে দিলে দ্রুত তাড়ি হয়ে যায়] scum (নদিয়া ১ পদিনা ১১ পুরুলি ১৭ বর্ধমা ২, ২০ মালদা ৪, ৮ মুর্শিদা ১৫ হাওড়া ১০ হুগলি ৮) ২ পাঁক বা কাদা gluey mud (বীরভূ ৭, ১১, ১২ মুর্শিদা ৩, ১০) ৩ এক প্রকার হলদে রঙের মাটি [কুমোরের তৈরি হাঁড়ি-কলসি প্রভৃতিতে এই রং-মাটি কাঁচা অবস্থায় মাখানো হয়। বনের ধারে বা খালের ধারে এই মাটি পাওয়া যায়] a kind of yellowish clay used by a potter as a coating (বাঁকুড়া ৯)

**গাদ্[২] gad** বি দাগ a tick, a mark (মেদিনী ৫, ২৫) বর্ণবিপর্যয়

**গাদ্[৩] gad** বিণ জড়ো, জমায়েত stack গাদ্ কোরে রাখ্—জড়ো করে রাখ (বীরভূ ১১, ১৪) ~ **করা** ক্রি জড়ো করা to assemble stack খড় গাদ্ করা রোইচে—খড় গাদা করা রয়েছে (মুর্শিদা ৩ মেদিনী ৭) তু গাদা

**গাঁদ্ gãd** দ্র গাদ্[১] (বর্ধমা ১৪ মুর্শিদা ৫, ১৬)

**গাদ্‌ড়া[১] gadɽa** দ্র গাদ্[২] (মালদা ৪)

**গাদ্‌ড়া[২] gadɽa** বি, বিণ সদ্য-প্রসূতা গাভীর দুধ [সাধারণত প্রসব হওয়ার ২১ দিন পর পর্যন্ত ঐ গাভীর দুধ বাছুর ব্যতীত কেউ খায় না। এই দুধ খুব ঘন এবং ঈষৎ গন্ধযুক্তও হয়] the milk of a cow recently delivered of a calf (বীরভূ ৭, ৮, ১১, ৩৩)

**গাদ্‌দি gaddi** বি কামারশালের যে জায়গায় বসে কামার কাজ করে the place of a smithy where the blacksmith sits and works (মালদা ১) তু গদি

**গাদ্‌দোস্ gaddos** বি ঋতুস্রাব menstruation গাদ্‌দোস্ হচ্ছে—ঋতুস্রাব হচ্ছে (মেদিনী ২৭)

**গাদ্‌না[১] gadna** বিণ স্তূপীকৃত piled up ধান্‌গা গাদ্‌না আছে, কুঁকড়াটা দুই গোড়ে দাব্‌ড়ি দ্যায়টে—ধানগুলো গাদা করা আছে, মুরগিটা দুই পায়ে ছিটিয়ে দিচ্ছে (বাঁকুড়া ১৩ মেদিনী ২০)

**গাদ্‌না[২] gadna** বি গলা neck (পদিনা ৯) < গর্দান

**গাদ্‌পারা (চা) gad para (ca)** বিণ গাঢ়-তলানি যুক্ত (চা) [ঘন চা—যার ময়লা তলানি স্তর কাপের তলায় পাওয়া যায়] (tea) with a thick and dirty dregs (বর্ধমা ৩, ৯)

**গাদ্‌রা[১] gadra** দ্র গাদ্‌পারা (হুগলি ৫)

**গাদ্‌রা[২] gadra** দ্র গাদ্‌ড়া[২] (পুরুলি ৮ বর্ধমা ১০ বাঁকুড়া ৫, ১৮ বীরভূ ২, ৮, ১০)

**গাদ্‌রানি gadrani** দ্র গাদ্‌ড়া[২] (মুর্শিদা ১৭)

**গাদ্‌লা[১] gadla** দ্র গাদ্‌ড়া[২] (হাওড়া ২ হুগলি ৫, ৯, ১৯)

**গাদ্‌লা[২] gadla** বি এক প্রকার কাঁথা [এই কাঁথার ভিতর ছেঁড়া ন্যাকড়া, কাপড়-চোপড় ইত্যাদি থাকে। ফলে কাঁথাটি খুব মোটা হয়] a thick cotton wrapper (মালদা ২ মুর্শিদা ১৯, ২৩)

**গাদন্ gadɔn** বি প্রহার, মার a beating গাদন দে—মার দে (মুর্শিদা ১৫)

**গাদা[১] gada** বি লাঙলের অংশ বিশেষ [লাঙলের এই অংশে ইশ্ লাগানো থাকে। এর নিচে থাকে ফাল এবং উপরে থাকে মুঠি। এটি পৃথক একটি কাঠে তৈরি হয়] a part of the plough (বর্ধমা ৫ মালদা ১, ৩, ১০ মুর্শিদা ৯, ১১, ২১)

**গাদা[২] gada** সর্ব অনেক, প্রচুর plentiful (নদিয়া ৯ পুরুলি ৯ বর্ধমা ২, ২২ মেদিনী ২৫) গাদা লোক্ এইচে দেক্‌চি—প্রচুর লোক এসেছে দেখছি (হাওড়া ১, ৮)

**গাদা[৩] gada** বি গোড়ালি the ankle ঠ্যাঙের গাদা—পায়ের গোড়ালি (কোচবি ৪)

**গাদা[৪] gada** বি চারা গাছ a sapling (জলপা ৭)

**গাদা[৫] gada** বি আস্তাকুঁড় a dustbin (মেদিনী ৭ হুগলি ১৫)

**গাদা[৬] gada** ক্রি পোঁতা to penetrate, pierce (বর্ধমা ১৮, ২৬ বাঁকুড়া ১৮ বীরভূ ৫) ঠেঙাটা গেদে দে—লাঠিটা পুঁতে দে (বর্ধমা ১৮)

**গাদা[৭] gada** বি স্তূপ, জড়ো a heap (নদিয়া ৪, ১০ বর্ধমা ২ হাওড়া ২, ১০) ধান্‌গুলো গাদা কোরে দে—ধানগুলো জড়ো করে দে (নদিয়া ১০) ~ **করা** ক্রি দ্র গাদ্[৩] (নদিয়া ৪) ~ **দেওয়া** ক্রি শৃঙ্খলিতভাবে স্তূপীকৃত করা to stack in an orderly way (বর্ধমা ২)

**গাদা[৮] gada** দ্র গাঁতা[২] ২ (মুর্শিদা ২২)

**গাদাগুমা gadaguma** বিণ উপর্যুপরি সন্নিবিষ্ট crowded in a mass পোকাগুলো গাদাগুমা হয়্যে আছে—পোকাগুলো উপর্যুপরি সন্নিবিষ্ট হয়ে আছে (পুরুলি ১৩)

**গাদাগুমা পিঠা gada guma pit$^h$a** বি এক প্রকার পিঠে [চালগুঁড়ি, নারকেল কোরা, তালের মাড় একত্রে একটু নরম করে মাখতে হবে। এটি হলো গোলা। এবার কড়াইতে রেখে একটু গরম করে নিতে হবে। আটা-মাখার মতো পিণ্ড বা তালের মতো হলে অন্য একটি কড়াইতে কলাপাতা পেতে তার উপর এইটি ঢালতে হবে এবং উপরে পাঁচ-ছয়টি কলাপাতা চাপা দিতে হবে। এবার কড়াই উনানে চাপিয়ে অল্প আঁচ দিতে হবে। ঘুঁটের আঁচ দিলেই হবে। ঘন্টা দুই পরে নামিয়ে রেখে দিতে হবে। রাত্রে তৈরি করলে সকালে কেটে খেতে হবে। অর্থাৎ তৈরি হওয়ার ঘন্টা সাত-আট পরে খেতে হয়] a kind of sweet pie prepared with rice powder coconut and the juice of the palmyra-fruit (মেদিনী ৩৪)

**গাদাড়ি পড়া gadaɽi pɔɽa** ক্রি থুবড়ে পড়া to fall upside down মুক্ গাদাড়ি পড়ে গ্যালো—মুখ থুবড়ে পড়ে গেল (বীরভূ ৮)

গাদা[১]

**গাদা দিয়ে পড়া gada die pɔɽa** ক্রি ডিগবাজি খেয়ে পড়া tumble down (বাঁকুড়া ১)

**গাদানা gadana** ক্রি গাঁথা to lay (মেদিনী ২৫)

**গাদানো gadano** দ্র গাদ[৩] করা মাটিগুলো গাদানো হোলো—মাটিগুলো স্তূপীকৃত করা হলো (মেদিনী ২০)

**গাদা পিটাপিটি খ্যালা gada piṭapiṭi k$^h$æla** বি এক প্রকার গ্রামীণ খেলা a kind of rural game (বাঁকুড়া ১৩)

**গাদাম্ গুদুম্ (হাঁটা) gadam gudum (hãṭa)** ক্রিবিণ থপ্‌থপ্ করে হাঁটা to walk giving out a thudding noise, staggering লোকটা গাদাম্-গুদুম্ কোরে হাঁটছে—লোকটা থপথ্প করে হাঁটছে (পদিনা ৯)

**গাঁদামোনি (শাক্) gãdamoni (ʃak)** বি একপ্রকার শাক [এটি সজিনা শাকের সঙ্গে মিশিয়ে লঙ্কা পিঁয়াজসহ ভেজে খায়] a kind of vegetables/edible plant (চব্বিশ ১৪)

**গাদাল্[১] gadal** বি ভিড় বা জমায়েত crowd মেয়েছেলের গাদাল্—মহিলাদের জমায়েত (বর্ধমা ৯ বীরভূ ১১) তু এক গাদা

**গাদাল্[২] gadal** বি আখ গাছের শুকনো পাতা dried leaves of sugarcane (নদিয়া ৭)

**গাদা লাঠি খ্যালা gada laṭ$^h$i k$^h$æla** বি গ্রামীণ রাখাল বালকদের একপ্রকার খেলা [রাখাল বালকদের হাতে সাধারণত হাতখানেক লম্বা একটি করে লাঠি থাকে গরু চরানোর জন্য। ঐ লাঠি দিয়ে তারা এই খেলাটি খেলে। কয়েকজন রাখাল একত্রিত হয় কোনো পুকুর-ডোবার পাশে—যেখানে কাদা পাওয়া যায়। এবার তাদের মধ্যে প্রতিযোগিতা হয় দূর থেকে ঐ লাঠি ছুঁড়ে কাদায় গাঁথার। যার লাঠি ভালভাবে গাঁথে না সে হেয় প্রতিপন্ন হয়] a kind of folk-game of cow-boys (বীরভূ ১১)

**গাদি[১] gadi** দ্র গাদা[৭] (চব্বিশ ৪ মুর্শিদা ১০ মেদিনী ৫ হুগলি ৬)

**গাদি[২] gadi** বি প্রবল, প্রচুর excessive (মেদিনী ২৫)




গাদি খ্যালা

**গাদি**[৩] **gadi** বি সানাইয়ের সামনের দিকের পিতলের অংশ the brazen front portion of *Sanai*—a kind of wooden wind-instrument (জলপা ৫, ৭)

**গাদি**[৪] **gadi** বি গোবর [প্রখর রোদ লেগে সর্দিগর্মি হলে নাক দিয়ে রক্ত পড়ে। তখন 'গাদি' নিয়ে নাকের সামনে ধরে খুব জোরে নিশ্বাস নিতে হয়। এতে রক্ত পড়া থামে] the cowdung (মেদিনী ২৫)

**গাদি**[৫] **gadi** বি মন্দির [কেবলমাত্র শিবমন্দিরকে মন্দির বলে, অন্য দেবমন্দিরকে গাদি বা ঠাকুরতলা বলা হয়] a temple (বর্ধমা ৭)

**গাদি**[৬] **gadi** বি গদি, তোশক mattress (কোচবি ২)

**গাদি খ্যালা gadi k$^h$ælɑ** বি একপ্রকার গ্রামীণ খেলা [এটি ছেলেদের প্রাঙ্গণের খেলা। দুইদলে সমান সংখ্যক খেলোয়াড় থাকে। প্রতিদলে কমপক্ষে তিনজন। ছক-অনুসারে অ, আ, ই দানপক্ষ ১নং ঘর থেকে খেলা শুরু করবে। ক, খ, গ বিরোধীপক্ষ ছকের নির্দিষ্ট পথেই যাতায়াত করবে। দানপক্ষের কাজ হলো কেউ ২নং, কেউ ৩নং ঘরের মধ্যে যাবে। তবে তাদের তখন যদি 'ক' বা 'গ' কেউ ছুঁয়ে দেয় তবে তাদের দান চলে যাবে। এজন্য তারা খুব সন্তর্পণে বের হবে। যে ২নং ঘর দিয়ে বের হবে সে ৪, ৬, ৫, ৩ ঘর অতিক্রম করে ১নং ঘরে প্রবেশ করলেই একটা 'গজ্' বা 'গাদি' অর্থাৎ গেম হয়ে গেল। তবে সে যখন 'গজ্' দেবে তখন তার দলেব কেউ যেন ঐ ১নং ঘরে না থাকে। যে খেলোযাড় ৩নং ঘর দিযে বের হবে সে ক্রমান্বয়ে ৫, ৬, ৪, ২ ঘর হয়ে ১নং ঘরে প্রবেশ করবে 'গজ্' দেবার জন্য। ছক-অনুসারে 'খ' খেলোয়াড়ও দানপক্ষের যে-কোনো খেলোয়াড়কে ছুঁয়ে মোর করে দিলে দানপক্ষের দান চলে যাবে। এই খেলায় যে-পক্ষ যত বেশি 'গজ্' দিতে পারবে তারাই জয়ী বলে গণ্য হবে] a kind of rural game (চব্বিশ ৩৭ মেদিনী ২৮ হুগলি ১৬)

**গাদি দিয়া gadi diɑ** ক্রি পুঁতে দেওয়া to drive into বাঁস্‌টা গাদি দিলাম—বাঁশটা পুঁতে দিলাম (বাঁকুড়া ৬)

**গাঁদি পোকা gãdi pokɑ** বি ১ বাদলে পোকা [পিঁপড়ের মতো দেখতে, বর্ষাকালে মাটির নিচে থেকে বের হয়] a kind of insect born or found in the rainy season (নদিয়া ৪) ২ ধানগাছের এক প্রকার পোকা [এই পোকা কচিধানের দুধ খেয়ে ধান নষ্ট করে দেয়] an insect found on the paddy (বর্ধমা ৫)

**গাদিম্ gadim** ক্রিবিণ ধীর slow এ খুব্ গাদিম্, বড় মাঠুর্ কাজ করে—এ খুব ধীর, খুব মন্থর গতিতে কাজ করে (মেদিনী ৩৪)

**গাদি মেরে বসা gadi mere bɔsɑ** ক্রি ঠেস দিয়ে বসা to sit leaning against something (মুর্শিদা ১৯)

**গাদিয়া gadiɑ** বিণ ঝাঁক, প্রচুর a flock, plentiful গাদিয়া পাখি উড়ে যাচ্ছে—(এক) ঝাঁক পাখি উড়ে যাচ্ছে (মেদিনী ৩৩) তু গাদা [—প্রচুর]

**গাদিয়ে gadie** ক্রিবিণ খুবই, অনেক too much পখুর্‌টা গাদিয়ে খাল্ আছে—পুকুরটা খুবই গভীর আছে (বাঁকুড়া ১২)

**গাদিয়্যে বসা gadiɛ bɔsɑ** ক্রি জাঁকিয়ে বসা [আরাম করে একটু বেশি জায়গা নিয়ে বসা] to sit comfortably (বাঁকুড়া ৫)

**গাঁদিলা gãdilɑ** বি শিয়াল কাঁটা [এক প্রকার গুল্ম] a wild thorny plant, agremone mexicana (উ অ) (মালদা ১ মুর্শিদা ২)

**গাঁদি লাগা gãdi lagɑ** ক্রি ভিড় লাগা (মাছের) to be crowd in (of fish) জলে মাছের গাঁদি লেগেছে—জলে মাছের ভিড় লেগেছে (বাঁকুড়া ১০)

**গাদে gade** বিণ অনেক numerous, plentiful (বর্ধমা ৮ বাঁকুড়া ৭) উ পালটায় গাদে গোরু আছে—ঐ পালে অনেক গরু আছে (বাঁকুড়া ৭)

**গাদে বসা gade bɔsɑ** ক্রি আসনপিঁড়ি হয়ে বসা to squat লোক্‌টা গাদে বসেছে—লোকটা আসনপিঁড়ি হয়ে বসেছে (পুরুলি ৯) দ্র গাদিয়্যে বসা

**গাদ্যে gadɛ** দ্র গাদে আমি গাদ্যে ভাত খাইচি—আমি অনেক ভাত খেয়েছি। গাদ্যে লোক জোমিছে—প্রচুর লোক জমেছে (বাঁকুড়া ১২)

**গাদোড়্ gadoɽ** বিণ ডাঁশা [পাকার পূর্বাবস্থা] incompletely ripened গাদোড়্ আম—ডাঁশা আম (পুকলি ৯, ১২)

★ **গা দোদুর্‌চানো gɑ dodurcɑnɔ** ক্রি গা রগড়ানো to rub or massage one's body গা দোদুর্‌চি—গা রগড়াচ্ছি (বর্ধমা ৯)

**গাদোন্ খ্যালা gadon k$^h$ælɑ** দ্র গাদি খ্যালা (চব্বিশ ৩৬)

**গাদোল্ খ্যালা gadol k$^h$ælɑ** দ্র গাদি খ্যালা (পদিনা ১০, ১৪)

**গাধ্ড়া gad$^{h}$ɽa** দ্র গাদ্ড়া[২] (পুরুলি ৯ বাঁকুড়া ১, ৭ মেদিনী ২৯) ~ পিঠা বি গাধ্ড়া দুধের ক্ষীরের পিঠা a kind of sweet pie (পুরুলি ৩)

**গাধ্না gad$^{h}$na** বি ঘাড়, গলা, কাঁধ neck, throat, shoulder (জলপা ৫, ৯ দার্জিলি ১, ২, ৩ পদিনা ২)

**গাধ্লি gad$^{h}$li** দ্র গাঁথা[১] (জলপা ৯)

**গাঁধ্লে gãd$^{h}$le** দ্র গাঁদিলা (মুর্শিদা ৯)

**গাধই gad$^{h}$ɔi** অসক্রি গা ধুতে বা স্নান করতে to taking bath নদিয়ে গাধই জামু--নদীতে গা ধুতে যাব। নদিয়ে গাধেই জাইথুপু--নদীতে স্নান করতে গিয়েছিলাম (মেদিনী ৮)

**গাধা[১] gad$^{h}$a** বি লাঙলের অংশ বিশেষ [লাঙলের ফাল যে-কাঠে আটকানো থাকে] a part of the plough (নদিয়া ১ মুর্শিদা ১৮)

**গাধা[২] gad$^{h}$a** বিণ গালি বিশেষ [যে অপরিষ্কার ও নোংরায় থাকতে ভালবাসে তার প্রতি প্রযোজ্য গালি] a kind of abusive word to attack a dirty person (বাঁকুড়া ১৫, ১৮)

**গাধা পুন্ gad$^{h}$a pun** বি একপ্রকার শাক [ছোট গোলাকার পাতা, পাতাগুলো একটু মোটা ধরনের। পুনর্ণবা নামে প্রচলিত] boerhaavia, diffusa, a kind of spinach (উ. অ) (মুর্শিদা ২০)

**গাধাড়ি gad$^{h}$aɽi** বি তাড়ি তৈরির হাঁড়ি [তাড়ি করার জন্যই যখন খেজুর গাছের রস আহরণ করা হয় তখন যে-কলসিতে রস সংগ্রহ করা হয় সেই কলসিতে নানা প্রকার গাছের শিকড় (বাখর)--যা মাদকতা বৃদ্ধি করে, পূর্ব থেকেই রাখা হয়। এই হাঁড়িকেই বলা হয় 'গাধাড়ি'] an urn shaped clay pot used to prepare arrack (বাঁকুড়া ১২) তু গাদ্[১] + হাঁড়ি

**গাধি gad$^{h}$i** দ্র গাদিয়ে গাধি চাঁড়ে কাজ কোরছে--খুব তাড়াতাড়ি কাজ করছে (মেদিনী ১৩)

**গাঁধি (পোকা) gãd$^{h}$i (poka)** বি গন্ধ পোকা a kind of cornfly, rice bug (জী. অ) (মুর্শিদা ২৩)

**গাঁধি লাগা gãd$^{h}$i laga** ক্রি (মাছের) একপ্রকার অসুখে আক্রান্ত হওয়া to be suffering from a kind of disease (of fish) (পুরুলি ৯)

**গাধিলি gad$^{h}$ili** দ্র গাধ্লি (জলপা ৭)

**গাধিল্যা gad$^{h}$ilæ** দ্র গাঁদিলা (মুর্শিদা ১৯)

**গা-ধুবা ga-d$^{h}$uba** ক্রি স্নান করা to bathe ছাওয়াটা গা-ধুবা নাগেচে--ছেলেটা স্নান করছে। উয়ার গা-ধুবার গিচে--সে স্নান করতে গেছে (জলপা ২) গা-ধিয়ে আসা--স্নান

গাধাড়ি

করে আসা (মুর্শিদা ১৯) গা-ধুবার গেল্--স্নান করতে গেল (জলপা ২)

**গা-ধুয়া ga-d$^{h}$ua** দ্র গা-ধুবা (মেদিনী ১৬, ২০, ২২)

**গা-ধোয়া ga-d$^{h}$oa** দ্র গা-ধুবা (চব্বিশ ৪ বর্ধমা ১৯ মেদিনী ১৮, ১৯, ২০) [সাধারণভাবে গলা পর্যন্ত জলে ডোবানো অবস্থাকে বলা হয় গা-ধোয়া, কিন্তু আপাদমস্তক ডুবে স্নান করাকে বলে 'ডুব্-গা ধোয়া'] (বর্ধমা ২)

**গা-ধুবানি ga-d$^{h}$ubani** দ্র গা-ধুবা (চব্বিশ ১৪)

**গান্চা ganca** বি গামছা a napkin (নদিয়া ৯)

**গান্ছা gan$c^{h}$a** দ্র গান্চা (জলপা ৭ পদিনা ১৪)

**গান্জ্ ganj** বি শ্যাওলা বা ঐ জাতীয় জলজ আগাছা lichen, mass or such type aquatic weed এই পোকুরে খুব গান্জ, গা ধো যাবে না--এই পুকুরে খুব শ্যাওলা স্নান করা যাবে না (বীরভূ ১)

**গান্জা ganja** বি ১ গাঁজা [নেশার দ্রব্য] the female flowering cops of Indian hemp, ganja, cannabis sativa (উ. অ.) (কোচবি ১ জলপা ৭ পুরুলি ৩) ২ কোমরে টাকা--পয়সা রাখার থলি a tubular purse made of cloth (পুরুলি ৭)

**গান্জানো ganjano** ক্রি অতিরিক্ত পরিমাণে খাওয়া to garmandize, to stuff or gorge oneself with food to the full উয়ায় গান্জাইশে--সে খুব বেশি পরিমাণে খেয়েছে (জলপা ৭)

**গান্জি[১] ganji** বি গেঞ্জি guernsey (জলপা ৩, ৪, ৯ দার্জিলি ১, ৩, ৪ পদিনা ১১ মালদা ৩ মেদিনী ১১, ২৯, ৩৩)

**গান্জি[২] ganji** বি একপ্রকার থলি [আম পেড়ে এই থলিতে রাখা হয়] a kind of bag (পদিনা ১১)

**গান্জি খাওয়া ganji k$^{h}$aõa** দ্র গান্জানো (জলপা ৭)

**গান্জিয়া ganjia** দ্র গান্জা ২ (পদিনা ১১)

**গান্ড্-পিচ্ছা gand pic$c^{h}$a** বি নিতম্ব the hip (মেদিনী ১৮)

গান্‌তারা

**গান্‌ডা gandɑ** বিণ বেঁটে short-statured (বীরভূ ১০) তু গাঁট্টাগোট্টা (চল)

**গান্‌ডি (য়া) gandi(ɑ)** বিণ মোটা (লোক) a fat (man) (হুগলি ১)

**গান্‌ডু gandu** বি বালিশ a pillow (দার্জিলি ৩ পদিনা ১) ~ **য়া** দ্র গান্‌ডু (মেদিনী ২০)

**গান্‌ডু-মুন্‌ডু খাওয়া gandu-mundu kʰaŏɑ** দ্র গান্‌জানো (বর্ধমা ৬)

**গান্‌ডে-পিন্‌ডে gande-pinde** ক্রিবিণ আকণ্ঠ (ভোজন) stuffing or gorging oneself to the full (বর্ধমা ১০, ২০ হাওড়া ১, ৩, ৮) লোকগুলো গান্‌ডে-পিন্‌ডে গিলেছে--লোকগুলো আকণ্ঠ ভোজন করেছে (হাওড়া ১)

**গান্‌তারা gantarɑ** বি ছোট কাঁথা [এইসব ছোট ছোট কাঁথা শিশুর জন্য ব্যবহৃত হয়] a cotton bedsheet made of patch work used to lay down babies (মালদা ৯)

**গান্‌তি ganti** দ্র গাঁতি (বর্ধমা ১৯)

**গান্‌দা gandɑ** বিণ নোংরা dirty (পদিনা ৯) তু গন্ধা (হিন্দি)

**গান্‌দার gandar** বি গায়ক a songster (পদিনা ১)

**গান্‌দারি (ফুল্‌) gandari (pʰul)** বি গাঁদা (ফুল) the Indian marigold (পদিনা ২)

**গান্‌দিয়া তারি gandiɑ tari** দ্র গাধাড়ি (মালদা ৯)

**গান্‌দু gandu** দ্র গান্‌ডু (দার্জিলি ৪)

**গান্‌দেয়ালি gandeali** বি ধারি [মাটির বাড়ির রোয়াক বিশেষ। তবে এই রোয়াক বাড়ির সামনের দিকে থাকে না, দুই পাশে এবং পিছন দিকে থাকে। সাধারণত এই রোয়াক ঢালু করা হয়, মাটির দেয়াল যাতে ধসে না যায় সেইজন্য এই রোয়াক দেওয়া হয়] a declining support of a mud-built house (হুগলি ১৫)

**গান্‌ধারি gandʰari** দ্র গান্‌দেয়ালি (বর্ধমা ১৫)

**গান্‌ধারি শারো gandʰari ʃaro** বি এক জাতীয় শালিক পাখি [এই শালিক সাধারণত নদীতীরবর্তী এলাকাতেই বেশি থাকে] the horn-bill, a riparian bird ; Bank Myna (acridotheros ginginianus--জী অ) (কোচবি ৩)

**গান্‌ধি-চোশা gandʰi coʃɑ** বি কালো চাল বা নষ্ট চাল [অপুষ্টি জনিত কারণে ও পোকা লাগার কারণে অনেক ধানে পুষ্ট ভাল চাল পাওয়া যায় না] the black decomposed rice (পদিনা ১৪) দ্র কাট্‌-পাতান্‌

**গান্‌ধির্‌ (কাপড়্‌) gandʰir (kapɔɽ)** বিণ গায়ের (কাপড়) a wrapper (পদিনা ১০) [গান্ধিজীর গায়ের কাপড়ের সঙ্গে তুলনীয়]

**গান্‌ধিলা gandʰilɑ** দ্র গাঁদিলা (মালদা ১)

**গান্‌না gannɑ** বি কণ্ঠ, গলা the throat (পদিনা ২)

**গান্‌ বলা gan bɔlɑ** ক্রি গান গাওয়া to sing a song উ এ্যাক্‌টা গান বোল্যে দিল--সে একটা গান গেয়ে দিল (বাঁকুড়া ১৮)

**গান্‌ বাড়ি ganbaɽi** বি যে স্থানে যাত্রাগান অনুষ্ঠিত হয় the place for an open-air opera performance (কোচবি ১)

**গান্‌-ময়না gan-mɔĕnɑ** দ্র গান্‌ধারি শারো (মালদা ২)

**গান্‌-সুন gan-sunɔ** বি শ্রোতা a listener (পদিনা ১৩)

**গান্‌সুঁয়্যা gansũæ** বি গুন সূঁচ [চট বা থলি সেলাই করার মোটা সুঁচ] a packing needle (মুর্শিদা ৩)

**গান্‌হা ganhɑ** বিণ পচা rotten (মালদা ৯)

**গানাঘুসা gana gʰusɑ** বি কানাঘুষা secret rumour (হুগলি ১৯)

**গা-নামা ga-namɑ** ক্রি গর্ভস্রাব হওয়া to miscarry (বীরভূ ৭ মুর্শিদা ১৭)

**গানি-পোকা gani-pokɑ** দ্র গাঁধি (পোকা) (পদিনা ২)

**গানুয়া ganuɑ** দ্র গান্‌দার (জলপা ১)

**গানুয়ার্‌ ganuar** দ্র গান্‌দার্‌ (পদিনা ৮)

**গান্ধলে gandʰle** দ্র গান্‌ধিলা (মুর্শিদা ১৮)

**গাপ্‌ gap** বি গভীর জঙ্গল a dense forest (জলপা ৭)

**গাপ্‌ (গাই) gap (gaĭ)** বিণ গর্ভবতী (গাভী) (of the cow) big with young (জলপা ৭)

**গাপ্‌ড়াই ধরা gapɽaĭ dʰɔrɑ** ক্রি জাপটে ধরা to hug, to embrace গাপ্‌ড়াই ধরিন্‌কুর্‌--জাপটে ধরলাম (মালদা ৪)

**গাপ্‌তান্‌ gaptan** দ্র গাপ্‌ (গাই) (কোচবি ২)

**গা-পাক্‌ ga-pak** বি গা-বমি nausea (হুগলি ১২) ~ **দেয়া** দ্র গা তোল্‌ তোল্‌ করা (চব্বিশ ২১, ৩৭ বর্ধমা ২, ৩, ৫, ৬, ২৩ হাওড়া ১, ৮)

**গা-পাগ্‌ ga-pag** দ্র গা-পাক্‌ (হুগলি ১৫)

**গাপুরি gapuri** বি গলকম্বল [গরুর] a dewlap (বর্ধমা ১০)

**গা-পোড়ে করা ga-poɽe kɔra** ক্রি গাফিলতি করা to pracrastinate কাজটা করতে বলছে, গা-পোড়ে করছে —কাজটা করতে বলছে, গাফিলতি করছে (বাঁকুড়া ৭)

**গাফ্-থোড়া gap$^{h}$-t$^{h}$oɽa** দ্র গাত্থাড়া (কোচবি ১)

**গাব্[১] gab** বিণ ১ দ্র গাপ্ (গাই) (কোচবি ৪) ২ দ্র গাদ্ড়া[১] (নদিয়া ১১ বাঁকুড়া ১১)

**গাব্[২] gab** বি ১ এক প্রকার ফল [এই ফল ছেঁচে যে আঠা পাওয়া যায় তা জল-সহ উনুনে জ্বাল দিলে একপ্রকার কষ বের হয়। এই কষ মাছ ধরার জালে মাখানো হয়। এতে জালের সুতো শক্ত টেঁকসই হয়] a kind of fruit (It's, juice is used in coating the strings of a net) (চব্বিশ ১৫ হাওড়া ১) ২ খোল, মাদল ইত্যাদি বাদ্যযন্ত্রের আওয়াজ তোলার জন্য একপ্রকার আঠা [পোড়া লোহার মতো দেখতে এই আঠার সঙ্গে পান্তাভাত মিশিয়ে এই আঠা তৈরি করে] a kind of adhesive used on the musical instruments such as a tom-tom, to make a clear sound (বাঁকুড়া ৩)

**গাব্[৩] gab** বি ১ গর্ত বিশেষ [গ্রামীণ গুলি খেলায় এই গর্তের প্রয়োজন হয়] the muddy pocket in certain games like marble (পুরুলি ৯ বাঁকুড়া ৯) ২ গর্ত ['খাল'ও বলে] (বর্ধমা ১৪)

**গাব্[৪] gab** বি (পিতলের) কলঙ্ক বা দাগ a stain or dross on utensils/metals গাদ ধরা—কলঙ্ক পড়া (বাঁকুড়া ১৮ বীরভূ ১) ~ **খ্যালা gab k$^{h}$æla** বি একপ্রকার গুলি খেলা [খেলার অঙ্গনে একটি ছোট গর্ত (গাব্[৩]) ও ১৫/২০ হাত দূরে একটি সীমারেখা (ঠিক্) থাকে। চার-পাঁচজন খেলোয়াড় এই খেলায় অংশ নেয়। খেলোয়াড়রা সীমারেখার বাইরে থেকে গর্তের দিকে গুলি চেলে দেয়। গর্ত থেকে গুলির দূরত্ব অনুযায়ী খেলোয়াড়ের নামকরণ হয়ে যায়। গর্তের নিকটবর্তী খেলোয়াড়ের নাম 'মীর্', দ্বিতীয় জন 'দো পিল্', তৃতীয় জন 'তে পিল', চতুর্থ জন 'চৌপিল্' এবং পঞ্চম জন 'ফাস্সা'। প্রত্যেক খেলোয়াড়কে অপরের গুলিকে মারতে অথবা গর্তের মধ্যে নিজের গুলি ফেলতে হয়। যে খেলোয়াড় সাতবার এই প্রকার করতে পারে সে 'উঠা' হয়। সাতবারের মধ্যে অন্তত একবার অপরের গুলিকে মারতেই হবে। অর্থাৎ সাতবারই গাব্লির মধ্যে ফেলে 'উঠা' হওয়া যাবে না। একজন খেলোয়াড়ের গুলির সঙ্গে অপর খেলোয়াড়ের গুলির দূরত্ব কমপক্ষে আড়াই হাত হতে হবে। শেষ পর্যন্ত যে 'উঠা' হতে পারে না তাকে বলা হয় 'খেটো'। এই খেটোকে সবাই মিলে শাস্তি দেয়। শেষ-উঠা যে হয়ে গেল, সেই সময় খেটোর

গাব্[২]

গুলি যেখানে ছিল সেখানেই থাকবে। 'উঠা'-খেলোয়াড়রা 'চিক' থেকে পুনরায় নিজ নিজ গুলি চালবে খেটোর গুলির দিকে। এবার তারা একে একে খেটোর গুলিকে মেরে দূরে নিয়ে যাবে। এক একজন ততবারই মারতে পারবে, যতক্ষণ না সে মারতে বিফল হচ্ছে। যেবার সবাই মারতে বিফল হবে সেবার খেটো রেহাই পাবে। তার গুলিটিকে সে গর্তে নিয়ে আসবে। এই আনার পদ্ধতি হলো—এক হাত পিঠে থাকবে, অপর হাতে কান ধরবে। কানে ধরা হাতের কনুই দিয়ে গুলিটিকে ঠেলে ঠেলে আনবে] a kind of rural game with marble (মেদিনী ২৯) ~ **গাহানি gab-gahani** বি মেরামত [মাটির বাড়ির খড়ের ছাউনি দুই-তিন বছরের পুরানো হয়ে গেলে স্থানে স্থানে খড় পচে যায়। এইসব স্থানে নতুন খড় নিয়ে গুঁজে দেওয়ার একটা পদ্ধতি আছে। এটি ছাউনির এক প্রকার মেরামত] to thatch / repair thatch-roofs (মুর্শিদা ১৫) ~ **ঘুঁটুয়া gab g$^{h}$ũṭua** বি একপ্রকার পাথর বা শিল [খোল, মাদল ইত্যাদি বাদ্যযন্ত্রে 'গাব্' ব্যবহারের পূর্বে এই পাথরে তা ভালভাবে পেষাই করা হয়। দ্র গাব্[২]] a stone slab used to press the fruit [of which the juice is coated like an adhesive on the musical instruments] (বাঁকুড়া ৩) ~ **চুনো gab cuno** বি একপ্রকার চুনো মাছ [চৈত্র-বৈশাখ মাসে নদীতে পাওয়া যায়। দেখতে সাদা] a variety of small fish (হাওড়া ৮) ~ **ছোটা gab c$^{h}$oṭa** ক্রি অপরিণত অবস্থায় গরুর মরা বাচ্চা প্রসব করা (of the cow) to mis-carry (মুর্শিদা ১৭)

**গাব্জা gabja** বিণ খাব্লা (গ্রাস) a handful, a mouth-ful এ্যাক্ গাব্জা ভাত মুকে দিয়েই মাটে গ্যাচে—এক খাব্লা (গ্রাস) ভাত মুখে দিয়েই মাঠে গেছে (হাওড়া ৩)

**গাব্ড়া চাল্ gabɽa cal** বি একপ্রকার নিকৃষ্ট মানের চাল [এই চাল অনেকটা লাল রঙের হয় এবং মোটা ধরনের] a kind of redish coarse rice of low standard (মেদিনী ২৯) ~ **দুদ্ gabɽa dud** দ্র গাদ্ড়া[২] (কোচবি

গাব্ভান্ডো

৪ মেদিনী ১৫, ২৯ হাওড়া ৮, ১০ হুগলি ১) ~ **ধান্ gabɾa dʰan** বি আউস ধান [এই ধানের চাল উৎকৃষ্ট মানের হয় না। দ্র গাব্ড়া চাল্] the paddy ripening in the rainy season or in autumn (বীরভূ ৯)

**গাব্ড়াটে (সাদা) gabɾaʈe (sada)** বি, বিণ অনুজ্জ্বল (সাদা) [বহু ব্যবহারের ফলে বা ময়লা হয়ে গেলে যে অবস্থা হয়] off white / due to long use, discoloured (বর্ধমা ২২)

**গাব্ড়ি (যাওয়া) gabɾi (jaŏa)** ক্রি গোলমাল হয়ে যাওয়া, ভণ্ডুল হয়ে যাওয়া to be foiled or spoiled or baffled / upset বিয়েটা গাব্ড়ি গ্যাচে—বিয়ে ভণ্ডুল হয়ে গেছে (হাওড়া ১, ৮) ~ **দিয়া gabɾi dia** ক্রি ডুবিয়ে দেওয়া, চুবিয়ে দেওয়া to immerse, to smear রঙে গোটা গা-টা গাব্ড়ি দিছে—রঙে সারা শরীর চুবিয়ে দিয়েছে (বাঁকুড়া ১৩)

**গাব্ড়ু gabɾu** বি বর a bridegroom (কোচবি ১, ২, ৭) ~ **ফ্যালা gabɾu pʰæla** দ্র গাব্[৪]-ছোটা তুদের্ গোরুগোলান্ গাব্ড়ু ফ্যালাঁয়ছে—তোদের গরুগুলো মরা বাচ্চা প্রসব করেছে (বীরভূ ১১)

**গাব্ড়ে দুদ্ gabɾe dud** দ্র গাদ্ড়া[২] (নদিয়া ১১)

**গাব্থোড়্ gabtʰoɾ** দ্র গাত্ থাড়া (পদিনা ১৩)

**গাব্দা gabda** বিণ খুব মোটা, হৃষ্টপুষ্ট roly-poly (চব্বিশ ২০ হাওড়া ১, ৫, ৮) দ্র গাথুর্

**গাব্দা-গোব্দা gabda-gobda** দ্র গাব্দা (হাওড়া ১)

**গাব্দোর্ gabdor** দ্র গাত্ থাড়া (মালদা ৩)

**গাব্না করা gabna kɔra** ক্রি গণ্ডগোল করা to make a noise (মালদা ৪)

**গাব্না দুদ্ gabna dud** দ্র গাদ্ড়া[২] (বাঁকুড়া ৬)

**গাব্বল্ gabbɔl** বি বগল [বাহুমূলের নিম্নদেশ] the armpit (মালদা ৭)

**গাব্বা gabba** বি পাড়, তীর, কিনারা bank, shore পোখইর্ গাব্বা—পুকুরের পাড় (বর্ধমা ১৩)

**গাব্বাল gabbal** দ্র গাব্বল্ (মালদা ২)

**গাব্বিন্ gabbin** দ্র গাব্[১]১ (পুরুলি ৯)

**গাব্বে gabbe** অসক্রি, ক্রিবিণ খুব জমিয়ে with enthusiasm উ গাব্বে গল্প করচে—সে খুব জমিয়ে গল্প করছে (মুর্শিদা ২৪)

**গাব্ভান্ডো (গাচ্) gabbʰandɔ (gac)** বি ভেরেণ্ডা (গাছ) the castor-oil plant, ricinus communis (হাওড়া ২)

**গাব্ভিন্ gabbʰin** দ্র গাব্[১] (মেদিনী ৩৩)

**গাব্রা (দুদ্) gabra (dud)** দ্র গাদ্ড়া[২] (মেদিনী ১৫, ২৭, ৩৪ হাওড়া ১, ১০)

**গাব্রানি gabrani** বিণ গাঢ় deep (colour) হ্যালাতোর্ রঙটো গাব্রানি—শ্যাপ্লাটার রংটা গাঢ় (বীরভূ ৭)

**গাব্রায় ধরা gabraĕ dʰɔra** ক্রি আঁকড়ে ধরা to hold in a tight grasp or embrace, to embrace (পদিনা ৪)

**গাব্রোরি gabrori** বি গোবর ও জলের মিশ্রণ [সকালে গোবর ও জলের মিশ্রণ দিয়ে মাটির বাড়ির ঘর-দুয়ার নিকানো হয়] a solution of cowdung and water to swab a mud-built room etc. (মালদা ৭)

**গাব্লি gabli** দ্র গাব্[১] (মেদিনী ৩১)

**গাব্লিন্ gablin** বি বালতি a pail (পদিনা ১১)

**গাব্লোক্ gablok** ক্রি গা-ধোয়া to wash (জলপা ১)

**গাব্শানা gabʃana** বি এক জাতীয় মুগুর [খোল, তবলা ইত্যাদি বাদ্যযন্ত্রের মধ্যস্থলে কালো আঠা জাতীয় এক প্রকার পদার্থের মোটা প্রলেপ দেওয়া হয় গোল করে (দ্র গাব্[২])। এই পদার্থটি পাওয়া যায় জঙ্গলে। কালো ভঙ্গুর পাথর এটি। 'লোহা-গু' নামে প্রচলিত। জঙ্গল থেকে এগুলি সংগ্রহ করে শিলে (দ্র গাব্-ঘুঁটুয়া) ফেলে 'গাব্শানা' (মুগুর) দিয়ে গুঁড়ো করা হয়। এরপর পান্তাভাতের সঙ্গে ঐ গুঁড়ো 'গাব্শানা' দিয়ে পেষাই করে বাদ্যযন্ত্রে লাগানো হয়। 'গাব্শানা' নামক মুগুরটি দেখতে অনেকটা মুচিদের জুতোয় পেরেক মারার মুগুরের মতো] a kind of mallet (বাঁকুড়া ৩)

**গাব gabɔ** বি গর্ভ (ধানের) an ear of paddy corn about to be sprouted, green paddy corns filled with seedy karnels to be ripened later (পদিনা ২)

**গাবর্[১] gabɔr** বি গোবর cowdung (হুগলি ১)

**গাবর্[২] gabɔr** দ্র গাব (মালদা ৪)

**গাবর্[৩] gabɔr** দ্র গাব্ছোটা (বীরভূ ১০)

**গাবল্ gabɔl** দ্র গাব্জা নিজে খুব্ তো গাবল্-গাবল্ ভাত খাচ্ছ, আর উদিকে তুমার্ ব্যাটা কি খাচ্চে?—নিজে খুব তো

গ্রাস গ্রাস ভাত খাচ্ছো, আর ওদিকে তোমার ছেলে কি খাচ্ছে? (পুরুলি ৮ বাঁকুড়া ১)

**গাবা**[১] **gaba** বি প্রস্থ (দেওয়ালে) the width of a wall (বাঁকুড়া ৭)

**গাবা**[২] **gaba** বি ১ ঘাট (পুকুর) a landing-stage as on the bank of a pond গোড়ের গাবা--পুকুরের ঘাট (বর্ধমা ৪) ২ পুকুরের কিনারা (বীরভূ ৭) দ্র গাব্‌বা

**গাবা**[৩] **gaba** বি সাক্ষী [মুসলিমদের বিবাহ-ঘটিত লেখাপড়া অর্থাৎ পাটিপত্রে এই সাক্ষীর প্রয়োজন হয়] a witness (পদিনা ২)

**গাবা**[৪] **gaba** দ্র গাব্‌ড়ি দিয়া রঙে গাবি দিল--রং মাখিয়ে ভর্তি করে দিল (বাঁকুড়া ১৩)

**গাবা**[৫] **gaba** বি ১ গর্ত a hole মরে গেলে গাবায় পুঁতে দেবে--মরে গেলে গর্তে পুঁতে দেবে (বীরভূ ৫ হুগলি ১২, ১৬) ২ ডোবা a small pool of water (বর্ধমা ৭) ৩ নিচু জমি a low land (বর্ধমা ২)

**গাবা**[৬] **gaba** বি পুকুর বা নদীর পাড়, কিনারা the bank of a river or a pond (নদিয়া ২, ১০ পুরুলি ৯ বর্ধমা ৬, ৯, ১২, ১৬, ১৮ বীরভূ ৭, ৮, ১১, ১৩ বাঁকুড়া ৬, ৭, ১১, ১২, ১৫ হুগলি ১৯) ~ **জল্ gaba jɔl** বি ঘোলা জল muddy water (বাঁকুড়া ৭) ~ **টাকা gaba ʈaka** বি দ্রব্য বিনিময়ের সামঞ্জস্য করার জন্য যে অতিরিক্ত টাকা দেওয়া হয়। সামঞ্জস্যের জন্য অতিরিক্ত [মনে করা যাক্, 'ক' একটি গরু বিক্রি করবে--তার দাম ২০০টাকা। 'খ' ঐ গরুটি কিনবে। এদিকে 'খ' নিজের একটি গরু ৪০০ টাকায় বিক্রি করবে। 'ক' ঐ গরুটি কিনবে। এজন্য 'ক' ২০০ টাকা দামের নিজের গরুটি 'খ'-কে দেবে এবং অতিরিক্ত ২০০ টাকা দেবে। এই অতিরিক্তকে বলে 'গাবা'] payment of excess amount after an exchange deal (বাঁকুড়া ৮)

**গাঁবা gãba** ক্রি গাড়া, ঢোকানো to drive into দ্র গাচ্‌চা খেলা (মালদা ১১)

**গাবাট্ করে gabaʈ kɔre** অসক্রি ঝপ্ করে quickly গাবাট্ করে ধরে ফেলবে--ঝপ্ করে ধরে ফেলবে (চব্বিশ ২৭)

**গাবাড়্ gabaɽ** বি পাত্রের কানা the brim (of a pot) (কোচবি ৪) .

**গাবা (দুদ্) gaba (dud)** দ্র গাদ্‌ড়া[২] (চব্বিশ ১০ নদিয়া ৫)

**গাবান্**[১] **gaban** বি মাছের ঘাই a noisy stroke on the surface of water made by a large fish with its tail (চব্বিশ ১১)

**গাবান্**[২] **gaban** দ্র গাবা[৬] (হাওড়া ৬)

গাবু[১]

**গাবান্**[৩] **gaban** বি মাছ ধরার একপ্রকার পদ্ধতি [গ্রীষ্মকালে পুকুরের জল যখন প্রায় শুকিয়ে যায়, তখন বহুলোক ঐ জলে নেমে জল ঘোলা করে, প্রয়োজনে জল বাইরে ফেলে দিয়ে সব মাছ ধরে নেওয়া হয়] a system of catching fish আজ্‌কে পুকুরটা গাবান্ হবেক্--আজ পুকুরটার জল ঘোলা করে মাছ ধরা হবে (বাঁকুড়া ৩)

**গাবান্ (জোমি) gaban (jomi)** বিণ নিচু (জমি) low (land) (মেদিনী ১০ হাওড়া ১)

**গাবান gabanɔ** দ্র গাব্‌ড়ি দিয়া হলুদে গাবান ধুতি--হলুদে ডোবানো ধুতি (মেদিনী ৫)

**গাবানি gabani** দ্র গাব্ গাহানি (মালদা ৩)

**গাবানো gabano** ক্রি ১ অতিরিক্ত মাখানো tosmear (oil etc.) more than what is needed তেলে চুল্ গাবানো--অতিরিক্ত তেলে চুল মাখানো (বাঁকুড়া ১৬) ২ অতিরঞ্জন করে বলে বেড়ানো to overstate, to exaggerate খবোর্‌টা নিয়ে সে এ্যাখুন্ গাবিয়ে ব্যাড়াচ্চে--খবরটা নিয়ে সে এখন অতিরঞ্জন করে বলে বেড়াচ্ছে (হাওড়া ১, ৬) মেয়েটা গাবিয়ে গল্প কোর্‌চে--মেয়েটা অত্যধিক গল্প করছে (মুর্শিদা ২৪)

**গাবাল্**[১] **gabal** দ্র গাবা[৫] (হুগলি ১)

**গাবাল্**[২] **gabal** দ্র গাবা[৬] (বর্ধমা ৯, ১২ বাঁকুড়া ১৩ মেদিনী ৩ হুগলি ৫, ১৯)

**গাবি**[১] **gabi** দ্র গাবা[৬] (নদিয়া ১৩)

**গাবি**[২] **gabi** বি বাঁশের তৈরি দরজার [আগড়] একটি অংশ a part of a door made of bamboo (পদিনা ২) দ্র খোড়েই

**গাবি**[৩] **gabi** বি ১ কামাই absence হামার্ গাবি ছিল--আমার কামাই ছিল (মুর্শিদা ২২, ২৩) ২ বেকার without work আজ দিনটা গাবিই গেল--আজ দিনটা বেকার গেল (মালদা ৬)

**গাবি খ্যালা gabi kʰæla** দ্র গাব্ খ্যালা (হাওড়া ৬)

**গাবিন্ gabin** দ্র গাপ্ (গাই) (কোচবি ১, ৪ বাঁকুড়া ৩ মেদিনী ৭ হাওড়া ১, ৮, ১০)

**গাবু**[১] **gabu** বি ১ গ্রাম্য খেলার নির্দিষ্ট ছোট মাপের গর্ত [গুলি খেলায় যে গর্তটি থাকে তা টেনিস বলের আকারের

গাবু খ্যালা

মতো এবং গোল। আবার ডাংগুলি বা ডাং-কড়ে খেলায় যে গর্ত থাকে তা অনেকটা পটলের মতো আকারের] the various types of pockets in the rural games such as marble, tip-cat etc. (বীরভূ ১ হাওড়া ১, ৮) ২ গালের টোল a dimple (বাঁকুড়া ১০)

**গাবু[২] gabu** বি গর্ত ['ঘানি খেলা' নামক খেলার শব্দ বিশেষ] দ্র গাবু খ্যালা (নদিয়া ৯)

**গাবু খ্যালা gabu k$^{h}$æla** বি একপ্রকার গুলি খেলা [সাধারণত চার-পাঁচজন ছেলে প্রাঙ্গণে খেলে থাকে। প্রথমে একে একে দাগ থেকে গুলি চেলে গাবুতে ফেলতে চেষ্টা করে। যে গাবুতে প্রথম ফেলবে সে হবে ১ নম্বর খেলোয়াড়। সে এখন সবার থেকে একটি করে গুলি নিয়ে দাগ-চিহ্ন থেকে গাবুর দিকে হাল্কা করে ছুঁড়ে দেবে। এই ছুঁড়ে দেবার সময় তাকে কয়েকটি কথা মনে রাখতে হয়। দাগ থেকে চিকের দূরত্ব প্রায় দুই হাত এবং চিক্ থেকে গাবুর দূরত্বও প্রায় দুই হাতের মতো। সে যখন দাগ থেকে গাবুর দিকে সব গুলি ছুঁড়ে দেবে, তখন তার পায়ের আঙুল যেন ঐ দাগ স্পর্শ না করে, গুলি ছোঁড়ার পর হাত যেন মাটিতে না ঠেকে, দেহের পশ্চাৎ ভাগ যেন না উঁচু হয় বা না নড়ে। গুলি এমনভাবে ছুঁড়বে তা যেন চিক্ এবং গাবুর মধ্যবর্তী কোনো স্থানে পড়ে, কোনো গুলি যেন চিক্ ও দাগের মধ্যবর্তীতে না পড়ে। এইসব নিয়মের কোনো একটা ব্যতিক্রম করলে তার খেলা বাতিল (উড়িত্) হয়। সব গুলি একত্রে চালার পর কোনো একটা গুলিকে বিপক্ষদের মধ্যে কেউ একজন নির্দিষ্ট করে দেয়। এখন ঐ নির্দিষ্ট গুলিটি ব্যতিরেকে সে অপর গুলির মধ্যে যে-কোনো একটিকে মারবে। এই মারার সময় তাকে সাবধানতা অবলম্বন করতে হয়। প্রথমত ঐ নির্দিষ্ট গুলিকে সে কোনোভাবেই মারবে না, দ্বিতীয়ত অপর গুলিদের মধ্যে কোনো যুগ্ম (জোড়া) গুলিকে মারবে না। যদি এইসব ক্ষেত্রে তার গুলি ঐ দুটি ক্ষেত্রে ব্যর্থ হয় তবে তার খেলা বাতিল বলে গণ্য হবে। খেলোয়াড়টি যখন অপর গুলিদের ছুঁড়ে মারে নিজের একটি পৃথক গুলি দিয়ে, সেই গুলির নাম 'টল্'। আর এই মারার সময় তার নিখুঁত সূক্ষ্ম মার গুলিকে বলা হয় 'ফাইন্ লাগ্'] a kind of rural game with marble (হুগলি ৯)

**গাবুড় gabuɽ** বি বর a bridegroom (কোচবি ১) দ্র গাব্ড়

**গাবুর্[১] gabur** বি যৌবন youth (কোচবি ২, ৩ জলপা ১, ৯, ১০ পদিনা ১ মালদা ৪) ~ **ব্যালা gabur bæla** যৌবন কাল youth (কোচবি ২)

**গাবুর্[২] gabur** বিণ যুবতী young (girl) এই ছুন্ডিটা গাবুর্ হই গ্যালে—এই মেয়েটা যুবতী হয়ে গেছে (পদিনা ৪)

**গাবুরালি gaburali** বিণ যুবতী a young woman (কোচবি ২)

**গাবু রান্না gabu ranna** বি অরন্ধন [ভাদ্র মাসের সংক্রান্তির একদিন আগে অনুষ্ঠিত হয়। দ্র ইচ্ছে রান্না] the Hindu festival of abstaining from cooking observed on the last but before a day of *Bhadra* (হাওড়া ১০)

**গাবুলানো gabulano** ক্রি খাওয়ার ইচ্ছা না থাকা সত্ত্বেও [অগ্নিমন্দ্য] খেয়ে যাওয়ার চেষ্টা করা eating without appetite (বাঁকুড়া ৭)

**গাবুস্ gabus** বি গ্রাস a mouthful ভাতের্ গাবুস্—ভাতের গ্রাস (বাঁকুড়া ১)

**গাবে যাওয়া gabe jaŏa** ক্রি ঘোলা হওয়া to be muddy, turbid গাবে যাবেক্—ঘোলা হবে (পুরুলি ৯)

**গাবে দেওয়া gabe deŏa** ক্রি পুঁতে দেওয়া to drive into (বাঁকুড়া ১০)

**গাবেন্ডা (গাচ্) gabenda (gac)** বি ভেরেণ্ডা (গাছ) the castor-oil plant, Ricinus communis (হুগলি ১৯)

**গাবো gabo** বি খড়ের গাদার মধ্যস্থলের স্তর [খড়ের গাদা তৈরির সময় গাদার কেন্দ্রস্থলে যাতে ফাঁক থেকে না যায়, এজন্য মাঝে মাঝে কেন্দ্রস্থলের ফাঁক ভরাট করার জন্য দুই বা ততোধিক স্তর দেওয়া হয়। এই স্তরই 'গাবো'] a stratum at the middle of hay-stack (পদিনা ৫)

**গাবোছা gaboc$^{h}$a** ক্রি বক্-বক্ করা to talk too much উ গাবোচ্ছে—সে বক্-বক্ করছে (মালদা ৪)

**গাবোড় gaboɽ** ১ দ্র গাব (পদিনা ৬) ২ গাব্[১] ১ ~ **চোলে যাওয়া gaboɽ cole jaŏa** দ্র গাব্[৪] ছোটা (বীরভূ ৮, ১০, ১৪)

**গাবোন্ gabon** দ্র গাব্[১] ১. (বর্ধমা ৫)

**গাঁ ব্যাড়ানি gãbæɽani** বি পাড়াবেড়ানি a stroller who has the habit to stroll between the locality (female) (মালদা ১১)

**গাভ্ড়া gabʰɽa** বি মোটা বিড়াল [পুং] a fat cat (male) (মুর্শিদা ১৭)

**গাভ্ড়াঁই যাওয়া gabʰɽaĩ jaŏa** দ্র গাব্[৪] ছোটা (মেদিনী ২৯)

**গাভ্ড়া পড়া gabʰɽa pɔɽa** দ্র গাব্[৪] ছোটা (মুর্শিদা ১৮)

**গাভ্রা[১] gabʰra** দ্র গাব্[৪] ছোটা (পুরুলি ৯)

**গাভ্রা[২] gabʰra** বি যুবক a youngman (পদিনা ১)

**গাভ্রানি gabʰrani** বি ঘোলা muddy পোখোরের পানিটা খুব গাভ্রানি--পুকুরের জলটা খুব ঘোলা (মুর্শিদা ২) ~ **দুদ্ gabʰrani dud** দ্র গাদ্ড়া[২] (মুর্শিদা ১০)

**গাভ্রি যাওয়া gabʰri jaŏa** দ্র গাব্[৪] ছোটা (বাঁকুড়া ১৬)

**গাভ্রোড়ি gabʰroɽi** বি নেতা [ন্যাতা] a tattered cloth (মালদা ৭)

**গাভ্লিন্ gabʰlin** দ্র গাব্লিন্ (পদিনা ১১)

**গাভা[১] gabʰa** দ্র গাবা[৬] (পুরুলি ৮, ১০ বাঁকুড়া ১, ৭, ১৫ বীরভূ ৯ মুর্শিদা ৩, ১৭)

**গাভা[২] gabʰa** দ্র গাবা[৫] (পুরুলি ১৪)

**গাভা[৩] gabʰa** দ্র গাব (মালদা ১)

**গাভা[৪] gabʰa** বি নিচু জমি a low land (পুরুলি ১১)

**গা-ভাঙা[১] ga bʰaŋa** ক্রি আড়ামোড়া ভাঙা to straighten (চব্বিশ ২০ বর্ধমা ৪, ৬, ২৩ বাঁকুড়া ৭, ১৫ মেদিনী ৬, ১১, ২৮, ৩৪ হুগলি ৫) গা ভাঙ্চে--আড়ামোড়া ভাঙছে (বাঁকুড়া ৭)

**গা-ভাঙা[২] ga bʰaŋa** ক্রি ধান জমিতে তৃতীয় বারের নিড়ানো [ধানের থোড় আসার ঠিক আগে বড় বড় ধান গাছের সারির পাশে বসে দুই হাতে মাটি নিড়ান করা হয়। এতে ধান গাছের পুষ্টি হয় ও ভালো ধান হয়] third weeding process of a paddy-field (মালদা ৪)

**গা-ভারি ga bʰari** বিণ অন্তঃসত্ত্বা অবস্থা pregnant গা ভারি মেয়ে--অন্তঃসত্ত্বা স্ত্রীলোক (মালদা ৪)

**গাভালি gabʰali** বি বালাঞ্চি বা বালাম্চি horse-hair (বাঁকুড়া ৭)

**গাভি[১] gabʰi** বি কামাই absence দ্র গাবি[৩] (পদিনা ১০)

**গাভি[২] gabʰi** দ্র গাবা[৬] (নদিয়া ১০)

**গাভুন্ gabʰun** বিণ গর্ভবতী বা গর্ভশীর্ষ epigynous গাভুন্ ধান--গর্ভবতী ধান (পদিনা ১৫) দ্র গাব

**গাভুর্ gabʰur** বি যৌবন, যুবক, যুবতী youth, young (both man and woman) (পদিনা ৪, ৬, ৯)

গাম্বোল্ গাচ্

**গাভুরারি gabʰurari** বিণ অল্পবয়সী বিধবা a young widow (জলপা ১) < গাবুর্ (যুবতী) + রারি (রাঁড়ী)

**গাম্চা মোড়া ডিজাইন্ gamca moɽa dijain** বিণ রুপোর চুড়ি [বাঁকি চুড়ির মতো দেখতে, একটু মোটা ধরনের] a kind of silver bangel (চব্বিশ ৩৭)

**গাম্ছা gamcʰa** বি বস্ত্রখণ্ড [আর্থিক দুরবস্থার জন্য এখানে ধুতিকে ছোট ছোট করে কেটে নেওয়া হয় এবং গামছার মতো করেই তা পরিধান করে। অবশ্য গামছাকে গামছাই বলে] a piece of cloth used as napkin or vice versa (পদিনা ১৩)

**গাম্ছা-মোড়া (গ্লাস) gamcʰa moɽa (glas)** বিণ দাগ কাটা বা নক্সা করা (গ্লাস) a glass having an artistic design (বর্ধমা ১৪)

**গাম্ছি gamcʰi** দ্র গাম্ছা (পদিনা ৩)

**গাম্টি gamɖʰi** বিণ পুকুরের মধ্যস্থল the middle of a pond পুখুরের গাম্টিতে যাস্ না--পুকুরের মধ্যস্থলে যাস্ না (বীরভূ ৪) < গভীর

**গাম্বোল্ গাচ্ gambol gac** বি ভাট্-পিটুলি trewia nudiflora (উ আ) (চব্বিশ ২১)

**গাম্লা gamla** বি ১ এক প্রকার মাটির পাত্র [গরুকে এই পাত্রে খেতে দেওয়া হয়। এগুলো মাটির মধ্যে গর্ত করে বসানো থাকে] a kind of earthen basin affixed in the ground used as a manger (হাওড়া ১) ২ দ্র গাব্লিন্ [এখানে বালতিকে গাম্লা, ডোল্, বাল্টিং বলে থাকে] (মালদা ৩)

**গাম্লি gamli** বি একপ্রকার হাঁড়ি [একটু চ্যাপ্টা আকারের] a kind of urn shaped and a little flattened pot (বর্ধমা ৯)

**গাম্হার্ gamhar** দ্র গাম্বোল্ গাচ্ [গামারি--দেশলাই কাঠি এই গাছের কাঠ থেকে হয়, কোথাও কোথাও আসবাবও তৈরি হয়] a kind of tree / plant (পুরুলি ১১ মালদা ৯)

গায় ছেকা

**গাম্‌হোড় gamhoɾ** দ্র গাভুন্‌ ধান গামহোড়্‌ হয়ে গেল্‌ছে—ধান গর্ভবতী হয়ে গেছে [থোড় এসেছে] (মালদা ৩)

**গামড়্‌ gamɔɾ** দ্র গাভুন্‌ ধান্‌ গামড়্‌ হোইচে—ধান গর্ভবতী হয়েছে paddy plants have flowered (পদিনা ৫)

**গামাই gamaï** বি শ্মশানবন্ধু one who accompanies or carries a dead body to the crematorium (হাওড়া ১০)

**গামা গাচ্‌ gama gac** দ্র গাম্‌বোল্‌ গাচ্‌ (চব্বিশ ১৯)

**গামা গাড়ু gama gaɾu** বি একপ্রকার স্থলজ কচু a kind of an esculant edible root (মেদিনী ২)

**গামাড়্‌ গাচ্‌ gamaɾ gac** দ্র গামা গাচ্‌ (মালদা ৯)

**গামার্‌ gamar** দ্র গাম্‌হার্‌ (মেদিনী ৮) ~ **জল্‌ gamar jɔl** বিণ গভীর জল deep water (বীরভূ ১৩)

**গামারি গেচ্‌ gamari gec** বি এক প্রকার গ্রাম্য-গাছ (ভাটাম বা লাটাই) a kind of tree (দার্জিলি ১)

**গামালি gamali** বিণ গ্রাম্য, গ্রামীণ rustic, rural (বর্ধমা ২৫)

**গামাহার্‌ গাচ্‌ gamahar gac** দ্র গাম্‌হার্‌ (মুর্শিদা ১১)

**গামি gami** বি মসজিদে দেয় অর্থ [মুসলমানদের বিবাহে মসজিদে ন্যূনতম পরিমাণ অর্থ দান করতে হয়। এই দেয় অর্থই হলো 'গামি'] money which is payable to the mosque in the wedding ceremony of Muslims (বর্ধমা ৫)

**গামির্‌ gamir** দ্র গাম্‌টি (বীরভূ ১১) ~ **গাছ gamir gac$^h$** বি একপ্রকার গাছ [দেখতে অনেকটা পেয়ারা গাছের কাণ্ডের মতো, তবে পাতাগুলি পান পাতার মতো। গাজনের সময় এই গাছ কাটা গাজনের একটি অধ্যায়] a plant (বাঁকুড়া ৪)

**গামিলা gamila** বি গামলা [মাটির পাত্র] an earthen basin (বর্ধমা ১৮)

**গামুই gamuï** দ্র গামাই (চব্বিশ ২৭)

**গামুচ্‌[১] gamuc** বি ঘামাচি prickly-heat (পদিনা ১)

**গামুচ্‌[২] gamuc** বি লঙ্কা [মোটা, বেঁটে আকারের] a kind of chilli (মালদা ৮)

**গামোইচ্‌ gamoic** দ্র গামুচ্‌[২] (মালদা ৮)

**গামোচ্‌ gamoc** দ্র গামুচ্‌[২] (মালদা ৬)

**গা মোচ্‌ড়া ga mocɾa** বি আড়ামোড়া act of straightening or streatching one's body and removing lethargy or weariness (পদিনা ১০)

**গামোর্‌ gamor** দ্র গাব (পদিনা ১০, ১৪ মালদা ১০)

**গায়কে gaĕke** ক্রিবিণ মাথা পিছু per capita গায়কে এ্যাক্‌ কেজি করে পাইলাম্‌—মাথাপিছু এক কেজি করে পেলাম (কোচবি ২)

**গায় ছেকা gaĕ c$^h$eka** ক্রি গরুর দুধ দোহন করা to milk, to draw milk from (পদিনা ১৩)

**গায় ভারি gaĕ b$^h$ai** বিণ গর্ভবতী pregnant (মুর্শিদা ২৩) ~ **মানুস্‌ gaĕ b$^h$ari manus** মোটা লোক fat man (চব্বিশ ৩৬)

**গায়য়া gaĕa** বি জেলি ফিস্‌ jelly fish (মেদিনী ৩১)

**গায়হা gaĕha** বি গর্ত a hole নিন্দুর গায়হা খুন্দিছে—ইঁদুর গর্ত খুঁড়ছে (দার্জিলি ৪)

**গায়ানো gaĕano** ক্রি জমির হাজা-স্থলে পুনর্বার রোপণ করা [জমিতে সাধারণভাবে রোপণ করার পর অতিরিক্ত জলের জন্য কখনো কখনো কিছু রোপণ করা ধান চারা নষ্ট হয়ে যায়। সেখানে পুনরায় স্থানে স্থানে রোপণ করা হয়। এরই নাম 'গায়ানো'] the second time plantation in some places of the field due to some rotting sapling of paddy জমিটায় গায়াতে হবে—জমিটায় হাজা-স্থানে পুনর্বার রোপণ করতে হবে (নদিয়া ৫)

**গাঁয়ালি gãali** বিণ গ্রাম্য rustic গাঁয়ালি ভাসা—গ্রাম্য ভাষা (মালদা ২)

**গায়ে গাছ্‌ পোড়ে ঝগড়া করা gae gac$^h$ poɾe j$^h$ɔgɾa kɔra** ক্রি পায়ে পা লাগিয়ে ঝগড়া করা to quarrel officiously (বাঁকুড়া ১৩)

**গায়ে গায়ে gae gae** বি, বিণ মাখামাখা thick carry গায়ে গায়ে তরকারি—মাখামাখা তরকারি (মেদিনী ১১, ১৭) ~ **চাশ্‌ gae gae caʃ** বি দ্বিতীয় পর্বের চাষ cultivation the second time (হুগলি ৫)

**গাঁয়ে ঘরে gãe g$^h$ɔre** বি পাড়া গ্রামে in the villages (বাঁকুড়া ৫)

**গাঁয়েট্‌ gãet** বি গাঁইতি a pick-axe (পুরুলি ১১)

**গাঁয়েটে পাল্‌ gãete pal** বি গরুর পাল a herd of cattle (বীরভূ ১৩)

**গায়ে থুতু দিয়ে ঝগড়া করা gae t$^h$utu die j$^h$ɔgɾa kɔra** দ্র গায়ে গাছ্‌ পোড়ে ঝগড়া করা (বাঁকুড়া ১০)

**গায়েন্ gaen** বি এক প্রকার লাঠি [ঢেঁকিতে ধান ভানার কাজে ব্যবহৃত হয়] a kind of stick used to husk paddy with a kind of husking pedal operated in a seesaw manner (কোচবি ৮)

**গায়েফুল্ gaep$^{h}$ul** দ্র গাদ্‌দোস্ (চব্বিশ ৩৭)

**গায়ের আঠা gaer at$^{h}$a** বি শরীরের ময়লা any marbid matter secreted grom within one's body such as sweat, saliva etc. (বর্ধমা ১৮)

**গায়ের চুঁ দিঙি যাওয়া gaer cũ diṇi jaŏa** ক্রি গায়ে কাঁটা দেওয়া, শিউরে ওঠা to have shivering (মেদিনী ২৭)

**গাঁয়েলি gãeli** দ্র গাঁয়ালি (বীরভূ ১০)

**গায়ে হোইদ্‌রা gae hoidra** বি গায়ে-হলুদ the Hindu ceremony of besmearing the bridegroom and the bride with a paste of turmeria and then bathing them on the eve of their wedding (বাঁকুড়া ৭) < গাত্র হরিদ্রা

**গার্[১] gar** বি গাঁট (আঙুলের) a knuckle (মেদিনী ৫, ১২, ১৩, ২২, ২৫) ~ **দুদ্ gar dud** স্তন্যদুগ্ধ breast-milk (জলপা ৭)

**গার্[২] gar** বি গর্ত a hole (বর্ধমা ৪, ৭ মেদিনী ১২, ২০)

**গাঁর্‌গুড়িয়া gãrguṛia** বি বাঁশের গাঁট a joint in bamboo tree (মালদা ১১)

**গার্‌গোহালি gargohali** বি দু-মুখো সাপ [প্রচলিত ধারণা] two-faced snake (দার্জিলি ৩)

**গার্‌জন্ garjɔn** বি গাজন the festival of worshipping Shiva in the month of *Chaitra* (মেদিনী ২, ৮)

**গার্‌ড়া garṛa** বি টাক baldness (পুরুলি ৪)

**গার্‌দা garda** বি ময়লা তলানি lees, dregs (পদিনা ২ মালদা ৪)

**গার্‌ধান্ gard$^{h}$an** বি কাঁধ the shoulder (হুগলি ১১) তু গর্দান

**গার্‌রা garra** বি কাদা slime গার্‌রার্ গাঁথ্‌নি—কাদার গাঁথনি (মুর্শিদা ২২, ২৩)

**গার্‌হা[১] garha** বি ১ গর্ত a hole (পদিনা ১৩ মেদিনী ২৬) ২ ডোবা a small pool of water (মালদা ২)

**গার্‌হা[২] garha** বিণ ঘন thick (মালদা ৬)

**গার্‌হাক্ garhak** বি ক্রেতা a buyer বোহুত্‌তা গার্‌হাক্ আসিচ্যে—অনেক ক্রেতা এসেছে (পদিনা ৩, ৪) তু গ্রাহক

**গার্‌হালি garhali** বি দড়ির ফাঁস অংশ [গরু-বাঁধা-দড়ির এক প্রান্ত খোঁটায় বাঁধা থাকে, অপর অংশে থাকে ফাঁস। সেই ফাঁস অংশ গরুর গলায় লাগানো থাকে] a loop of a rope (পদিনা ৩)

গার্‌হালি

**গার gara** বিণ গাঢ়, গভীর, ঘন dense, condensed, thick গার আইত্—গভীর রাত। গার ডাল্—ঘন ডাল (পদিনা ১০ মালদা ১১)

**গারস্‌তি garɔsti** বি গৃহস্থ a family man গারস্‌তি ঘর—গৃহস্থ ঘর (মেদিনী ৮)

**গারা[১] gara** বি পোড়া কয়লার দলা বা তাল [কামারশালের চুল্লিতে পাঁচমিশেলি কয়লা পোড়ানো হয়। এই কয়লাগুলি পুড়ে এমন দলা পাকিয়ে যায় যে অনেকটা ঝামার মতো হয়ে যায়। এগুলি আর কোনোভাবেই কাজে লাগে না] a useless lump of burnt coal (বাঁকুড়া ১৪)

**গারা[২] gara** বি বড় উনান [এই বড় আকারের উনানে ধান সিদ্ধ, খেজুর রস জ্বাল দিয়ে গুড় করা ইত্যাদি হয়] a large oven (বাঁকুড়া ৭)

**গারা[৩] gara** বিণ গাঢ় deep (দার্জিলি ৪)

**গারা[৪] gara** ক্রি চিপা, নিংড়ানো to squeeze নেমুকা রস গারি দে—লেবুর রস চিপে দে (মালদা ৯)

**গারা[৫] gara** ক্রি পোঁতা to drive into বাশ্‌টা গার্‌হেক্—বাঁশটা পুঁতে দাও (পদিনা ১০) ~ **দেয়া gara dea** ক্রি লেপে দেয়া [কাদা দিয়ে মাটির দেওয়াল লেপে দেওয়া হয়] to coat, to smear (মুর্শিদা ১৯)

**গারা[৬] gara** বি খড় বিচালি সাজাবার এক পদ্ধতি a system to place the straws in order (চব্বিশ ১১)

**গারা[৭] gara** বি তরল কাদা [ইঁটের গাঁথনি করার জন্য অর্থাভাবে অনেকে সিমেন্ট-বালির মিশ্রণ ব্যবহার করতে পারে না। কেউ কেবলমাত্র তরল কাদা ব্যবহার করে, কেউ বা কাদার সঙ্গে বালি মিশিয়ে ইঁট গাঁথে। এই দেওয়াল মজবুত হয় না। তাই ছাদ না করে খড়ের বা টালির ছাউনি করে] soft clay (বাঁকুড়া ১৬ মুর্শিদা ১৯) ~ **গাঁথ্‌নি gara gãt$^{h}$ni** বি কাদার গাঁথনি manner of laying bricks, stones etc. (বর্ধমা ১)

**গারা[৮] gara** দ্র গাড়্‌হা (পদিনা ১৩)

গাল্‌ফা ৩

**গারাম্ পুজা garam puja** বি বিবাহের আনুষঙ্গিক পূজা বিশেষ [বিবাহের ঠিক আগে বাড়িতে যে চণ্ডীদেবতা আছেন তাঁর পূজা করতে হয়, কারপর বিয়ের আয়োজন করতে হয়। এই পূজা না করলে বর-কনেকে চণ্ডীতে ধরবে, ফলে তাদের পেট কামড়াবে বলে বিশ্বাস। এছাড়া, বর এলে পালকি থেকে বরকে নামিয়ে যেখানে পালকি দাঁড়িয়েছিল সেই স্থানটিকে তেল সিদুঁর দিয়ে পূজা করা হয়। বরযাত্রীদেরও পূজা করা হয়। এই পূজাকে 'মণ্ডপ পূজা'ও বলে] a special worship regarding marriage ceremony (পদিনা ১১)

**গারি gari** দ্র গাড়্‌হা (বর্ধমা ২)

**গারিয়া gariɑ** বি পুকুর a pond (মেদিনী ২০)

**গাঁরিল্যা gãrilæ** বি শিয়াল কাঁটা a mexican poppy, prickly poppy [argemone mexicana] (মুর্শিদা ১৭)

**গারোল্ garol** বি ভেড়া the ram (মুর্শিদা ১৭)

**গারোলি garoli** বি মেষপালক a shepherd (মুর্শিদা ১৭)

**গাল্ gal** বি মুখগহ্বর cheek ভাত্‌টা গালে পুরে নে—ভাতটা মুখে পুরে নে। গাল্ চুনেতে সেদ্ধ হোয়ে যায়—চুনে গাল (মুখের ভিতর) পুড়ে যায় (চব্বিশ ২১ হাওড়া ১০ হুগলি ১)

**গাল্ কাম্‌ড়াই যাওয়া gal kamɽaĭ jaŏa** ক্রি গালে কামড় খাওয়া to seize with the teeth গাল্ কামড়াই জেল্‌ছে—গালে কামড় পড়ে গেছে (মুর্শিদা ১০)

**গাল্‌কুবা gal kubɑ** বি গাল ফোলা swelling mouth (মেদিনী ৩)

**গাল্‌কো galko** বি মাছের পিঠের অংশ, দাগা, গাদা a slice from the back of a flatfish (বর্ধমা ৫)

**গাল্ খাঁইন্ দেওয়া gal kʰãin deŏa** দ্র গাল্ কাটা যাওয়া (বাঁকুড়া ৫)

**গাল্ খোশা পড়া gal kʰoʃa pɔɽa** দ্র গাল্ কাটা যাওয়া (পদিনা ১০)

**গাল্ গুটানো gal guɽano** ক্রি গাল তুব্‌ড়ে যাওয়া hollowed cheek গাল্ গুটিয়ে গ্যাছে—গাল তুব্‌ড়ে গেছে (বাঁকুড়া ১৬)

**গাল্‌গুয়া[১] galguɑ** বি বিবাহের একটি স্ত্রী-আচার [গায়ে-হলুদের পর যখন ছেলে বা মেয়েকে পুকুরঘাটে স্নান করতে নিয়ে যায়, তখন সেখানে তাদের মুখে একটা সুপারি দিয়ে দেয়। এই স্ত্রী-আচারকে বলে 'গাল্‌গুয়া'] to put a betelnut in mouth : a rite observed during marriage (মেদিনী ২৫)

**গাল্‌গুয়া[২] galguɑ** বি বিবাহের একটি স্ত্রী-আচার [বিবাহের পরদিন বর-বৌ বরের বাড়িতে প্রথম প্রবেশ করার সময় শাশুড়ী বা ঐরকম সম্পর্কের স্থানীয় কোনো মহিলা প্রথমে ঘি দিয়ে প্রদীপ জ্বালে। ঐ প্রদীপের তাপে একটি পাথর-টুকরা গরম করে নেয়। তারপর পান দিয়ে বধূর গাল মুছে নিয়ে ঐ ঈষৎ-উষ্ণ পাথর-টুকরাটি বধূর গালে ছোঁয়া লাগায়] a rites to welcome a bride in marriage ceremony (মেদিনী ২৫)

**গাল্-গোপ্‌চা gal-gopcɑ** বিণ গাল-তোবড়ানো (পুং) hallow cheeked male (পদিনা ১০)

**গাল্-গোপ্‌চি gal-gopci** বিণ গাল-তোবড়ানো (স্ত্রী) hollow cheeked female (পদিনা ১০)

**গাল্‌চটা galcɔɽa** বি ঠোঁটের কোণের ঘা fever blister (বাঁকুড়া ১৬)

**গাল্‌চাবালি galcabali** বি চোয়াল the jaw (চব্বিশ ৩১)

**গাল্‌চি galci** দ্র গাল্‌চটা (নদিয়া ৩, ১০, ১৩)

**গাল্ চেব্‌লে খাওয়া gal cheble kʰaŏa** ক্রি চুষে খাওয়া to suck (চব্বিশ ১৫)

**গাল্-চোব্‌ড়া gal cobɽɑ** বি কান্‌কো (মাছের) the gill of a fish (চব্বিশ ৪)

**গাল্-টপ্‌সা gal ʈɔpsɑ** দ্র গাল্-গোপ্‌চা (বীরভূ ৯)

**গাল্-টোবা gal-ʈobɑ** বি ফুলো গাল plump chubby cheek (মেদিনী ১৭)

**গাল্‌ট্যাপা gal ʈæpɑ** দ্র গাল্-টোবা (মুর্শিদা ১৯)

**গাল্-ডুম্‌কা gal ɖumkɑ** দ্র গাল্-টোবা (বাঁকুড়া ১৮)

**গাল্-তেড়ে হাসা gal teɽe hasɑ** ক্রি অট্টহাস্য করা to laugh loudly (মেদিনী ৭)

**গাল্-পচ্‌কটা gal-pɔckɔʈɑ** দ্র গাল্-টোবা (পদিনা ২)

**গাল্-পশা gal-pɔʃɑ** দ্র গাল্-টোবা (মেদিনী ২)

**গাল্-পাটা[১] gal-paʈɑ** বি ১ কানকো the branchia (বাঁকুড়া ৫, ১৩ মেদিনী ৩৪) ২ গালপাট্টা [চোয়াল থেকে জুলফির নিকটবর্তী অংশ] side-whisken (বাঁকুড়া ৫)

**গাল্‌পাটা[২] galpaʈɑ** বি গলবন্ধ a neck band (মালদা ৩)

**গাল্‌পাটি galpaṭi** ১ দ্র গাল্‌-পাটা[১] ১ (বাঁকুড়া ৭) ২ দ্র গাল্‌-পাটা[১] ২ (মেদিনী ৭, ৩১ হুগলি ৮, ৯)

**গাল্‌পিট galpiṭ** দ্র গাল্‌পাটা[১] ২ (জলপা ৯) ২ গাল the cheek (বর্ধমা ১২)

**গাল্‌পো galpo** বি, বিণ গলাফোলা mumps (কোচবি ২)

**গাল্‌-পোচ্‌কোটি gal-pockoṭi** দ্র গাল্‌-গোপ্‌চি (পদিনা ২)

**গাল্‌ফা galpʰa** বি ১ ঠোঁটের দুই প্রান্তভাগ (মালদা ৩, ১১) ২ দ্র গাল্‌চাবলি (পদিনা ২, ১৩ মুর্শিদা ১৯) ৩ গলকম্বল (গরুর) a dewlap (পদিনা ৪) ৪ দ্র গাল্‌পাটা[১] ১ (পদিনা ২ মালদা ৬, ১০ মুর্শিদা ২৩)

**গাল্‌ফাড়া[১] galpʰaṛa** দ্র গাল্‌-চোব্‌ড়া (মালদা ১, ৯)

**গাল্‌ফাড়া[২] galpʰaṛa** দ্র গাল্‌ফা ১ (মালদা ২)

**গাল্‌ফি galpʰi** দ্র ১ গাল্‌-চোব্‌ড়া (পদিনা ২ মালদা ৬) ২ গাল্‌পাটা[১] ২ (জলপা ৯)

**গাল্‌বাটা galbaṭa** দ্র গাল্‌-চোব্‌ড়া (মেদিনী ২৭)

**গাল্‌-ভাকুড়া gal-bʰakuṛa** ১ ক্রি গাল-ফুলানো to mouth-filling তুই গাল্‌-ভাকুড়া কোরবু না--তুই গাল ফোলাবি না (কোচবি ৭) ২ বিণ গাল-ফোলা পুং mouth-filling man (কোচবি ৭)

**গাল্‌-ভাকুড়ি gal-bʰakuṛi** বিণ গাল-ফোলা স্ত্রী mouth-filling woman (কোচবি ৭)

**গাল্‌-ভোক্‌ড়া gal-bʰokṛa** দ্র গাল্‌-চোব্‌ড়া (চব্বিশ ৩৭)

**গালমারা galmara** ক্রি ১ বাচালতা করা to gossip উ তো কাজ্‌ করে নি, বসে বসে গাল্‌মারে--ও তো কাজ করে না, বসে বসে বাচালতা করে (হাওড়া ১০) ২ আড্ডা দেওয়া to join in an assembly of idle talkers ছেল্যাগুলা গাল্‌ মার্‌চে--ছেলেগুলো আড্ডা মারছে (পুরুলি ৩, ১৭)

**গাল্‌-মোচ্‌চা gal mocca** দ্র গাল্‌-পাটা[২] (মালদা ১১)

**গাল্‌লা galla** বি গলা (গ্রীবা) the neck (মালদা ১) ~ **মাচ্‌ galla mac** বি গল্‌দা চিংড়ি the lobster (মালদা ৩)

★ **গাল্‌লানো gallano** ক্রি গালি দেওয়া to abuse/to rebuke এ্যাখন্‌ খ্যাল্‌বা গেলে বাবা গাল্‌লাবি--এখন খেলতে গেলে বাবা গালি দেবে। কে গাল্‌লাসে--কে গালি দিচ্ছে (পদিনা ১০)

**গাল্‌লি galli** বি প্রস্রাবাগার urinal (মালদা ৯)

**গাল্‌সারা galsara** দ্র গাল্‌-চোব্‌ড়া (বর্ধমা ৮)

**গাল্‌সি galsi** বি গাল the cheek (কোচবি ২)

**গাল্‌ সিদ্‌দ হওয়া gal siddɔ hɔŏa** দ্র গাল্‌-কাটা যাওয়া (মেদিনী ১৭, ১৯, ২৮, ৩৫)

**গাল্‌ সেঁকা gal sẽka** দ্র গাল্‌গুয়া[২] [বিয়ের পরদিন বাপের বাড়ি থেকে কনে শ্বশুরবাড়ি যাবার সময় মা বা মাতৃ-

গালা[৩]

স্থানীয়া কেউ কনেকে কোলে বসিয়ে দুটো পান প্রদীপের তাপে ঈষৎ ঠেকিয়ে কনের গালে স্পর্শ করে দেয়] (মেদিনী ২৫)

**গাল্‌ স্যাম্‌ড়া gal sæmṛa** দ্র গাল্‌-চোব্‌ড়া (কোচবি ২)

**গাল্‌ হাড়ি gal haṛi** বি গরু, মহিষের গলায় বাঁধার দড়ি [গোয়ালে গরু-মহিষ বাঁধার জন্য এই দড়ি ব্যবহার হয়] a halter (পদিনা ২)

**গাল্‌হাল্‌ galhal** দ্র গাল্‌হাড়ি (পদিনা ১)

**গাল্‌হোই galhoĭ** বি কলুর ঘানির বিশেষ কাঠ [কলুর ঘানিতে একটি মোটা কাঠ খাড়া করা থাকে। এটির নাম ঘানিগাছ। ঘানিগাছের গায়ে একটি চওড়া কাঠ পাটাতন হিসাবে ব্যবহৃত হয়। ঐ পাটাতনের যে-অংশ ঘানিগাছের সঙ্গে লেগে থাকে তা বাঁকানো ও মসৃণ। ওই অংশের নাম 'গাল্‌হোই'] the wooden part of a grinding tree (মালদা ৯)

**গাল gala** বি গাল the cheek (মেদিনী ৩১)

**গালা[১] gala** দ্র গাল্‌লা (কোচবি ২ জলপা ২, ৪, ৬, ৭ দার্জিলি ৩, ৪ পদিনা ২, ৯, ১০, ১৩ মালদা ৪) ~ **য় লাগা galaĕ laga** ক্রি বিষম লাগা to choke and hiccus suddenly whilst eating or drinking (কোচবি ২)

**গালা[২] gala** ক্রি নিংড়ানো (লেবু) to extract (বর্ধমা ১৪ বীরভূ ১১ মুর্শিদা ১০) কাগজিটা গেলে লে--কাগজি লেবুটা নিংড়ে নে (বীরভূ ১১) দ্র গারা[৪]

**গালা[৩] gala** বি মাছ ধরার জন্য 'থরজাল্‌' নামক জালের একটি অংশ বিশেষ ['থরজাল্‌' নদী বা খালের স্রোতে পাতা হয়। জালের এই 'গালা' অংশের বুনানি ঘন। দ্র 'গোচ'] a particular part of a fishing net (চব্বিশ ১৫)

**গালা[৪] gala** বি ধোঁয়া নির্গমণের পথ [কুম্ভকার মাটির হাঁড়ি-কলসি ইত্যাদি তৈরির পর পনে পোড়ায়। এই পনে পোড়ানোর সময় হাঁড়ি-কলসি সাজিয়ে এবং স্তরে স্তরে জ্বালানি দিয়ে উপরে খড় মিশিয়ে মাটির প্রলেপ দেওয়া



গালোই[২]

হয়। এই প্রলেপের মধ্যে স্থানে স্থানে ১০-১২টি ছিদ্র করে দেয় লাঠি দিয়ে। ঐ ছিদ্রপথ দিয়ে ভিতরেব ধোঁয়া বের হয়। কোথাও কোথাও গোয়ালের অতিরিক্ত ধোঁয়া নির্গমণের পথকেও 'গালা' বলা হয (নদিয়া ৪) an outlet of smoke (চব্বিশ ১ নদিয়া ৫ বর্ধমা ৬ বাঁকুড়া ৬, ৯, ১৫, ১৮ মালদা ১ মেদিনী ২৯ হুগলি ৫)

**গালা[৫] gala** বি ঘুড়ির কান্‌নি বা কানি [ঘুডি ওড়ার সময় যে দিকে টাল খায তার অপর দিকে কানি বা কান্‌নি দেওয়া হয়] an extra chip of paper attached to a kite for balancing (চব্বিশ ৭)

**গালা[৬] gala** বিণ 'গুলো' plural form পাখি গালা—পাখি গুলো (বীরভূ ১০)

**গালা[৭] gala** বি ধারে বা পাশে a side এই গালায় বোস্—এই ধারে বস (চব্বিশ ১১) ~ ঘা **gala g$^h$a** বি জিভের ঘা ulcerated on the tongue (চব্বিশ ১২)

**গালাই-শাল্ galaĭ-ʃal** বি গালানোর চুল্লি [পিতল-কাঁসার বাসন তৈরির জন্যে প্রথমে ধাতু গালিয়ে নেওয়া হয়। যে চুল্লিতে এই গালানোর কাজ হয় সেই চুল্লিকে বলা হয় 'গালাই-শাল্'] a furnace (বাঁকুড়া ৭)

**গালাচি galaci** দ্র কসাড়ি (হাওড়া ৩)

**গালাচি ঘা galaci g$^h$a** বি ঠোঁটের সংযোগস্থলে যে ঘা হয় দ্র গালাসি (হাওড়া ১০)

**গালান্‌চি galanci** বি বিশেষ প্রকার দডি [গরুর গলায় এই দডি বাঁধা হয] a kind of cord (জলপা ৪)

**গালানো galano** ক্রি গালি-গালাজ দেওয়া to rebuke, to abuse ওয়াই গালাচে—সে গালি দিচ্ছে (পদিনা ১৪) দ্র গাল্‌লানো

**গালাম্‌চি[১] galamci** দ্র গালান্‌চি (জলপা ২)

**গালাম্‌চি[২] galamci** বি দ্র গাল্‌ফা[৩] (কোচবি ৪)

**গালামাল্ galamal** বি মুদিখানা a grocer's shop (জলপা ১)

**গালামালা galamala** বি মুদি a grocer গালামালার দোকান—মুদির দোকান (কোচবি ১)

**গালাশ্‌লা galaʃla** বি ছাই ashes (দার্জিলি ২)

**গালাশি[১] galaʃi** বি গরুর গলায় বাঁধা হয় একপ্রকার দড়ি a halter (পদিনা ৫, ১২ মালদা ৭)

**গালাশি[২] galaʃi** দ্র গাল্‌ফা[৩] (পদিনা ১১)

**গালাস্ galas** বি গ্লাস glass (মেদিনী ৫)

**গালাসি[১] galasi** দ্র কসাড়ি (চব্বিশ ৩১ হাওডা ১, ২, ৩, ৮ হুগলি ৫)

**গালাসি[২] galasi** বি দুই আঙুলের মধ্যবর্তী ফাঁক অংশ space between two fingers (চব্বিশ ১৯, ২০ হাওড়া ১০)

**গালি[১] gali** দ্র কসাড়ি (হাওড়া ৮)

**গালি[২] gali** বি কুম্ভকারের পনের বিশেষ অংশ [পনের যেখানে আগুন দেওয়া হয় সেই গর্তের একটি বিশেষ অংশ। এখানে ছাইগুলো ঠেলে দেওয়া হয়] a part of a potter's furnace (বর্ধমা ২) তু গালা[৭]

**গালিয়্যে লেওয়া galiɛ leŏa** ক্রি গেলে নেওয়া [ভাতের ফেন গেলে নেওয়া, ফোঁড়া গেলে দেওয়া, ঘামাচি গালা, ফলের রস গেলে নেওযা ইত্যাদি] to drain, to extricate পাকা আম্‌ট্যে রস্‌খান গালিয়্যে লে—পাকা আমটা থেকে রসটা বের করে নে (পদিনা ৩)

**গালুয়াশ্ galuaʃ** বি বঁড়শির অগ্রভাগ [ছিপের বঁড়শির এই অগ্রভাগটি খুবই সূঁচালো এবং একদিকে ঈষৎ বাঁকানো] the fore part of a fishing hook (বাঁকুডা ১৬)

**গালে কাম্‌ড়ান gale kamɽano** বি গালে কামড় লাগা to seize with the teeth গালে কাম্‌ড়ান্ হয়্যা গ্যালো—গালে কামড় লেগে গেল (মেদিনী ২৯)

**গালে দেওয়া gale deŏa** ক্রি নিঙড়ানো to squeeze out (পদিনা ২) দ্র গালিয়্যে লেওয়া

**গালোই[১] galoĭ** দ্র কসাড়ি (বাঁকুড়া ৫)

**গালোই[২] galoĭ** বি ছিপের কাঁটার মুখ the sharp portion of a fish-hook (পুরুলি ১৫)

**গালোয়াই করা galoaĭ kora** ক্রি জাবর কাটা to ruminate গোরুটা গালোয়াই কবিছে—গরুটা জাবর কাটছে (মালদা ৭, ৯)

**গালোয়াসা galoasa** দ্র গাল-চোব্‌ড়া (বাঁকুড়া ১৫)

**গা-ল্যাক্ ল্যাক্ করা ga læk læk kora** ক্রি গা বমি বমি করা to be stricken with nausea (মেদিনী ২৮)

**গাশ্‌শেক্ gaʃʃek** বিণ অঢেল, প্রচুর enough (কোচবি ২) তু গুচ্ছের

**গা-শিংড়ানো ga-ʃiŋɽano** ক্রি গায়ে কাঁটা দেওয়া to have horripilation (মুর্শিদা ৫) তু শিউরে ওঠা

**গাশেক্ gaʃek** দ্র গাশ্‌শেক্ (কোচবি ২, ৪) গাশেক্ পোখি উরিয়া যাবার্ ধোচ্‌চে--প্রচুর পাখি উড়ে যাচ্ছে (কোচবি ২) তু গুচ্ছের

**গাশোল্ gaʃol** বিণ চটপটে prompt (চব্বিশ ৩৬)

**গা-শ্যাম্‌লি ga ʃæmli** বি পানগাছের সারি বাঁধার বাখারি (বাঁশের বাতা) bamboo sticks separating bettle plants in a plantation area [বরোজের ভিতর জমির আলের মতো অনেক আল থাকে। তার দুই দিকে দুটি সারি পানগাছ থাকে। প্রতিটি পানগাছ এক একটি পাটকাঠিকে বেষ্টন করে উপরে ওঠে। পানগাছের এই দুই সারির মধ্যে ব্যবধান রাখার জন্য বাঁশের বাখারি দিয়ে সারির মাঝে বেঁধে দেওয়া হয়। এতে একটি সারির পানগাছ অপর সারির পানগাছের উপর পড়তে পারে না। যে বাখারি (বাতা) দিয়ে এই ব্যবধান সূচক বাঁধন দেওয়া হয় তাকেই বলা হয় 'গা-শ্যাম্‌লি'] (হাওড়া ১০)

**গাস্ gas** বি গ্রাস a mouthful এ্যাক গাস্ ভাত--এক গ্রাস ভাত (বীরভূ ৯)

**গাস্ ডেমুর্ gas ɖemur** বি একপ্রকার ডুমুর [কুশ ডেমুর, জোগ্‌গি ডেমুর, ছাঁচি ডেমুর ইত্যাদি বিভিন্ন প্রকারের ডুমুর হয়] a kind of fig (বর্ধমা ১৯)

**গাস্‌তো করা gasto kɔra** ক্রি ঘাস জন্মেছে এমন জমিকে কোদাল দিয়ে কোপানো to spade-work (বীরভূ ৫)

**গাসা[১] gasa** বি পিলসুজ a lamp-stand (পদিনা ৫)

**গাসা[২] gasa** বি ১ হাজা to rot or be spoilt by being drenched in water (মুর্শিদা ১১) ২ পায়ের বা হাতের দুই আঙুলের মধ্যেকার ফাঁক-অংশ (মালদা ২, ৭) দ্র গালাসি[২]

**গাসা[৩] gasa** বিণ গোছা a bunch এ্যাক গাসা চুইল্--এক মুঠো চুল (পুরুলি ৫)

**গাঁসা gãsa** দ্র গাসা[১] ২ (মুর্শিদা ৬, ১১, ২২ মেদিনী ৩৩)

**গাসি gasi** বি শিউলি [খেজুর গাছ কাটে যারা] a man whose profession is to incise the date-palm in order to obtain its juice (নদিয়া ৩) < গাছি / গেছো

**গাহ্‌মার্ গাচ্ gahmar gac** দ্র গাম্‌বোল্ গাচ (পুরুলি ১১)

**গাহড়ির্ বাহান্ gahɔɽir bahan** বি গাড়োয়ান [গরুর গাড়ির চালককেই বলা হয়] a coachman (পদিনা ৪)

**গাহা[১] gaha** ক্রি বলা, রটানো to circulate বাবা আমার বদ্‌নাম গাহিছে--বাপ আমার দুর্নাম রটাচ্ছে (মুর্শিদা ১৭)

**গাহা[২] gaha** বি দম [গ্রামীণ খেলায় খেলোয়াড়েরা মুখে একটা শব্দ করে দম নেয়। যেমন বৌ-চুরি, হা-ডু-ডু খেলায়] respiration (মুর্শিদা ১৭)

গাসি

**গাহা[৩] gaha** ক্রি সারাই করা [ছেঁড়া জালকে সুতো দিয়ে সারাই করা হয় তখন বলা হয় 'জাল গাহা' to repair net (বীরভূ ৯)

**গাহাক্ gahak** বি ক্রেতা, গ্রাহক a buyer (নদিয়া ১ পদিনা ৩ মালদা ১১ মুর্শিদা ১৬) বোহুত্‌তা গাহাক্ আসিচো--অনেক ক্রেতা এসেছে (পদিনা ৩) গাহাক্ জুটে যাবে ম্যালা--অনেক গ্রাহক জুটে যাবে (মুর্শিদা ১৬)

**গাঁহাক্ gãhak** দ্র গাহাক্ (মালদা ২)

**গা-হাত ওঠা ga-hat oʈʰa** ক্রি যুবতী হওয়া to come to marriagable age মেয়েটা বেশ্ ডাগোর্ হোইচে, গা-হাত উঠেছে, বিয়ে দিতে হবে--মেয়েটা বেশ ডাগর হয়েছে, যুবতী হয়ে উঠেছে, বিয়ে দিতে হবে (বাঁকুড়া ১২)

**গাহাড্ gahad** বি গর্ত a hole সাপের গাহাড়্--সাপের গর্ত (মালদা ৩)

**গাহান্ gahan** বি হামানদিস্তার হাতল বা দণ্ড [লোহার পাত্রের মধ্যে চাল ইত্যাদি গুঁড়ো করার জন্য অপর একটি লোহার হাতল ব্যবহার করা হয়। এই হাতল বা দণ্ডটির নাম 'গাহান্'। এই দণ্ডের মুখে একটা লোহার বালা আঁটা থাকে। তার নাম 'সামা', কিন্তু চিঁড়ে কোটার সময় হাতলটির মুখে 'সামা' থাকে না] a handle of an iron mortar (জলপা ৭)

**গাহানা gahana** বি গয়না ornament (পদিনা ১, ৪, ৬, ৯, ১০ মালদা ৯) তু (হিন্দি) গাহানা

**গাহামাল্ gahamal** বি হাই a yawn (জলপা ১)

**গাঁহিঠা gãhiʈʰa** বি এঁড়ে লাগা রোগ a child suffering from indigestion due to undernourishment on account of successive pregnaney of the mother ই ছানার্‌লে ছটটা বাড়িয়ে গ্যাল আর ই গাঁহিঠা নাই বাড়ল--এই ছেলেগুলির মধ্যে ছোটটা বড় হয়ে গেলে আর এই এঁড়ে লাগা ছেলেটা বাড়লো না (পুরুলি ১৭) দ্র আঁইড়িয়্যা ছেলে

**গাঁহিদা gãhida** বি ঘটক a marriage arranger / maker (পুরুলি ৭)

গিজ্‌নে

**গাহিন্‌**[১] **gahin** বি মুষল a pestle, a mallet (দার্জিলি ৩) [ধান কোটার একপ্রকার সরঞ্জাম–ঢেঁকির বিকল্প হিসাবে 'ছাম্‌-গাহিনি'র ব্যাপক প্রচলন উত্তরবঙ্গে। ছামের মধ্যে ধান ঢেলে 'গাহিনি' বা 'গাহিন্‌' দিয়ে বারে বারে আঘাত দেওয়া হয়। গাহিন্‌ একটি কাঠের বা বাঁশের দণ্ড, প্রায় চারফুট লম্বা] (দার্জিলি ২, ৪)

**গাহিন্‌**[২] **gahin** বি গভীর [জল] deep (পদিনা ৯)

**গাহিনি gahini** দ্র গাহিন্‌[১] (দার্জিলি ২, ৪)

**গাহিয়া gahia** বি গায়ক a singer (মেদিনী ১৫)

**গাহিলি gahili** বিণ পঙ্গু lame (জলপা ৬)

**গাহু gahu** বি সাঁড়াশি tongs, pincers (জলপা ৭, ৯ পদিনা ২)

**গাঁহুটা বাগাল্‌ gãhuṭa bagal** বি, বিণ বিশেষ প্রকার রাখাল [এই রাখাল গ্রামের সকলের গরু চরায়। বাগাল্‌–রাখাল। গাঁহুটা–গ্রামের। এখানে 'গাঁহুটা' শব্দটি যেমন 'গ্রামের' অর্থে ব্যবহৃত হয়েছে, সব সময় গাঁহুটা অর্থে 'গ্রামের' নয়। কেবল এখানেই প্রযোজ্য] a cowherd (মুর্শিদা ১৭)

**গাহুম্‌ gahum** বি গম wheat (মালদা ৯) [এখানে হিন্দির ব্যাপক প্রভাব আছে]

**গাহে দেওয়া gahe deŏa** ক্রি পুনর্বার রোপণ করা [রোপণ করা জমিতে যদি অধিক বৃষ্টির জন্য কিছু রোয়া নষ্ট হয়ে যায় তবে সেই নষ্ট হয়ে যাওয়া অংশে পুনর্বার রোপণ করতে হয়] to plant second time (মালদা ১০)

**গাহেন্‌ gahen** দ্র গাইন্‌, গাহিন্‌[২] (জলপা ৭)

**গাহোক্‌ gahok** বি মূল গায়ক [কীর্তন, পাঁচালির মূল গায়ক। ঐ সব গানের দোয়ার যারা ধুয়া ধরে তাদের বলা হয় 'দুহার্‌কি'] the leading singer of a chorus (মুর্শিদা ২৪ মেদিনী ৭) দ্র গাহিয়া

**গিচ্‌ (কাল) gic (kalɔ)** বি গাঢ় কালো [গাঢ় বা ঘোর কৃষ্ণবর্ণ বোঝাতে 'গিচ্‌ কাল' শব্দটির প্রয়োগ হয়। তবে 'গিচ্‌' শব্দের পৃথক ব্যবহার নেই] deep black (পদিনা ১০)

**গিচ্‌রে দেওয়া gicre deŏa** ক্রি হাসা (ব্যঙ্গার্থে) to laugh দাঁত্‌ গিচ্‌রে দিলি–হেসে (দাঁত বের করে) দিলি (মেদিনী ২৯)

**গিজ্‌জান gijjanɔ** ক্রি দাবড়ানো বা ধমক দেওয়া to rebuff বাইস্‌! উঙায় কি গিজ্‌জায়–ওরে বাস্‌। উনি কী ধমকান্‌! (কোচবি ৩) তু গজ্‌রানো

**গিজ্‌ড়া gijṛa** দ্র গিচ্‌রে দেওয়া [অত গিজ্‌ড়িছিস্‌ ক্যানে–অত দাঁত বের করে হাসছিস কেন? (পুরুলি ৮) দাঁত গিজুড়্‌চিস্‌ ক্যান্যে–দাঁত বের করে হাসছিস কেন? (পুরুলি ৮ বাঁকুড়া ১৮ মেদিনী ২৫)

**গিজ্‌ড়ানো**[১] **gijṛano** ক্রি ১ দ্র গাল্‌ তেড়ে হাসা গিজ্‌ড়িহিস্‌ কাহে–জোরে হাসছিস কেন (পুরুলি ৪ মেদিনী ২৫) ২ মুচ্‌কি হাসা to chuckle তাখান্‌লে গিজ্‌ড়িছে–তখন থেকে মুচ্‌কি হাসছে (পুরুলি ৮) ৩ দ্র গিচ্‌রে দেওয়া (বাঁকুড়া ১৬)

**গিজ্‌ড়ানো**[২] **gijṛano** ক্রি ভেঙানো to make faces গিজ্‌ড়ি দে–ভেঙিয়ে দে (মেদিনী ৮)

**গিজ্‌নে gijne** বি নৌকার দাঁড়ি an oarsman (চব্বিশ ১৫)

**গিঁজ্‌রা দাঁত্‌ gĩjra dãt** বি গজদাঁত an extra tooth (of man) growing in front of another (মেদিনী ১৬)

**গিজ্‌রানা gijrana** দ্র গিজ্‌ড়ানো[১] ১ তোরা ক্যানে দাঁত্‌ গিজ্‌রাচ্‌ছু–তোরা কেন দাঁত বের করছিস (মেদিনী ১১)

**গিজ্‌রানো gijrano** দ্র গিজ্‌ড়ানো[১] ২ (পুরুলি ১৩) লোক্‌টা দাঁত্‌ গিজুরে হাসছে–লোকটা মিটমিট করে হাসছে (পুরুলি ১৩)

**গিজ্‌রি gijri** দ্র গিজ্‌ড়ানো[১] ১ (পুরুলি ৪ মেদিনী ২০)

**গিজিপিটি gijipiṭi** বিণ হিজিবিজি, অপরিচ্ছন্ন a scrawl লেখাটা গিজিপিটি হইন্‌ছে–লেখাটা হিজিবিজি (অপরিচ্ছন্ন) হয়েছে (বাঁকুড়া ১৭)

**গিজিমিজি gijimiji** বিণ প্রচণ্ড ভিড় a crowd (পদিনা ১০ বীরভূ ৮)

**গিজির্‌-বিজির্‌ gijir bijir** ক্রিবিণ থিক্‌থিক্‌ [স্থানাভাবে গিজ্‌গিজ] a state of crowding ম্যালাটায় লোকে গিজির্‌-বিজির্‌ কোইচ্‌ছে–মেলাটায় লোকে থিক্‌থিক্‌ করছে। মাথাটা উকুনে গিজির্‌ বিজির্‌ কাইচ্‌চে–মাথাটা উকুনে থিক্‌থিক করছে (পুরুলি ৩)

**গিজুড়া gijuṛa** ক্রি [প্রচণ্ডভাবে] হাসা to laugh loudly (বাঁকুড়া ৭, ১৩, ১৮ মেদিনী ৯, ১১) এ্যাত বেশি গিজুড়াস্‌ না–এত বেশি হাসিস্‌ না (বাঁকুড়া ১৮)

**গিজুরা gijura** দ্র গিজুড়া (বাঁকুড়া ১, ১৬)

**গিজো খেলা gijo kʰelɑ** দ্র গাদি খ্যালা (হাওড়া ১, ৮)

**গিঁট্ gĩt** বি ১ গাঁট [আঙুলের] a joint (চব্বিশ ২১, ৩৭ বর্ধমা ২ মেদিনী ১১ হুগলি ৫) ২ গাঁট [বাঁশ, শরীর ইত্যাদি] a khot (বর্ধমা ১০) ৩ বেঁটে dwarfish (মুর্শিদা ১৩)

**গিট্ছড়া gitcʰɔɾɑ** বি গাঁটছড়া the Hindu custom of tying a corner of the bride's sari with a corner of the bridgegrooms scarf of weding [হিন্দুদের বিয়ের প্রয়োজনীয় উপকরণ হরীতকী, বহড়া, আমলকি, সুপারি, জায়ফল এবং হলুদ ও কড়ি একটি করে নিয়ে একত্রে লাল ছোট গামছায় বাঁধা হয়] (মুর্শিদা ১৪)

**গিট্ছলা gitcʰɔlɑ** দ্র গিট্ছড়া (বর্ধমা ১০)

**গিট্ছোলা gĩtcʰolɑ** দ্র গিট্ছড়া (মুর্শিদা ১২)

**গিঁট্ছোলা gĩtcʰolɑ** দ্র গিট্ছড়া (বর্ধমা ১৯, ২০ বীরভূ ৫)

**গিট্ঠি gittʰi** বি ১ গোলাকৃতি ছোট পাথর বা শক্ত মাটি small stone or lump (মুর্শিদা ১১) ২ গাঁট্টা a blow on the head with the knuckles of the first (মুর্শিদা ১৬)

**গিট্ঠেয়ালি gittʰeɑli** দ্র গিট্ছড়া (বর্ধমা ২)

**গিট্-ফার্শে git-pʰɑrʃe** বি কানের অলংকার বিশেষ [সোনার তৈরি কানপাশা জাতীয় অলংকার] an ear-drop or earing (বীরভূ ৫)

**গিট্-বন্ধন্ gĩt-bɔndʰɔn** দ্র গিট্ছড়া (বর্ধমা ৪ বীরভূ ১৪ মুর্শিদা ১০)

**গিট্-বন্ধনি gĩt-bɔndʰɔni** দ্র গিট্ছড়া (বীরভূ ১ মুর্শিদা ২২)

**গিঁট্লে gĩtle** দ্র গিট্ছড়া (হুগলি ৪)

**গিটা-গিটি gĩtɑgĩti** দ্র গিট্ছড়া (নদিয়া ৬)

**গিটি giti** বি ইঁটের খোয়া stone chips (মালদা ৫)

**গিঁটে gĩte** বি গাঁট [বাঁশের] a knot (বর্ধমা ২) ~ **বাঁশ্ gĩte bɑ̃ʃ** বি ঘন গাঁটযুক্ত শক্ত নিরেট বাঁশ a kind of bamboo (হুগলি ১১)

**গিটো gito** বি গিঁট [বন্ধন] a knot (কোচবি ২, ৪ জলপা ৪, ৭) গিটো দিয়া বান্ছি—গিঁট দিয়ে বাঁধছি (কোচবি ২, ৪) দ্র গাটি

**গিঁঠ্ gĩtʰ** দ্র গিট্ (হুগলি ১৫, ১৬)

**গিঠা gitʰɑ** বি এলো খোঁপা hanging loosely hair in a bun (দার্জিলি ১)

**গিঠাল্ gitʰɑl** দ্র গিট্ছড়া (বর্ধমা ২৬)

**গিঠালি gitʰɑli** দ্র গিট্ছড়া (বর্ধমা ৮, ১৮)

**গিঁঠালি gĩtʰɑli** দ্র গিট্ছড়া (বর্ধমা ১৩ মেদিনী ১১)

**গিঠি[১] gitʰi** দ্র গিটো (দার্জিলি ১, ৩)

**গিঠি[২] gitʰi** ১ দ্র গিটো (দার্জিলি ৩) ২ দ্র গিট্ছড়া (দার্জিলি ১, ৩)



গিঁট্-ফারশে

**গিঠো gitʰo** দ্র গিঁটে (জলপা ৪)

**গিড্ডো giḍḍo** দ্র গিটো (পদিনা ৯)

**গিড্ঢো giḍḍʰo** দ্র গিঁট্ ১ (পদিনা ২)

**গিডাল্ giḍɑl** দ্র গাহিয়া (জলপা ৭, ৯)

**গিঁড়্ gĩɾ** দ্র গিটো (নদিয়া ৯)

**গিড়্মিরো giɾmiro** বি গোড়ালি the heel (চব্বিশ ৮)

**গিড়্লা (পাত্তা) giɾlɑ (pɑttɑ)** বি, বিণ ঝরা (পাতা) fallen leaf (মালদা ৭)

**গিঁড়্শে gĩɾʃe** বি ঘামাচি pickly-heat (চব্বিশ ৮)

**গিড়্হা giɾhɑ** দ্র গিঁট্ (পুরুলি ১৫ মালদা ১, ২ মুর্শিদা ২২)

**গিড়্হার giɾhɑr** বি গুপ্তচর a spy (পুরুলি ১১)

**গিড়্হ্যা giɾhæ** দ্র গিঁট্ ১ (বীরভূ ৪)

**গিড়্হ্যে giɾhɛ** দ্র গিটো (মুর্শিদা ২৩)

**গিড়া giɾɑ** দ্র গিঁটে (মুর্শিদা ১১ হুগলি ৫)

**গিড়া giɾɑ** ক্রি গিলে ফেলা to swallow (মেদিনী ১৮)

**গিঁড়া gĩɾɑ** দ্র গিঁট্ ১ (বীরভূ ৭)

**গিড়ি[১] giɾi** বি মহাজন, মালিক a money lender (কোচবি ৫)

**গিড়ি[২] giɾi** দ্র গিঁটে (মুর্শিদা ১৮)

**গিড়ুল্ giɾul** দ্র গিড়্মিরো (পদিনা ১১)

**গিড়ে giɾe** দ্র গিঁট্ ১ (চব্বিশ ৩৯ বর্ধমা ২৫)

**গিঁড়ে gĩɾe** বি বাঁশের গাঁট a knuckle (বর্ধমা ৬)

**গিঁড়ে gĩɾe** দ্র গিঁটে (বর্ধমা ৪, ২৫ বীরভূ ৮ মুর্শিদা ১৯ হুগলি ১৫)

**গিঁড়্যা giɾæ** দ্র গিঁট্ ১ (মুর্শিদা ১৭)

**গিঢ়্যা giɾʰæ** দ্র গিঁট্ ১ (বীরভূ ৪)

**গিত্[১] git** বি চিল a hawk, kite গিতে হামার্ কাছ থিকে মাছ্টা ঝাপ্টি নিয়ে গেল—চিলে আমার কাছ থেকে মাছটা ছোঁ মেরে নিয়ে গেল (পুরুলি ১২)

**গিত্[২] git** বি গান a song (পুরুলি ১২ মালদা ১১) ওয়াই গিত্টা ভাল গাবা পারিছে--সে গানটা ভাল গাইতে পারছে (মালদা ১১)

গিধু

গিত্থাইন্ **gitt$^{h}$ɑin** বি গৃহিণী a housewife (মুর্শিদা ২৩)

গিত্থানি **gitt$^{h}$ɑni** বি গৃহিণী a housewife (কোচবি ২ জলপা ১, ৬, ৭)

গিত্পুজো **gitpujo** বি এক আঞ্চলিক লোক-দেবীর পূজা [ধরিত্রীকে দেবী হিসাবে কল্পনা করে এই পুজো হয়। কৃষিজীবী সমাজে ধরিত্রীকে শস্য উৎপাদনের দেবী ও প্রজনন শক্তির আধার হিসাবে ভাবা হয়। সেই সূত্র ধরেই পৃথিবীকে পুজো করা হয়। দুই দিন যাবৎ গীত গেয়ে এই পুজো হয়, তাই এই প্রকার নামকরণ। এই গীত কোনো পালা-গান নয়] song offering to the goddess earth (চব্বিশ ১১)

গিতানো **gitɑno** ক্রি গান করা to sing গিতাও—গান করো (পদিনা ৩)

গিতাল্ **gitɑl** দ্র গাহিয়া (দার্জিলি ২)

গিতালু **gitɑlu** বি সঙ্গীতজ্ঞ দ্র গিতাল্ (কোচবি ১)

গিথাইন্ **git$^{h}$ɑin** দ্র গিত্থানি (মুর্শিদা ১৯, ২৩)

গিথ্যান্ **git$^{h}$æn** দ্র গিত্থাইন্ (বীরভূ ৯, ১১ মুর্শিদা ১৭, ২৩)

গিদ্ **gid** বি শকুন the vulture, neophron percnopterus (পুরুলি ২, ৯)

গিদ্দা **giddɑ** বি লেপ a quilt stuffed with cotton used as a warp during sleep (মালদা ৬)

গিদ্দ্যা ঠুকে পড়া **giddæ t$^{h}$uke pɔɾɑ** ক্রি সজোরে পড়ে যাওয়া to fall down with force (মুর্শিদা ১৭)

গিদ্ধিনি **gidd$^{h}$ini** দ্র গিদ্ (কোচবি ৬)

গিদ্ধোড়্ **gidd$^{h}$oɾ** বিণ মোটা (লোক) fat (man) (মেদিনী ১৫)

গিদ্নি **gidni** দ্র গিদ্ (বীরভূ ৪ মালদা ১ মুর্শিদা ১১, ২৩)

গিদ্রহ খাওয়া **gidɾɔhɔ k$^{h}$ɑŏɑ** ক্রি ভাল জিনিস বেছে বেছে খাওয়া [রান্না করা খাবারের] to eat choiceable গিদ্রহ খাবা নেই জান্যে হে—ভাল জিনিস বেছে বেছে খেয়ে ফেলতে জানি না (মালদা ১১)

গিদড়্[২] **gidɔɾ** বি শিয়াল a fox (মালদা ১১)

গিদড়্[২] **gidɔɾ** বি কলাগাছের চারা a young banana plant (পুরুলি ৭)

গিদর্[২] **gidɔɾ** বি শিশু child (পুরুলি ৪, ৭)

গিদর্[২] **gidɔɾ** দ্র গিদড়্[২] (মালদা ১১)

গিঁদা (ফুল) **gĩdɑ (p$^{h}$ul)** বি গাঁদা (ফুল) the Indian marigold (বীরভূ ৩)

গিদাম্ **gidɑm** বি বোতাম a button (পদিনা ৮)

গিদার্[১] **gidɑr** বি অহংকার pride, vanity (নদিয়া ৪ মুর্শিদা ২২) মেয়্যেটার্ গিদার্ বেশি--মোয়েটার খুব অহংকার (মুর্শিদা ২২)

গিদার্[২] **gidɑr** দ্র গিদড়্[২] (মালদা ৭)

গিদারি **gidɑri** বি গর্ব, দেমাক pride, vanity (বর্ধমা ৮)

গিদাল্ **gidɑl** দ্র গিতাল্ (কোচবি ১, ২, ৩ জলপা ৭, ৮, ৯ পদিনা ৪)

গিদালি **gidɑli** বি গায়িকা [গ্রামীণ পূজা-পার্বণে অনেক সময় পুরোহিতের প্রয়োজন হয় না। একজন বৃদ্ধা এই সব পূজার কাজ সম্পন্ন করেন এবং ঐ পূজার আনুষঙ্গিক গানও করে থাকেন। তাকেও বলা হয় 'গিদালি'] a female singer cum worshipper of village (কোচবি ২, ৩, ৪ পদিনা ৩)

গিঁদি **gĩdi** বি ঘিলু (মাথার) the soft or grey matter within the skull (বাঁকুড়া ৭)

গিদি গিদি খাওয়া **gidi gidi k$^{h}$ɑŏɑ** ক্রি অতিরিক্ত খাওয়া to take meal excessive (মেদিনী ৩৪) তু গেদে খাওয়া

গিঁদিবিঁদি **gĩdibĩdi** দ্র গিঁদি (বাঁকুড়া ৭)

গিদির্ **gidir** দ্র গিদার্ তোর্ খুব্ গিদির্ হোয়েচে—তোর খুব অহংকার হয়েছে (নদিয়া ৭)

গিদু **gidu** বি ১ ঘিলু দ্র গিঁদি (জলপা ১০) ২ ব্রহ্মতালু the crown of the head (পদিনা ৪)

গিদের্ **gider** দ্র গিদির্ (নদিয়া ৭ বর্ধমা ৫ বীরভূ ৩)

গিদেরি **gideri** দ্র গিদির্ (মুর্শিদা ১৪)

গিদোড়্ **gidoɾ** দ্র গিদর্[২] (পুরুলি ৭)

গিদ্যার্ **gidæɾ** দ্র গিদির্ (বর্ধমা ১৮ মুর্শিদা ১৭, ২৪) গিদ্যারে পা পড়ে না—অহংকারে পা পড়ে না (মুর্শিদা ১৭)

গিদাল্ দল্ **gidɑl dɔl** বি গানের দল বা গায়ক দল an open air opera party (কোচবি ১) দ্র গিতাল

গিদ্যাল্ **gidæl** দ্র গিতাল্ (কোচবি ১, ২)

গিধ্ **gid$^{h}$** দ্র গিদ্ (পুরুলি ৫)

গিধ্ড়্যা **gid$^{h}$ɾæ** দ্র গিদর্[২] (মুর্শিদা ১৭)

গিধ্নি **gid$^{h}$ni** দ্র গিদ্ (মালদা ৯, ১১ মুর্শিদা ২২)

গিধা **gid$^{h}$ɑ** বি ১ মণিবন্ধ (হাতের) the wrist (পদিনা ৪)

২ গোড়ালি দ্র গিড়্‌মিরো (পদিনা ৪) ৩ মাড়ি the gum (পদিনা ৪, ১৫)

**গিধি gidʰi** দ্র গিঁদি (বাঁকুড়া ৭)

**গিধিন্ gidʰin** দ্র গিদ্ (মালদা ১১)

**গিধিনি gidʰini** বিণ কৃপণ miserly লোকটা কঠিন্ গিধিনি --লোকটা খুব কৃপণ (বাঁকুড়া ৭, ১২)

**গিধু gidʰu** বি ব্রহ্মতালু the crown of the head (পদিনা ৪ দার্জিলি ৩) গিধুটা ধুকুত্ ধুকুত্ করে--(শিশুর) ব্রহ্মতালুটা ধুক্‌ধুক্ করে (পদিনা ৪) দ্র গিঁদি

**গিধোড় gidʰoɽ** দ্র গিদড়[১] (মেদিনী ১৫)

**গিন্‌গিনে (কথা) gingine (kɔtʰɔ)** বিণ মিন্‌মিনে (কথা) mumbling (মেদিনী ৩৪)

**গিন্‌নি ginni** বি দাই a nurse [যে-সব অঞ্চলে পেশাদার দাই নেই, সেখানে বয়স্কা মহিলারাই দাই-এর কাজ করে দেয়] (মেদিনী ৭) ~ **কুয়ো ginni kuo** বি যে-কুয়াশা খুব সকালে থাকে না, বেলা সাতটা-আটটার পরে শুরু হয় এবং বেলা ১২টা পর্যন্ত থাকে fog (বর্ধমা ২) ~ **কোশা ginni koʃɔ** দ্র গিন্‌নি কুয়ো (হাওড়া ২) ~ **ধন্‌নি ginni dʰɔnni** বি গিন্নিবান্নি aged women (বর্ধমা ১৪) ~ **শোনা ginni ʃonɔ** বি গিনি সোনা twenty two parts pure gold and two parts copper alloy mixed together (পদিনা ৯)

**গিন্‌নেমু ginnemu** বিণ গৃহিণীপনা house wifely গিন্‌নেমু জানে না--গৃহিণীপনা জানে না (মুর্শিদা ২)

**গিন্‌হা ginhɔ** বি ধাতু নির্মিত ছোট বাটি a small cup made of metal (মেদিনী ২৬) ~ **ছানা ginhɔ chanɔ** দ্র গিন্‌হা (মেদিনী ২৯)

**গিনা[১] ginɔ** দ্র গিন্‌হা (মেদিনী ৮, ১৫, ২৫)

**গিনা[২] ginɔ** ক্রি গোনা বা গণনা করা to count মোক্ গিনা লাগ্‌বে না--আমাকে গণনা করতে হবে না। মুই গিন্‌ছি--আমি গুন্‌ছি (দার্জিলি ১)

**গিনি কুম্‌ড়ো gini kumɽo** বি এক জাতীয় কুমড়ো a kind of pumpkin (চব্বিশ ৩৭)

**গিনি ট্যাংরা gini ʈæŋrɔ** বি এক জাতীয় ট্যাংরা মাছ a species of small silvery river fish without scales (চব্বিশ ১১)

**গিনির্ গিনির্ করা ginir ginir kɔrɔ** ক্রি ঘ্যান্ ঘ্যান্ করা to whine, to whimper (বর্ধমা ১০)

**গিবত্ গাওয়া gibɔt gaŏɔ** ক্রি আড়ালে নিন্দা করা to abuse in absence লোক্‌টা গিবত্ গেইয়ে ব্যাড়ায়--লোকটা আড়ালে নিন্দে করে বেড়ায় (নদিয়া ৯)

**গিম্‌শা gimʃɔ** বিণ গুমট [-গরম] a sultry atmosphere or weather আজি খুব্ গিম্‌শা--আজ খুব গুমট

গির্‌গিটি মাচ্

(কোচবি ৩)

**গিম্‌শানি gimʃɔni** দ্র গিম্‌শা (জলপা ৩, ৭)

**গিম্‌হার[১] gimhɔr** দ্র গিম্‌শা (পদিনা ৩)

**গিম্‌হার[২] gimhɔr** বিণ গাম্ভীর্য, গর্ব gravity, pride (কোচবি ১, ৩)

**গিমে gime** বি গিমা [সাধারণত শাক হিসাবেই ব্যবহৃত হয়। তবে শিঙি মাছ বা ট্যাংরা মাছের কাঁটা ফুটে গেলে এই পাতা থেতো করে লাগালে ব্যাথার উপশম হয়। লতানে লম্বা গাছ, বহু শাখা-প্রশাখা থাকে। ছোট ছোট লতা, পাতার রঙ সবুজ, মোটা। তিতো শাক হিসাবে খাওয়া হয়] lady bed straw ; erythroea centauroids (হাওড়া ২, ৮, ১০)

**গিয়াৎ giɔt** বি জ্ঞাতি a kinsman (বর্ধমা ১)

**গিয়ান্ giɔn** বি জ্ঞান wisdom (কোচবি ১) ~ **দাঁত্ giɔn dāt** বি আক্কেল দাঁত the wisdom tooth (বর্ধমা ১৮)

**গিয়ানি giɔni** বিণ জ্ঞানী wise, learned (জলপা ৭ পদিনা ৯)

**গিয়াল্ giɔl** বি জিওল (মাছ) the anabas (মেদিনী ১৩)

**গিয়াস্‌তা giɔstɔ** বি সামাজিক অনুষ্ঠানের আচরণবিধি পরিদর্শক দল persons supervising (proceedings of) social functions (জলপা ৭)

**গিয়েলাম gielam** ক্রি গিয়েছিলাম I went আমি গিয়েলাম্ --আমি গিয়েছিলাম (নদিয়া ৪)

**গিয়েলি gieli** ক্রি গিয়েছিলি, গেলি had gone তুই কুতায় গিয়েলি?--তুই কোথায় গিয়েছিলি? (নদিয়া ৬)

**গিয়েলে giele** ক্রি গিয়েছিলে had gone তুমি কুথা গিয়েলে--তুমি কোথায় গিয়েছিলে? (নদিয়া ৪)

**গিয়েলো gielo** ক্রি গিয়েছিল went (নদিয়া ৪, ৬) সে কোলকাতা গিয়েলো--সে কলকাতা গিয়েছিল (নদিয়া ৯)

**গির্ gir** বি দাগ a mark (মেদিনী ১৩)

**গির্‌গিটা girgiʈɔ** বি কাতুকুতু tickling (পুরুলি ১৪)

**গির্‌গিটি girgiʈi** দ্র গিরগিটা (মেদিনী ৯) ~ **মাচ্ girgiʈi mac** বি তাড়োই মাছ [এই মাছের চোখ দুটো প্রায় মাথার

গির্‌মির্‌

ওপর থাকে এবং এই মাছ সর্বদাই জলের উপর ভেসে বেড়ায়, ডুবে থাকতে পারে না। ভাঙন মাছের মতো এই মাছের গড়ন। তবে আকারে ছোট—বাটা মাছের মতো। খেতে সুস্বাদু a species of fish (বর্ধমা ৯ বীরভূ ৮)

**গির্‌গিতা girgita** দ্র গির্‌গিটা গির্‌গিতাচ্ছে—কাতুকুতু দিচ্ছে (বাঁকুড়া ১ মেদিনী ৫)

**গির্‌গিতানা girgitana** ক্রি কাতুকুতু দেওয়া to tickle গির্‌গিতাইছিস্‌ ক্যানেরে—কাতুকুতু দিচ্ছিস কেন রে? (মেদিনী ৯)

**গির্‌গিতানো girgitano** দ্র গির্‌গিতানা (বাঁকুড়া ১৬ মেদিনী ৯)

**গির্‌গিতি girgiti** দ্র গির্‌গিটা (মেদিনী ৩৩)

**গির্‌গিত্যা girgitæ** দ্র গির্‌গিটা (পুরুলি ১০, ১১)

**গির্‌গির্‌ girgir** বি গুড়্‌গুড় [মেঘের ডাক] rolling sound of cloud গির্‌গিরাহা—মেঘ ডাকছে (পদিনা ১) মেগ্‌ডা গির্‌গিরাচ্যে—মেঘটা গুড়্‌গুড়্‌ করছে (পদিনা ৩)

**গির্‌গুস্‌ঠি girgustʰi** বি জ্ঞাতিগোষ্ঠী kinsmen (মেদিনী ১৫)

**গির্‌জা girja** বি গর্জন roar, rumble বাগ্‌ গির্‌জিছ্যে—বাঘ গর্জন করছে (মালদা ১১)

**গির্‌থাইন্‌ girtʰain** বিণ ১ চালাক clever ২ ওস্তাদি skill ৩ মুরুব্বি a guardian (মালদা ১, ২, ১১) ইন্‌কি ছুড়ি বিন্‌কি পোটা চার্‌টি গির্‌থাইন—এইটুকু মেয়ে বড় বড় পাকা কথা বলে (মালদা ১)

**গির্‌থান্‌ girtʰan** দ্র গির্‌থাইন্‌ (মালদা ১১)

**গির্‌থানি girtʰani** দ্র গির্‌থাইন্‌ (মালদা ১১)

**গির্‌দি girdi** বি বেড়া a fence (বর্ধমা ১৮)

**গির্‌দিস্‌ girdis** বি আকাল famine ই সাল্‌ বোহুত্‌ গির্‌দিস্‌ হোবে—এ বছর খুব আকাল হবে (পদিনা ৯)

**গির্‌ ফাটানো gir pʰaṭano** ক্রি অতিরিক্ত প্রহার করা [মেরে পেট ফাটিয়ে দেওয়া] to beat severly (মেদিনী ৩৪)

**গির্‌মিন্‌ (মাটি) girmin (maṭi)** বি গিরি (মাটি) [এক প্রকার শক্ত গৈরিক রঙের মাটি। এটি ঘষে গ্রামে গৃহবধূরা মাঙ্গলিক অনুষ্ঠানে নানাবিধ আলপনা কাটে] red ochre (পুরুলি ১২)

**গির্‌মির্‌ girmir** বি তুরপুন [সূত্রধরের কাঠ ছিদ্র করার সরঞ্জাম] a (carpenter's) drill (পদিনা ১০)

**গির্‌লাহা girlaha** ক্রি পড়ে যাওয়া (হোঁচট খেয়ে) to stumble ছওয়াটা বোজ্‌ড়িকি গির্‌লাহি—ছেলেটা হোঁচট খেয়ে পড়ে গেল (পুরুলি ৫)

**গির্‌হ girhɔ** দ্র গিঁট্‌ (পদিনা ২)

**গির্‌হা girha** দ্র গিঁট্‌ (চব্বিশ ২১ পদিনা ৬ বীরভূ ৪ মালদা ৭, ১১) ~ **মাঠা girha maṭʰa** ক্রি বাঁশের গাঁট পরিষ্কার করা [বাঁশের গাঁটে গাঁটে যে-সব কঞ্চি থাকে তা কাটারি বা কুঠার দিয়ে মসৃণ করে কেটে ফেলা] to smooth or perfectly plain (মালদা ১১)

**গির্‌হে girhe** দ্র গিঁট্‌ (বীরভূ ৯)

**গির্‌হো girho** দ্র গিঁট্‌ (পদিনা ৩, ৪, ৯)

**গির্‌হ্যা girhæ** দ্র গিঁট্‌ (মালদা ১১)

**গিরশ্‌ girɔʃ** বি গৃহস্থ a family man (মালদা ১১)

**গিরস্‌তালি ঘর্‌ girɔstali gʰɔr** বি শোবার ঘর bed room (বর্ধমা ১৩) তু আবা গৃহস্থালি ঘর

**গিরা[১] gira** দ্র গিঁট্‌ (চব্বিশ ৩৭ পদিনা ১, ৬, ১১, ১৪ পুরুলি ৩, ১১, ১৬ বাঁকুড়া ৩, ৫, ১১, ১৩ মেদিনী ৩, ৫, ৭, ১১, ১২, ২০, ২৫, ২৯, ৩২) ~ **মারা gira mara** ক্রি গিঁট দেওয়া to knot (মেদিনী ৯)

**গিরা[২] gira** বি কনুই the elbow (পদিনা ৫, ১২, ১৪ বাঁকুড়া ৩ মেদিনী ৩২)

**গিরা[৩] gira** বি গুঁড়ো powder (পদিনা ১০)

**গিরা[৪] gira** ক্রি পড়ে যাওয়া to fall down (পুরুলি ৯ মালদা ৯) ঝুমি ঝুমি গির্‌যাইছে—ঘুমে ঢুলে পড়ছে (মালদা ৯) তু হিন্দি গির্‌ ~ **ধরা gira dʰɔra** ক্রি খড়ের ছাউনির বিশেষ অংশ করা [খড়ের ছাউনি দেবার সময় প্রথমে আঁটিখড় পরপর বিছিয়ে দেওয়া হয় এবং দড়ি দিয়ে বাঁধা হয়। এই বিশেষ পর্যায়টিকে বলে 'গিরা ধরা'] the art of laying straw on a thatched roof তুই এ্যাখন্‌ গিরা ধরা—তুই এখন আঁটি খড় বিছিয়ে দে (বাঁকুড়া ১৩)

**গিরাইং দেওয়া giraiŋ deŏa** ক্রি ফেলে দেওয়া to let fall (পুরুলি ৫)

**গিরি[১] giri** বিণ সম্পন্ন গৃহী a rich house-holder (কোচবি ২ দার্জিলি ১, ৩) ~ **ফল্‌ giri pʰɔl** বি এক প্রকার ফল [দুর্গাপূজার সময় গ্রামের গৃহবধূরা দরজার চৌকাঠের উপর দিকে দেয়ালে গিরিমাটি ইত্যাদি দিয়ে নানাবিধ আলপনা দেয়। গিরি ফল নামক এক প্রকার ফল

দিয়ে ছাপ দেওয়া হয়। এই ফল দেখতে অনেকটা ডুমুরের মতো। তবে যে দিকটায় ছাপ দেয় সেইদিকটা সমতল এবং টগর ফুলের মতো খাঁজ কাটা] a kind of wild fruit used to paint doors etc. (মেদিনী ২৮)

গিরি[২] **giri** দ্র গিঁট্ (মুর্শিদা ১৬)

গিরি[৩] **giri** বি এক ধরনের লাল রঙের পাথুরে মাটি [ঘষলে গোলাপি মতো' রং হয়। কালীপুজোর পরদিন এটি ঘষে গরুর গায়ে ছাপ দিয়ে সাজানো হয়] a kind of stone hard clay (বীরভূ ৭)

গিরি যাওয়া **giri jaŏa** দ্র গিরা[৪] গাচাসে আম্ গিরি গ্যালে—গাছ থেকে আম পড়ে গেল (মালদা ৭)

গিরিজা **girija** দ্র গির্জা (কোচবি ২)

গিরিম্ গিরিম্ **girim girim** ক্রিবিণ গুড়্ গুড়্ [মেঘ ডাকার শব্দ] দেওয়াটা গিরিম্ গিরিম্ করেসে—মেঘটা গুড়গুড় করছে rolling sound of cloud (জলপা ৭) তু গুড়ুম্ গুড়ুম্

গিরিহা **giriha** দ্র গিরি[১] (মেদিনী ৮)

গিরু **giru** দ্র গিঁট্ ১ (চব্বিশ ১১)

গিরুল্ **girul** বি গোড়ালি the heel (পদিনা ৪)

গিরে[১] **gire** দ্র গিঁট্ ১ (বর্ধমা ৬, ২৩ বাঁকুড়া ৪, ৮ বীরভূ ১০ হুগলি ১, ৫, ১৫) দ্র গিঁট্ ২ (চব্বিশ ২১ বর্ধমা ৯ বাঁকুড়া ৪ মেদিনী ৭ হুগলি ৫, ১২)

গিরে[২] **gire** বি দুর্দিন, অসময় hard or troublous times এ্যাতোদিনে গিরে কেটেছে, এবার সুকের মুক্ দেখবো—এতদিন অসময় (দুর্দিন) কেটেছে, এবার সুখের মুখ দেখবো (হাওড়া ১, ৮) ~ গারা **gire gara** বি কুমতলব an evil intention লোকটার মোনে কোনো গিরেগারা নাই—লোকটার মনে কোনো কুমতলব নেই (বাঁকুড়া ৪)

গিঁরে **gĩre** দ্র গিঁট্ ১ (বীরভূ ১১ মুর্শিদা ১৯) ২ (বর্ধমা ২৩)

গিরে যাওয়া **gire jaoa** দ্র গিরা[৪] (মুর্শিদা ২৩)

গিরো **giro** দ্র গিঁট্ ১ (চব্বিশ ৩৬, ৩৭) ২ (চব্বিশ ১০, ২৩, ৩৬, ৩৭ পদিনা ৪, ৬ বর্ধমা ২ মেদিনী ১০, ১৪, ২৮ হাওড়া ১০ হুগলি ৪)

গিরোন্ **giron** বি গ্রহণ [চন্দ্র-সূর্য গ্রহণ] an eclipse (মেদিনী ৭ হাওড়া ১, ৮) গিবোন্ লাগ্লে কিছু খাবু নি—গ্রহণ লাগলে কিছু খাব না (হাওড়া ১)

গিরো বাজ্ **giro baj** বি একপ্রকার পায়রা [এই জাতীয় পাযবার গায়ের বঙ সাদা। এরা আকাশে উড়তে খুব পছন্দ করে এবং উড়তে উড়তে শূন্যে ডিগবাজি খায়] homer—a kind of pigeon (মেদিনী ২৭)

গিরোস্ **giros** বি কৃষক a farmer (পদিনা ৯ মালদা ১১ মুর্শিদা ১১ ১৭)



গিল্ঠি

গিরোস্তি **girosti** বি গৃহস্থালী house work, domestic work (জলপা ৭ পদিনা ১) গিরোস্তি করছি—গৃহস্থালীর কাজ করছি (পদিনা ১)

গিরোস্তিনিয়া **girostinia** বি কৃষক-বৌ—গৃহবধূ farmer's wife—house-wife (মালদা ১১)

গিরোস্তিয়ান্ **girostian** দ্র গিরোস্তিনিয়া গিরোস্তিয়ান্ বোনে গেলিস্—চাষী-বৌ হয়ে গেলি (মালদা ৫)

গিরোস্তির্ দিন্ **girostir din** বি বর্ষাকাল rainy season আলা গিরোস্তির্ দিন—এখন বর্ষাকাল। মি গিবোস্তির্ দিনোৎ ভিজিয়ু আর গতর্ নি ধিম্—আমি বর্ষায ভিজেছি, আর গা ধোব না (পদিনা ৯)

গিরোস্তো **girosto** দ্র গিবশ্ (মুর্শিদা ২০ মেদিনী ৭ হাওড়া ১, ৮) এই গিবোস্তো বাড়ির গিন্নি কোই—এই গৃহস্থবাড়ির গিন্নি কোথায় (হাওড়া ১)

গিরোহ্ **giroh** দ্র গিঁট্ (পদিনা ৩)

গিরোহোই **girohoĩ** ক্রি ঝরে পড়া to fall in drops ফঁট্ ফঁটা পানি গিরোহোই—ফোঁটা ফোঁটা জল পড়ছে (বাঁকুড়া ১৫)

গির্যা **giræ** দ্র গিঁট্ (পদিনা ৫, ১৪ বাঁকুড়া ১২)

গিল্ (ভাত) **gil (bʰat)** বিণ ১ গলা (ভাত) softened rice ভাত্টা গিল্ হোয়ে গ্যালো—ভাতটা গলা (খুব নরম) হয়ে গেল (বীরভূ ১০) ২ গ্যাদ্গ্যাদে বা নরম ভাত্ excessive softened rice গিল্ হোইং গ্যালো—ভাত গলে নরম হয়ে গেল (বীরভূ ৮)

গিল্টি হওয়া **gilti hɔŏa** ক্রি টন্সিল্ ফোলা to be attacked by tonsilitis (বর্ধমা ২৩)

গিল্ঠি **gilt̪ʰi** বি পাথরের একপ্রকার ছোট গুলি [তামাক খাবার কল্কের মধ্যে প্রথমে এইগুলি রাখে। তারপর তামাক ও মাথায় আগুন দিয়ে কল্কের গোড়ায় বা হুকার নলে টান দেয়] stone ball used as a bufter in a hooka (মুর্শিদা ২২)

গিল্ঠি আইড়ানো **gilt̪ʰi aĩrano** ক্রি কুঁচকি ওঠা swelling of hip-joints (বাঁকুড়া ১৬)

গিশ্‌কাপ

**গিল্‌ঠু gilt$^{h}$u** বিণ বেঁটে dwarfish (পুরুলি ৪)

**গিল্‌লা[১] gillo** বি গুগ্‌লি (মালদা ১১)

**গিল্‌লা[২] gillo** দ্র গিল্ (ভাত) (মালদা ৯) ~ **করা gillo koro** ক্রি পরচর্চা করা gossip অদের্ কাম্ নাই গিল্‌লা কইরে বেড়াচ্চে--ওদের কাজ নেই পরচর্চা করে বেড়াচ্চে (মুর্শিদা ৩) ~ **গাওয়া gillo gaŏo** দ্র গিল্‌লা[২] করা (মুর্শিদা ১৪) ~ **গুড় gillo gut** বি ঝোলা গুড় liquid mollases (মুর্শিদা ২১) ~ **ভাত্ gillo b$^{h}$ot** দ্র গিল্ (ভাত) (মালদা ১, ২, ৯ মুর্শিদা ১১, ২২)

**গিল্‌লি খ্যালা gilli k$^{h}$æla** বি ড্যাং-কড়ে খেলা [প্রায় ১০ ইঞ্চি লম্বা কাঠের ড্যাং-এর সঙ্গে যে কড়েটি থাকে তার নাম 'গিল্লি'। দুদলে সমান সংখ্যক খেলোয়াড় থাকে। আবার একক ভাবেও ৪/৫ জন মিলে খেলা হয়। এক প্রান্তে 'গিল্লি'র মাপে একটা গর্ত থাকে। সেখানে দাঁড়িয়ে প্রত্যেকে ড্যাং দিয়ে গিল্লিটিকে নাচিয়ে সজোরে মারে। ঐ গর্ত থেকে যার গিল্লির দূরত্ব বেশি হবে সে দান পাবে। ঐ গর্তটিকে বলা হয় 'গাদি'। ঐ 'গাদি'তে দাঁড়িয়ে প্রথমজন গিল্লিটিকে মেরে গাদির মধ্যে ড্যাংটি শুইয়ে রাখে। বিপক্ষ বা সবথেকে কম দূরত্বে পাঠানো খেলোয়াড় যেখানে গিল্লিটি পড়েছে সেখান থেকে ড্যাংটিকে ছুঁড়ে মারে। মারতে পারলে সে দান পাবে, আর দানপক্ষ বা যে মেরেছিল সে এবার গিল্লি ছোঁড়ার কাজ করবে। মূলত যে বা যে দল বেশি দূরে গিল্লি নিয়ে যায়, সে বা সেই দল জয়ী হয়] a kind of rural game (মেদিনী ১৩)

**গিল্‌হা[১] gilho** বি কণ্ঠার দুই পাশের হাড় jaw bones (পদিনা ৪, ৮)

**গিল্‌হা[২] gilho** বি শামুকের মাংস flesh of the snail (মুর্শিদা ২৩) ~ **মাটি gilho moti** বি থল্‌থলে মাটি [শামুকের মাংস থল্‌থলে হয়। ঐ সাদৃশ্য থাকার জন্য মাটির একটি বিশেষ প্রকার চিহ্নিত করা হয়েছে] soft clay (মুর্শিদা ১১)

**গিল্‌হ্যা gilhæ** দ্র গিল্‌হা[২] (মুর্শিদা ১৫)

**গিলা[১] gilo** বি ছানি cataract (পদিনা ১০)

**গিলা[২] gilo** দ্র গিল্‌হা[১] (পদিনা ১৫)

**গিলা[৩] gilo** অনুসর্গ -গুলো [বহুবচনাত্মক শব্দ] plurality জানলাৎ বোইগিলা আচে--জানালায় বইগুলো আছে (জলপা ৭) ইগিলা তুই কুথায় পালি--এইগুলো তুই কোথায় পেলি (মেদিনী ১৫) ~ **কাঠ gilo kot$^{h}$** বি মাদুর তৈরি করার সরঞ্জামের সহায়ক কাঠ [মাদুর তৈরি করার সরঞ্জামের নাম 'মাদুর-আড়া'। ঐ সরঞ্জামের শেষপ্রান্তের তলায় ছোট মোটা একটা কাঠ দিয়ে 'মাদুর-আড়া'-কে মাটি থেকে উঁচু করে রাখা হয়। ঐ কাঠটির নাম 'গিলা-কাঠ'] wooden equipment used to weaving mat (মেদিনী ৩৪)

**গিলানি গাওয়া gilani gaŏo** দ্র গিল্‌লা[২] গাওয়া (মুর্শিদা ১২)

**গিলাপ্ gilop** বি চাদর a bedsheet, a sheet of cloth worn over the body (কোচবি ২, ৬ জলপা ৭ দার্জিলি ২, ৩ পদিনা ৯ বীরভূ ৭)

**গিলা (ভাত) gilo (b$^{h}$ot)** দ্র গিল্ (ভাত) (বাঁকুড়া ১৬ মেদিনী ৫, ২৫)

**গিলা স্যাপ্‌টা gilo sæpto** বিণ চ্যাপ্‌টা অথচ গোল a flottened roundish shape গিলা স্যাপ্‌টা সন্দেশ--চ্যাপ্‌টা অথচ গোলকার সন্দেশ (জলপা ৭)

**গিলি gili** দ্র গিলা[৩] (মেদিনী ৫)

**গিলিপ্ gilip** বি ১ বালিশের ওয়াড় pillow-case (বর্ধমা ২০ বীরভূ ৭, ১১) ২ তোষক a thin mattress for lying upon (বীরভূ ৫)

★ **গিলিস্ gilis** ক্রি গেলি gone ডেঁহে গিলিস্ কেনে--ডিঙিয়ে গেলি কেন (মেদিনী ১৩)

**গিলেপ্ gilep** দ্র গিলিপ্ ১ (বীরভূ ১)

**গিলে-ভাঙা সাপ্ gile-b$^{h}$aŋo sop** বি এক প্রকার কেউটে সাপ [এই সাপ শামুক-গুগলি ভেঙে খায়। তাই এই প্রকার নাম। গিলে--গুগ্‌লি] poisonous cobra feeding upon small snails (বর্ধমা ২১)

**গিলেস্ giles** বি গ্লাস glass (কোচবি ১ জলপা ৯)

**গিলো (ভাত্) gilo (b$^{h}$ot)** দ্র গিল্ (ভাত) (চব্বিশ ২১ বাঁকুড়া ৮ বীরভূ ৮ মুর্শিদা ১৪ হাওড়া ১০)

**গিশ্‌কাপ giʃkop** বি ছুতার মিস্ত্রিরির কাজের একটি সরঞ্জাম [কাঠ চাঁচার জন্যই প্রধানত ব্যবহৃত হয়] an equipment of a carpenter (বর্ধমা ৬)

**গিচে gice** ক্রি গেছে have/has been ডাং নাগি ফুলি গিচে--আঘাত লেগে ফুলে গেছে (জলপা ৭)

**গিহর্-গহর্ করা gihor-gohor koro** ক্রি জটলা করা to form an assembly (বাঁকুড়া ৫)